

নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদন

দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ) (১ম সংশোধিত) প্রকল্প





বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জুন ২০২৫

সূচিপত্র

ক্রমিক নং	বিবরণ	পৃষ্ঠা নম্বর
	নির্বাহী সার-সংক্ষেপ	iii
	শব্দসংক্ষেপ (Acronyms /Abbreviations)	v
	শব্দকোষ (Glossary)	vi
প্রথম অধ্যায়: প্রকল্পের বিস্তারিত বর্ণনা		
১.১	প্রকল্পের পটভূমি	১
১.২	প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য	২
১.৩	প্রকল্প অনুমোদন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি এবং অর্থায়নের অবস্থা	২
১.৪	প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ	৩
১.৫	প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা	৩
১.৬	প্রকল্পের কর্মপরিকল্পনা	৪
১.৭	প্রকল্পের ক্রয় পরিকল্পনা	৫
১.৮	আরডিপিপি অনুযায়ী প্রকল্পের লগ-ফ্রেম	৫
১.৯	প্রকল্পের Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা	৬
দ্বিতীয় অধ্যায়: নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময়ভিত্তিক পরিকল্পনা		
২.১	নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি (ToR)	৭
২.২	এলাকা নির্বাচন	৮
২.৩	নমুনা পদ্ধতি ও আকার নির্ধারণ	৮
২.৪	নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি	৯
২.৫	নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন	১০
২.৬	নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার প্রশ্নমালা ও ছক/চেকলিস্ট	১১
২.৭	সমীক্ষার কর্ম-পদ্ধতি (Methodology)	১১
২.৮	প্রাথমিক তথ্য সংগ্রহ	১১
২.৯	সেকেন্ডারি উৎসের তথ্য সংগ্রহ	১৪
২.১০	তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি	১৪
২.১১	তথ্য-উপাত্ত সংগ্রহ কাজ পরিবীক্ষণ	১৫
২.১২	প্রতিবেদন প্রস্তুতকরণ	১৬
২.১৩	সময় ভিত্তিক কর্মপরিকল্পনা	১৭
তৃতীয় অধ্যায়: ফলাফল পর্যালোচনা		
৩.১	প্রকল্পের অঙ্গভিত্তিক বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা	১৯
৩.২	আরডিপিপি অনুযায়ী বছরভিত্তিক কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা	২১
৩.৩	প্রকল্পের অনুকূলে বছরভিত্তিক অর্থ-বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয় পর্যালোচনা	২২
৩.৪	প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যালোচনা ও বিশ্লেষণ	২৩
৩.৫	বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনা	২৫
৩.৬	প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা	২৫
৩.৭	প্রকল্পের উদ্দেশ্য অর্জন পর্যালোচনা	৪৫
৩.৮	আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ	৪৭
৩.৯	সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা	৪৮
৩.১০	প্রকল্প ব্যবস্থাপনা পর্যালোচনা	৪৮
৩.১১	নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ	৫৫
৩.১২	সরেজমিনে নির্মাণ উপকরণের গুণগতমান যাচাই	৫৭
৩.১৩	সরেজমিনে নির্মাণ কাজ পর্যবেক্ষণ	৫৯
৩.১৪	পরিবেশ সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা	৬৭
৩.১৫	উপকারভোগিদের খানা জরিপের ফলাফল	৬৮
৩.১৬	এফজিডি হতে প্রাপ্ত ফলাফলসমূহ	৭৫

৩.১৭ মুখ্য তথ্যদাতার সাথে সাক্ষাৎকারের ফলাফল.....৭৮
৩.১৮ স্থানীয় মতবিনিময় কর্মশালা হতে প্রাপ্ত ফলাফল.....৮৬
৩.১৯ প্রকল্পের Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা পর্যালোচনা.....৮৭

চতুর্থ অধ্যায়: প্রকল্পের সবল ও দুর্বল দিক এবং সুযোগ ও ঝুঁকিসমূহ পর্যালোচনা (SWOT Analysis)

৪.১ প্রকল্পের সবল দিকসমূহ পর্যালোচনা.....৮৮
৪.২ প্রকল্পের দুর্বল দিকসমূহ পর্যালোচনা.....৮৯
৪.৩ প্রকল্পের সুযোগসমূহ পর্যালোচনা.....৮৯
৪.৪ প্রকল্পের ঝুঁকিসমূহ পর্যালোচনা.....৮৯

পঞ্চম অধ্যায়: পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ

৫.১ প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ.....৯১
৫.২ প্রকল্পের অনুকূলে বছরভিত্তিক অর্থ-বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয় পর্যবেক্ষণ.....৯১
৫.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যবেক্ষণ.....৯১
৫.৪ প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ পর্যবেক্ষণ.....৯১
৫.৫ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ.....৯২
৫.৬ লগ-ফ্রেমের আলোকে লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট অর্জন পর্যবেক্ষণ.....৯২
৫.৭ নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ.....৯২
৫.৮ সরেজমিনে নির্মাণ কাজ পর্যবেক্ষণ.....৯৩
৫.৯ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পর্যবেক্ষণ.....৯৪
৫.১০ প্রকল্প ব্যবস্থাপনা পর্যবেক্ষণ.....৯৪
৫.১১ প্রকল্পের পরিবেশ সংক্রান্ত প্রভাব পর্যবেক্ষণ.....৯৪
৫.১২ প্রকল্পের Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ.....৯৫

ষষ্ঠ অধ্যায়: সুপারিশ ও উপসংহার

৬.১ সুপারিশ.....৯৬
৬.২ উপসংহার.....৯৭
রেফারেন্সসমূহ.....৯৮

সংযুক্তিসমূহঃ

সংযোজনী-১ প্যাকেজ ভিত্তিক সিসি ব্লক, জিও ব্যাগ ইত্যাদি কাজের অগ্রগতি.....৯৯
সংযোজনী-২ ল্যাব টেস্টের রিপোর্টসমূহ.....১০১
সংযুক্তি-১ আরডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনা.....১০৩
সংযুক্তি-২ আরডিপিপি অনুযায়ী বছরভিত্তিক কর্মপরিকল্পনা.....১০৯
সংযুক্তি-৩ উপকারভোগিদের জন্য প্রশ্নমালা.....১১৩
সংযুক্তি-৪ মুখ্য ব্যক্তিবর্গের জন্য কেআইআই গাইডলাইন.....১১৫
সংযুক্তি-৫ এফজিডি গাইডলাইন.....১২২
সংযুক্তি-৬ সরেজমিনে পরিদর্শনের চেকলিস্ট.....১২৩

নির্বাহী সার-সংক্ষেপ

নদী তীর ভাঙন, জলোচ্ছাস, বন্যা, ঘূর্ণিঝড়ের ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও লবণাক্ততার অনুপ্রবেশ এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে জীবন ও সম্পত্তির নিরাপত্তা জোরদারকরণের লক্ষ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো) কর্তৃক "দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ)" শীর্ষক প্রকল্প দেশের খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার ১১টি উপজেলায় বাস্তবায়নের নিমিত্ত গত ২৩/১১/২০২১ তারিখ মূল ডিপিপি অনুমোদিত হয়। মূল ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ০১ জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত এবং প্রাক্কলিত প্রকল্প ব্যয় ৭৫৭৮০.৭২ লক্ষ টাকা (জিওবি: ২০১৯৪.৭৮ ও প্রকল্প সাহায্য (জাইকা): ৫৫৫৮৫.৯৪ লক্ষ টাকা)। গত ০৭/০৩/২০২৫ তারিখ প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়েছে। সংশোধিত ডিপিপি মোতাবেক প্রকল্পের বাস্তবায়নকাল ০১ জানুয়ারি ২০২২ থেকে ৩০ জুন ২০২৬ পর্যন্ত এবং প্রাক্কলিত প্রকল্প ব্যয় ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা (জিওবি: ২৪১৬৭.২৮ ও প্রকল্প সাহায্য (জাইকা): ৫৫৫৮৫.৯৪ লক্ষ টাকা)। প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকিতে থাকা অবকাঠামো পুনরুদ্ধার ও পুনর্বাসনের মাধ্যমে বাংলাদেশ সরকারের দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার সক্ষমতা বাড়ানো, জরুরি যোগাযোগ ও ত্রাণ সামগ্রি দ্রুত সরবরাহের ব্যবস্থা নেয়া, দুর্যোগে আক্রান্ত জনগণকে দ্রুত সময়ে উদ্ধার এবং পুনর্বাসন করা প্রকল্পের উদ্দেশ্য।

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য প্রাইমারি ও সেকেন্ডারি উৎস হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। সংখ্যাগত তথ্যের জন্য দৈবচয়নের মাধ্যমে প্রকল্প এলাকা থেকে মোট ৪৬২ জন উপকারভোগির তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। গুণগত তথ্যের জন্য ৬টি এফজিডি, ৩৮টি কেআইআই, ১টি স্থানীয় পর্যায়ের মতবিনিময় কর্মশালা এবং সরেজমিনে নির্মাণ কাজ পরিদর্শনের মাধ্যমে তথ্য-উপাত্ত সংগ্রহ, পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। এছাড়া সেকেন্ডারি তথ্যের জন্য প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত ক্রয় কার্যক্রম, অডিট আপত্তি, প্রকল্পের সার্বিক অগ্রগতি ও বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ ও বিশ্লেষণ করা হয়েছে।

মার্চ, ২০২৫ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৬৯০৮.৮৬ লক্ষ টাকা যা মোট প্রাকল্প ব্যয়ের ৪৬.২৭% এবং বাস্তব অগ্রগতি ৫৬%। প্রকল্পের ১ম সংশোধনের ফলে প্রকল্পের Time Over-run ১২.৫% এবং Cost Over-run ৫.২৪% হয়েছে। প্রকল্পের মূল কাজ হচ্ছে নদী তীর সংরক্ষণ, ঢাল সংরক্ষণ, নদী/খাল খনন (ড্রেজিং), স্লুইস গেট মেরামত ও স্লুইস গেট নির্মাণ/পুনঃস্থাপন। কোনো কাজ শতভাগ সম্পন্ন হয়নি। প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ১৪টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের ক্রয় কাজ সম্পন্ন করা হয়েছে। কার্য ক্রয়ের ১৯টি প্যাকেজের মধ্যে ১৪টি প্যাকেজের চুক্তি সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৫টি প্যাকেজের দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। ঠিকাদার প্রতিষ্ঠানের ব্যর্থতার কারণে ১টি প্যাকেজের চুক্তি বাতিল করা হয়েছে এবং নতুন দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। ঢালাইয়ের সময় মিঠা পানির স্বল্পতা, নদীর একই চেইনেজে একাধিকবার মাটি খনন, লবণাক্ত পানি, স্পেসিফিকেশন অনুযায়ী নির্ধারিত সময়ে বালি সংগ্রহ করতে না পারা, প্রাকৃতিক দুর্যোগ (তাপপ্রবাহ, সাইক্লোন), মালামাল পরিবহনে সমস্যা, শ্রমিক সংকট, নদীর স্লোপ ভেঙে পড়া এবং নদীর এ্যালাইনমেন্টের মধ্যে অবৈধ স্থাপনা অপসারণের পর কাজ শুরু করা ইত্যাদি চ্যালেঞ্জের কারণে বাস্তবায়ন ধীরগতি হচ্ছে।

প্রকল্পের অন্যতম সবল দিক হলো পূর্ণ দায়িত্বে একজন প্রকল্প পরিচালক নিয়োজিত রয়েছেন এবং অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী নির্মাণ উপকরণ ব্যবহার করা হচ্ছে। প্রকল্পের দুর্বল দিকগুলোর মধ্যে অন্যতম হলো ডিপিপি'র কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ করা হয়নি, নির্মাণ কাজ সম্পন্নকরণে ঠিকাদার প্রতিষ্ঠানের ব্যর্থতা এবং নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজন না করা। এ প্রকল্পের সবচেয়ে বড় সুযোগ হচ্ছে স্থানীয় লোকজনের বাঁধ নির্মাণ কাজে সার্বিক সহায়তা প্রদান। প্রকল্পের ঝুঁকি হলো ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি ত্বরান্বিত না হলে প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধির শঙ্কা এবং নদী তীর রক্ষা কাজের সমাপ্তি পয়েন্টে বাঁধ ভাঙা থাকলে প্রকল্পের উদ্দেশ্য অর্জন না হওয়ার আশঙ্কা রয়েছে।

অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী নির্মাণ কাজ চলমান রয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানের ল্যাব-টেস্টের ফলাফল সঠিক পাওয়া গিয়েছে। টাস্কফোর্স কমিটি এবং জাইকা নিয়োজিত পরামর্শক কর্তৃক প্রতিনিধি নিয়মিত চলমান কাজের গুণগতমান পর্যবেক্ষণ করা হচ্ছে। চলমান নির্মাণ কাজে নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী নির্মাণ উপকরণ (পাথর,

খোঁয়া, বালি ইত্যাদি) ব্যবহার করা হচ্ছে। নির্মিত ব্লক ও জিও টেক্সটাইলের পুরুত্ব (Thickness) পরিমাপ করে স্পেসিফিকেশন অনুযায়ী সঠিক পাওয়া গিয়েছে। তবে, অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী ড্রেজিং কাজ সম্পন্ন হলেও ড্রেজিংকৃত Spoil earth management যথাযথভাবে সম্পন্ন করা হয়নি। নির্মাণ কাজ বাস্তবায়নকালীন সময় ব্যতিত শতকরা কত ভাগ Compaction করা হয়েছে অধিকাংশ সাইটে তার কোনো প্রমাণক পাওয়া যায়নি। এছাড়া, খুলনা জেলার দাকোপ উপজেলার নদী তীর রক্ষা কাজের সমাপ্ত পয়েন্ট (চেইনেজ ৫+৭০০ কি.মি.) থেকে সামনের দিকে ৫০-৬০ মিটার বাঁধ ভাঙা দেখা গিয়েছে যা মেরামত করা প্রয়োজন।

নির্ধারিত সময়ে অবশিষ্ট কাজ সম্পন্নকরণে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা/গ্যান্ট চার্ট প্রণয়ন ও অনুমোদনপূর্বক প্রকল্প বাস্তবায়ন এবং বর্ষা মৌসুমের পূর্বে ব্লক কাস্টিং ও প্লেসিং কাজ শেষ করার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক উদ্যোগ গ্রহণ করতে হবে। ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট কাজ সম্পন্নকরণে প্রয়োজনীয় মালামাল সংগ্রহপূর্বক প্রকল্পের নিকটবর্তী এলাকার দৈনিক হাজিরা শ্রমিকদের নির্মাণ কাজে নিয়োজিতকরণসহ মিঠা পানির স্বল্পতা এড়ানোর জন্য পর্যাপ্ত Water Reservoir Tank এর ব্যবস্থা করতে হবে। যে প্যাকেজের চুক্তি বাতিল করা হয়েছে উক্ত প্যাকেজের কাজ নির্ধারিত সময়ে সম্পন্নকরণের লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক দ্রুত দরপত্র প্রস্তুতকরণ ও দরপত্র আহ্বানের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রকল্পের আওতায় যে সমস্ত এলাকায় সমাপ্ত পয়েন্ট হতে সামনের দিকে বাঁধ ভাঙা রয়েছে, উক্ত স্থানগুলো চিহ্নিতপূর্বক মেরামতের জন্য বাপাউবো কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। জিও টেক্সটাইলের নিচে খোঁয়া ফিল্টারের পুরুত্ব সব জায়গায় সমান লেভেল রাখা এবং Spoil earth management যথাযথভাবে সম্পন্নকরণের বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক উদ্যোগ গ্রহণ করতে হবে। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড) কর্তৃক সম্পাদিত অডিটে ৫টি অডিট আপত্তি এখনো নিষ্পন্ন হয়নি। প্রকল্প দপ্তর কর্তৃক অডিট আপত্তিগুলো পরীক্ষা-নিরীক্ষা করে দ্রুত অডিট আপত্তি নিষ্পন্নের উদ্যোগ গ্রহণ করতে হবে। প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে প্রকল্পভুক্ত এলাকায় আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

শব্দসংক্ষেপ (Acronyms and Abbreviations)

ACCGP	Advisors' Council Committee on Government Purchase
ADP	Annual Development Programme
BCR	Benefit Cost Ratio
BoQ	Bill of Quantities
BPPA	Bangladesh Public Procurement Authority
BWDB	Bangladesh Water Development Board
DPP	Development Project Proposal
DPM	Direct Procurement Method
DoFP	Delegation of Financial Power
FAPAD	Foreign Aided Projects Audit Directorate
FGD	Focus Group Discussion
FM	Fineness Modulus
GoB	Government of Bangladesh
HFL	Highest Flood Level
HoPE	Head of Procuring Entity
IMED	Implementation Monitoring and Evaluation Division
IRR	Internal Rate of Return
JICA	Japan International Cooperation Agency
KII	Key Informant Interview
LFL	Lowest Flood Level
NPV	Net Present Value
OTM	Open Tendering Method
PPA	Public Procurement Act
PPR	Public Procurement Rules
PIC	Project Implementation Committee
PSC	Project Steering Committee
RFQ	Request For Quotation
SWOT	Strengths, Weaknesses, Opportunities and Threats
SPSS	Statistical Package for Social Science
ToR	Terms of Reference

শব্দকোষ (Glossary)

Bill of Quantity: দরপত্রের নির্দিষ্ট স্পেসিফিকেশন অনুসারে একজন পরামর্শক/এস্টিমেটর সব পূর্ত/পণ্য সরবরাহ বা সেবার সুনির্দিষ্ট পরিমাণ উল্লেখপূর্বক নথি প্রস্তুত করেন, যে নথিতে দরপত্রে অংশগ্রহণকারী ঠিকাদারগণ প্রত্যেকটি কাজের বিপরীতে তাদের দর উল্লেখ করেন এবং দরপত্রদাতার উল্লিখিত কাজের পরিমাণের সাথে দরপত্রে অংশগ্রহণকারীদের কাজের দরের সাপেক্ষে দরপত্রের মূল্য নির্ধারিত হয়। সে নথিকেই Bill of Quantity বা BoQ বলা হয়। Bill of Quantity-তে উদ্ধৃত করা দরেই সংশ্লিষ্ট ঠিকাদারকে পরবর্তীতে প্রত্যেকটি কাজের বিপরীতে বিল পরিশোধ করা হয়।

সিলিন্ডার টেস্ট: যে কোন কংক্রিট স্ট্রাকচারের কংক্রিটের শক্তি নিরূপণ করার একটি সহজ এবং নির্ভরযোগ্য পরীক্ষা হচ্ছে কংক্রিট সিলিন্ডার টেস্ট। এ টেস্টের মাধ্যমে কংক্রিটের কম্প্রেসিভ স্ট্রেংথ পরিমাপ করা হয়। সাধারণত ২৮ দিন কিউরিং করার পর ১৫০ মিঃ মিঃ ব্যাস এবং ৩০০ মিঃমিঃ দৈর্ঘ্য বিশিষ্ট অথবা ১০০ মিঃমিঃ ব্যাস এবং ২০০ মিঃমিঃ দৈর্ঘ্য বিশিষ্ট কংক্রিট সিলিন্ডার স্যাম্পল কমপ্রেশন টেস্টিং মেশিনে বসিয়ে পর্যায়ক্রমে লোড দেয়া হয় এবং সিলিন্ডার ভেঙ্গে যাওয়ার পূর্ব পর্যন্ত সর্বোচ্চ লোড রেকর্ড করা হয় যার মাধ্যমে স্যাম্পলটির কম্প্রেসিভ স্ট্রেংথ নির্ণয় করা হয়।

Compaction: ভূমি উন্নয়নের সময় (ড্রেজিং এর মাধ্যমে মাটি ভরাট ব্যতিত) প্রতি ১ ফুট পর পর মাটি ভরাট করে সেখানে পানি ছিটিয়ে রোলার এবং ভাইব্রেটরের সাহায্যে উক্ত লেয়ার কে কম্পেকশন করে Soil Test করতে হয়। উক্ত Soil Test রেজাল্টে ন্যূনতম ৯৫% আর্দ্রতা থাকতে হয়। পরবর্তীতে আবারও ১ ফুট মাটি ভরাট করে একই নিয়মে টেস্ট করতে হয় যাকে কম্পেকশন বলা হয়।

জিও টেক্সটাইল: জিওটেক্সটাইল (Geotextile) হলো একটি বিশেষ ধরনের কৃত্রিম ফ্যাব্রিক বা কাপড়, যা প্রধানত ভূমি ব্যবস্থাপনা এবং প্রকৌশল কাজে ব্যবহার করা হয়। এটি সাধারণত পলিপ্রোপিলিন বা পলিইস্টার থেকে তৈরি করা হয় এবং এর প্রধান উদ্দেশ্য হলো মাটি এবং পানি ব্যবস্থাপন।

বালির FM: বালির আকার পরিমাপের একক হচ্ছে FM বা Fineness Modulus. কংক্রিটের শক্তি অনেকটা নির্ভর করে **বালির** FM এর উপর।

এক্সিট প্লান (Exit Plan): এক্সিট প্ল্যান হলো একটি প্রকল্পের একটি পরিকল্পনার অংশ, যার মাধ্যমে একটি বিদ্যমান প্রকল্প বা প্রোগ্রামের নির্ধারিত লক্ষ্য বা উদ্দেশ্যগুলির গুণগতমান এবং ধারাবাহিকতার সাথে আপস না করে সর্বোচ্চ ব্যবসায়িক লক্ষ্য পূরণ করা যায়। প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি ও অবকাঠামো রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার নিমিত্ত সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নকারী দপ্তর কর্তৃক অন্য কোন দপ্তরের ওপর সৃষ্ট সুবিধাদি পরিচালনার দায়ভার হস্তান্তরের জন্য এক্সিট প্ল্যান তৈরি করা হয়।

Stone Chips: Stone Chips মানে হলো পাথরকুচি। অর্থাৎ নির্মাণ কাজে যে পাথর ব্যবহার করা হয় তাকেই Stone Chips বলা হয়।

প্রথম অধ্যায়
প্রকল্পের বিস্তারিত বর্ণনা

১.১ প্রকল্পের পটভূমি

দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ প্রকল্প (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ) বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি হ্রাস এবং দুর্যোগ-পরবর্তী পুনর্গঠন কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে নেওয়া একটি উদ্যোগ। প্রকল্পটি দুর্যোগ-প্রবণ অঞ্চলে জনগণের জীবন ও সম্পদ রক্ষায় কার্যকর পদক্ষেপ নিতে সহায়তা করে। দুর্যোগ ব্যবস্থাপনা ক্ষমতা বৃদ্ধির মাধ্যমে এই প্রকল্প দেশের দুর্যোগ প্রতিরোধ ও পুনরুদ্ধার ব্যবস্থাপনায় একটি শক্তিশালী বুনিয়াদ তৈরি করে।

এই প্রকল্পের প্রথম কম্পোনেন্টটির মূল লক্ষ্য হলো বিভিন্ন প্রযুক্তিগত, প্রাতিষ্ঠানিক ও সামগ্রিক ব্যবস্থাপনা উন্নয়ন করে বাংলাদেশের দুর্যোগ প্রস্তুতি এবং ঝুঁকি হ্রাস কর্মসূচিকে শক্তিশালী করা। এর মাধ্যমে স্থানীয় কমিউনিটি, সরকারি সংস্থা এবং দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার মধ্যে সহযোগিতা বৃদ্ধি পাবে, যা দুর্যোগের সময় দ্রুত এবং কার্যকরি পদক্ষেপ নিতে সহায়তা করবে।

ভৌগোলিক কারণে বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ একটি দেশ। ঘূর্ণিঝড়, বন্যা, খরা ও ভূমিধ্বস প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ প্রায়ই দেশের বিভিন্ন অঞ্চলে আঘাত হানে। প্রতিবারের দুর্যোগে জীবিকা, কৃষি ও অন্যান্য বুনিয়াদী অবকাঠামো ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়। এছাড়া জলবায়ু পরিবর্তনের প্রভাব দিন দিন বৃদ্ধি পাওয়ায় এসব দুর্যোগের প্রবণতা ও তীব্রতা আরও বৃদ্ধি পাচ্ছে, যা জনগণের জীবন-জীবিকায় মারাত্মক প্রভাব ফেলছে।

সাম্প্রতিককালে সরকারের প্রচেষ্টায় দুর্যোগ ব্যবস্থাপনার কিছু কিছু ক্ষেত্রে অগ্রগতি সাধিত হয়েছে। যেমন- দুর্যোগ পূর্বাভাস প্রদান, উদ্ধার কার্যক্রমের উন্নয়ন এবং দুর্যোগ পুনর্বাসন পরিকল্পনা। তবে এখনও উল্লেখযোগ্য কিছু দুর্বলতা রয়ে গেছে। মূলতঃ দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকায় প্রাথমিক ও দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার সক্ষমতা বৃদ্ধি, সম্প্রসারিত ও সুসংহত দুর্যোগ ব্যবস্থাপনা অবকাঠামো নির্মাণ এবং প্রশিক্ষণ প্রদান জরুরি হয়ে পড়েছে। এ প্রেক্ষাপটে দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ প্রকল্পের (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ) উদ্দেশ্য হচ্ছে জাতীয় এবং স্থানীয় পর্যায়ে দুর্যোগ প্রস্তুতি ও পুনর্গঠন সক্ষমতা বাড়ানো এবং দুর্যোগকালীন ক্ষতির পরিমাণ অনেকাংশে কমিয়ে আনা।

১.১.১ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

১.১.২	প্রকল্পের নাম	:	"দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ) (১ম সংশোধিত)"।
১.১.৩	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	পানি সম্পদ মন্ত্রণালয়।
১.১.৪	বাস্তবায়নকারী সংস্থা	:	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)।
১.১.৫	বাস্তবায়নকাল	:	০১ জানুয়ারি ২০২২ থেকে ৩০ জুন ২০২৬ (১ম সংশোধিত)।
১.১.৬	প্রকল্পের ব্যয়	:	মোট ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা (জিওবি: ২৪১৬৭.২৮ ও প্রকল্প সাহায্য: ৫৫৫৮৫.৯৪ লক্ষ টাকা (জাইকা) (১ম সংশোধিত)।
১.১.৭	প্রকল্প এলাকা	:	

জেলা	উপজেলা
১. খুলনা	১. পাইকগাছা, ২.কয়রা, ৩.দাকোপ, ৪.দিঘলিয়া, ৫.ডুমুরিয়া, ৬.বটিয়াঘাটা
২. সাতক্ষীরা	১. কালীগঞ্জ, ২. শ্যামনগর, ৩.আশাশুনি
৩. বাগেরহাট	১. বাগেরহাট সদর, ২.মোরেলগঞ্জ
মোট জেলা=৩	উপজেলা=১১টি

১.২ প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য

প্রকল্পের লক্ষ্য:

- বাংলাদেশে প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি হ্রাস এবং দুর্যোগ-পরবর্তী পুনর্গঠন কার্যক্রমের সক্ষমতা বৃদ্ধি;
- নদী তীর ভাঙন জলোচ্ছাসবন্যা ,, ঝড়ের ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও লবণাক্ততার অনুপ্রবেশ এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে জীবন ও সম্পত্তির নিরাপত্তা জোরদারকরণ;
- প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ভাঙন প্রবণ মোট ১১,৬৭,৯৫৭ একর এলাকা রক্ষা পাবে এবং ৯২,১০১ একর স্থায়ী ফসলী জমি লবণাক্ততা ও জলাবদ্ধতা মুক্ত থাকবে।

প্রকল্পের উদ্দেশ্য:

প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকিতে থাকা অবকাঠামো পুনরুদ্ধার ও পুনর্বাসনের মাধ্যমে সরকারের দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনার সক্ষমতা বাড়ানো। জরুরি যোগাযোগ ও ত্রাণ সামগ্রী দ্রুত সরবরাহের ব্যবস্থা নেয়া, দ্রুততর সময়ে দুর্যোগে আক্রান্ত জনগণের উদ্ধার এবং পুনর্বাসন করা। প্রকল্পের ফলে বাংলাদেশের দুর্যোগ প্রবণ এলাকা দুর্যোগ সহনশীল হিসেবে গড়ে উঠবে।

১.৩ প্রকল্প অনুমোদন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি এবং অর্থায়নের অবস্থা

সারণি-১.১: প্রকল্প অনুমোদন, বাস্তবায়নকাল, ব্যয় ও মেয়াদ হ্রাস/বৃদ্ধি এবং অর্থায়ন

মূল ডিপিপি (লক্ষ টাকায়)		বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	মূল প্রকল্পের তুলনায় ব্যয় বৃদ্ধি	মূল প্রকল্পের তুলনায় সময় বৃদ্ধি
মোট	৭৫৭৮০.৭২	০১ জানুয়ারি ২০২২ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫	২৩/১১/২০২১	-	-
জিওবি	২০১৯৪.৭৮			-	-
প্রকল্প সাহায্য (জাইকা)	৫৫৫৮৫.৯৪			-	-
স্ব-অর্থায়ন	--			-	-
১ম সংশোধিত ডিপিপি (লক্ষ টাকায়)		০১ জানুয়ারি ২০২২ থেকে ৩০ জুন ২০২৬	১৭/০৩/২০২৫	৩৯৭২.৫০ লক্ষ টাকা (৫.২৪%)	৬ মাস (১১.১১%)
মোট	৭৯৭৫৩.২২				
জিওবি	২৪১৬৭.২৮				
প্রকল্প সাহায্য (জাইকা)	৫৫৫৮৫.৯৪				
স্ব-অর্থায়ন	--				

উৎসঃ ডিপিপি ও আরডিপিপি

১.৩.১ প্রকল্প সংশোধনের কারণসমূহ

দেশের দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় বিগত মে/২০২৪ তারিখে প্রলয়ংকারী ঘূর্ণিঝড় “রিমাল” আঘাত হানে। ঘূর্ণিঝড়ের আঘাতে প্রকল্প এলাকাভুক্ত খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার অসংখ্য বেড়িবাঁধ/পোল্ডারের আংশিক/সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। এই ক্ষতিগ্রস্ত বাঁধসমূহ দ্রুত পুনঃনির্মাণ বা মেরামত না করা হলে তা সম্পূর্ণরূপে ধসে পড়ার আশঙ্কা রয়েছে, যার ফলে প্রকল্প এলাকাসহ বিস্তীর্ণ এলাকা জুড়ে প্লাবিত হয়ে স্থানীয় জনগণের জীবন, সম্পদ ও জীবিকার হুমকি রয়েছে। এমতাবস্থায়, ক্ষতিগ্রস্ত অংশসমূহের জরুরি মেরামতের মাধ্যমে বাঁধের প্রতিরক্ষামূলক কার্যকারিতা পুনঃস্থাপন অত্যন্ত জরুরি। ক্ষতিগ্রস্ত অংশসমূহের মেরামত হলে প্রকল্পভুক্ত এলাকায় ঘূর্ণিঝড়-জলোচ্ছাস ও নদীভাঙনের মতো দুর্যোগজনিত ঝুঁকি হ্রাস এবং ভবিষ্যতে প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় স্থানীয় জনগণের সহনশীলতা ও নিরাপত্তা নিশ্চিত হবে।

প্রকল্প এলাকার স্থানীয় জনপ্রতিনিধি, প্রশাসন এবং উপকারভোগি জনগণের পক্ষ থেকে এ বিষয়ে জরুরি পদক্ষেপ গ্রহণের জোরালো দাবি জানানো হয়। মাঠ পর্যায়ের বাস্তব অবস্থা ও কারিগরি বিশ্লেষণের ভিত্তিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের গঠিত কারিগরি কমিটির সুপারিশ অনুযায়ী, খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার কয়রা, দেবহাটা, কালীগঞ্জ, শ্যামনগর, আশাশুনি, শরণখোলা এবং মোরেলগঞ্জ উপজেলার বিভিন্ন পোল্ডারে মোট ১৭.১৩ কি:মি: নতুন

নদী তীর রক্ষা কাজের প্রয়োজন দেখা দেয়। এছাড়া প্রকল্প দপ্তরের কতিপয় প্রয়োজনীয় ৫টি অর্থনৈতিক কোড সংশোধনের নিমিত্ত ডিপিপি সংশোধনের প্রয়োজন হয় বিধায় প্রকল্পের মেয়াদকাল ৬ মাস বৃদ্ধি করে (জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ এর পরিবর্তে জানুয়ারি, ২০২২ হতে জুন, ২০২৬) ও মোট ব্যয় ৩৯৭২.৫০ লক্ষ টাকা বৃদ্ধি করে ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা (জিওবি: ২৪১৬৭.২৮ ও পিএ ৫৫৫৮৫.৯৪ লক্ষ (JICA ঋণ সহায়তা) ব্যয় সম্বলিত প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভার সুপারিশের আলোকে প্রকল্পের ১ম সংশোধন ১৭ মার্চ ২০২৫ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়।

১.৪ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রমসমূহ:

- নদী তীর সংরক্ষণ কাজ- ১৭.১৩৭ কিলোমিটার;
- ঢাল সংরক্ষণ কাজ- ৩.৩৪৭ কিলোমিটার;
- অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ (ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত বাঁধসমূহ)-১৭.১৩০ কি.মি.
- নদী/খাল খনন (ড্রেজিং)-৫.৮০০ কিলোমিটার;
- নিষ্কাশন স্লুইস মেরামত-৫টি; এবং
- নিষ্কাশন স্লুইস নির্মাণ/পুনঃস্থাপন-২টি।

১.৫ প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা

সারণি: ১.১ প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়)

ক্রঃ নং	অঙ্গের নাম	একক ও পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য আরপিএ (জাইকা)	মোট ব্যয়	মোট প্রকল্প ব্যয়ের (%)
১	২	৩	৪	৫	৬	৭
	ক) রাজস্ব ব্যয়					
১	পরিবেশগত ছাড়পত্র ফি	থোক	১৫.০০	০.০০	১৫.০০	০.০১
২	যাতায়াত ব্যয়	থোক	২.০০	০.০০	২.০০	০.০০২
৩	অতিরিক্ত সময়ে কাজের ভাতা	থোক	১০.০০	০.০০	১০.০০	০.০১
৪	সম্মানি (বিভিন্ন কমিটির জন্য)	থোক	১৮.০০	০.০০	১৮.০০	০.০২
৫	সম্মানি (মধ্যবর্তী মূল্যায়নের জন্য)	থোক	১০.০০	০.০০	১০.০০	০.০১
৬	সেমিনার ও কনফারেন্স ব্যয়	থোক	১৩.০০	০.০০	১৩.০০	০.০১
৭	ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	মাস	১.০০	০.০০	১.০০	০.০০১
৮	ডাক	থোক	২.০০	০.০০	২.০০	০.০০২
৯	টেলিফোন	মাস	১.০০	০.০০	১.০০	০.০০১
১০	আউটসোর্সিং	জনমাস	১০৭.৮২	০.০০	১০৭.৮২	০.১৩
১১	নিবন্ধন ফি (যানবাহন)	থোক	৪.০০	০.০০	৪.০০	০.০০৫
১২	ইনসুরেন্স/ব্যাংক চার্জ যানবাহন	থোক	৮.০০	০.০০	৮.০০	০.০১
১৩	ভ্রমণ ব্যয়	থোক	১৪.০০	০.০০	১৪.০০	০.০১
১৪	পেট্রোল ওয়েল ও লুব্রিকেন্ট	থোক	২৩.০০	০.০০	২৩.০০	০.০২
১৫	গ্যাস ও জ্বালানী	থোক	৮.০০	০.০০	৮.০০	০.০১
১৬	কম্পিউটার সামগ্রী	থোক	৩.০০	০.০০	৩.০০	০.০০৩
১৭	মুদ্রণ ও বাঁধাই	থোক	৪.৫০	০.০০	৪.৫০	০.০০৫
১৮	স্ট্যাম্প ও সিল	থোক	১.০০	০.০০	১.০০	০.০০১
১৯	অন্যান্য মনিহারী	থোক	৯.০০	০.০০	৯.০০	০.০১
২০	জরিপ	থোক	১৩.০০	০.০০	১৩.০০	০.০১
২১	মোটরযান	থোক	৫.০০	০.০০	৫.০০	০.০০৬

ক্রঃ নং	অঙ্গের নাম	একক ও পরিমাণ	জিওবি	প্রকল্প সাহায্য আরপিএ (জাইকা)	মোট ব্যয়	মোট প্রকল্প ব্যয়ের (%)
১	২	৩	৪	৫	৬	৭
২২	আসবাবপত্র	থোক	৩.০০	০.০০	৩.০০	০.০০৩
২৩	কম্পিউটার	থোক	৩.৫০	০.০০	৩.৫০	০.০০৪
২৪	অফিস সরঞ্জামাদি	থোক	৩.০০	০.০০	৩.০০	০.০০৩
২৫	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	থোক	৩.৫০	০.০০	৩.৫০	০.০০৪
২৬	স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ	থোক	২.০০	০.০০	২.০০	০.০০২
	উপমোট (রাজস্ব ব্যয়) (ক)	-	**২৮৭.৩২**	০.০০	**২৮৭.৩২**	**০.৩৬**
(খ) মূলধন ব্যয়						
২৭	নদী তীর সংরক্ষণ কাজ	১৭.১৩৭ কি:মি:	১৫১৯৪.৯৮	৫১৯০৭.০৩	৬৭১০২.০১	৮৪.১৩
২৮	ঢাল সংরক্ষণ কাজ	৩.৩৪৭ কিমি	৬৭২.৮২	২৫২৭.১৮	৩২০০.০০	৪.০১
২৯	অস্থায়ী প্রতিরক্ষা কাজ (ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত)	১৭.১৩০ কি:মি:	৫৮১৪.০০	০.০০	৫৮১৪.০০	৭.২৮
৩০	নিষ্কাশন স্লুইস পুনঃনির্মাণ/প্রতিস্থাপন	২টি	৩৮২.৫০	০.০০	১২৫০.০০	১.৫৬
৩১	সেচ ও নিষ্কাশন কাঠামো (নিষ্কাশন স্লুইস মেরামত)	৫টি	৬৫.৭৬	২৮৪.২৩	৩৪৯.৯৯	০.৪৩
৩২	খনন (ড্রেজিং)	৫.৮০০ কি:মি:	১৪৪৫.০০	০.০০	১৪৪৫.০০	১.৮১
৩৩	অন্যান্য স্থাপনা (সাইনবোর্ড, ঘাটলা ইত্যাদি	থোক	৫.০০	০.০০	৫.০০	০.০০৬
	মোটরযানঃ			০.০০		
৩৪	জীপ গাড়ী	১টি	৫৫.৭০	০.০০	৫৫.৭০	০.০৬
৩৫	মাইক্রোবাস	১টি	৫২.০০	০.০০	৫২.০০	০.০৬
৩৬	ডাবল কেবিন পিকআপ	১টি	৫৬.২০	০.০০	৫৬.২০	০.০৭
৩৭	কম্পিউটার ও এক্সেসরিজ (স্ক্যানার ও প্রিন্টার)	৬ সেট	৮.০০	০.০০	৮.০০	০.০১
৩৮	কম্পিউটার ও এক্সেসরিজ (ল্যাপটপ ও আনুষঙ্গিক)	২ টি	৩.০০	০.০০	৩.০০	০.০০৩
৩৯	হ্যান্ড জিপিএস	৫টি	২.০০	০.০০	২.০০	০.০০২
৪০	আসবাবপত্র	থোক	১০.০০	০.০০	১০.০০	০.০১
৪১	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি (পিআইইউ-ঢাকা ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহ)	২সেট	৩.০০	০.০০	৩.০০	০.০০৩
৪২	বৃক্ষ, শস্য, উদ্ভিদ সম্পদ উৎপাদনকারী পুনরাবৃত্তি (বৃক্ষরোপণ)	থোক	১০.০০	০.০০	১০.০০	০.০১
	উপ-মোট (মূলধন ব্যয়) (খ)	-	**২৩৭৭৯.৯৬**	**৫৫৫৮৫.৯৪**	**৭৯৩৬৫.৯০**	৯৯.৫১
গ	**ফিজিক্যাল কনটিনজেন্সি**	**থোক**	**৫০.০০**	০.০০	**৫০.০০**	০.০৬
ঘ	**প্রাইস কনটিনজেন্সি**	**থোক**	৫০.০০	০.০০	**৫০.০০**	০.০৬
	সর্বমোট (ক+খ+গ+ঘ)	-	**২৪১৬৭.২৮**	**৫৫৫৮৫.৯৪**	**৭৯৭৫৩.২২**	**১০০.০০**

উৎসঃ সংশোধিত ডিপিপি

১.৬ প্রকল্পের কর্মপরিকল্পনা

প্রকল্পের আওতায় অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপিতে বছরভিত্তিক প্রতিটি অঙ্গের কর্মপরিকল্পনা অন্তর্ভুক্ত করা হয়েছে। কর্মপরিকল্পনায় দেখা যায় যে, নদী তীর সংরক্ষণ, ঢাল সংরক্ষণ কাজ, নিষ্কাশন স্লুইস পুনঃনির্মাণ/প্রতিস্থাপন, সেচ ও নিষ্কাশন কাঠামো (নিষ্কাশন স্লুইস মেরামত এবং খনন (ড্রেজিং) করা প্রকল্পের মূল কাজ। ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের কর্মপরিকল্পনা সংযুক্তি-২ এ দেখানো হয়েছে।

১.৭ প্রকল্পের ক্রয় পরিকল্পনা

অনুমোদিত সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ক্রয় পরিকল্পনায় পণ্য ক্রয়ের ১৪টি ও কার্য ক্রয়ের ১৯টি প্যাকেজ রয়েছে। প্রকল্পের যাবতীয় ক্রয় কার্যক্রম অনুমোদিত ডিপিপি অনুযায়ী সম্পন্ন করা হয়েছে কিনা এবং ক্রয় পরিকল্পনা পাবলিক প্রকিউপরমেন্ট এ্যাক্ট-২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস-২০০৮ অনুসারে সম্পাদিত হয়েছিল কিনা তা সমীক্ষাকালে ক্রয় সংক্রান্ত দলিল / কাগজপত্র পর্যালোচনা ও পর্যবেক্ষণ করা হয়েছে। প্রতিটি প্যাকেজের জন্য আলাদা আলাদা চেকলিস্টের মাধ্যমে ক্রয় সংক্রান্ত কার্যাবলি পর্যালোচনা করে প্রতিবেদনে সন্নিবেশ করা হয়েছে (অনুচ্ছেদ-৩.৫ ও ৩.৬)। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের পণ্য ও কার্য ক্রয় সংক্রান্ত ক্রয়-পরিকল্পনা সংযুক্তি-১ এ দেয়া হয়েছে।

১.৮ আডিপিপি অনুযায়ী প্রকল্পের লগ-ফ্রেম

	বর্ণনামূলক সারাংশ (Narrative Summary)	উদ্দেশ্য যাচাইযোগ্য সূচক (Objectively Verifiable Indicator)	যাচাইয়ের উপায়সমূহ (Means of Verification)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
লক্ষ্য	• নদী তীর ভাঙন, জলোচ্ছাস , বন্যা, ঝড়ের ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও লবণাক্ততার অনুপ্রবেশ এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে জীবন ও সম্পত্তির নিরাপত্তা জোরদারকরণ • উপকূলীয় ও ভাঙন প্রবণ অঞ্চলে দুর্যোগ ব্যবস্থাপনা টেকসইকরণ • দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র আকারে আর্থিক কার্যক্রমের সুরক্ষা দেয়া • টেকসই পরিবেশ নিশ্চিতকরণ	• প্রাকৃতিক দুর্যোগের মাত্রা কমানোর সাথে পোল্ডার ব্যবস্থাপনা জোরদারকরণ। • মানব সম্পদ ও প্রাকৃতিক নিরাপত্তা নিশ্চিতকরণ। • ব্যবসায়িক কার্যক্রম ত্বরান্বিত করা। • উপকূলীয় মানুষের জীবনযাত্রার উন্নতি • উপকূলীয় অঞ্চলের দুর্যোগ রোধ ও কার্যকারিতা এবং নিরাপত্তা বিধান।	• তিন বছরের জাতীয় রোলিং পরিকল্পনার মূল্যায়ন প্রতিবেদন • জাতীয় পরিবেশগত প্রতিবেদন • আঞ্চলিকজাতীয় / ব্যবসায়িক প্রতিবেদন • সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা	
উদ্দেশ্য	• নদীর তীর ভাঙন প্রশমিত করা • ঘূর্ণিঝড় থেকে উপকূলীয়দের আর্থিক ক্ষয়ক্ষতি কমাতে জলোচ্ছাস, বন্যা, লবণাক্ততা অনুপ্রবেশ রোধ এবং ড্রেন নির্মাণ।	• প্রায় ৬৬৪১.কোটি টাকার ৩৩ সরকারি ও বেসরকারি সম্পত্তির নিরাপত্তা নিশ্চিত করা • একর কৃষি জমির ৯২১০১ নিরাপত্তা নিশ্চিত করা।	• সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের চিঠি। • সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রতিবেদন।	• ক্ষতিগ্রস্ত ও সচেতন এলাকাবাসীর সক্রিয় অংশগ্রহণ। • প্রয়োজনীয় কাঠামো ব্যবহারের সুবিধা প্রদান।
	• সরকারি ও বেসরকারি সম্পত্তি এবং প্রাকৃতিক সম্পদের নিরাপত্তা • দরিদ্র জনগোষ্ঠীর জন্য টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন	• প্রকল্প এলাকার ভাঙন রোধ করার জন্য সুরক্ষা বর্ধিত করা। FIRR- EIRR- 28.74%	• কর্মক্ষমতা মূল্যায়ন এবং মান নিয়ন্ত্রণ • IMED মূল্যায়ন প্রতিবেদন • নির্বাহী প্রকৌশলী সম্পর্কিত ফিল্ড অফিসের রিপোর্ট।	• যথাযথ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ।

	বর্ণনামূলক সারাংশ (Narrative Summary)	উদ্দেশ্য যাচাইযোগ্য সূচক (Objectively Verifiable Indicator)	যাচাইয়ের উপায়সমূহ (Means of Verification)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
আউটপুট	• নদীর তীর সংরক্ষণ কাজ • ঢাল সংরক্ষণ কাজ • নিষ্কাশন স্লুইস পুনঃনির্মাণ/প্রতিস্থাপন • সেচ ও নিষ্কাশন কাঠামো(নিষ্কাশন স্লুইস মেরামত • নদী/খাল খনন (ড্রেজিং)	• ১৭. ১৩৭কিঃমিঃ • ৩.৩৪৭ কিঃমিঃ • ৫টি • ২টি • ৫.৮০ কিঃমিঃ • বাস্তব অগ্রগতি • সময়সমূচী অনুযায়ী ১০০% কাজ জুন ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন হবে।	• পর্যবেক্ষণ প্রতিবেদন এবং অগ্রগতি প্রতিবেদন • মাঠ পর্যায় হতে প্রাপ্ত রিপোর্ট।	• প্রয়োজনীয় ADP বাজেট বরাদ্দ এবং সময়মতো তহবিল প্রাপ্যতা নিশ্চিত করা • অনুমোদিত নকশা বাস্তবায়ন
ইনপুট	• দক্ষ জনশক্তি এবং অদক্ষ শ্রমিক • প্রাকনির্মাণ কার্যক্রম- • দক্ষ প্রকৌশলী এবং অন্যান্যদের পোস্টিং • নির্মাণ কাজের উপকরণ সিসি) ব্লক, জিওব্যাগ, জিও শিট ইত্যাদি(	• কাজের অগ্রগতি • অনুমোদিত ডিজাইন ,চুক্তির নথিতে স্পেসিফিকেশন দেওয়া হয়েছে • সিসি ব্লক: ৪৫সে:মি: X ৪৫সে:মি: X ৪৫ সে:মি: ১৩৯০২৯৬টি ৩৫সে:মি: X ৩৫সে:মি: X ৩৫ সে:মি: ১৭৯০৯৯৪টি ৫০সে:মি: X ৫০সে:মি: X ২০ সে:মি: ১২০৩৫৩৪টি ৪০সে:মি: X ৪০সে:মি: X ২০ সে:মি: ১২০৮৫৩টি ৪০সে:মি: X ৪০সে:মি: X ৪০ সে:মি: ৫৪২৭০৮টি ৩০সে:মি: X ৩০সে:মি: X ৩০ সে:মি: ৭৮২১৭৫টি জিও ব্যাগ :১৯৪৭৪০৪টি	• প্রকল্পের ডিপিপি • ফিল্ড যাচাইকরণ • নির্বাহী প্রকৌশলী এবং উপ-বিভাগীয় প্রকৌশলী এর ফিল্ড রিপোর্ট • মেজারমেন্ট বুক • পিপিআর ২০০৮ -	• প্রকল্পের ডিপিপি অনুমোদন • দক্ষ জনশক্তির প্রাপ্যতা • বিদ্যমান নিয়ম ও নির্দেশিকা

উৎসঃ ডিপিপি

১.৯ প্রকল্পের Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা: প্রকল্প সমাপ্তির পর, BWDB-এর বিদ্যমান নিয়মিত সেটআপের অধীনে সংশ্লিষ্ট বিভাগের নিয়মিত পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বরাদ্দ থেকে প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা হবে।

দ্বিতীয় অধ্যায়

নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালন পদ্ধতি ও সময়ভিত্তিক পরিকল্পনা

২.১ নিবিড় পরিবীক্ষণের কার্যপরিধি: (ToR)

১. প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

২. প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৩. প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৪. প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৫. প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৬. প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BoQ/ToR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৭. প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন- অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

৮. প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়. বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

৯. উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১০. প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;

১১. প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;

১২. প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্খিত অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৩. প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজি ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষান্তে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

১৪. প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১৫. কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

২.২ এলাকা নির্বাচন

"দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ)" শীর্ষক প্রকল্পটি বাংলাদেশের খুলনা, **সাতক্ষীরা** ও **বাগেরহাট জেলার ১১টি উপজেলায়** বাস্তবায়নাধীন রয়েছে। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন প্রকল্প এলাকার ৩টি জেলার ১১টি উপজেলা (১০০%) নির্বাচন করা হয়েছে। পরিমাণগত (quantitative) তথ্য বিশ্লেষণের জন্য প্রকল্পভুক্ত ১১টি উপজেলার প্রতি উপজেলা থেকে সরল দৈব নমুনায়ন পদ্ধতি অনুসরণ করে ৪২ জন উত্তরদাতা নির্বাচন করা হয়েছে। অর্থাৎ, ১১টি উপজেলা থেকে (১১ X ৪২) মোট ৪৬২ জন উপকারভোগির কাঠামোগত প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য/উপাত্তের জন্য সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। নিম্নের সারণি ২.১ এ নমুনা সংগ্রহের জেলা ও উপজেলা এবং উপকারভোগির সংখ্যা প্রদান করা হলো-

সারণি-২.১: নমুনা সংগ্রহের জেলা, উপজেলা ও উপকারভোগির সংখ্যা

জেলা	নমুনা উপজেলা	নমুনা উপকারভোগির সংখ্যা
১.খুলনা	১.পাইকগাছা	৪২
	২.কয়রা	৪২
	৩. দাকোপ	৪২
	৪. দিঘলিয়া	৪২
	৫.ডুমুরিয়া	৪২
	৬.বটিয়াঘাটা	৪২
২.সাতক্ষীরা	৭.কালীগঞ্জ	৪২
	৮. শ্যামনগর	৪২
	৯.আশাশুনি	৪২
৩.বাগেরহাট	১০.বাগেরহাট সদর	৪২
	১১. মোরেলগঞ্জ	৪২
৩টি	**১১টি**	**৪৬২**

২.৩ নমুনা পদ্ধতি ও আকার নির্ধারণ

যে কোন প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম কতটুকু চলমান বা সফলভাবে সম্পন্ন হয়েছে এবং উদ্দেশ্য বা লক্ষ্যমাত্রা অর্জন কতটুকু সফল হয়েছে তা নিবিড় পরিবীক্ষণের মাধ্যমে নিরূপণের কৌশল হচ্ছে পরিদর্শন ও উপকারভোগিদেরকে প্রশ্ন উত্তরের মাধ্যমে তাঁদের মতামত গ্রহণ করা। প্রকল্পের উপকারভোগি নির্বাচনের জন্যে বহু-পর্যায়ী স্তরিত নমুনায়ন পদ্ধতি অনুসরণ করে সংখ্যাগত জরিপের মাধ্যমে তথ্যাদি সংগ্রহ করা হয়েছে। বর্ণিত প্রকল্পের উপকারভোগি হলেন প্রকল্প এলাকার সাধারণ জনগণ। নমুনার আকার নিম্ন বর্ণিত ফরমূলাটি ব্যবহার করে নির্ধারণ করা হয়েছেঃ-

$$n = \frac{z^2 pq}{e^2}$$

Source: Cochran's Formula (Cochran, 1977) was used to determine the sample size.

যেখানে,

n = কাঙ্খিত নমুনা সংখ্যা
z = the value of standard variety at a given confidence level
p = নমুনা অনুপাত সম্ভাবনা
q = নমুনা অনুপাত বিপরীত সম্ভাবনা

e = Acceptable error (the precision)
deff = Design Effect

নমুনার সংখ্যা নির্ধারণের জন্যে ৯৫% confidence level অনুমান করা হয়েছে। ফলে "z" এর মান হচ্ছে ১.৯৬। তাছাড়া, p এর মান যদি ০.৫ ধরা হয় (যা সর্বোচ্চ নমুনা সংখ্যা নিশ্চিত করে), তবে q এর মান (১-০.৫) =০.৫। e-এর মান ০.০৫ এবং deff এর মান ১.২ ধরা হয়েছে।

$$n = \frac{(1.96)^2 0.5 \times 0.5}{0.05^2} \times 1.2$$

$$n = 460.9$$

উপরোক্ত সূত্র দ্বারা মানসমূহ হিসাব করে নমুনা আকার পাওয়া যায় ৪৬০.৯ এবং এই সংখ্যা মোট ৪৬২ জন উপকারভোগি নির্ধারণ করে তাঁদের থেকে সরাসরি (Face to Face) দক্ষ তথ্য সংগ্রহকারীগণের মাধ্যমে পক্ষপাতবিহীন দৈবচয়নের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে।

২.৪ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি

২.৪.১ কৌশলগত পদ্ধতি

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনার জন্য বাস্তবায়ন প্রক্রিয়ার সকল প্রকার কার্যক্রম প্রকল্পের উদ্দেশ্য ও কর্মপরিধির আলোকে প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। বর্তমান সমীক্ষার কৌশলগত পদ্ধতি নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য অর্জনে ৩ (তিন) ধরনের কৌশল অবলম্বন করা হয়েছে, যথাঃ

১) বিদ্যমান দলিলাদি পর্যালোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ;
২) জরিপের মাধ্যমে প্রকল্প এলাকা হতে সংখ্যাগত ও গুণগত তথ্য সংগ্রহ;
৩) সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে বাস্তবায়িত/বাস্তবায়িতব্য কাজের তথ্যাদি সংগ্রহ, পরীক্ষণ ও বিশ্লেষণ।

২.৪.২ বিশ্লেষণগত কাঠামো

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের নির্দিষ্টকৃত নির্দেশকসমূহের সাথে সঙ্গতি রেখে প্রাপ্ত তথ্যের input-output framework এমনভাবে স্তর বিন্যাস করা হয়েছে যেন তথ্যের পরিসংখ্যানগত বিশ্লেষণ সঠিকভাবে সম্পন্ন হয়। প্রাপ্ত তথ্যসমূহ SPSS ও MS Excel ডাটাবেজের সাহায্যে এন্ট্রি এবং SPSS ও MS Excel সফটওয়্যার ব্যবহার করে যথাযথ পরিসংখ্যান পদ্ধতির মাধ্যমে তথ্য বিশ্লেষণ কাজ সম্পন্ন করা হয়েছে।

২.৪.৩ সমীক্ষার ধারণা

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের জন্য ToR এ প্রদত্ত গাইডলাইন অনুসরণ করা হয়েছে। গৃহীত সকল কার্যক্রম পর্যায়ক্রমে ও ক্রমানুযায়ী সম্পন্ন করা হয়েছে। কার্যক্রম গ্রহণের বিভিন্ন ধাপ ও পর্যায় নিম্নে বর্ণিত হলো।

প্রথম ধাপ: এ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন ও তথ্যাদি সংগ্রহ এবং পর্যালোচনা করা হয়েছে। এছাড়া নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদনের পরিকল্পনা গ্রহণ, নির্দেশক নির্বাচন, তথ্যের উৎস চিহ্নিতকরণ, প্রকল্প এলাকায় নমুনা নির্ধারণ ও বিভিন্ন প্রশ্নমালা ও ছক প্রস্তুত করা হয়েছে।

দ্বিতীয় ধাপ: এ ধাপে মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের জন্য লোকবল নিয়োগ ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রস্তুতকৃত প্রশ্নাবলী ও ছকের উপর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রদত্ত মতামত/পরামর্শ অনুসরণে প্রশ্নাবলী ও ছক চূড়ান্তকরণপূর্বক মাঠ পর্যায়ে তথ্য/উপাত্ত সংগ্রহের পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

তৃতীয় ধাপ: এ ধাপে তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায় হতে নির্দিষ্ট পরিকল্পনা ও সময়ানুযায়ী তথ্য/উপাত্ত সংগ্রহ করেছেন। পরামর্শক ও সমীক্ষা টিম কর্তৃক তথ্য সংগ্রহকারীদের কাজের তদারকি করা হয়েছে। তথ্য সংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে দৈবচয়নের ভিত্তিতে নির্বাচিতদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেছেন। এছাড়া প্রকল্প পরিচালকের অফিস হতে সুনির্দিষ্ট তথ্য/উপাত্ত সংগ্রহ করা হয়েছে।

চতুর্থ ধাপ: মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্যে ভুল/ত্রুটি থাকলে তা সংশোধন করা হয়েছে। সংগৃহীত তথ্য/উপাত্ত সংশোধনের পর সেগুলো সাংকেতিক নাম্বার প্রদান করা হয়েছে এবং সে অনুযায়ী কম্পিউটারে ধারণ করা হয়েছে। পরবর্তীতে সংগৃহীত তথ্য/উপাত্তসমূহের পরিসংখ্যানিক বিশ্লেষণ এবং প্রাপ্ত ফলাফল প্রতিবেদনে সারণি (টেবিল) ও চার্ট আকারে উপস্থাপন করা হয়েছে।

পঞ্চম ধাপ: এ ধাপে প্রাপ্ত ফলাফলের ওপর ভিত্তি করে খসড়া প্রতিবেদন প্রণয়ন ও পর্যালোচনার জন্য আইএমইডির নিকট দাখিল করা হয়েছে। খসড়া প্রতিবেদন টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটির সুপারিশের ভিত্তিতে খসড়া প্রতিবেদন সংশোধনপূর্বক জাতীয় কর্মশালায় উপস্থাপন করা হয়েছে। কর্মশালা হতে প্রাপ্ত মতামত/পরামর্শ/সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন ও দাখিল করা হয়েছে।

২.৫ নিবিড় পরিবীক্ষণের নির্দেশক নির্বাচন

প্রকল্পের বর্তমান অবস্থা ও পটভূমির সঙ্গে নকশা/পরিকল্পনা তথা ডিপিপি'তে বর্ণিত বিষয়সমূহের চলক (Variable) ও নির্দেশকের (Indicator) মাধ্যমে প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনা করা হয়েছে। নিম্নোক্ত পর্যায়ে চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ করা হয়েছে-

পরিবীক্ষণের প্রকৃতি	পরীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক	উৎস	পদ্ধতি
সেকেন্ডারি তথ্য পর্যালোচনা	• ডিপিপি, সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন, প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন, মধ্যবর্তী মূল্যায়ন প্রতিবেদন ইত্যাদি	প্রাপ্ত প্রাসঙ্গিক প্রতিবেদন	প্রতিবেদন পর্যালোচনা
প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কর্মকান্ডের নিবিড় পরিবীক্ষণ	• প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অর্থায়ন, অনুমোদন, বাস্তবায়ন, সংশোধন, মেয়াদ বৃদ্ধি সম্পর্কিত প্রযোজ্য তথ্যের পর্যালোচনা;	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ/	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই
	• প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, বরাদ্দ, অর্থ ছাড়, ব্যয় সম্পর্কিত তথ্য বিশ্লেষণ;	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই
	• প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতি তথ্য সংগ্রহ, সন্নিবেশ, বিশ্লেষণ;	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই
	• প্রকল্পের এ পর্যন্ত অর্জন লগ ফ্রেমের আলোকে পর্যালোচনা	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ প্রকল্পের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই
প্রকল্প ব্যবস্থাপনা পর্যালোচনা	• প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ	প্রকল্প কর্তৃপক্ষ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই, এফজিডি
	• প্রকল্পের অভ্যন্তরীণ মনিটরিং ব্যবস্থা পর্যালোচনা	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই
	• IMED-05 ছকে প্রতিবেদনসমূহ সংস্থা কর্তৃক আইএমইডিতে নিয়মিত প্রেরণ সংক্রান্ত কার্যক্রম মূল্যায়ন	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই
	• IMED কর্তৃক প্রকল্প চলাকালীন পরিবীক্ষণ কার্যক্রমের মূল্যায়ন এবং পরিবীক্ষণ প্রতিবেদনে প্রদত্ত পর্যবেক্ষণ ও সুপারিশ, প্রতিবেদনে উপস্থাপিত পর্যবেক্ষণ ও সুপারিশের আলোকে মন্ত্রণালয়, সংস্থা এবং প্রকল্প কার্যালয়ের গৃহীত কার্যক্রমের বিশ্লেষণ ও মূল্যায়ন	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই
	• প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসইকরণ বিশ্লেষণ	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই, এফজিডি

পরিবীক্ষণের প্রকৃতি	পরীক্ষণীয় বিষয়/চলক/নির্দেশক	উৎস	পদ্ধতি
	• প্রকল্প বাস্তবায়নকালীন চ্যালেঞ্জসমূহ	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	প্রতিবেদন পর্যালোচনা ও কেআইআই
ক্রয় কার্যক্রম পর্যালোচনা	• প্রকল্পের Procurement এর ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮), উন্নয়ন সহযোগীর গাইডলাইন এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	ক্রয় সংক্রান্ত নথি পর্যালোচনা ও কেআইআই
	• প্রকল্পের আওতায় বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/ BOQ/TOR, গুণগত মান পরিমাণ অনুযায়ী সংগ্রহ করা হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	ক্রয় সংক্রান্ত নথি পর্যালোচনা ও কেআইআই
	• ক্রয় কার্যক্রমে সম্পাদিত চুক্তিসহ সকল ধাপ পর্যালোচনা ও পর্যবেক্ষণ	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	ক্রয় সংক্রান্ত নথি পর্যালোচনা ও কেআইআই
	• পণ্য, কার্য ও সেবা পরিচালনা সংগ্রহ এবং সংরক্ষণ প্রয়োজনীয় জনবলের জন্য গৃহীত পরিকল্পনা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;	প্রকল্প পরিচালক/ প্রকল্প কর্তৃপক্ষ	ক্রয় সংক্রান্ত নথি পর্যালোচনা ও কেআইআই এবং মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ
চলমান কাজের গুণগত মান পর্যবেক্ষণ	• নদী তীর সংরক্ষণ, ঢাল সংরক্ষণ কাজ, নদী/খাল খনন (ড্রেজিং), নিষ্কাশন স্লুইস মেরামত, নিষ্কাশন স্লুইস নির্মাণ/পুনঃস্থাপন	প্রকল্প কর্তৃপক্ষ/ঠিকাদারী প্রতিষ্ঠান	নির্মাণ কাজে ব্যবহৃত বিভিন্ন উপাদানের নমুনা পর্যবেক্ষণ, ল্যাব টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে), ও মাঠ পর্যায়ে পরিদর্শন
	• অনুমোদিত ডিজাইন অনুযায়ী প্রকল্পের কাজ বাস্তবায়ন হয়েছে/হচ্ছে কিনা তা যাচাই এবং গুণগতমান ঠিক রয়েছে কিনা তা মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ	প্রকল্প কর্তৃপক্ষ/ঠিকাদারী প্রতিষ্ঠান	কেআইআই ও মাঠ পর্যায়ে পরিদর্শন

২.৬ নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার প্রশ্নমালা ও ছক/চেকলিস্ট

প্রকল্পের কার্যক্রম, নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য, চাহিদা ও মূল্যায়ন নির্দেশক এর উপর ভিত্তি করে নিবিড় পরিবীক্ষণের জন্য নিম্নলিখিত প্রশ্নমালা ও চেকলিস্ট প্রস্তুত করা হয়েছে (সংযোজনী ১-৪)।

- ✓ উপকারভোগি জরিপ প্রশ্নমালা (সংযোজনী-১)
- ✓ মুখ্য ব্যক্তিবর্গের সাক্ষাৎকার (KII) এর গাইডলাইন (সংযোজনী -২)
- ✓ ফোকাস গ্রুপ ডিসকাশন (FGD) গাইডলাইন (সংযোজনী-৩)
- ✓ সরেজমিনে নির্মাণ কাজ পরিদর্শনের চেকলিস্ট (সংযোজনী-৪)

২.৭ সমীক্ষার কর্ম-পদ্ধতি

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য সংখ্যাগত (Quantitative) ও গুণগত (Qualitative) সমীক্ষা এবং Secondary Source হতে তথ্য সংগ্রহ করা হয়েছে। নিম্নে এ বিষয়ে আলোচনা করা হলো।

২.৮ প্রাথমিক তথ্য সংগ্রহ:

২.৮.১ সংখ্যাগত সমীক্ষা জরিপ: যে কোন সুপরিকল্পিত ও সুসমন্বিত নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার ক্ষেত্রে সংখ্যাগত জরিপের মাধ্যমে অভিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়। প্রকল্প বাস্তবায়ন হলে প্রকল্প এলাকার জনগণ (উপকারভোগি) কতটুকু উপকৃত হবে এবং প্রকল্পের উদ্দেশ্য কতটুকু অর্জিত হয়েছে/হচ্ছে তা সমীক্ষাকালীন নির্ণয় করা হয়েছে (বিস্তারিত অনুচ্ছেদ: ৩.১৫)।

২.৮.২ গুণগত তথ্য সংগ্রহ পদ্ধতি:

ক) মুখ্য ব্যক্তিবর্গের সাক্ষাৎকার (Key Informant Interview)

নিবিড় গুণগত মান অনুসন্ধানের অন্যতম পন্থা "কেআইআই" (KII)। প্রকল্পের কার্যকারিতা, প্রকল্প বাস্তবায়নে অসুবিধা, বছরভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন, পণ্য, কার্য ক্রয় পরিকল্পনা, অডিট (ইন্টারনাল, এক্সটারনাল) সংক্রান্ত, প্রকল্পের বর্তমান অবস্থা, নির্মাণ কাজের গুণগতমান, প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা, সমস্যা, ঝুঁকি, দুর্বলতা, সম্ভাবনা ইত্যাদি গুণগত তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য প্রকল্প সংশ্লিষ্ট মুখ্য ব্যক্তিবর্গদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে।

প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট প্রতিনিধি, নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীর প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলী, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাসহ অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে সর্বমোট ৩৮টি KII করা হয়েছে। KII এর স্টেকহোল্ডার এবং KII এর চেকলিস্ট **সংযুক্তি-৪** এ প্রদান করা হয়েছে।

পদ্ধতি	উত্তরদাতা/স্টেকহোল্ডার	পরিমাণ
নিবিড় আলোচনা (কেআইআই)	প্রকল্প পরিচালক	১
	পানি উন্নয়ন বোর্ডের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা	২
	নির্বাহী প্রকৌশলী (৩ জেলা)	৩
	উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি	১
	উপ-বিভাগীর প্রকৌশলী (১১ উপজেলা)	৫
	সহকারী প্রকৌশলী (১১ উপজেলা)	৫
	উপ-সহকারী প্রকৌশলী (১১উপজেলা)	১১
	ঠিকাদার (১১ উপজেলা)	১০
	মোট	**৩৮**

খ) এফজিডি আলোচনা (Focus Group Discussion)

চলমান প্রকল্প বাস্তবায়নের ফলে উপকারভোগির কতটুকু উপকৃত হবে, দুর্যোগে জীবিকা, কৃষি, দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকায় প্রাথমিক ও দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার সক্ষমতা বৃদ্ধি, সম্প্রসারিত এবং সুসংহত দুর্যোগ ব্যবস্থাপনা অবকাঠামো নির্মাণ ও প্রশিক্ষণ প্রদানে কতটুকু পরিবর্তন হবে ইত্যাদি বিষয় নিরূপণ করার জন্য প্রকল্পের আওতায় ০৩টি জেলায় ২টি করে মোট ৬টি এফজিডি পরিচালনা করা হয়েছে। এফজিডি হতে প্রাপ্ত ফলাফল ৩.১৬ অনুচ্ছেদে দেয়া হয়েছে। এফজিডি'র চেকলিস্ট সংযোজনী-৫ এ প্রদান করা হয়েছে। দলীয় আলোচনা অনুষ্ঠানের স্থান ও উপস্থিত আলোচকদের তথ্য নিচের সারণিতে প্রদান করা হলো।

সারণি ২.২ এফজিডি আলোচনার স্থান, অংশগ্রহণকারী ও সংখ্যা

ক্র. নং	আলোচনা অনুষ্ঠানের স্থান	অংশগ্রহণকারীর পেশা	সংখ্যা
১	আলমতলা, লাস্কর ইউনিয়ন, পাইকগাছা উপজেলা, খুলনা	কৃষক-২, ব্যবসায়ী-৩, চাকুরী-৩, দিনমজুর-১, গৃহিণী-৩, ছাত্র-১, ড্রাইভার-২	১৫ জন
২	উত্তর বেতকাশি, কয়রা উপজেলা, খুলনা।	শিক্ষক ও জনপ্রতিনিধি ২, কৃষক-৪, ব্যবসায়ী-৩, দিনমজুর-১, ছাত্র-২	১২ জন
৩	রহিমাবাদ গ্রাম, সদর উপজেলা বগেরহাট	কৃষক-২, শ্রমিক-২, চাকুরী-১, মৎস্যচাষী-১, গৃহিণী-১, ছাত্র-১, সমাজসেবক-১, ব্যবসায়ী-১	১০ জন
৪	কামারগাতি গ্রাম, দিঘলিয়া উপজেলা, খুলনা	কৃষক-৫, শ্রমিক-১, দিনমজুর-২, মিস্ত্রী-১, ছাত্র-৫	১৪ জন
৫	কোলা, প্রতাপনগর ইউনিয়ন, আশাশুনি উপজেলা, সাতক্ষীরা	কৃষক-৪, মৎস্যচাষী-১, চাকুরী-২, সমাজসেবক-১, দিনমজুর-৫	১৩ জন
৬	পুঁটিমারি গ্রাম, ডুমুরিয়া, খুলনা	কৃষক-২, শ্রমিক-১, চাকুরী-১, মৎস্যচাষী-১, গৃহিণী-১, ছাত্র-২, সমাজসেবক-১, ব্যবসায়ী-১, দোকানদার-১	১৫ জন
মোট			৮৫ জন

গ) স্থানীয় পর্যায়ে কর্মশালা

আইএমইডি'র সাথে পরামর্শক্রমে গত ০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখ রোজঃ বৃহস্পতিবার, সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার হল রুমে ১১.০০ ঘটিকা হতে দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত সময়ে একটি স্থানীয় পর্যায়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সাইফুল ইসলাম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), সেক্টর-৪, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব কৃষ্ণা রায়, উপজেলা নির্বাহী অফিসার, আশাশুনি, সাতক্ষীরা ।

এছাড়া উক্ত কর্মশালায় বাপাউবো'র প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা, উপকারভোগী (সাধারণ জনগণ), শিক্ষক, ছাত্র/ছাত্রী, গৃহিণী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং অন্যান্য স্টেকহোল্ডারসহ মোট ৫০ জন অংশগ্রহণ করেন। কর্মশালায় সকল স্টেকহোল্ডারের প্রতিনিধিকে আমন্ত্রণ এবং উপস্থিতি নিশ্চিত করা হয়েছে।

ঘ) জাতীয় কর্মশালা

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কার্যপরিধি অনুযায়ী ২য় খসড়া প্রতিবেদনের ওপর আইএমইডি, পরিকল্পনা কমিশন, বিপিপিএ, প্রকল্প কর্মকর্তাগণ এবং জাতীয় পর্যায়ের স্টেকহোল্ডারদের সমন্বয়ে গত ১৯/০৩/২০২৫ তারিখে আইএমইডি'র সম্মেলন কক্ষে ১টি জাতীয় পর্যায়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালা হতে প্রাপ্ত সুপারিশসমূহ চূড়ান্ত প্রতিবেদনে প্রতিফলন করা হয়েছে।

সারণি-২.৩: তথ্যদাতার প্রকার অনুসারে তথ্যদাতার সংখ্যা, স্থান ও তথ্য সংগ্রহ উপকরণ

ক) পরিমাণগত তথ্যসংগ্রহের উৎস এবং আকার

ক্রমিক নং	নমুনার ধরন	নমুনার সংখ্যা	উত্তরদাতা ও তথ্যসংগ্রাহক-	তথ্য সংগ্রহের মাধ্যম
সংখ্যাগত তথ্য সংগ্রহ				
১	উপকারভোগিদের জরিপ	**৪৬২** জন	উপকারভোগি	প্রশ্নমালা সংযুক্তি ১-
	উপমোট:	**৪৬২ জন**		
গুণগত তথ্য সংগ্রহ				
২	মুখ্য ব্যক্তিবর্গের সাক্ষাৎকার (KII)	৩৮টি	প্রকল্প পরিচালক ,পানি উন্নয়ন বোর্ডের প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা ও অন্যান্য স্টেকহোল্ডারগণ।	সংযুক্তি-২
৩	দলীয় আলোচনা (FGD)	৬টি এফজিডি =৮৫ জন	উপকারভোগি, স্থানীয় চেয়ারম্যান, মেম্বার, শিক্ষক, নারী প্রতিনিধি, কৃষক, ব্যবসায়ী, সাংবাদিক এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।	সংযুক্তি-৩
৪	স্থানীয় পর্যায়ে কর্মশালা	১টি জন ৫০))	আইএমইডি'র প্রতিনিধি, প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা, উপজেলা নির্বাহী কর্মকর্তা, প্রকল্পের উপকারভোগী এবং স্থানীয় অন্যান্য স্টেকহোল্ডার।	-
৫	জাতীয় পর্যায়ে কর্মশালা (২য় খসড়া প্রতিবেদনের ওপর)	১টি (১১০ জন)	পরিকল্পনা কমিশন, আইএমইডি, বিপিপিএ, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি, প্রকল্প পরিচালক এবং জাতীয় পর্যায়ের অন্যান্য স্টেকহোল্ডার।	-
	সর্বমোট সংখ্যা =	**৭৭১**		

ঙ) সরেজমিনে প্রকল্পের মাঠ পর্যায়ের তথ্য সংগ্রহ এবং গুণগতমান যাচাই

প্রকল্পের মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা যাচাই এর জন্য মাঠ পর্যায়ে পর্যবেক্ষণ/যাচাইকরণ/পরিবীক্ষণসহ সংশ্লিষ্ট কাজের প্রয়োজনীয় তথ্যাদি সরেজমিনে পরিদর্শন করে সংগ্রহ ও পর্যালোচনা করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় নির্মিত/নির্মাণাধীন নদী তীর সংরক্ষণ, ঢাল সংরক্ষণ কাজ, নদী/খাল খনন (ড্রেজিং), নিষ্কাশন স্লুইস মেরামত, নিষ্কাশন স্লুইস নির্মাণ/পুনঃস্থাপন কাজ অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী সম্পন্ন হয়েছে কিনা, নির্মিত অবকাঠামোর বর্তমান

অবস্থা টেকসই কিনা, নির্মাণের সময় কংক্রিট এর বিভিন্ন ল্যাব টেস্ট করা হয়েছে কিনা ইত্যাদি পর্যবেক্ষণ করা হয়েছে। সরেজিমন পরিদর্শন হতে প্রাপ্ত ফলাফলসমূহ ৩.১৩ অনুচ্ছেদে দেয়া হয়েছে।

সারণি-২.৪: সরেজমিন পরিদর্শন এলাকা ও কাজের নাম

জেলা	পরিদর্শন এলাকা (উপজেলা)	যে কাজ পরিদর্শন করা হয়েছে	সংশোধিত ডিপিপি অনুযায়ী কাজের পরিমাণ	প্রকৃত কাজের পরিমাণ (%)	পরিদর্শন কাজের পরিমাণ	পরিদর্শনকারীর নাম
১.খুলনা	১.পাইকগাছা	নদীর তীর সংরক্ষণ কাজ	১.৫ কিঃমিঃ	৩০%	৮০০ মিঃ	মিড লেভেল ইঞ্জিনিয়ার
	২.কয়রা	নদীর তীর সংরক্ষণ কাজ	২.০৩৫ কিঃমিঃ	৫০%	১ কিঃমিঃ	মিড লেভেল ইঞ্জিনিয়ার
	৩. দিঘলিয়া	নদীর তীর সংরক্ষণ কাজ	৩০০ মিটার	৭০%	১৫০ মিঃ	মিড লেভেল ইঞ্জিনিয়ার
	৪. বটিয়াঘাটা	ঢাল সংরক্ষণ কাজ	২৫২ মিটার	৯০%	২৫২ মিঃ	মিড লেভেল ইঞ্জিনিয়ার
	৫. দাকোপ	নদীর তীর সংরক্ষণ কাজ	৩.৩৫ কিঃমিঃ	৩৫%	১ কিঃমিঃ	টিম লিডার
	৬. ডুমুরিয়া	নদী/খাল খনন (ড্রেজিং)	৫.৮ কিঃমিঃ	৯০%	২ কিঃমিঃ	টিম লিডার
২.সাতক্ষীরা	৭.কালীগঞ্জ	স্লুইস গেট মেরামত	১টি	৩০%	১টি	মিড লেভেল ইঞ্জিনিয়ার
	৮. শ্যামনগর	নদীর তীর সংরক্ষণ কাজ	২.৬৯ কিঃমিঃ	৩৫%	১ কিঃমিঃ	মিড লেভেল ইঞ্জিনিয়ার
	৯.আশাশুনি	নদীর তীর সংরক্ষণ কাজ	৫.৭১ কিঃমিঃ	৪০%	২ কিঃমিঃ	টিম লিডার
৩.বাগেরহাট	১০.বাগেরহাট সদর	ঢাল সংরক্ষণ কাজ	১৪২০ মিটার	৯০%	৫০০ মিঃ	টিল লিডার
	১১. মোরেলগঞ্জ	স্লুইস গেট নির্মাণ/পুনঃস্থাপন	১টি	১৫%	১টি	মিড লেভেল ইঞ্জিনিয়ার

২.৯ সেকেন্ডারি উৎসের তথ্য সংগ্রহ

প্রকল্প বাস্তবায়নের অর্জিত সাফল্য সম্পর্কে সম্যক ধারণা অর্জনের জন্য প্রকল্পের বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি প্রতিবেদন বিশ্লেষণ করা হয়েছে। পর্যালোচনার উদ্দেশ্য অনুসারে প্রকল্পের ভৌত ও আর্থিক লক্ষ্যমাত্রা এবং অর্জিত ভৌত ও আর্থিক অগ্রগতির তুলনা করা ছাড়াও প্রকল্পের কার্যকারিতা ত্রুটি-বিচ্যুতি, সফলতা-ব্যর্থতা ইত্যাদি চিহ্নিত করা হয়েছে।

প্রকল্পের ডিপিপি, সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন, আইএমইডি-০৫ রিপোর্ট, ক্রয় সংক্রান্ত নথি/পত্র, অডিট আপত্তি সংক্রান্ত, পিআইসি ও পিএসসি সভা আয়োজন এবং সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি সংগ্রহপূর্বক পর্যালোচনা করা হয়েছে।

২.১০ তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি

২.১০.১ তথ্য সংগ্রহকারি নিয়োগ ও প্রশিক্ষণ

সংখ্যাগত সমীক্ষা পরিচালনার জন্য প্রণীত প্রশ্নমালা/নির্দেশনা/চেকলিস্ট স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদনের পর প্রকল্পের আওতায় উপকারভোগি ৪৬২ জন এবং গুণগত তথ্যর জন্য ৩৮টি কেআইআই, ৬টি এফজিডির মাধ্যমে তথ্য সংগ্রহের জন্য ১১ জন তথ্য সংগ্রহকারি এবং ০৩ জন অভিজ্ঞতাসম্পন্ন সুপারভাইজার ২ সপ্তাহের জন্য নিয়োগ করা হয়।

প্রারম্ভিক প্রতিবেদন স্টিয়ারিং কমিটি সভায় অনুমোদনের পর গত ২১/১২/২০২৪ খ্রিঃ তারিখে পরামর্শক প্রতিষ্ঠানের অফিস কক্ষে তথ্য সংগ্রহকারি ও সুপারভাইজরগণকে ১ দিনের প্রশিক্ষণ দেয়া হয়। প্রশিক্ষণের সময় আইএমইডির সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে প্রকল্প সম্পর্কে আলোচনা করেন। আইএমইডি কর্তৃক প্রশ্নপত্র চূড়ান্ত অনুমোদনের পর মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের কাজ শুরু করা হয়। সুপারভাইজারগণ তথ্য সংগ্রহকারিদের follow-up করেন এবং KII ও FGD পরিচালনা এবং তথ্য সংগ্রহকারিগণ এ কাজে তাদের সাহায্য করেন।

২.১০.২ জরিপ কার্যক্রম

কর্মপরিকল্পনা অনুযায়ী জরিপ কাজটি সংখ্যাগত ও গুণগত পদ্ধতির সমন্বয়ে সম্পন্ন করা হয়। ৪৬২টি নমুনা সংখ্যার জরিপ, ৬টি এফজিডি, ৩৮টি কেআইআই এবং অঙ্গভিত্তিক কাজ সরেজমিনে পরিদর্শন ও যাচাইকরণের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হয়েছে। মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহকারীদের কাজ পরিদর্শন, সাক্ষাৎকারসমূহ সঠিকভাবে সম্পাদিত হচ্ছে কিনা তা যাচাইকরণ ও প্রকল্প এলাকায় সরেজমিনে বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। নিম্নের সারণি ২.৫ এ জরিপ কাজের বিস্তারিত বর্ণনা দেয়া হলো-

সারণি ২.৫: জরিপ কার্যক্রম সম্পর্কিত

ক্রমিক নং	কার্যক্রম	প্রতিদিন জরিপের সংখ্যা	জরিপকারীর সংখ্যা	মোট জরিপ দিন
১	নমুনা সংখ্যা জরিপ (৪৬২টি)	৫-৬টি	জরিপকারী-১১ জন সুপারভাইজার-০৩ জন	১৪ দিনে সম্পন্ন
২	কেআইআই (৩৮টি)	-	ঐ	১৪ দিনে সম্পন্ন
৩	এফজিডি (৬টি)	-	ঐ	১৪ দিনে সম্পন্ন

*** পরামর্শক দলের সদস্যগণ মাঠ পর্যায়ে বাস্তব যাচাইকরণ কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণের মাধ্যমে জরিপ কার্যক্রম সম্পন্ন করেন।

২.১১ তথ্য-উপাত্ত সংগ্রহ কাজ পরিবীক্ষণ:

তথ্য সংগ্রহকারি ও সুপারভাইজারদের নির্বাচিত নমুনা সংগ্রহের এলাকায় প্রেরণ করা হয় এবং তাঁরা নির্দিষ্ট এলাকায় তথ্য-উপাত্ত সংগ্রহ করেছেন। সমীক্ষাকালীন একজন তথ্য সংগ্রহকারী ৮-১০টি প্রশ্নপত্র পূরণ করতে সক্ষম হয়েছেন। টিম লিডার ও পরামর্শকবৃন্দ সমীক্ষা এলাকা পরিদর্শন করে নির্বিঘ্নে ও সুষ্ঠুভাবে উপাত্ত সংগ্রহের কাজ সম্পন্ন করতে সহায়তা করেছেন এবং সংগৃহীত উপাত্তের কাঙ্খিত মান অর্জন নিশ্চিত করেছেন। সারণি-৩.৪-এ উপাত্ত সংগ্রহ ও মান নিয়ন্ত্রণের জন্যে যে সকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা দেখানো হলো।

সারণি-২.৬: উপাত্ত সংগ্রহ ও মান নিয়ন্ত্রণের কার্যক্রমসমূহ

১. নিয়োগ ও প্রশিক্ষণ পর্যায়	• অভিজ্ঞ ও দক্ষ তথ্য-সংগ্রহকারী নিয়োগ প্রদান • তথ্য-সংগ্রহকারীগণকে প্রশিক্ষণ প্রদান • মাঠ পর্যায়ে অনুশীলন
২. তথ্য সংগ্রহ পর্যায়	• সমীক্ষা টীমের উপস্থিতি মনিটরিং করা • সাক্ষাৎকার গ্রহণ সরাসরি পর্যবেক্ষণ • সাক্ষাৎকার চলাকালীন বা পরবর্তী যাচাইকরণ (৫% নমুনা দৈবচয়নের মাধ্যমে পরীক্ষা করা) • 'জানি না' উত্তরসমূহ (non-responsive) দৈবচয়নের মাধ্যমে মাঠ-পর্যায়ে পরীক্ষা করা • সংগৃহীত অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ তথ্য পুনঃ সংগ্রহের ব্যবস্থা করা। • তথ্য বাদ যাওয়া (missing) নিয়ন্ত্রণ করা
৩. উপাত্ত প্রক্রিয়াকরণ পর্যায়	• অশোধিত তথ্য-উপাত্ত (raw data) পরবর্তীতে সম্পাদনা (editing) করা • উপাত্ত পরিমার্জন ও সংশোধন • কম্পিউটারে উপাত্ত প্রক্রিয়াকরণের পূর্বে ক্রস-চেকিং করা।

২.১১.১ সংগৃহীত তথ্যের গুণগত মান নিয়ন্ত্রণ পদ্ধতি

জরিপের তথ্যাবলী যেহেতু অত্যন্ত গুরত্বপূর্ণ, সে কারণে তথ্য সংগ্রহের প্রতিটি পর্যায়ে যেমন- প্রশ্নপত্র প্রণয়ন, তথ্য সংগ্রহকারীদের নিয়োগ ও প্রশিক্ষণ, তথ্য সংগ্রহ, মাঠ ব্যবস্থাপনা, পরিদর্শন ও পরিবীক্ষণের এবং তথ্য প্রক্রিয়াকরণ ইত্যাদি ক্ষেত্রে যথেষ্ট সতর্কতা অবলম্বন করা হয়েছে। সমীক্ষা দল কর্তৃক প্রশ্নপত্র প্রণয়নের পরে আইএমইডি'র সাথে

আলোচনা ও মাঠ পর্যায়ে প্রাক-যাচাইকরণের মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে। তথ্য সংগ্রহের পূর্বেই তাঁদেরকে নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া, দক্ষ মাঠ ব্যবস্থাপনা, পরিদর্শন ও নিবিড় পরিবীক্ষণ নিশ্চিত করার মাধ্যমে তথ্য সংগ্রহের মান নিয়ন্ত্রণ করা হয়েছে।

তথ্য সম্পাদনা ও কোডিং

পূরণকৃত প্রশ্নমালা পরামর্শক কর্তৃক সম্পাদনা করে মাইক্রোসফট এক্সেলে ডাটা এন্ট্রি করা হয়েছে।

তথ্য বিশ্লেষণ এবং প্রতিবেদন প্রণয়ন

কম্পিউটারে এসপিএসএস (SPSS) সফটওয়্যারের মাধ্যমে সমস্ত তথ্য/উপাত্ত প্রক্রিয়াকরণ সম্পন্ন করা হয়েছে। মাঠ হতে সংগৃহীত তথ্য-উপাত্ত পরিশুদ্ধ করা এবং সেগুলো কম্পিউটারে এন্ট্রির মাধ্যমে রেকর্ড করা হয়েছে। যথাযথ Tabulation-এর সাহায্যে প্রক্রিয়াকৃত উপাত্ত ও ফলাফল সারণি, গ্রাফ ও চার্ট আকারে উপস্থাপন করা এবং সেগুলো সমীক্ষার বিশ্লেষণ ও ব্যাখ্যার জন্য প্রতিবেদনের যথাস্থানে ব্যবহার করা হয়েছে।

২.১২ প্রতিবেদন প্রস্তুতকরণ

প্রারম্ভিক প্রতিবেদনঃ প্রারম্ভিক প্রতিবেদনে প্রকল্পের বিবরণ, মূল্যায়ন পদ্ধতি, তথ্য সংগ্রহের প্রশ্নমালা ও চেকলিস্ট, নমুনার আকার এবং কার্য এলাকা ইত্যাদি প্রদান করা হয়েছে। চুক্তি স্বাক্ষরের ১৫ (পনের) দিনের মধ্যে প্রারম্ভিক প্রতিবেদন দাখিল করা হয়েছে। দাখিলকৃত প্রতিবেদনের ওপর টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত হয় এবং টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত প্রারম্ভিক প্রতিবেদন স্টিয়ারিং কমিটির সভার জন্য দাখিল করা হয়েছে। স্টিয়ারিং কমিটি কর্তৃক উক্ত প্রতিবেদন অনুমোদিত হলে মাঠ-পর্যায়ে তথ্য সংগ্রহের কার্যক্রম শুরু করা হয়েছে।

১ম খসড়া প্রতিবেদনঃ মাঠ পর্যায়ে সংগৃহীত সকল তথ্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে ১ম খসড়া প্রতিবেদন দাখিল করা হয়েছে। দাখিলকৃত খসড়া প্রতিবেদনের ওপর টেনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত হয়। টেকনিক্যাল কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশোধিত ১ম খসড়া প্রতিবেদন স্টিয়ারিং কমিটির সভার জন্য দাখিল করা হয়েছে।

২য় খসড়া প্রতিবেদনঃ স্টিয়ারিং কমিটির সিদ্ধান্তসমূহ অন্তর্ভুক্ত করে প্রথম খসড়া প্রতিবেদন অনুমোদন সাপেক্ষে ২য় খসড়া প্রতিবেদন জাতীয় কর্মশালায় উপস্থাপন করা হয়েছে।

চূড়ান্ত খসড়া প্রতিবেদনঃ জাতীয় কর্মশালার সুপারিশসমূহ অন্তর্ভুক্ত করে চূড়ান্ত খসড়া প্রতিবেদনটি টেকনিক্যাল কমিটি মিটিং এ দাখিল করা হয়েছে।

চূড়ান্ত প্রতিবেদনঃ আইএমইডি ও সংশ্লিষ্ট সেক্টরসমূহের মতামত ও নির্দেশনা অনুসারে চূড়ান্ত প্রতিবেদন তৈরি করা হয়েছে। চূড়ান্ত প্রতিবেদনের ৬০ কপি (বাংলা-৪০ ও ইংরেজিতে-২০) মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪, আইএমইডি বরাবর দাখিল করা হয়েছে।

২.১৩ সময় ভিত্তিক কর্মপরিকল্পনা

গত ২১/১১/২০২৪ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪ এর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের সাথে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী ৩১/০৫/২০২৫ তারিখের মধ্যে নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পন্নের লক্ষ্যে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা নিম্নে দেওয়া হলো-

সারণি-২.৭: সময় ভিত্তিক কর্মপরিকল্পনা

ক্রমিক নং	কার্যাবলী	সময়
১.	চুক্তি স্বাক্ষর	২১/১১/২০২৪
২.	খসড়া প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	২১/১১/২০২৪-১০/১২/২০২৪
৩.	টেকনিক্যাল কমিটি সভায় খসড়া প্রারম্ভিক প্রতিবেদন উপস্থাপন	১১/১২/২০২৪
৪.	খসড়া প্রারম্ভিক প্রতিবেদন সংশোধন ও স্টিয়ারিং কমিটি সভায় সংশোধিত প্রারম্ভিক প্রতিবেদন উপস্থাপন	১২/১২/২০২৪-১৭/১২/২০২৪
৫.	প্রারম্ভিক প্রতিবেদন অনুমোদনের জন্য দাখিল	১৮/১২/২০২৪-২০/১২/২০২৪
৬.	তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের প্রশিক্ষণ	২১/১২/২০২৪
৮.	মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ (খানা জরিপ, কেআইআই, এফজিডি) ও নির্মাণ কাজের গুণগতমান যাচাই এবং স্থানীয় পর্যায়ে কর্মশালা	২২/১২/২০২৪-১০/০১/২০২৫
৯.	ডাটা এন্ট্রি, ভেরিফিকেশন, ডাটা প্রসেসিং ও ডাটা এনালাইসিস	১১/০১/২০২৫-২০/০১/২০২৫
১০	১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল	২১/০১/২০২৫-১৭/০২/২০২৫
১১.	টেকনিক্যাল কমিটি সভা কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা	২৫/০২/২০২৫
১২.	১ম খসড়া প্রতিবেদন সংশোধন ও দাখিল	২৬/০২/২০২৫-০৩/০৩/২০২৫
১৩.	স্টিয়ারিং কমিটি সভা কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা	০৪/০৩/২০২৫-০৬/০৩/২০২৫
১৪.	১ম খসড়া প্রতিবেদন সংশোধন ও ২য় খসড়া প্রতিবেদন দাখিল	০৭/০৩/২০২৫-১৮/০৩/২০২৫
১৫.	জাতীয় কর্মশালায় ২য় খসড়া প্রতিবেদন পর্যালোচনা	১৯/০৩/২০২৫
১৬.	কর্মশালার মতামতের ভিত্তিতে ২য় খসড়া প্রতিবেদন সংশোধন ও দাখিল	২০/০৩/২০২৫-২৯/০৪/২০২৫
১৭.	টেকনিক্যাল কমিটি সভায় চূড়ান্ত খসড়া প্রতিবেদন পর্যালোচনা	৩০/০৪/২০২৫
১৮.	সভার সিদ্ধান্ত অনুযায়ী চূড়ান্ত খসড়া সংশোধন ও দাখিল	০১/০৫/২০২৫-১৩/০৫/২০২৫
১৯.	চূড়ান্ত প্রতিবেদন প্রিন্ট ও দাখিল	১৪/০৫/২০২৫-৩১/০৫/২০২৫

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে যে সময়ভিত্তিক কর্মসূচি অনুসরণ করা হয়েছে তা নিম্নের গ্যান্ট-চার্টের মাধ্যমে দেখানো হলো।

কার্যক্রম (Activity)		সপ্তাহভিত্তিক কর্মসূচি (বার-চার্টে)																							
		নভেম্বর -২০২৪		ডিসেম্বর-২০২৪				জানুয়ারি-২০২৫				ফেব্রুয়ারী-২০২৫				মার্চ-২০২৫				এপ্রিল-২০২৫				মে-২০২৫			
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬
১	প্রকল্পের ডকুমেন্টসমূহ সংগ্রহ করা, প্রশ্নমালাসহ প্রারম্ভিক প্রতিবেদন প্রণয়ন এবং টেকনিক্যাল কমিটিতে উপস্থাপন																										
২	টেকনিক্যাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী প্রারম্ভিক প্রতিবেদন সংশোধন করতঃ স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন এবং অনুমোদন																										
৩	তথ্য সংগ্রহকারী নিয়োগ ও প্রশিক্ষণ																										
৪	মাঠ পর্যায়ে সংখ্যাগত জরিপের মাধ্যমে উপাত্ত সংগ্রহ																										
৫	গুণগত তথ্য-উপাত্ত সংগ্রহ (KII, FGD) এবং নির্মিত অবকাঠামোর গুণগতমান যাচাই																										
৬	স্থানীয় পর্যায়ের কর্মশালার আয়োজন																										
৭	সংগৃহীত ডাটা কোডিং, কম্পিউটারে এন্ট্রি এবং বিশ্লেষণ																										
৮	১ম খসড়া প্রতিবেদন প্রণয়ন ও দাখিল																										
৯	টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটি সভা কর্তৃক ১ম খসড়া প্রতিবেদন পর্যালোচনা																										
১০	১ম খসড়া প্রতিবেদন সংশোধন ও ২য় খসড়া প্রতিবেদন দাখিল																										
১১	জাতীয় কর্মশালায় ২য় খসড়া প্রতিবেদন পর্যালোচনা																										
১২	কর্মশালার মতামতের ভিত্তিতে ২য় খসড়া প্রতিবেদন সংশোধন ও চূড়ান্ত খসড়া প্রতিবেদন দাখিল																										
১৩	টেকনিক্যাল কমিটি সভার ভিত্তিতে চূড়ান্ত খসড়া প্রতিবেদন চূড়ান্তকরণ																										
১৪	চূড়ান্ত প্রতিবেদন দাখিল (বাংলা ও ইংরেজিতে)																										

চিত্র-২.২: গ্যান্ট-চার্টে কর্মপরিকল্পনা

তৃতীয় অধ্যায়
ফলাফল পর্যালোচনা

৩.১ প্রকল্পের অঙ্গভিত্তিক বার্ষিক কর্মপরিকল্পনার অগ্রগতি পর্যালোচনা:

অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা। মার্চ, ২০২৫ পর্যন্ত প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৩৬,৯০৮.৮৬ লক্ষ টাকা বা ৪৬.২৭% এবং বাস্তব অগ্রগতি ৫৬%। প্রকল্পের প্রতিটি অঙ্গের অগ্রগতির পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি ৩.১ প্রকল্পের অঙ্গভিত্তিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি (লক্ষ টাকা)

ক্রঃ নং	অঙ্গের নাম	একক ও পরিমাণ	প্রাক্কলিত ব্যয়	জুন ২০২৪ পর্যন্ত অগ্রগতি		চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা		চলতি অর্থ বছরের মার্চ পর্যন্ত অগ্রগতি	
				আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	ক) রাজস্ব ব্যয়								
১	পরিবেশগত ছাড়পত্র ফি	থোক	১৫.০০	০.০০	থোক	০.০০	থোক	০.০০	থোক
২	যাতায়াত ব্যয়	থোক	২.০০	০.০০	থোক	০.৫০	থোক	০.০০	থোক
৩	অতিরিক্ত সময়ে কাজের ভাতা	থোক	১০.০০	০.০০	থোক	০.০০	থোক	০.০০	থোক
৪	সম্মানি (বিভিন্ন কমিটির জন্য)	থোক	১৮.০০	০.০০	থোক	৮.০০	থোক	৪.৮৬	থোক
৫	সম্মানি (মধ্যবর্তী মূল্যায়নের জন্য)	থোক	১০.০০	০.০০	থোক	১০.০০	থোক	০.০০	থোক
৬	সেমিনার ও কনফারেন্স ব্যয়	থোক	১৩.০০	০.০০	থোক	১০.০০	থোক	০.০০	থোক
৭	ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স	মাস	১.০০	০.০০	মাস	০.০০	মাস	০.০০	মাস
৮	ডাক	থোক	২.০০	০.০০	থোক	০.৫০	থোক	০.০১	থোক
৯	টেলিফোন	মাস	১.০০	০.০০	মাস	০.০০	মাস	০.০০	মাস
১০	আউটসোর্সিং	জনমাস	১০৭.৮২	১.৯৮	৯ জনমাস	২৬.০০	১০৮ জনমাস	১৬.০০	৭০ জনমাস
১১	নিবন্ধন ফি (যানবাহন)	থোক	৪.০০	০.৭৮	থোক	০.০০	থোক	০.০০	থোক
১২	ইনসুরেন্স/ব্যাংক চার্জ যানবাহন	থোক	৮.০০	১.৮১	থোক	২.০০	থোক	০.০৭	থোক
১৩	ভ্রমণ ব্যয়	থোক	১৪.০০	১.৮৬	থোক	৪.০০	থোক	০.৯০	থোক
১৪	পেট্রোল ওয়েল ও লুব্রিকেন্ট	থোক	২৩.০০	৫.৯২	থোক	৭.০০	থোক	১.৬০	থোক
১৫	গ্যাস ও জ্বালানী	থোক	৮.০০	০.০০	থোক	১.০০	থোক	০.০০	থোক
১৬	কম্পিউটার সামগ্রী	থোক	৩.০০	১.০০	থোক	১.০০	থোক	০.২০	থোক
১৭	মুদ্রণ ও বাঁধাই	থোক	৪.৫০	১.০০	থোক	১.০০	থোক	০.২৭	থোক
১৮	স্ট্যাম্প ও সিল	থোক	১.০০	০.১৭	থোক	০.৫০	থোক	০.১৩	থোক
১৯	অন্যান্য মনিহারী	থোক	৯.০০	১.৭৪	থোক	২.০০	থোক	০.৬৬	থোক
২০	জরিপ	থোক	১৩.০০	৯.৯৩	থোক	০.০০	থোক	০.০০	থোক
২১	মোটরযান	থোক	৫.০০	০.৭৫	থোক	১.৫০	থোক	০.৬৪	থোক
২২	আসবাবপত্র	থোক	৩.০০	০.০০	থোক	১.০০	থোক	০.০০	থোক
২৩	কম্পিউটার	থোক	৩.৫০	০.০০	থোক	১.০০	থোক	০.৫০	থোক
২৪	অফিস সরঞ্জামাদি	থোক	৩.০০	০.০০	থোক	১.০০	থোক	০.৫০	থোক
২৫	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	থোক	৩.৫০	০.০০	থোক	১.০০	থোক	০.৫০	থোক
২৬	স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ	থোক	২.০০	০.০০	থোক	১.০০	থোক	০.০০	থোক
	উপমোট (রাজস্ব ব্যয়) (ক)	**-**	**২৮৭.৩২**	**২৮.৯৪**	**-**	**৮০.০০**	**-**	**২৬.৮৪**	**-**
(খ) মূলধন ব্যয়									
২৭	নদী তীর সংরক্ষণ কাজ	১৭.১৩৭ কি:মি:	৬৭১০২.০১	২৩৯৬৪.৮৬	৪.১০০ কিঃ মিঃ	২৩১৯৫.০০	১০.০০ কিঃমিঃ	১১৩৪৭.৬৭	৫.৭৫০ কিঃমিঃ

ক্রঃ নং	অঙ্গের নাম	একক ও পরিমাণ	প্রাক্কলিত ব্যয়	জুন ২০২৪ পর্যন্ত অগ্রগতি		চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা		চলতি অর্থ বছরের মার্চ পর্যন্ত অগ্রগতি	
				আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)	আর্থিক	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২৮	ঢাল সংরক্ষণ কাজ	৩.৩৪৭ কি:মি:	৩২০০.০০	১২১.০০	০.২৪৭ কিঃমিঃ	১৩৭৮.৩৬	১.০০ কিঃমিঃ	০.০০	০.১০০ কিঃ মিঃ
২৯	অস্থায়ী প্রতিরক্ষা কাজ (ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত)	১৭.১৩০ কি:মি:	৫৮১৪.০০	-	-	-	-	-	-
৩০	নিষ্কাশন স্লুইস পুনঃনির্মাণ/প্রতিস্থাপন	২টি	১২৫০.০০	১১০.১০	১ টি (আংশিক)	৩০১.৬৪	২ টি (আংশিক)	৪৫.২৪	২ টি (আংশিক)
৩১	সেচ ও নিষ্কাশন কাঠামো (নিষ্কাশন স্লুইস মেরামত)	৫টি	৩৪৯.৯৯	১৯৮.০০	১ টি (আংশিক)	২০০.০০	২ টি	০.০০	২ টি (১ টি আংশিক)
৩২	খনন (ড্রেজিং)	৫.৮০০ কি:মি:	১৪৪৫.০০	৯১৮.৩২	৫.৬০০ কিঃমিঃ	৩৩২.০০	০.২০০ কিঃমিঃ	০.০০	০.২০০ কিঃমিঃ
৩৩	অন্যান্য স্থাপনা (সাইনবোর্ড, ঘাটলা ইত্যাদি)	থোক	৫.০০	০.০০	-	০.০০	-	০.০০	-
	মোটরযানঃ								
৩৪	জিপ গাড়ি	১টি	৫৫.৭০	৫৫.৭০	১টি	০.০০	-	০.০০	-
৩৫	মাইক্রোবাস	১টি	৫২.০০	৫২.০০	-	০.০০	-	০.০০	-
৩৬	ডাবল কেবিন পিকআপ	১টি	৫৬.২০	০.০০	-	০.০০	-	০.০০	-
৩৭	কম্পিউটার ও এক্সেসরিজ (স্ক্যানার ও প্রিন্টার)	৬ সেট	৮.০০	১.৬০	২ সেট	০.০০	-	০.০০	-
৩৮	কম্পিউটার ও এক্সেসরিজ (ল্যাপটপ ও আনুষাঙ্গিক)	২ টি	৩.০০	-	-	-	-	-	
৩৯	হ্যান্ড জিপিএস	৫টি	২.০০	১.৯৯	৫টি	০.০০	-	০.০০	-
৪০	আসবাবপত্র	থোক	১০.০০	১.৯৯	থোক	০.০০	-	০.০০	-
৪১	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি (পিআইইউ-ঢাকা ও মাঠ পর্যায়ের দপ্তরসমূহ)	২সেট	৩.০০	০.০০	-	৩.০০	২সেট	২.৯৯	২সেট
৪২	বৃক্ষ, শস্য, উদ্ভিদ সম্পদ উৎপাদনকারী পুনরাবৃত্তি (বৃক্ষরোপণ)	থোক	১০.০০	০.০০	-	১০.০০	থোক	৯.৯৮	থোক
	উপ-মোট (মূলধন ব্যয়) (খ)	**-**	**৭৯৩৬৫.৯০**	**২৫৩৭৩.৫৬**	**৩৩.৬৪**	**২৫৪২০.০০**	**-**	**১১৪৭৯.৫২**	**-**
	উপ-মোট ব্যয়) (ক+খ)		**৭৯৬৫৩.২২**	**২৫৪০২.৫০**	**৩৫.০০**	**২৫৫০০.০**	**-**	**১১৫০৬.৩৬**	**-**
গ	**ফিজিক্যাল কনটিনজেন্সি**	**থোক**	**৫০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**	০.০০	**-**
ঘ	**প্রাইস কনটিনজেন্সি**	**থোক**	**৫০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**	**০.০০**	০.০০	**-**
	সর্বমোট (ক+খ+গ+ঘ)	**-**	**৭৯৭৫৩.২২**	**২৫৪০২.৫০ (৩১.৮৫%)**	**৩৫.০০**	**২৫৫০০.০০**	**০.০০**	**১১৫০৬.৩৬ (১৪.৪২%)**	**২১.০০**

উৎসঃ আরডিপিপি ও বাপাউবো

পর্যালোচনা:

পরিবেশগত ছাড়পত্র: প্রকল্পের অনুকূলে আরডিপিপিতে পরিবেশগত ছাড়পত্র বাবদ ১৫.০০ লক্ষ টাকার সংস্থান থাকলেও পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করা হয়নি এবং Environmental Impact Assessment (EIA) করা হয়নি। যার কারণে প্রকল্পভুক্ত এলাকায় পরিবেশ ও প্রতিবেশে কী ধরনের প্রভাব পড়তে পারে সে বিষেয়ে জানা যায়নি। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের পূর্বে Environmental Impact Assessment (EIA) করাসহ পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ করা প্রয়োজন। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, পানি সেক্টরের কাজসমূহ পরিবেশের সাথে সাংঘর্ষিক নয় বরং পরিবেশবান্ধব। প্রকল্প বাস্তবায়নের পূর্বে WARPO কর্তৃক ছাড়পত্র গ্রহণ করা হয়েছে (ডিপিপিতে সংযুক্ত) যাতে “এ প্রকল্পে পরিবেশের উপর কোনো বিরুপ প্রভাব নেই” এ মর্মে মতামত প্রদান করা হয়েছে।

সম্মানি (মধ্যবর্তী মূল্যায়নের জন্য): প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪৬.২৭% এবং বাস্তব অগ্রগতি সবে মাত্র ৫৬%। কার্য ক্রয়ের কোনো প্যাকেজের কাজ সম্পন্ন হয়নি বিধায় চলতি অর্থবছরে মধ্যবর্তী মূল্যায়নের লক্ষ্যমাত্রা থাকলেও এখনো করা হয়নি। প্রকল্পের মধ্যবর্তী মুল্যায়নের কাজ চলমান রয়েছে যা জুন/২০২৫ এর মধ্যে সমাপ্ত হবে।


মোটরযান: প্রকল্পের আওতায় শুধুমাত্র ১টি জিপ গাড়ি ক্রয় করা হয়েছে। মাইক্রোবাস, ডাবল কেবিন পিকআপ ক্রয় করা হয়নি, ফলে এ খাতে কোনো অর্থ খরচ হয়নি। কম্পিউটার ও এক্সেসরিজ (স্ক্যানার ও প্রিন্টার), হ্যান্ড জিপিএস ও আসবাবপত্র বাবদ অর্থ খরচ করা হয়েছে এবং বাস্তব অগগ্রতি প্রায় শতভাগ।

নদী তীর সংরক্ষণ কাজ, ঢাল সংরক্ষণ কাজ, নিষ্কাশন স্লুইস পুনঃনির্মাণ/প্রতিস্থাপন, সেচ ও নিষ্কাশন কাঠামো (নিষ্কাশন স্লুইস মেরামত) কাজের অগ্রগতি প্রকল্পের বাস্তবায়ন মেয়াদের তুলনায় কম। শুধুমাত্র ড্রেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। তবে, বৃক্ষরোপণসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ এখনো করা হয়নি।

অঙ্গভিত্তিক অগ্রগতি পর্যালোচনায় দেখা যায়, অনুমোদিত আরডিপিপিতে মোটরযান, আসবাবপত্র, কম্পিউটার, অফিস সরঞ্জামাদি, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি, স্বাস্থ্য বিধান ও পানি সরবরাহ, স্ট্যাম্প ও সিল ইত্যাদি পরিমাণ অংশে থোক বরাদ্দ রাখা হয়েছে। সরকারি পরিপত্র/বিধি মোতাবেক ডিপিপি প্রণয়নকালে থোক বরাদ্দ পরিহার করে সংখ্যা উল্লেখ করা প্রয়োজন।

৩.২ আরডিপিপি অনুযায়ী বছরভিত্তিক কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:

সংশোধিত ডিপিপিতে প্রকল্পের বছরভিত্তিক কর্মপরিকল্পনা সন্নিবেশ করা হয়েছে (সংযুক্তি-২)। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের ৫ বছরের কর্মপরিকল্পনা সন্নিবেশ করা হয়েছে (বছর-১: ০.০৭%, বছর-২: ৫.৯৪%, বছর-৩: ২৫.৮৪%, বছর-৪: ৩৭.৬২% ও বছর-৫: ৩০.৫৩%)। প্রকল্প অনুমোদন পরবর্তী ৪ বছর ইতোমধ্যে অতিবাহিত হয়েছে। সুতরাং, সংশোধিত ডিপিপি অনুযায়ী মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি থাকার কথা ৬৯.৪৭% কিন্তু মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫৬%। অর্থাৎ, প্রকল্পের বাস্তব অগ্রগতি আরডিপিপির কর্মপরিকল্পনার তুলনায় ১৩.৪৭% পিছিয়ে রয়েছে। প্রকল্প বাস্তবায়নকালীন ডিপিপি/আরডিপিপি'র কর্মপরিকল্পনা অনুসরণ করা হয়নি।



চিত্রঃ ৩.১ প্রকল্পের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত

প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, মূল ডিপিপি অনুমোদনের পর দরপত্র আহ্বান ও চুক্তি স্বাক্ষরে বিলম্ব, প্রকল্প এলাকায় অতিবৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগের ফলে প্রায় ৩-৪ মাস কাজ বন্ধ থাকে, নির্মাণ উপকরণ (বালি ও পাথর), নির্মাণ শ্রমিক পাওয়ার চ্যালেঞ্জের কারণে ডিপিপির কর্মপরিকল্পনা অনুসরণ করা যায়নি। উপকূলীয় অঞ্চলে অতিবৃষ্টি ও প্রাকৃতিক দুর্যোগের বিষয়টি বিবেচনাপূর্বক ঠিকাদার প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্মাণ উপকরণ (বালি ও পাথর) সংগ্রহ ও শুষ্ক মৌসুমে কাজের গতি বৃদ্ধি করা প্রয়োজন।

৩.৩ প্রকল্পের অনুকূলে বছরভিত্তিক অর্থ-বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয় পর্যালোচনা

মূল ডিপিপি অনুযায়ী গত ২০২১-২০২২ অর্থবছরে সংস্থান ছিল মোট ৪৩৯.২২ লক্ষ টাকা (জিওবি: ২৭১.২২ লক্ষ টাকা এবং জাইকা: ১৬৮.০০ লক্ষ টাকা)। উক্ত অর্থবছরে প্রকল্পের অনুকূলে এডিপি চাহিদা ও বরাদ্দ ছিল মোট ২৯৭.০০ লক্ষ টাকা এবং আরএডিপিতে বরাদ্দ পায় মোট ৯৭.১০ লক্ষ টাকা যা এডিপি চাহিদা ও বরাদ্দ থেকে ১৯৯.৯০ বা ৬৭.৩০% কম। এছাড়া, উক্ত অর্থবছরে অর্থ ছাড় হয় ৬৪.৫০ লক্ষ টাকা যা আরএডিপির বরাদ্দ থেকে ৩২.৬০ লক্ষ টাকা কম। এ অর্থবছরে অর্থ ছাড়ের বিপরীতে মোট ব্যয় করা হয় ৫৫.৮৪ লক্ষ টাকা যা অর্থ ছাড়ের থেকে ৮.৬৬ (১৩.৪২%) লক্ষ টাকা কম। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, প্রকল্পটি গত ২৩/১১/২০২১ তারিখে অর্থাৎ, অর্থবছরের মাঝামাঝি সময়ে প্রকল্প অনুমোদন হওয়ার কারণে প্রথম অর্থবছরে অর্থ ছাড় ও সে অনুযায়ী ব্যয় কম হয়েছে।

অর্থবছর ২০২২-২০২৩ তে প্রকল্পের অনুকূলে এডিপি চাহিদা ও বরাদ্দ ছিল মোট ১৭৪৭৩.০০ লক্ষ টাকা এবং আরএডিপি'তে বরাদ্দ ছিল ৪৭৫০.০০ লক্ষ টাকা। এ অর্থবছরে অর্থ ছাড় হয় মোট ৪৭৪৬.২০ লক্ষ টাকা টাকা এবং মোট ব্যয় করা হয় ৪৭৩৪.৬১ লক্ষ টাকা। সমীক্ষায় প্রতীয়মান হয় যে, এ ২ (দুই) অর্থবছরে এডিপি চাহিদা ও বরাদ্দ বেশি থাকলেও আরএডিপিতে তা কমিয়ে সমন্বয় করা হয়েছে। এক্ষেত্রে প্রকল্প দপ্তরের বাস্তবায়ন সক্ষমতার ঘাটতি পরিলক্ষিত হয়েছে। প্রকল্প অনুমোদনের পর এই ২ (দুই) অর্থবছরে মোট প্রাক্কলিত ব্যয়ের মাত্র ৬.৩২% খরচ করা হয় যা সন্তোষজনক নয়। বিস্তারিত নিম্নের সারণিতে দেয়া হলো-

সারণি ৩.২ চাহিদা, বরাদ্দ, ছাড় এবং প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)

অর্থ বছর	ডিপিপি অনুযায়ী সংস্থান (১ম সংশোধিত)			এডিপি চাহিদা			এডিপি বরাদ্দ			আরএডিপি বরাদ্দ			অর্থ ছাড়			বাস্তবায়ন অগ্রগতি		
	জাইকা	জিওবি	মোট	জাইকা	জিওবি	মোট	জাইকা	জিওবি	মোট	জাইকা	জিওবি	মোট	জাইকা	জিওবি	মোট	জাইকা	জিওবি	মোট
১	২	৫	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯
২০২১-২২	-	৫৫.৮৪	৫৫.৮৪	১৬৮.০০	১২৯.০০	২৯৭.০০	১৬৮.০০	১২৯.০০	২৯৭.০০	০.০০	৯৭.১০	৯৭.১০	-	৬৪.৫০	৬৪.৫০	-	৫৫.৮৪	৫৫.৮৪
২০২২-২৩	৩৪০০.০০	১৩৩৪.৬২	৪৭৩৪.৬২	১১৪২৪.০০	৬০৪৯.০০	১৭৪৭৩.০০	১১৪২৪.০০	৬০৪৯.০০	১৭৪৭৩.০০	৩৪০০.০০	১৩৫০.০০	৪৭৫০.০০	৩৪০০.০০	১৩৪৬.২০	৪৭৪৬.২০	৩৪০০.০০	১৩৩৪.৬১	৪৭৩৪.৬১
২০২৩-২৪	১৬৫০০.৮৬	৪১১১.২০	২০৬১২.০৬	২২২০০.০০	৭৮০০.০০	৩০০০০.০০	২২২০০.০০	৭৮০০.০০	৩০০০০.০০	১৭৫০০.০০	৪৫০০.০০	২২০০০.০০	১৭৫০০.০০	৪৪৯৪.০০	২১৯৯৪.০০	১৬৫০০.৮৬	৪১১১.১৯	২০৬১২.০৫
২০২৪-২৫	২০০০০.০০	১০০০০.০০	৩০০০০.০	২০০০০.০০	১০০০০.০০	৩০০০০.০০	২০০০০.০০	১০০০০.০০	৩০০০০.০০	২০০০০.০০	৫৫০০.০০	২৫৫০০.০০	১৫০০০.০০	৪৯৩৯.৫০	১৯৯৩৯.৫০	৯৭৪০.৯৪	১৭৬৫.৪২	১১৫০৬.৩৬
২০২৫-২৬	১৫৬৮৫.০৮	৮৬৬৫.৬২	২৪৩৫০.৭০	১৫৬৮৫.০০	১২৪৭৭.০০	২৮৩২৬.০০	-	-	-	-	-	-	-	-	-	-	-	-
মোট	**৫৫৫৮৫.৯৪**	**২৪১৬৭.২৮**	**৭৯৭৫৩.২২**							**৪০৯০০.০০**	**১১৪৪৭.০১**	**৫২৩৪৭.১০**	**৩৫৯০০.০০**	**১০৭৭৯.৭**	**৪৬৬৭৯.৭**	**২৯৬৪১.৮০**	**৭২৬৭.০৬**	**৩৬৯০৮.৮৬ (৪৬.২৭%)**

*(মার্চ, ২০২৫ পর্যন্ত) উৎসঃ বাপাউবো

পর্যালোচনা ও বিশ্লেষণঃ

২০২৩-২০২৪ অর্থবছরে প্রকল্পের অনুকূলে এডিপি চাহিদা ও বরাদ্দ ছিল মোট ৩০০০০ লক্ষ টাকা এবং আরএডিপি'তে বরাদ্দ ছিল মোট ২২০০০.০০ লক্ষ টাকা যা এডিপি চাহিদা ও বরাদ্দ থেকে ১৬০৩৮.৭৪ (৪২.১৬%) লক্ষ টাকা কম। এ অর্থবছরেও এডিপি চাহিদা ও বরাদ্দ বেশি থাকলেও আরএডিপিতে তা কমিয়ে সমন্বয় করা হয়েছে। উক্ত অর্থবছরে বরাদ্দ অনুযায়ী মোট ব্যয় করা হয় ২০৬১২.০৫ লক্ষ টাকা যা মোট প্রাক্কলিত ব্যয়ের ২৭.২০%।

চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকল্পের অনুকূলে এডিপি চাহিদা ও বরাদ্দ মোট ৩০০০০.০০ লক্ষ টাকা এবং আরএডিপিতে মোট বরাদ্দ ২৫৫০০.০০ লক্ষ টাকা (জিওবি ২০০০০.০০ লক্ষ টাকা ও জাইকা'র অর্থায়ন ৫৫০০.০০ লক্ষ টাকা) তন্মধ্যে অর্থ ছাড় হয়েছে মোট ১৯৯৩৯.৫০ লক্ষ টাকা এবং মার্চ, ২০২৫ পর্যন্ত ব্যয় করা হয়েছে ১১৫০৬.৩৬ লক্ষ টাকা যা অর্থ ছাড়ের ৭৬.৭০%। অর্থাৎ, মার্চ, ২০২৫ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৬৯০৮.৮৬ লক্ষ টাকা (জিওবি ৭২৬৭.০৬ লক্ষ টাকা এবং জাইকার অর্থায়ন ২৯৬৪১.৮০ লক্ষ টাকা) যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৪৮.৭০%। গত ২৫/০৯/২০২৪ খ্রিঃ তারিখের পিআইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্প দপ্তর কর্তৃক প্রকল্পের ডিপিপি ১ম সংশোধনের উদ্যোগ নেয়া হয় (পানিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০১.২২. ৩৮৩, তারিখ ২১/১১/২০২৪ খ্রিঃ) এবং গত ০৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়েছে। দেশের দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় গত মে, ২০২৪ এর প্রলয়ংকারী ঘূর্ণিঝড় রিমাল আঘাত হানে। ঘূর্ণিঝড়ের আঘাতে প্রকল্প এলাকাভুক্ত খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার অসংখ্যা বেড়িবাঁধ/পোল্ডারের আংশিক/সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। প্রকল্প এলাকায় ঘূর্ণিঝড় রিমালের আঘাতে ক্ষতিগ্রস্ত ঝুঁকিপূর্ণ বেড়িবাঁধসমূহ মেরামতের জন্য নতুন অস্থায়ী প্রতিরক্ষা কাজ অন্তর্ভুক্ত ও প্রকল্প দপ্তরের কতিপয় প্রয়োজনীয় ব্যয় সংশোধন করতঃ প্রকল্পের ১ম সংশোধনের প্রয়োজন হয়। সুতরাং, প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন মোতাবেক মাঠ পর্যায়ে নির্মাণ কাজ বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৩.৪ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যালোচনা ও বিশ্লেষণ:

প্রকল্পের আওতায় ৩টি জেলার ১১টি উপজেলায় নদী তীর সংরক্ষণ, ঢাল সংরক্ষণ, নদী/খাল খনন (ড্রেজিং), স্লুইস গেট মেরামত ও স্লুইস গেট নির্মাণ/পুনঃস্থাপন কাজ চলমান রয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি-৩.৩: আরডিপিপি অনুযায়ী প্রধান প্রধান কাজের পরিমাণ, অগ্রগতি ও অবশিষ্ট কাজ

কাজের নাম	আরডিপিপি অনুযায়ী কাজের পরিমাণ	প্রকৃত কাজের পরিমাণ (মার্চ, ২০২৫ পর্যন্ত)	অবশিষ্ট কাজের পরিমাণ
১	২	৩	৪
নদী তীর সংরক্ষণ কাজ	১৭.১৩৭ কিঃমিঃ	৯.৮৫৭ কিঃমিঃ (৫৭.৫৯%)	৭.২৮০ কিঃমিঃ
ঢাল সংরক্ষণ কাজ	৩.৩৪৭ কিঃমিঃ	০.৩৪৭ কিঃমিঃ (১০.৩৬%)	৩.০০ কিঃমিঃ
নদী/খাল খনন (ড্রেজিং)	৫.৮০০ কিঃমিঃ	৫.৮০০ কিঃমিঃ (১০০%)	শতভাগ সম্পন্ন হয়েছে
নিষ্কাশন স্লুইস মেরামত	৫টি	- ১ টি সম্পন্ন - ২টি চলমান (৩০% ও ১০%)	চলমান ২টি কাজ সম্পন্ন হলে অবশিষ্ট ২টির কাজ শুরু করা হবে।
নিষ্কাশন স্লুইস নির্মাণ/পুনঃস্থাপন	২টি	২ টি চলমান (৩০% ও ১২%)	নির্মাণ কাজ সম্পন্ন হয়নি।
অস্থায়ী প্রতিরক্ষামূলক কাজ (ঘূর্ণিঝড় রিমালে ক্ষতিগ্রস্ত বাঁধসমূহ)	১৭.১৩০ কি.মি	শুরু হয়নি।	নির্মাণ কাজ সম্পন্ন হয়নি।

উৎসঃ আরডিপিপি ও বাপাউবো

সারণি-৩.৩.১: মার্চ, ২০২৫ পর্যন্ত এলাকা ভিত্তিক কাজের পরিমাণ ও অগ্রগতি

জেলা	উপজেলা	কাজের নাম	আরডিপিপি অনুযায়ী কাজের পরিমাণ	প্রকৃত কাজের পরিমাণ	অবশিষ্ট কাজের পরিমাণ
১	২	৩	৪	৫	৬
১.খুলনা	১.পাইকগাছা	নদীর তীর সংরক্ষণ কাজ	১.৫০০ কিঃমিঃ	০.৫০০ কিঃমিঃ	১.০০০ কিঃমিঃ
		ঢাল সংরক্ষণ কাজ	০.৩২১ কিঃমিঃ	০.০৭১ কিঃমিঃ	০.২৫০ কিঃমিঃ
		স্লুইস গেট নির্মাণ/পুনঃস্থাপন	১টি	১টি (চলমান)	চলমান
	২.কয়রা	নদীর তীর সংরক্ষণ কাজ	২.১৮৫ কিঃমিঃ	১.৩৩৫ কিঃমিঃ	০.৮৫০ কিঃমিঃ
	৩. দিঘলিয়া	নদীর তীর সংরক্ষণ কাজ	০.৩৭০ কিঃমিঃ	০.২৭০ কিঃমিঃ	০.১০০ কিঃমিঃ
	৪. বটিয়াঘাটা	নদীর তীর সংরক্ষণ কাজ	০.২৫২ কিঃমিঃ	০.১৫২ কিঃমিঃ	০.১০০ কিঃমিঃ
	৫. দাকোপ	নদীর তীর সংরক্ষণ কাজ	৩.৩৫০ কিঃমিঃ	১.৬৫০ কিঃমিঃ	১.৭০০ কিঃমিঃ
		ঢাল সংরক্ষণ কাজ	২.৫০০ কিঃমিঃ	০.২০০ কিঃমিঃ	২.৩০০ কিঃমিঃ
	৬. ডুমুরিয়া	নদী/খাল খনন (ড্রেজিং)	৫.৮০০ কিঃমিঃ	৫.৮০০ কিঃমিঃ	০.০০
২.সাতক্ষীরা	৭.কালীগঞ্জ	স্লুইস গেট মেরামত	২টি	১টি	১টি কাজ করা হয়নি
	৮. শ্যামনগর	নদীর তীর সংরক্ষণ কাজ	২.৩৩০ কিঃমিঃ	১.০০০ কিঃমিঃ	১.৩৩০ কিঃমিঃ
		ঢাল সংরক্ষণ কাজ	০.৫২৬ কিঃমিঃ	০.০৭৬ কিঃমিঃ	০.৪৫০ কিঃমিঃ
		স্লুইস গেট মেরামত	৩টি	১টি (চলমান)	২টি কাজ করা হয়নি
	৯.আশাশুনি	নদীর তীর সংরক্ষণ কাজ	৫.৭৩০ কিঃমিঃ	৩.৭৩০ কিঃমিঃ	২ কিঃমিঃ
৩.বাগেরহাট	১০.বাগেরহাট সদর	নদীর তীর সংরক্ষণ কাজ	১.৪২০ কিঃমিঃ	১.২২০ কিঃমিঃ	০.২০০ কিঃমিঃ
	১১. মোরেলগঞ্জ	স্লুইস গেট নির্মাণ/পুনঃস্থাপন	১টি	১টি (চলমান)	চলমান

উৎসঃ আরডিপিপি ও বাপাউবো

পর্যালোচনা:

প্রকল্পের আওতায় নদী তীর সংরক্ষণ কাজের ১৭.১৩৭ কিঃমিঃ লক্ষ্যমাত্রার বিপরীতে ৯.৮৫৭ কিঃমিঃ কাজ সম্পন্ন হয়েছে। ঢাল সংরক্ষণ কাজের ৩.৩৪৭ কিঃমিঃ লক্ষ্যমাত্রার বিপরীতে মাত্র ০.৩৪৭ কিঃমিঃ কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় ৫.৮০০ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ শতভাগ সম্পন্ন হয়েছে। তবে, ড্রেজিং কাজের Spoil earth management সহ অন্যান্য আনুষঙ্গিক কাজ সম্পন্ন হয়নি।

প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, ঢালাইয়ের সময় পানি স্বল্পতা, নদীর একই চেইনেজে একাধিকবার মাটি খনন, দুর্বল মাটি, লবণাক্ত পানি, মালামাল পরিবহন সমস্যা, শ্রমিক সংকট, নদীর স্লোপ বার বার ভেঙে পড়া এবং নদীর এ্যালাইনমেন্টের মধ্যে অবৈধ স্থাপনা অপসারণের পর কাজ শুরু করা ইত্যাদি চ্যালেঞ্জের কারণে প্রকল্প বাস্তবায়ন ধীরগতি হচ্ছে। বাস্তবিক প্রেক্ষাপটে প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সম্পন্নকরণের লক্ষ্যে সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

একই চেইনেজে একাধিকবার মাটি খননের কারণ:

প্রকল্পের অবস্থান ভাঙন ও দুর্যোগ প্রবণ (ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ও বন্যা) অঞ্চলে হওয়ায় নদী তীর ও ঢাল সংরক্ষণ কাজের কিছু প্যাকেজের অংশবিশেষ নদীতে বিলীন হচ্ছে। ফলে নদী তীর ও ঢাল সংরক্ষণ কাজ পুনরায় করার কারণে নদীর একই চেইনেজে একাধিকবার মাটি খনন করতে হচ্ছে।

৩.৫ বার্ষিক ক্রয় পরিকল্পনা পর্যালোচনা:

সরকারি নির্দেশনা মোতাবেক প্রতি অর্থ বছর শুরুর পূর্বেই বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) প্রস্তুতপূর্বক তা যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদন গ্রহণ করতে হবে। এছাড়া, পিপিআর-২০০৮ এর বিধি-১৬ (৫) অনুযায়ী ক্রয়কারী, প্রত্যেক অর্থ বৎসরের শুরুতে, অন্যান্য বিষয়ের মধ্যে প্রত্যাশিত তহবিল প্রবাহের বিষয়টি বিবেচনাক্রমে, কোন উন্নয়ন প্রকল্প বা কর্মসূচীর সার্বিক ক্রয় পরিকল্পনা এবং দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় (Official cost estimate) বাৎসরিক ভিত্তিতে এবং যুক্তিসঙ্গতভাবে হালনাগাদ করবে। এ প্রকল্পের আওতায় পূর্বের অর্থ-বছরগুলোতে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুত পূর্বক অনুমোদন নেয়া হয়েছে। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষ (HOPE) কর্তৃক অনুমোদন নেয়া হয়েছে।

৩.৬ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যালোচনা:

অনুমোদিত আরডিপিপিতে প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ১৪টি ও কার্য ক্রয়ের ১৯টি প্যাকেজ রয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

৩.৬.১ পণ্য ক্রয় পর্যালোচনা:

প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ১৪টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের ক্রয় কাজ সম্পন্ন করা হয়েছে। প্যাকেজ-২ ও ৩ এর আওতায় মোটরযান ক্রয় (মাইক্রোবাস ও ডাবল কেবিন পিকআপ) বাবদ ১০৮.২০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। কিন্তু এখনো উক্ত মোটরযান ক্রয় করা হয়নি। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

প্যাকেজ: ডিআরএমইপি-জি-০১: জিপ গাড়ি ক্রয়:

মূল ডিপিপিতে প্যাকেজ-১ এর আওতায় ১টি জিপ গাড়ি ক্রয় বাবদ ৫৫.৭০ লক্ষ টাকার সংস্থান রয়েছে এবং ক্রয় পদ্ধতি হচ্ছে ডিপিএম। বর্ণিত ০১টি জিপ গাড়ি ক্রয়ের জন্য প্রকল্প পরিচালকের দপ্তর হতে প্রশাসনিক মন্ত্রণালয়ে বিগত ১৯/০৬/২০২৩ খ্রি. তারিখে অনুমোদনের জন্য পত্র প্রেরণ করা হয়। প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুন ২০২৩ খ্রিঃ তারিখে জিপ ক্রয়ের অনুমোদন প্রদান করে। সরকারি প্রতিষ্ঠান হতে যানবাহন ক্রয়ের জন্য প্রকল্প কর্তৃপক্ষ সরাসরি ক্রয় প্রক্রিয়া অনুসরণে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড বরাবর জিপ গাড়ি সরবরাহের জন্য বিস্তারিত স্পেসিফিকেশনসহ দরপত্র দাখিলের জন্য গত ২০/০৬/২০২৩ তারিখে একটি পত্র প্রদান করা হয়।

উক্ত পত্রের আলোকে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড হতে প্রকল্পের অনুকূলে Brand: Toyota Corolla Cross Hybrid (SUV) (Brand New), Model Code: ZVG10R-DHZEB; Engine Model: 2ZR-FXE(Gasoline), 5 Seated, 4 Cylinder. Output: 72 kW (97 hp)/5200 rpm, Right Hand Driving, 1798 CC, Wheelbase-2649 mm. Additional wheel:1, Color- GRAPHITE METALIC. Origin: Japan. Assembled: Thailand, Manufacturing year: 2022. Chassis no: MR2KZAAG000050356, Engine No: 2ZRY919706 মডেলের জিপ গাড়ি সরবরাহের জন্য ২২/০৬/২০২৩ তারিখে ৫৫.৭০ লক্ষ টাকার কোটেশন প্রদান করেন। সে আলোকে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড-কে ০১টি Toyota Corolla Cross Hybrid (SUV) (Brand New) মডেলের জিপ গাড়ি ৫৫.৭০ লক্ষ টাকায় সরবরাহের জন্য বিগত ২৪/০৬/২০২৩ তারিখে কার্যাদেশ প্রদান করা হয়। পরবর্তীতে প্রগতি ইন্ডাষ্ট্রিজ লিমিটেড হতে ০১টি Toyota Corolla Cross Hybrid (SUV) (Brand New) মডেলের জিপ গাড়ি বিগত ৩০ জুলাই ২০২৩ তারিখে বুঝে নেয়া হয়।

সারণি ৩.৪: জিপ গাড়ি ক্রয়ের অগ্রগতি (লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কার্যক্রমের নাম	একক ও পরিমাণ	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	ক্রয় পদ্ধতি	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির তারিখ	অগ্রগতি (%)
পণ্য-১	জিপ গাড়ি	০১	৫৫.৭০	৫৫.৭০	ডিপিএম	২০/০৬/২০২৩	৩০/০৭/২০২৩	১০০%

উৎসঃ আরডিপিপি ও প্রকল্প দপ্তর

ডিআরএমইপি-জি-০২ ও ০৩:

প্যাকেজ ২ ও ৩ এর আওতায় মোটরযান ক্রয় (মাইক্রোবাস ও ডাবল কেবিন পিকআপ) বাবদ ১০৮.২০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। কিন্তু এখনো উক্ত মোটরযান ক্রয় করা হয়নি।

ডিআরএমইপি-জি-০৪: মেশিনারীজ ও যন্ত্রপাতি ক্রয়

ডিআরএমইপি-জি-০৪ প্যাকেজ এর আওতায় ডিপিপিতে ৩.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে এবং ক্রয় পদ্ধতি ও ধরন হচ্ছে RFQ (NCB)। বাস্তবে প্রকল্পের আওতায় RFQ (NCB) পদ্ধতি অনুসরণে ২ টি ফটোকপিয়ার ও ১ টি A3 Scaner ক্রয়ের জন্য গত ১২ নভেম্বর ২০২৪ তারিখে দরপত্র আহ্বান করা হয় এবং ৩.০০ লক্ষ টাকা ব্যয়ে গত ২০ নভেম্বর ২০২৪ খ্রিঃ তারিখে ক্রয় কাজ সম্পন্ন করা হয়। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি ৩.৫: ডিআরএমইপি-জি-০৪: মেশিনারীজ ও যন্ত্রপাতি ক্রয় (লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কার্যক্রমের নাম	একক ও পরিমাণ	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	ক্রয় পদ্ধতি	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির তারিখ	অগ্রগতি (%)
পণ্য-৪	২ টি ফটোকপিয়ার ও ১ টি A3 Scaner ক্রয়	০২	৩.০০	৩.০০	RFQ (NCB)	১২/১১/২০২৪	২০/১১/২০২৪	১০০%

উৎসঃ আরডিপিপি ও প্রকল্প দপ্তর

ডিআরএমইপি-জি-০৫: ইঞ্জিনিয়ারিং এবং অন্যান্য যন্ত্রপাতি ক্রয় (জরিপ যন্ত্রপাতি: হ্যান্ড জিপিএস)

ডিআরএমইপি-জি-০৫ প্যাকেজ এর আওতায় ডিপিপিতে ৫ টি হ্যান্ড জিপিএস ক্রয় বাবদ ২.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে এবং ক্রয় পদ্ধতি ও ধরন হচ্ছে RFQ (NCB)। বাস্তবে প্রকল্পের আওতায় RFQ (NCB) পদ্ধতি অনুসরণে ৫ টি হ্যান্ড জিপিএস ক্রয়ের জন্য গত ১৮ জুন ২০২৪ তারিখে দরপত্র আহ্বান করা হয় এবং ১.৯৯ লক্ষ টাকা ব্যয়ে গত ২১ জুন ২০২৩ তারিখে ক্রয় কাজ সম্পন্ন করা হয়। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি ৩.৬: ডিআরএমইপি-জি-০৫: (লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কার্যক্রমের নাম	একক ও পরিমাণ	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	ক্রয় পদ্ধতি	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির তারিখ	অগ্রগতি (%)
পণ্য-৫	৫ টি হ্যান্ড জিপিএস	০২	২.০০	১.৯৯	RFQ (NCB)	১৮/০৬/২০২৩	২১/০৬/২০২৩	১০০%

উৎসঃ আরডিপিপি ও প্রকল্প দপ্তর

ডিআরএমইপি-জি-০৬: কম্পিউটার ও আনুষঙ্গিক ক্রয় (স্কেনারসহ)

ডিপিপিতে প্যাকেজ-৬ এর আওতায় ২টি ডেস্কটপ কম্পিউটার ও প্রিন্টার স্ক্যানার ১.৬০ লক্ষ টাকার সংস্থান রয়েছে এবং ক্রয় পদ্ধতি ও ধরন হচ্ছে RFQ (NCB)। বাস্তবে প্রকল্পের আওতায় RFQ (NCB) পদ্ধতি অনুসরণে ২টি ডেস্কটপ কম্পিউটার ও প্রিন্টার স্ক্যানার ক্রয়ের জন্য গত ২৬ মে ২০২৪ তারিখে দরপত্র আহ্বান করা হয় এবং ১.৬০ লক্ষ টাকা ব্যয়ে গত ০৬ জুন ২০২৪ খ্রিঃ তারিখে ক্রয় কাজ সম্পন্ন করা হয়। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি ৩.৭: ডিআরএমইপি-জি-০৬: কম্পিউটার ও আনুষাঙ্গিক ক্রয় (স্কেনারসহ) (লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কার্যক্রমের নাম	একক ও পরিমাণ	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	ক্রয় পদ্ধতি	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির তারিখ	অগ্রগতি (%)
পণ্য-৬	২টি ডেস্কটপ কম্পিউটার ও প্রিন্টার স্ক্যানার	০২	২.০০	১.৯৯	RFQ (NCB)	২৬/০৫/২০২৪	০৬/০৬/২০২৪	১০০%

উৎসঃ আরডিপিপি ও প্রকল্প দপ্তর

ডিআরএমইপি-জি-০৭: আসবাবপত্র ক্রয় (পিআইইউ)

অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্যাকেজ-৭ এর আওতায় আসবাবপত্র ক্রয় (পিআইইউ) বাবদ ২.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। বাস্তবে প্রকল্পের আওতায় RFQ (NCB) পদ্ধতি অনুসরণে প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য প্রয়োজনীয় কতিপয় আসবাবপত্র ক্রয়ের জন্য গত ২৬ মে ২০২৪ তারিখে দরপত্র আহ্বান করা হয় এবং ২.০০ লক্ষ টাকা ব্যয়ে গত ০৬ জুন ২০২৪ খ্রিঃ তারিখে ক্রয় কাজ সম্পন্ন করা হয়। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি ৩.৮: ডিআরএমইপি-জি-০৭: আসবাবপত্র ক্রয় (পিআইইউ) (লক্ষ টাকায়)

প্যাকেজ নং	কার্যক্রমের নাম	একক ও পরিমাণ	প্রাক্কলিত মূল্য	চুক্তি মূল্য	ক্রয় পদ্ধতি	কাজ শুরুর তারিখ	কাজ সমাপ্তির তারিখ	অগ্রগতি (%)
পণ্য-৭	আসবাবপত্র ক্রয়	০২	২.০০	২.০০	RFQ (NCB)	২৬/০৫/২০২৪	০৬/০৬/২০২৪	১০০%

উৎসঃ আরডিপিপি ও প্রকল্প দপ্তর

৩.৬.৩ কার্য ক্রয় পর্যালোচনা ও বিশ্লেষণ:

অনুমোদিত আরডিপিপিতে প্রকল্পের আওতায় কার্য ক্রয়ের ১৯টি প্যাকেজ রয়েছে। মার্চ, ২০২৫ পর্যন্ত দেখা যায় যে, প্রকল্পের আওতায় কার্য ক্রয়ের ১৯টি প্যাকেজের মধ্যে ১৪টি প্যাকেজের দরপত্র আহ্বান ও চুক্তি স্বাক্ষরিত হয়েছে। অবশিষ্ট ০৫টি প্যাকেজের দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন । নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি ৩.৯ পূর্ত কাজ ক্রয় বিশ্লেষণ।

পর্যায়	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা **পূর্ত**	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	দরপত্র আহবান	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্র মূল্যায়ন**	**অনুমোদন**	**NOA প্রদান**	চুক্তি স্বাক্ষর	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	**মেয়াদ বৃদ্ধি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
প্রাক্কলিত	DRMEP/sat-1/01	Construction of slope protection work along the left bank of the river Kalindi at various points of Shyamnagar upazila in Polder No. 5 from km 42.150 to km 42.510=360m and Repair of drainage Sluice regulator (3 no.(1V), I no (2V) & 1 nos (3V)) total = 5 nos of ploder no 5 under Satkhira O&M Division-1, BWDB, Satkhira.	মিটার সংখ্যা	৩৬০ SP ৫ DS	OTM & NCB	DOFP অনুযায়ী	৬৭০.০০	জুলাই-২২	--	--	--	--	নভেম্বর-২২	--	জুন-২৬	ইতোমধ্যে চুক্তি বাতিল করা হয়েছে। নতুন ঠিকাদার প্রতিষ্ঠান নিয়োগের জন্য দরপত্র প্রস্তুতকরণ প্রক্রিয়াধীন।
প্রকৃত			মিটার সংখ্যা	৩৬০ SP ৫ DS	OTM & NCB	HoPE		২৫/০৭/২০২২	০৮/০৮/২০২২	৩০/১০/২০২২	৩০/১০/২০২২	৩০/১০/২০২২	২৮/১১/২০২২	৬৬৯.২৭	৩০/০৬/২০২৬	

পর্যায়	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা **পূর্ত**	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	দরপত্র আহবান	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্র মূল্যায়ন**	**অনুমোদন**	**NOA প্রদান**	চুক্তি স্বাক্ষর	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	**মেয়াদ বৃদ্ধি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
প্রাক্কলিত	DRMEP/sat-1/02	Construction of Protective work /slope protection work along the bank of the river Maloncho/Kholpetua /Kalindi at various points of Shyamnagar upazila in Polder No. 5 from km 102.120 to km 102.820 = 700m, km 105.514 to km 105.680=166m (slope protecion work), in between km 107.000 to km 107.120 and km 107.270- km 107.780=630m, km 111.640 to km 112.140 =500m, km 126.100 to km 126.600= 500m, under Satkhira O&M Division-1, BWDB, Satkhira.	মিটার মিটার	২৩৩০ pw ১৬৬ sp	OTM & NCB	DOFP অনুযায়ী	৯৭৫৩.০০	জুন-২২	--	--	--	--	ডিসেম্বর-২২	--	জুন-২৬	৩১৬ দিন (৩০/০৬/২০২৬ খ্রিঃ পর্যন্ত) মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বাস্তব অগ্রগতি ৩৫.১৫%।
প্রকৃত			মিটার মিটার	২৩৩০ pw ১৬৬ sp	OTM & NCB	HoPE		০১/০৭/২০২২	০১/০৮/২০২২	২৩/১১/২০২২	০৬/১২/২০২২	০৬/১২/২০২২	২০/১২/২০২২	৯৭৫২.৪৩	৩০/০৬/২০২৬	
প্রাক্কলিত	DRMEP/sat-2/01	Construction of Protective work From Km 2.985 to km 4.255=1270m at Jelekhali in Polder No. 4, Upazila-Assasuni, Dist.- Satkhira under Satkhira O&M Division-2, BWDB, Satkhira.	মিটার	১২৭০ pw	OTM & NCB	DOFP অনুযায়ী	২১০০.০০	মে-২২	--	--	--	--	জানুয়ারি-২৩	--	জুন-২৬	৩১৬ দিন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বাস্তব অগ্রগতি ২৫%।
প্রকৃত			মিটার	১২৭০ pw	OTM & NCB	HoPE		২১/০৮/২০২২	০৪/০৯/২০২২	২১/১২/২০২২	২১/১২/২০২২	২৮/১২/২০২২	১২/০১/২০২৩	২০৯৯.৫৩	৩০/০৬/২০২৬	

পর্যায়	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা **পূর্ত**	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	দরপত্র আহবান	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্র মূল্যায়ন**	**অনুমোদন**	**NOA প্রদান**	চুক্তি স্বাক্ষর	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	**মেয়াদ বৃদ্ধি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
প্রাক্কলিত	DRMEP/sat-2/02	Construction of Protective work from Km. 15.990 to Km. 17.150 = 1160m at Thanaghata-Hazrakhali in Polder No. 4, Upazila-Assasuni, Dist.- Satkhira under Satkhira O&M Division-2, BWDB, Satkhira.	মিটার	১১৬০ pw	OTM & NCB	DOFP অনুযায়ী	৪১০০.০০	মে-২২	--	--	--	--	ডিসেম্বর-২২	--	জুন-২৬	৩১০ দিন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বাস্তব অগ্রগতি ৫৯%।
প্রকৃত			মিটার	১১৬০ pw	OTM & NCB	HoPE		০১/০৬/২০২২	৩০/০৬/২০২২	১১/১১/২০২২	০৫/১২/২০২২	০৫/১২/২০২২	২৮/১২/২০২২	৪০৫১.৭৬	৩০/০৬/২০২৬	
প্রাক্কলিত	DRMEP/sat-2/03	Construction of Protective work in between Km. 19.600 to Km. 21.250 = 1650.00m at Kola in Polder No. 4, Upazila-Assasuni, Dist.- Satkhira under Satkhira O&M Division-2, BWDB, Satkhira.	মিটার	১৬৫০ PW	OTM & NCB	DOFP অনুযায়ী	৬৮৭৩.৯০	মার্চ-২২	--	--	--	--	ডিসেম্বর-২২	--	জুন-২৬	৩১০ দিন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বাস্তব অগ্রগতি ৫৯%।
প্রকৃত			মিটার	১৬৫০ PW	OTM & NCB	HoPE		০১/০৬/২০২২	৩০/০৬/২০২২	০৭/০১/২০২৩	০৭/০১/২০২৩	০২/০৩/২০২৩	১৯/০৩/২০২৩	৬৬৫৭.৭৪	৩০/০৬/২০২৬	
প্রাক্কলিত	DRMEP/sat-2/04	Construction of protective work in between km.21.250 to km 22.900=1650.00 m at kola in polder no 4 Upazila- Assasuni, Dist Satkhira under Satkhira O & M Division-2, BWDB, Satkhira	মিটার	১৬৫০ (PW)	OTM & NCB	DOFP অনুযায়ী	৬৮৭৩.৯০	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন-২৬	৩১০ দিন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বাস্তব অগ্রগতি ৬২%।
প্রকৃত			মিটার	১৬৫০ (PW)	OTM & NCB	HoPE		০১/০৬/২০২২	৩০/০৬/২০২২	০৭/০১/২০২৩	০৭/০১/২০২৩	০২/০৩/২০২৩	১৯/০৩/২০২৩	৬৪০৪.৩৬	৩০/০৬/২০২৬	

পর্যায়	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা **পূর্ত**	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	দরপত্র আহবান	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্র মূল্যায়ন**	**অনুমোদন**	**NOA প্রদান**	চুক্তি স্বাক্ষর	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	**মেয়াদ বৃদ্ধি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
প্রাক্কলিত	DRMEP/sat-2/05	Construction of Protective work in between Km 0.00 to Km 0.40= 150m (Repair), Km. 0.400 to Km. 0.900 = 500m at Gabbunia, From Km. 1.420 to Km. 1.670 = 250m at Gazipara, From Km. 2.235 to Km. 2.685 =450m, from Km. at Kashirhatkhola, from Km. 6.900 to Km. 7.100 = 200m, From at Ghatakhali Total length = 1400m in Polder No. 13-14/2, Upazila-Koyra, Dist.- Khulna.	মিটার	১৫০ (PW Repair) ১৪০০ PW	OTM & NCB	DOFP অনুযায়ী	৬২৮২.৭৩	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন/২০২৬	
প্রকৃত			মিটার	১৫০ (PW Repair) ১৪০০ PW	OTM & NCB	HoPE		০৯/০৩/২০২৩	১০/০৪/২০২৩	০২/০৮/২০২৩	০২/০৮/২০২৩	১৭/০১/২০২৪	১১/০২/২০২৪	৭০৯২.৩৯	৩০/০৬/২০২৬	বাস্তব অগ্রগতি ৪২%।
প্রাক্কলিত	DRMEP/sat-2/06	Construction of Protective work from Km. 18.650 to Km. 18.785 = 135m, From Km. 19.035 to Km. Km. 19.535 = 500m at Doshalia Total length = 635 m in Polder No. 13-14/2, Upazila-Koyra, Dist.- Khulna.	মিটার	৬৩৫ PW	OTM & NCB	DOFP অনুযায়ী	২৬৪২.৪৮	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন-২৬	২৯৬ দিন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বাস্তব অগ্রগতি ৯১%।
প্রকৃত			মিটার	৬৩৫ PW	OTM & NCB	HoPE		০১/০৬/২০২২	৩০/০৬/২০২২	১৩/১১/২০২২	১৩/১১/২০২২	১৭/১১/২০২২	১৩/১২/২০২২	২৪৯৫.৮৪	৩০/০৬/২০২৬	
প্রাক্কলিত	DRMEP/ Khu-1/01	Construction of protective work along the right bank of Rupsha River from in between km. 9.300 to km 9.552= 252m at Kochubunia, upazila- Botiaghata in polder no. 28/2, protective work km12.219 to km 12.519=300 m and in between km 12.519- km.13.010= 70m	মিটার	৭০ (PW repair) ৫৫২ PW	OTM & NCB	DOFP অনুযায়ী	২৮১৫.৩৫	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন-২৪	৩৬৪ দিন বৃদ্ধি করা হয়েছে। বাস্তব অগ্রগতি ৭৮%।

পর্যায়	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা **পূর্ত**	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	দরপত্র আহবান	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্র মূল্যায়ন**	**অনুমোদন**	**NOA প্রদান**	চুক্তি স্বাক্ষর	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	**মেয়াদ বৃদ্ধি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
প্রকৃত		(repair), Upazila: Degholia,in Barakpur - Digholia sub-project of Khulna district under "Disaster Risk Management Enhancement Project(Component-1, BWDB part)" of Khulna O&M Division-1, BWDB, Khulna.	মিটার	৭০ (PW repair) ৫৫২ PW	OTM & NCB	HoPE		১৪/০৬/২০২২	১৪/০৭/২০২২	২৪/০৭/২০২২	২৪/০৭/২০২২	০৭/০৯/২০২২	২৯/০৯/২০২২	২৭৯৮.৬৫	৩০/০৬/২০২৬	
প্রাক্কলিত	DRMEP/khu-2/01	Construction of bank protection works along the right bank of Dhaki river from km. 5.200 to km. 5.700 = 500m at Botbunia Bazar, from km. 11.750 to km. 12.100 =350m at Gainbari, from km. 14.300 to km. 14.800 =500m at Jalbunia, 14.300 to km 14.800 =500m (slope protection work),100m protetcive work kaminibashi intake khal at Jhalbunia, River bank protection works along the right bank of Pasur river from km. 45.615 to km. 45.815/45.845 and 45.900 to km 45.940/45.970= 300 m in Polder No-31 under "Disaster Risk Management Enhancement Project" of Khulna O&M Division-2.	মিটার	৫০০ (SP) ১৭৫০ PW	OTM & NCB	DOFP অনুযায়ী	৮৯৫৬.৬৭	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন-২৬	নির্মাণ কাজ চলমান রয়েছে। বাস্তব অগ্রগতি ৪৯% ।
প্রকৃত			মিটার	৫০০ (SP) ১৭৫০ PW	OTM & NCB	HoPE		০৬/০২/২০২৩	২৭/০৩/২০২৩	২৬/০৭/২০২৩	২৬/০৭/২০২৩	১৮/০৯/২০২৩	১৫/১০/২০২৩	৭৬৩০.২২	৩০/০৬/২০২৬	

পর্যায়	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা **পূর্ত**	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	দরপত্র আহবান	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্র মূল্যায়ন**	**অনুমোদন**	**NOA প্রদান**	চুক্তি স্বাক্ষর	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	**মেয়াদ বৃদ্ধি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
প্রাক্কলিত	DRMEP/khu-2/02	Construction of River bank protection works along the right bank of Kurulia river from km. 1.410 to km. 2.110 =700m at Alamtala Bazar, river bank protection works along the right bank of Shibsa river in between km. 18.000 to km. 18.800 = 800m at Santa Bazar, km 18.479- km 18.800 = 321 m (slope protetcion work),Reconstruction of 1 nos. Drainage Sluices (1´2v-1.50mx1.80m) at Baintala in Polder No-10/12 under "Disaster Risk Management Enhancement Project" of Khulna O&M Division-2.	মিটার	৩২১ (SP) ১৫০০ PW ১ DS	OTM & NCB	DOFP অনুযায়ী	৬৫৮৬.৮৪	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন-২৬	৪১১ দিন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বাস্তব অগ্রগতি ২১%।
প্রকৃত		Construction of bank protection works along the right bank of kurulia river from km 1.410 to km 2.110=700m at Alamtala Bazar, river bank protection works along the right banks of Shibsa river in between km 18.00 to km 18.800=800 m at Santa Bazar km 18.479 km 18.800= 321 m	মিটার	৩২১ (SP) ১৫০০ PW ১ DS	OTM & NCB	HoPE	--	১৮/০৭/২০২২	১৭/০৮/২০২২	০৮/১১/২০২২	০৪/১২/২০২২	০৪/১২/২০২২	১৮/১২/২০২২	৫০০৪.৫০	৩০/০৬/২০২৬	
প্রাক্কলিত	DRMEP/ Khu-2/03	Construction of bank protection works along the left bank of Shibsha River from km. 14.800 to km. 16.400 =1600m at Jalbunia, 14.800 to km 16.800 =2000m (slope protection work) at Jhalbunia in Polder No-31 under "Disaster Risk Management Enhancement Project" of Khulna	মিটার	২০০০ SP ১৬০০ PW	OTM & NCB	DOFP অনুযায়ী	৯৬৮৩.১৫	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন-২৬	নির্মাণ কাজ চলমান রয়েছে। বাস্তব অগ্রগতি ৫৩%।

পর্যায়	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা **পূর্ত**	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	দরপত্র আহবান	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্র মূল্যায়ন**	**অনুমোদন**	**NOA প্রদান**	চুক্তি স্বাক্ষর	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	**মেয়াদ বৃদ্ধি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
প্রকৃত		O&M Division-2.	মিটার	২০০০ SP	OTM & NCB	HoPE		০৫/০২/২০২৩	২৭/০৩/২০২৩	৩০/০৮/২০২৩	২৬/১০/২০২৩	৩১/১০/২০২৩	১২/১১/২০২৩	৯২১৮.৫৪	৩০/০৬/২০২৬	৩০/০৬/২০২৬ পর্যন্ত ৩৪২ দিন সময় বৃদ্ধি করা হয়েছে
প্রাক্কলিত	DRMEP/Bag/01/Lot-1	(A) Construction of Protective work on the Right bank of Daratana (Vairob) River from Km. 0.000 to Km. 0.400=400m at Rahimabad in Polder No. 34/1 (B) Protective work at Left bank of Bhairob river i) from km 11.100 to km. 11.750=650m at Kuliadair, ii) from km 16.800 to km. 17.000=200m at Gopalkati, iii) from km 17.130 to km. 17.180 & km 17.200 to km. 17.320=170m at Keshabpur in Najirpur Sub-project. Upazila- Bagerhat in connection with "Disaster Risk Management Enhancement Project (Component-1, BWDB part)" under Bagerhat O&M Division, BWDB, Bagerhat.	মিটার	১৪২০ PW	OTM & NCB	DOFP অনুযায়ী	৪৫১০.৯৪	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন-২৬	
প্রকৃত			মিটার	১৪২০ PW	OTM & NCB	Minister		১৯/০৭/২০২২	২২/০৮/২০২২	০৯/১১/২০২২	০৯/১১/২০২২	১৩/১২/২০২২	২৬/১২/২০২২	৪৩৭৮.৬৯	৩০/০৬/২০২৬	
প্রাক্কলিত	DRMEP/Bag/01/Lot-2	(c) construction of 2-v drainage cum flushing regulator at Fashiatola khal under polder 35/1 in C/W Disaster risk management Enhancement Project of Bagerhat O & M Division BWDB Bagerhat.	দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন													

পর্যায়	প্যাকেজ নং	আরডিপিপি অনুযায়ী ক্রয়ের জন্য প্যাকেজের বর্ণনা **পূর্ত**	একক	পরিমাণ	ক্রয় পদ্ধতি এবং ধরন	চুক্তি অনুমোদনকারী কর্তৃপক্ষ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)	দরপত্র আহবান	**দরপত্র খোলার তারিখ**	**দরপত্র মূল্যায়ন**	**অনুমোদন**	**NOA প্রদান**	চুক্তি স্বাক্ষর	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	**মেয়াদ বৃদ্ধি অনুযায়ী কাজ সম্পাদনের শেষ তারিখ**	**মন্তব্য**
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭
প্রাক্কলিত	DRMEP/ Khul-1/ Dredg-01	Dredging of Taltola-Bagachra River at Dumuria upazilla under Khulna O&M Division-1, BWDB, Khulna.	মিটার	৬৪০০.০০	OTM & NCB	OTM & NCB	১৩৯৮.৩৯	মার্চ-২২	--	--	--	--	জুন-২২	--	জুন-২৬	৩১/০৫/২০২৫ পর্যন্ত মোট ৩৩৫ দিন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে
প্রকৃত			মিটার	৬৪০০.০০	OTM & NCB	HoPE		১১/০৫/২০২২	০৮/০৬/২০২২	২৪/০৭/২০২২	২৪/০৭/২০২২	২৪/০৭/২০২২	২৬/০৭/২০২২	১১৪০.৩০	৩১/০৫/২০২৫	
প্রাক্কলিত	DRMEP/sat-1/03	দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন														
প্রাক্কলিত	DRMEP/sat-2/07	দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন														
প্রাক্কলিত	DRMEP/khu-2/04	দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন														
প্রাক্কলিত	DRMEP/Bag/02	দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন														

উৎসঃ আরডিপিপি ও প্রকল্প দপ্তর

পর্যালোচনা:

প্রকল্পের আওতায় কার্য ক্রয়ের মোট ১৯টি প্যাকেজ রয়েছে। মার্চ, ২০২৫ পর্যন্ত দেখা যায়, মূল ডিপিপির প্রদত্ত তারিখ অনুযায়ী বাস্তবে দরপত্র আহ্বান করা সম্ভব হয়নি। মূল ডিপিপির প্রদত্ত তারিখ থেকে প্রায় ৬ মাস পরে দরপত্র আহ্বান করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণে দরপত্র বাংলা এবং ইংরেজি পত্রিকায় প্রকাশ করা হয়েছে। ডিপিপির ক্রয় পদ্ধতি OTM (NCB) অনুযায়ী ই-জিপিতে দরপত্র আহ্বান করা হয়েছে।

প্রতিটি দরপত্র বিক্রয়ের সংখ্যা ছিল ন্যূনতম ০৫-১০টি এবং প্রাপ্ত দরপত্রের সংখ্যা ৪-৮টি। পিপিআর-২০০৮ এর বিধি ৯৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দলিলে উল্লিখিত শর্ত, কারিগরি যোগ্যতা ও নির্ণায়কসমূহের আলোকে কৃতকার্যতা বা অকৃতকার্যতার (Pass or Fail) ভিত্তিতে কারিগরি প্রস্তাবসমূহ মূল্যায়ন করার পর দরপত্র রেসপনসিভ হয় ন্যূনতম ৪-৮টি।

প্যাকেজ DREMP/KHU-2/01 ক্ষেত্রে দেখা যায় দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন হয় গত ২৬/০৭/২০২৩ তারিখে। দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর পিপিআর-২০০৮ এর বিধি মোতাবেক ৭ কর্মদিবসের মধ্যে দরদাতাকে NOA প্রদান করতে হয়। কিন্তু দরপত্র মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর প্রায় ১ মাস পর দরদাতাকে গত ১৮/০৯/২০২৩ তারিখে NOA প্রদান করা হয়েছে। এক্ষেত্রে পিপিআর-২০০৮ এর বিধি ১০২ ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে। এছাড়া, প্যাকেজ DREMP/Bag/01/Lot-1 প্যাকেজের ক্ষেত্রেও পিপিআর-২০০৮ এর বিধি ১০২ মোতাবেক ৭ কর্মদিবসের মধ্যে দরদাতাকে NOA প্রদান করা হয়নি। এক্ষেত্রেও পিপিআর-২০০৮ এর বিধি ১০২ ব্যত্যয় পরিলক্ষিত হয়েছে। এছাড়া দেখা যায় যে, শুধুমাত্র DRMEP/Khu-1/01 প্যাকেজ বাদে অবশিষ্ট ১৩টি প্যাকেজের দরপত্র বৈধতার মেয়াদের মধ্যে চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়নি।

মার্চ, ২০২৫ পর্যন্ত সংশোধিত ডিপিপি অনুযায়ী ১৯টি প্যাকেজের মধ্যে চুক্তি সম্পন্ন হয়েছে ১৪টি । উক্ত ১৪টি প্যাকেজের মধ্যে বর্তমানে ১৩টি প্যাকেজের কাজ চলমান রয়েছে। অবশিষ্ট ১টি প্যাকেজের (DRMEP/ Sat-1/01) চুক্তি বাতিল করা হয়েছে এবং এটির নতুন দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, গত ৬-৭ মাস যাবৎ DRMEP/ Sat-1/01 ও DRMEP/ Sat-2/02 এই ২টি প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের ধীরগতি বিধায় ঠিকাদার প্রতিষ্ঠানকে মৌখিক ও লিখিতভাবে তাগিদ প্রদান করা হয়। মৌখিক ও লিখিতভাবে তাগিদ প্রদানের পর DRMEP/ Sat-2/02 প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার লক্ষ্যে নতুন করে কর্মপরিকল্পনা দাখিল করেছে এবং উক্ত প্যাকেজের কার্যক্রম প্রকল্প দপ্তর কর্তৃক নিবিড় পর্যবেক্ষণের আওতায় আছে।

DRMEP/ Sat-1/01 প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানকে মৌখিক ও লিখিতভাবে তাগিদ প্রদান করা হলেও ঠিকাদার প্রতিষ্ঠান কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। প্রকল্প দপ্তর কর্তৃক সম্পাদিত চুক্তি ও পিপিআর এর বিধি মোতাবেক DRMEP/ Sat-1/01 প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানকে গত ১১/০২/২০২৫ ও ০৩/০২/২০২৫ তারিখে ২৮ দিনের মধ্যে চুক্তি বাতিলের নোটিশ প্রদান এবং নোটিশ অনুযায়ী ২৮ দিনের মধ্যে চুক্তি বাতিল করা হয়। প্রকল্প দপ্তর কর্তৃক বাতিলকৃত DRMEP/ Sat-1/01 প্যাকেজের নতুন করে দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। প্রকল্প দপ্তর কর্তৃক উক্ত প্যাকেজের কাজ নির্ধারিত সময়ে সম্পন্নের লক্ষ্যে দ্রুত দরপত্র আহ্বান এবং দরপত্রের বৈধতার মেয়াদের মধ্যে পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণপূর্বক চুক্তি সম্পন্নের উদ্যোগ গ্রহণ করতে হবে।

এছাড়া, প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, আগামী ডিসেম্বর/২০২৫ এর মধ্যে ১০টি প্যাকেজের কাজ সমাপ্ত হবে। অবশিষ্ট ৪টি প্যাকেজসহ প্রকল্পের সন্তোষজনক সমাপ্তির লক্ষ্যে প্রকল্পের ডিপিপি সংশোধন করত মেয়াদ জুন ২০২৬ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। এছাড়া, সংশোধিত ডিপিপিতে নতুন সন্নিবেশিত অবশিষ্ট ৫টি প্যাকেজের দরপত্র বৈধতার মধ্যেই চুক্তি স্বাক্ষর কাজ সম্পন্ন করা হবে মর্মে জানান।

চুক্তির মেয়াদ বৃদ্ধির কারণ:

প্রকল্প পরিচালক কর্তৃক জানা যায়, প্রকল্পের আওতায় পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত জমি না থাকায় নদী তীরের এ্যালাইনমেন্ট নির্ধারণে সমস্যা সৃষ্টি হয়। অধিগ্রহণকৃত জমি না থাকায় প্রকল্প এলাকায় জমির মালিকদের সাথে মত বিরোধ এবং নদীর এ্যালাইনমেন্টের মধ্যে অবৈধ স্থাপনা অপসারণের পর কাজ শুরু করতে বিলম্ব হয়। এছাড়া, নদীর তীর সংরক্ষণ ও ঢাল সংরক্ষণ কাজে ব্লক নির্মাণে মিঠা পানির অভাব থাকায় ক্রয়কৃত মিঠা পানি দিয়ে সি.সি. ব্লক কাস্টিং ও অন্যান্য কাজ চলমান রাখা হচ্ছে। শ্রমিক সংকট, মালামাল পরিবহন সমস্যা, জিওব্যাগ ভর্তির জন্য স্পেসিফিকেশন অনুযায়ী বালির সহজলভ্যতা না থাকা, প্রাকৃতিক দুর্যোগ (তাপপ্রবাহ, সাইক্লোন) ইত্যাদি কারণে ঠিকাদার প্রতিষ্ঠান চুক্তির মেয়াদে কাজ সম্পন্ন করতে পারেনি বিধায় উক্ত প্যাকেজগুলোর মেয়াদ বৃদ্ধির প্রয়োজনীয়তা দেখা দেয়। সুতরাং, মাঠ পর্যায়ে প্রকল্প বাস্তবায়নে বিভিন্ন সমস্যাজনিত কারণে বাস্তবতার নিরিখে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে মর্মে জানা যায়।

ভেরিয়েশন সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা:

প্রকল্পের আওতায় DREMEP/KHU-2/02 প্যাকেজের (শিরোনাম Construction of River bank protection works along the right bank of Kurulia river from km. 1.410 to km. 2.110 =700m at Alamtala Bazar, river bank protection works along the right bank of Shibsa river from km. 18.000 to km. 18.800 = 800m at Santa Bazar, km 18.479- km 18.800 = 321 m (slope protection work), Reconstruction of 1 nos. Drainage Sluices 2V (1.50mx1.80m) at Baintala in Polder No-10/12 under Khulna O&M Division-2, BWDB, Khulna) ভেরিয়েশন অনুমোদন করা হয়েছে। ভেরিয়েশন সংক্রান্ত তথ্যাদি নিম্নে বিস্তারিত দেয়া হলো-

ভেরিয়েশন সংক্রান্ত তথ্যাদি

নং	মূল ডিপিপিতে সংস্থান (লক্ষ টাকা)	চুক্তি মূল্য (লক্ষ টাকা)	ভেরিয়েশন (লক্ষ টাকা)	ভেরিয়েশনসহ চুক্তিমূল্য (লক্ষ টাকা)	চুক্তিমূল্যর সাথে ভেরিয়েশনের শতকরা হার (বেশি)
১	২	৩	৪	৫	৬
০১	৭৪০০.০০	৫০০৪.৫১	২০৭০.৭১	৭০৭৫.২২	৪১.৩৮%

উৎসঃ প্রকল্প দপ্তর

ভেরিয়েশনের কারণ ও যৌক্তিকতা:

প্যাকেজটি বাস্তবায়ন শুরুর পূর্বে খুলনা O&M দপ্তর-২ এর প্রতিনিধি ও প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থিতিতে Pre-Work ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক যৌথ Bathymetry Survey করা হয়। যৌথ জরিপকালে বর্ণিত কাজের স্থানে অনুমোদিত নকশায় উল্লিখিত গভীরতার চেয়ে প্রায় দ্বিগুণ গভীরতা পরিলক্ষিত হয় ফলে প্যাকেজটির টেকসই বাস্তবায়নের নিমিত্ত নকশা সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেয়।

পরবর্তীতে যৌথ Bathymetry Survey এর আলোকে সংশ্লিষ্ট দপ্তরের নকশা বিভাগ হতে উক্ত কাজের সংশোধিত নকশা (নকশা নং- DWG No: DC-8-DRMEP-CI (BWDB)-152-13/13 & DC-8-DRMEP-CI (BWDB)-151-15/15, Date: 31/12/2023) প্রণয়ন করা হয়। সংশোধিত নকশা মোতাবেক প্যাকেজটির ভেরিয়েশন প্রস্তাবনা দাখিল করা হয়। সংশোধিত অনুমোদিত ডিজাইন অনুযায়ী কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় ভেরিয়েশেনের প্রয়োজন হয়, যা ছিল ভেরিয়েশনের মূল কারণ।

উক্ত প্যাকেজটির ভেরিয়েশন প্রস্তাবনা Advisors' Council Committee on Government Purchase (ACCGP) কর্তৃক অনুমোদিত হয়। ভেরিয়েশন প্রস্তাবনা ACCGP কর্তৃক অনুমোদনের পর সংশোধিত অনুমোদিত ডিজাইন অনুযায়ী কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়নের জন্য মেয়াদকাল ৩৯৬ দিন বৃদ্ধি করা হয়েছে। বাস্তবতার নিরিখে উক্ত প্যাকেজটির ভেরিয়েশন অনুমোদনের যৌক্তিকতা সঠিক ছিল মর্মে প্রতীয়মান হয়।

৩.৬.৪ প্যাকেজভিত্তিক কার্য ক্রয়ের অগ্রগতি পর্যালোচনা ও বিশ্লেষণ:

সারণি: ৩.১০ মার্চ, ২০২৫ পর্যন্ত প্যাকেজ ভিত্তিক নির্মাণ কাজের অগ্রগতি (লক্ষ টাকায়)

প্যাকেজ নং	চুক্তি স্বাক্ষর	চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ	মোট চুক্তি মূল্য (লক্ষ টাকায়)	আর্থিক অগ্রগতি (%)	বাস্তব অগ্রগতি	চুক্তি অনুযায়ী কাজ সম্পন্নের তারিখ (মেয়াদ বৃদ্ধি)	প্রকৃত কাজ সম্পাদনের সম্ভাব্য তারিখ
DRMEP/ Sat-1/01	২৮-১১-২০২২	২৯-১১-২০২২	৬৬৯.২৭	১১২.১৭ (১৬.৭৬)	২৯%	৩১-০৫-২০২৫ (৩৯৭ দিন)	চুক্তি বাতিল এবং জামানত বাজেয়াপ্ত করা হয়েছে। নতুন ঠিকাদার প্রতিষ্ঠান নিয়োগের জন্য দরপত্র প্রস্তুতকরণ প্রক্রিয়াধীন।
DRMEP/ Sat-1/02	০৬-১২-২০২২	০২-০১-২০২৩	৯৭৫২.৪৩	৩২৮৬.৬৩ (৩৩.৭০)	৩৫%	৩০-০৬-২০২৬ (৪১০ দিন)	জুন, ২০২৬ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Sat-2/01	০১-১২-২০২২	২০-০১-২০২৩	২০৯৯.৭৩	৪১৮.৪১ (১৯.৯২)	২৫%	৩১-১২-২০২৫ (৩৩৫ দিন)	ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Sat-2/02	২৮-১২-২০২২	০১-০১-২০২৩	৪০৫১.৭৭	৭৪০.২৬ (১৮.২৭)	২১%	৩০-০৬-২০২৬ (৩৬৫ দিন)	জুন, ২০২৬ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Sat-2/03	১৯-০৩-২০২৩	০১-০৪-২০২৩	৬৬৫৭.৭৪	৩৮০০.৫৯ (৫৭.০৮)	৫৯%	৩১-১২-২০২৫ (২৭৩ দিন)	ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Sat-2/04	১৯-০৩-২০২৩	০১-০৪-২০২৩	৬৪০৪.৩৭	৩৭২০.৩৭ (৫৮.০৯)	৬২%	৩১-১২-২০২৫ (২৭৩ দিন)	ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Sat-2/05	১৭-০১-২০২৪	১৫-০২-২০২৪	৭০৯২.৩৯	২৯৪৯.১০ (৪১.৫৮)	৪২%	৩১-১২-২০২৫ (২১০ দিন)	ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Sat-2/06	১৩-১২-২০২২	১৮-১২-২০২২	২৪৯৫.৮৫	১৯৪৩.১৩ (৭৭.৮৫)	৯১%	৩১-০৫-২০২৫ (৩৬৫ দিন)	জুন, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/Khu-2/01	১৫-১০-২০২৩	০১-১১-২০২৩	৭৬৩০.২২	৩৬৭৫.১৮ (৪৮.১৬)	৪৯%	৩১-১২-২০২৫ (২২০ দিন)	ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Khu-2/02	০৪-১২-২০২২	০১-০২-২০২৩	৫০০৪.৫১	১৪১০.৫২ (২৮.১৮)	২৯%	৩০-০৬-২০২৬ (৩৯৬ দিন)	জুন, ২০২৬ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Khu-2/03	১২-১১-২০২৩	০১-১২-২০২৩	৯২১৮.৫৪	৩৪২০.৩৫ (৩৭.১০)	৫৩%	৩১-১২-২০২৫ মেয়াদ বৃদ্ধি করা হয়নি	ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Khu-1/01/2021-22	২৯-০৯-২০২২	০২-১০-২০২২	৩৩২৮.৬৭	২৪২৬.৯৭ (৭২.৯১)	৭৮%	৩১-১২-২০২৫ (৩৫৪ দিন)	ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/BAG/1/Lot-1	২৬-১২-২০২২	০২-০১-২০২৩	৩৪২৫.০০	৩০৭৫.৪১ (৮৯.৭৯)	৯১%	৩০-০৬-২০২৫ (৩৪২ দিন)	জুন, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/BAG/1/Lot-2	২২-০২-২০২৩	২৩-০২-২০২৩	৫৪৪.৪৮	৫৪.৪৪ (৯.৯৯)	২%	৩১-১২-২০২৫ (৩২০ দিন)	ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।
DRMEP/ Khu-1/DRED	২৬-০৭-২০২২	২১-০৫-২০২৫	১১৪০.৩১	৯১৮.৩২ (৮০.৫৩)	৯০%	২১-০৬-২০২৫ (৩৩০ দিন)	জুন, ২০২৫ তারিখে সম্পন্ন হবে।

উৎসঃ প্রকল্প দপ্তর

পর্যালোচনা:

প্রকল্পের প্যাকেজসমূহ পর্যালোচনায় দেখা যায়, মার্চ-২০২৫ পর্যন্ত কোনো প্যাকেজের কাজ শতভাগ সম্পন্ন হয়নি। চুক্তি অনুযায়ী গত জুন,২০২৪ তারিখে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কথা থাকলেও ১৩টি প্যাকেজের বাস্তবায়ন মেয়াদকাল বর্ধিত করা হয়েছে। সরেজমিনে নির্মাণ কাজের ধীরগতি পরিলক্ষিত হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জানান, নদী তীর সংরক্ষণ ও ঢাল সংরক্ষণ কাজে ব্লক নির্মাণে মিঠা পানির অভাব থাকায় ক্রয়কৃত মিঠা পানি দিয়ে সিসি ব্লক কাস্টিং ও অন্যান্য কাজ চলমান রাখা হচ্ছে। এছাড়া শ্রমিক সংকট ও মালামাল পরিবহন সমস্যায় নির্মাণ কাজের অগ্রগতি প্রত্যাশা অনুযায়ী হচ্ছে না। প্রকৃতপক্ষে প্রকল্পের অবস্থান ভাঙন ও দুর্যোগ প্রবণ (ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ও বন্যা) অঞ্চলে। যার কারণে নদী তীর ও ঢাল সংরক্ষণ কাজের প্রায় প্রতিটি প্যাকেজেই কিছু অংশ নদীতে বিলীন হচ্ছে। ফলে নদী তীর ও ঢাল সংরক্ষণ কাজ পুনরায় করতে হচ্ছে বিধায় প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হচ্ছে। তথাপি, বাস্তবিক প্রেক্ষাপটে প্রয়োজনীয় মালামাল সংগ্রহপূর্বক আনুষঙ্গিক ব্যবস্থা নেয়া হলে শুষ্ক মৌসুমে কাজের গতি বৃদ্ধি করা যেতে পারতো। নির্মাণ কাজে প্রকল্পের নিকটবর্তী এলাকার দৈনিক হাজিরা শ্রমিকদের স্বল্প মূল্যে প্রকল্পের কাজে নিয়োজিতকরণ সম্ভব। মিঠা পানির স্বল্পতা এড়ানোর জন্য Water Reservoir Tank বাড়ানো যেতে পারলে সিসি ব্লক কাস্টিং সহজ হতো। প্রকল্পের অবশিষ্ট কাজ বাস্তবায়নে ঠিকাদার প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাসহ কাজের গতি বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

উল্লেখ্য, প্রকল্প অফিসের সর্বশেষ তথ্যমতে গত ৬-৭ মাস যাবৎ DRMEP/ Sat-1/01 ও DRMEP/ Sat-2/02 এই ২টি প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের ধীরগতি বিধায় ঠিকাদার প্রতিষ্ঠানকে মৌখিক ও লিখিতভাবে তাগিদ প্রদান করা হয়। মৌখিক ও লিখিতভাবে তাগিদ প্রদানের পর DRMEP/ Sat-2/02 প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার লক্ষ্যে নতুন করে কর্মপরিকল্পনা দাখিল করেছে এবং উক্ত প্যাকেজের কার্যক্রম প্রকল্প দপ্তর কর্তৃক নিবিড় পর্যবেক্ষণের আওতায় আছে।

কিন্তু DRMEP/ Sat-1/01 প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানকে মৌখিক ও লিখিতভাবে তাগিদ প্রদান করা হলেও ঠিকাদার প্রতিষ্ঠান কোনো পদক্ষেপ গ্রহণ করেনি। প্রকল্প দপ্তর কর্তৃক চুক্তি ও পিপিআর এর বিধি মোতাবেক DRMEP/ Sat-1/01 প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানকে গত ১১/০২/২০২৫ ও ০৩/০২/২০২৫ তারিখে ২৮ দিনের মধ্যে চুক্তি বাতিলের নোটিশ প্রদান এবং নোটিশ অনুযায়ী ২৮ দিনের মধ্যে চুক্তি বাতিল করা হয়। প্রকল্প দপ্তর কর্তৃক বাতিলকৃত DRMEP/ Sat-1/01 প্যাকেজের নতুন করে দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। নির্ধারিত সময়ে প্রকল্পের সকল কাজ সম্পন্নের লক্ষ্যে প্রকল্প দপ্তর কর্তৃক উক্ত প্যাকেজের দ্রুত দরপত্র প্রস্তুতকরণ ও দরপত্র আহ্বানের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৩.৬.৫ কার্য ক্রয়ের কেস স্টাডি-১:

প্যাকেজ নং: DRMEP/Khu-2/01 টেন্ডার আইডি নং: ৭৮৫২২৩

কার্য ক্রয়ের কেস স্টাডি

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
১	প্রকল্পের নাম	"দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ প্রকল্প (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ)"
২	মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়
৩	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং	Construction of bank protection works along the right bank of Dhaki river from km. 5.200 to km. 5.700 = 500m at Botbunia Bazar, from km. 11.750 to km. 12.100 =350m at Gainbari, from km. 14.300 to km. 14.800 =500m at Jalbunia, km. 14.300 to km 14.800 =500m (slope protection work), 100m protective work kaminibashi intake khal at Jhalbunia, River bank protection works along the right bank of Pasur river from km. 45.615 to km. 45.815/45.845 a nd 45.900 to km

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
		45.940/45.970= 300m in Polder No-31 in connection with "Disaster Risk Management Enhancement Project (Component-1, BWDB Part)" under Khulna O&M Division-2, BWDB, Khulna. DRMEP/Khu-2/01, Tender ID: 785223
৫	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
৬	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় প্রক্রিয়ার ধরন	এনসিবি
৭	দরপত্র প্রস্তুতকরণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি অনুসরণ	বিধি-২৯ অনুসরণ করা হয়েছে
৮	বিনির্দেশ প্রস্তুতকরণে পিপিআর ২০০৮-এর বিধি অনুসরণ	বিধি-২৯ অনুসরণ করা হয়েছে
৯	দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়)	১। পত্রিকার নামঃ (বাংলা): আমাদের নতুন সময়, তারিখঃ ০৬/০২/২০২৩ ২। দৈনিক জন্মভুমি, তারিখঃ ০৬/০২/২০২৩ ৩। পত্রিকার নামঃ (ইংরেজি) The Daily Observer তারিখঃ ০৬/০২/২০২৩ ৩। ওয়েবসাইট https://www.eprocure.gov.bd/resources/common/ViewTender.jsp?id=785223, তারিখঃ ০৫/০২/২০২৩
১০	দরপত্র বিক্রয় শুরু এবং শেষ তারিখ ও সময়	শুরুঃ ০৫/০২/২০২৩ শেষ তারিখঃ ২৭/০৩/২০২৩ সময়ঃ ১৭:০০
১১	বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা	১১টি
১২	প্রাপ্ত দরপত্রের সংখ্যা	৭টি
১৩	মূল্যায়ন সমাপ্তির তারিখ	২৬/০৭/২০২৩
১৪	দরপত্র খোলার তারিখ ও সময়	তারিখঃ ২৭/০৩/২০২৩, সময়ঃ ১২:০০
১৫	দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা	০২ জন
১৬	সিএস কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর	স্বাক্ষর আছে
১৭	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	২৬/০৭/২০২৩
১৮	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	০৩ জন, বহিঃ সদস্য সংখ্যাঃ ০১ জন
১৯	উপস্থিত সদস্য সংখ্যা	০৩ জন, বহিঃ সদস্য সংখ্যাঃ ০১ জন
২০	জামানত রাখা হয়েছিল কি না	জামানত রাখা হয়েছে
২১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	৪টি
২২	মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ	০৭/০৯/২০২৩
২৩	Notification of Award প্রদানের তারিখ	১৮/০৯/২০২৩
২৪	দাপ্তরিক মূল্য	৮৯,৫৬,৬৭,০০০/-
২৫	চুক্তি মূল্য	৭৬,৩০,২২,০৩৪.০০২/-
২৬	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	M. M. Builders & Engineers Ltd. House No-127 (6th Floor), Road No-10, Block-C Niketon, Gulshan-1, Dhaka-1212
২৭	চুক্তি স্বাক্ষরের তারিখ	১৫/১০/২০২৩
২৮	ডিপিপি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	৩০/০৬/২০২৫
২৯	চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ	০১/১১/২০২৩
৩০	চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	৩১/১২/২০২৫

অনুমোদিত ডিপিপির তারিখ থেকে প্রায় ১ বছর পর গত ০৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে দরপত্র আহ্বান করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণে দরপত্র বাংলা এবং ইংরেজি পত্রিকার পাশাপাশি স্থানীয় পত্রিকায়ও প্রকাশ করা হয়েছে। ডিপিপির ক্রয় পদ্ধতি অনুযায়ী বাস্তবেও OTM (NCB) এ দরপত্র আহবান করা হয়েছে।

দরপত্র বিক্রয়ের সংখ্যা ছিল ১১টি এবং প্রাপ্ত দরপত্রের সংখ্যা ০৭টি। পিপিআর-২০০৮ এর বিধি ৯৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দলিলে উল্লিখিত শর্ত, কারিগরি যোগ্যতা ও নির্ণায়কসমূহের আলোকে কৃতকার্যতা বা অকৃতকার্যতার (Pass or Fail) ভিত্তিতে কারিগরি প্রস্তাবসমূহ মূল্যায়ন করার পর দরপত্র রেসপনসিভ হয় ০৪টি।

দরপত্র উন্মুক্তকরণ সভায় দরপত্র মূল্যায়ন কমিটি কারিগরি মূল্যায়নে কৃতকার্য সকল দরদাতার আর্থিক প্রস্তাব বিধি ৯৭ অনুযায়ী উন্মুক্ত করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটি বিধি ৯৮ অনুযায়ী আর্থিক প্রস্তাব মূল্যায়নপূর্বক সর্বনিম্ন মূল্যায়িত দরদাতাকে (M. M. Builders & Engineers Ltd) নির্বাচন করা হয়। দাপ্তরিক মূল্য ছিল ৮৯,৫৬,৬৭,০০০.০০ টাকা এবং ঠিকাদার প্রতিষ্ঠানের প্রস্তাবকৃত মূল্য ছিল ৭৬,৩০,২২,০৩৪.০০২ টাকা যা দাপ্তরিক মূল্য থেকে ১৩২৬৪৪৯৬৫.৯৮ টাকা বা ১৪.৮১% কম।

পিপিআর-২০০৮ এর বিধি ১০১, ১০২ অনুযায়ী অনুমোদন সাপেক্ষে নির্বাচিত M. M. Builders & Engineers Ltd ঠিকাদার প্রতিষ্ঠানকে ১৪ দিনের মধ্যে Performance Security দাখিলসহ ২৮ দিনের মধ্যে Contract Agreement স্বাক্ষর করার জন্য গত ১৮/০৯/২০২৩ খ্রিঃ তারিখে NOA প্রদান করা হয়। NOA প্রদানের পর ঠিকাদার প্রতিষ্ঠান নির্ধারিত ব্যাংক হিসাবে Performance Security জমা করার পর ২৮ দিনের মধ্যে গত ১৫/১০/২০২৩ খ্রিঃ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। চুক্তি অনুযায়ী ৩০-০৪-২০২৫ তারিখে নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার কথা থাকলেও বর্তমানে প্যাকেজটির বাস্তব অগ্রগতি মাত্র ৪৯.০০%। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায় এ প্যাকেজের কাজ সম্পন্ন করতে ৬ মাস সময় বৃদ্ধি করা হয়েছে। সুতরাং, প্যাকেজটির নির্মাণ কাজ আগামী ডিসেম্বর, ২০২৫ তারিখে সম্পন্ন হবে। অবশিষ্ট কাজ বাস্তবায়নে ঠিকাদার প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাসহ কাজের গতি বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

কার্য ক্রয়ের কেস স্টাডি-২: প্যাকেজ নং: DRMEP/Bag/01/Lot-01

কার্য ক্রয়ের কেস স্টাডি

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
১	প্রকল্পের নাম	"দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ প্রকল্প (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ)"
২	মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়
৩	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং	(A) Construction of protective work on the right bank of Daratana (Bhairob) river from km 0.00 to km 0.400 = 400.00m at Rahimabad in Polder No-34/1 (B) Protective work at left bank of Bhairob river i) from km 11.100 to km 11.750 = 650.00m at Kuliadair , ii) from km 16.800 to km 17.000 = 200.00m at Gopalkati, iii) from km 17.130 to km 17.180 & km 17.200 to km 17.320 = 170.00m at Keshabpur in Najirpur Sub-project, Upazila Bagerhat in connection with "Disaster Risk Management Enhancement project (Component-1, BWDB Part)" under Bagerhat O&M Division, BWDB, Bagerhat. DRMEP/Bag/01/Lot-01
৫	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
৬	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় প্রক্রিয়ার ধরন	এনসিবি
৭	দরপত্র প্রস্তুত করণের ক্ষেত্রে পিপিআর ২০০৮	বিধি-২৯ অনুসরণ করা হয়েছে

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
	এর বিধি অনুসরণ	
৮	বিনির্দেশ প্রস্তুতকরণে পিপিআর ২০০৮- এর বিধি অনুসরণ	বিধি-২৯ অনুসরণ করা হয়েছে
৯	দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়)	১। পত্রিকার নামঃ (বাংলা) ভোরের কাগজ তারিখঃ ১৯-০৭-২০২২ ২। পত্রিকার নামঃ (ইংরেজি): The Daily Asian Age তারিখঃ ১৯-০৭-২০২২ ৩। পত্রিকার নামঃ (স্থানীয়) দৈনিক সুন্দরবন তারিখঃ ১৯-০৭-২০২২ ৪। ওয়েবসাইট: তারিখঃ ১৯-০৭-২০২২
১০	দরপত্র বিক্রয় শুরু এবং শেষ তারিখ ও সময়	শুরু ১৯/০৭/২০২২ ২১:০০ শেষ ২১/০৮/২০২২ ১৭:০০
১১	বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা	০৫ টি
১২	প্রাপ্ত দরপত্রের সংখ্যা	০২ টি
১৩	মূল্যায়ন সমাপ্তির তারিখ	০৯/১১/২০২২
১৪	দরপত্র খোলার তারিখ ও সময়	তারিখঃ ২২/০৮/২০২২ সময়ঃ ১২:০০
১৫	দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা	০২ জন
১৬	সিএস কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর	স্বাক্ষর আছে
১৭	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	০৯/১১/২০২২
১৮	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	০৩ জন, বহিঃ সদস্য সংখ্যাঃ ০১ জন
১৯	উপস্থিত সদস্য সংখ্যা	০৩ জন, বহিঃ সদস্য সংখ্যাঃ ০১ জন
২০	জামানত রাখা হয়েছিল কি না	১. হ্যাঁ
২১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	০২ টি
২২	মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ	০৬/১২/২০২২
২৩	Notification of Award প্রদানের তারিখ	১৩/১২/২০২২ তারিখ
২৪	দাপ্তরিক মূল্য	৩৫,১৬,৮৯০০০.০০ টাকা
২৫	চুক্তি মূল্য	৩৪,২৫,০০,০০০.০০ টাকা
২৬	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	KSA & AMEL JV
২৭	চুক্তি স্বাক্ষরের তারিখ	২৬/১২/২০২২
২৮	ডিপিপি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	০২/০১/২০২৩
২৯	চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ	২৩/০৬/২০২৪
৩০	চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	৩১/০৫/২০২৫ (৯০% অগ্রগতি)
৩১	সময় বৃদ্ধি	৩১/০৫/২০২৫ পর্যন্ত ৩৪২ দিন।

অনুমোদিত ডিপিপির তারিখ থেকে প্রায় ৪ মাস পর গত ১৯ জুলাই ২০২২ খ্রিঃ তারিখে দরপত্র আহ্বান করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণে দরপত্র বাংলা এবং ইংরেজি পত্রিকার পাশাপাশি স্থানীয় পত্রিকায়ও প্রকাশ করা হয়। ডিপিপির ক্রয় পদ্ধতি অনুযায়ী বাস্তবেও OTM (NCB) এ দরপত্র আহবান করা হয়েছে।

দরপত্র বিক্রয়ের সংখ্যা ছিল ০৫টি এবং প্রাপ্ত দরপত্রের সংখ্যা ০২টি। পিপিআর-২০০৮ এর বিধি ৯৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দলিলে উল্লিখিত শর্ত, কারিগরি যোগ্যতা ও নির্ণায়কসমূহের আলোকে কৃতকার্যতা বা অকৃতকার্যতার (Pass or Fail) ভিত্তিতে কারিগরি প্রস্তাবসমূহ মূল্যায়ন করার পর দরপত্র রেসপনসিভ হয় ০২টি।

দরপত্র উন্মুক্তকরণ সভায় দরপত্র মূল্যায়ন কমিটি কারিগরি মূল্যায়নে কৃতকার্য সকল দরদাতার আর্থিক প্রস্তাব বিধি ৯৭ অনুযায়ী উন্মুক্ত করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটি বিধি ৯৮ অনুযায়ী আর্থিক প্রস্তাব মূল্যায়নপূর্বক সর্বনিম্ন মূল্যায়িত

দরদাতাকে (KSA & AMEL JV) নির্বাচন করা হয়। দাপ্তরিক মূল্য ছিল ৩৬,০১,৮৯০০০.০০ টাকা এবং ঠিকাদার প্রতিষ্ঠানের প্রস্তাবকৃত মূল্য ছিল ৩৪,২৫,০০,০০০.০০ টাকা যা দাপ্তরিক মূল্য থেকে ১৭৬৮৯০০০.০০ টাকা বা ৪.৯১% কম।

পিপিআর-২০০৮ এর বিধি ১০১, ১০২ অনুযায়ী অনুমোদন সাপেক্ষে নির্বাচিত KSA & AMEL JV ঠিকাদার প্রতিষ্ঠানকে ১৪ দিনের মধ্যে Performance Security দাখিলসহ ২৮ দিনের মধ্যে Contract Agreement স্বাক্ষর করার জন্য গত ১৩/১২/২০২২ খ্রিঃ তারিখে NOA প্রদান করা হয়। NOA প্রদানের পর ঠিকাদার প্রতিষ্ঠান নির্ধারিত ব্যাংকে Performance Security জমা করার পর ২৮ দিনের মধ্যে গত ২৬/১২/২০২২ খ্রিঃ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়।

Contract Management:

চুক্তি অনুযায়ী ২৩/০৬/২০২৪ তারিখের মধ্যে কাজ সম্পন্ন হওয়ার কথা থাকলেও এখন পর্যন্ত নির্মাণ কাজ সম্পন্ন হয়নি। বাস্তব কাজের অগ্রগতি ৯১.০০%। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, ঘূর্ণিঝড়ের ফলে সৃষ্ট প্রতিবন্ধকতায় কাজে ব্যাঘাত, স্পেসিফিকেশন অনুযায়ী বালির সমস্যা, মিঠা পানির উৎস কম থাকায় দূর থেকে সংগ্রহ করতে হয়, নির্মাণ শ্রমিক সংকট ইত্যাদি সমস্যাজনিত কারণে নির্মাণ কাজ বিলম্বিত হচ্ছে। যার ফলে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ৩১/০৫/২০২৫ পর্যন্ত মোট ৩৪২ দিন মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। বাস্তবিক প্রেক্ষাপটে বর্ষা মৌসুমে প্রয়োজনীয় মালামাল সংগ্রহপূর্বক আনুষঙ্গিক ব্যবস্থা নেয়া হলে শুষ্ক মৌসুমে কাজের গতি বৃদ্ধি করা যেতে পারতো। নির্মাণ কাজে প্রকল্পের নিকটবর্তী এলাকার দৈনিক হাজিরা শ্রমিকদের প্রকল্পের কাজে নিয়োজিতকরণ সম্ভব। মিঠা পানির স্বল্পতা এড়ানোর জন্য Water Reservoir Tank বাড়ানো যেতে পারলে সিসি ব্লক কাস্টিং সহজ হতো। প্রকল্পের অবশিষ্ট কাজ বাস্তবায়নে ঠিকাদার প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাসহ কাজের গতি বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা আবশ্যক।

কার্য ক্রয়ের কেস স্টাডি-৩:

প্যাকেজ নং: DRMEP/Sat-2/05 **টেন্ডার আইডি নং:** ৭৯৮৬৩৮

কার্য ক্রয়ের কেস স্টাডি

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
১	প্রকল্পের নাম	"দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ প্রকল্প (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ)"
২	মন্ত্রণালয়/বিভাগ	পানি সম্পদ মন্ত্রণালয়
৩	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪	দরপত্র অনুযায়ী কাজের নাম ও লট/প্যাকেজ নং	"Construction of Protective work in between Km 0.000 to Km 0.400 = 150m (repair), Km 0.400 to Km 0.900=500m at Gabbunia, From km 1.420 to Km 1.670=250m at Gazipara, from Km 2.235 to Km 2.685=450m at Kashirhatkhola, from Km 6.900 to Km 7.100=200m at Ghatakhali, Total Length =1400m in Polder No. 13-14/2 Upazilla-Koyra, Dist.Khulna in connection with "Disaster Risk Management Enhancement Project (Component-1, BWDB Part)" under Satkhira O&M Division-2, BWDB, Satkhira during the year 2021-2022." (Package No. DRMEP/Sat-2/05, Tender ID-798638)
৫	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি
৬	অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয় প্রক্রিয়ার ধরন	এনসিবি

ক্রমিক নং	বিষয়	উত্তর/মন্তব্য
৭	দরপত্র প্রস্তুত করণের ক্ষেত্রে পিপিআর ২০০৮ এর বিধি অনুসরণ	বিধি-২৯ অনুসরণ করা হয়েছে
৮	বিনির্দেশ প্রস্তুতকরণে পিপিআর ২০০৮- এর বিধি অনুসরণ	বিধি-২৯ অনুসরণ করা হয়েছে
৯	দরপত্র প্রকাশের মাধ্যম (জাতীয়)	১। পত্রিকার নামঃ (বাংলা): দৈনিক জনকণ্ঠ, তারিখ: ০৯ মার্চ ২০২৩ ২। পত্রিকার নামঃ (ইংরেজি) : The Daily Observer, তারিখ: ০৯ মার্চ ২০২৩ ৩। ওয়েবসাইটঃ www.eprocure.go.bd তারিখ: ১২ মার্চ ২০২৩
১০	দরপত্র বিক্রয় শুরু এবং শেষ তারিখ ও সময়	শুরু: ১২ মার্চ ২০২৩ সময়: ১০.০০ am শেষ: ০৯ এপ্রিল ২০২৩, সময়: ১৭.০০ pm
১১	বিক্রয়কৃত দরপত্রের সংখ্যা	৬টি
১২	প্রাপ্ত দরপত্রের সংখ্যা	৫টি
১৩	মূল্যায়ন সমাপ্তির তারিখ	০২ আগস্ট ২০২৩
১৪	দরপত্র খোলার তারিখ ও সময়	তারিখ: ১০ এপ্রিল ২০২৩, সময়: ১১.০০ am
১৫	দরপত্র খোলার সময় উপস্থিত সদস্য সংখ্যা	২ জন
১৬	সিএস কমিটির সদস্যবৃন্দের স্বাক্ষর	স্বাক্ষর আছে
১৭	দরপত্র মূল্যায়ন কমিটির সভার তারিখ	০২ আগস্ট ২০২৩
১৮	মূল্যায়ন কমিটির সদস্য সংখ্যা	৩ জন, বহিঃ সদস্য সংখ্যা-১ জন
১৯	উপস্থিত সদস্য সংখ্যা	৩ জন, বহিঃ সদস্য সংখ্যা-১ জন
২০	জামানত রাখা হয়েছিল কি না	জামানত রাখা হয়েছে
২১	রেসপনসিভ দরপত্রের সংখ্যা	২টি
২২	মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের তারিখ	০২ আগস্ট ২০২৩
২৩	Notification of Award প্রদানের তারিখ	১৭/০১/২০২৪
২৪	দাপ্তরিক মূল্য	৭৪,৯৮,৪৪,২৯০.৬৩৪
২৫	চুক্তি মূল্য	৭০,৯২,৩৯,২৪০.৭০৪
২৬	কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের নাম	M. M. Builders & Engineers Ltd. House No-127 (6th Floor), Road No-10, Block-C Niketon, Gulshan-1, Dhaka-1212
২৭	চুক্তি স্বাক্ষরের তারিখ	১১/০২/২০২৪
২৮	ডিপিপি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	ডিসেম্বর ২০২৪
২৯	চুক্তি অনুযায়ী কাজ শুরুর তারিখ	১৫/০২/২০২৪
৩০	চুক্তি অনুযায়ী কাজ শেষ করার তারিখ	৩১/০৭/২০২৫

অনুমোদিত ডিপিপির তারিখ থেকে প্রায় ১ বছর পর গত ০৯ মার্চ ২০২৩ খ্রিঃ তারিখে দরপত্র আহ্বান করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণে দরপত্র বাংলা এবং ইংরেজি পত্রিকার পাশাপাশি স্থানীয় পত্রিকায়ও প্রকাশ করা হয়। ডিপিপির ক্রয় পদ্ধতি অনুযায়ী বাস্তবেও OTM (NCB) এ দরপত্র আহবান করা হয়েছে।

দরপত্র বিক্রয়ের সংখ্যা ছিল ০৬টি এবং প্রাপ্ত দরপত্রের সংখ্যা ০৫টি। পিপিআর-২০০৮ এর বিধি ৯৮ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্র দলিলে উল্লিখিত শর্ত, কারিগরি যোগ্যতা ও নির্ণায়কসমূহের আলোকে কৃতকার্যতা বা অকৃতকার্যতার (Pass or Fail) ভিত্তিতে কারিগরি প্রস্তাবসমূহ মূল্যায়ন করার পর দরপত্র রেসপনসিভ হয় ০২টি।

দরপত্র উন্মুক্তকরণ সভায় দরপত্র মূল্যায়ন কমিটি কারিগরি মূল্যায়নে কৃতকার্য সকল দরদাতার আর্থিক প্রস্তাব বিধি ৯৭ অনুযায়ী উন্মুক্ত করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটি বিধি ৯৮ অনুযায়ী আর্থিক প্রস্তাব মূল্যায়নপূর্বক সর্বনিম্ন মূল্যায়িত

দরদাতাকে (M. M. Builders & Engineers Ltd) নির্বাচন করা হয়। দাপ্তরিক মূল্য ছিল ৭৪,৯৮,৪৪,২৯০.৬৩৪ টাকা এবং ঠিকাদার প্রতিষ্ঠানের প্রস্তাবকৃত মূল্য ছিল ৭০,৯২,৩৯,২৪০.৭০৪ টাকা যা দাপ্তরিক মূল্য থেকে ৪০,৬০৫,০৪৯.৯৩ টাকা বা ৫.৪১% কম।
পিপিআর-২০০৮ এর বিধি ১০১, ১০২ অনুযায়ী অনুমোদন সাপেক্ষে নির্বাচিত M. M. Builders & Engineers Ltd ঠিকাদার প্রতিষ্ঠানকে ১৪ দিনের মধ্যে Performance Security দাখিলসহ ২৮ দিনের মধ্যে Contract Agreement স্বাক্ষর করার জন্য ইলেকট্রনিক্স স্বাক্ষরের মধ্যেমে গত ১৭/০১/২০২৪ তারিখে NOA প্রদান করা হয়। NOA প্রদানের পর ঠিকাদার প্রতিষ্ঠান নির্ধারিত ব্যাংক শাখায় Performance Security জমা করার পর ২৮ দিনের মধ্যে গত ১১/০২/২০২৪ তারিখে চুক্তি স্বাক্ষর করা হয়। এক্ষেত্রে ক্রয় কার্যক্রমে পিপিআর-২০০৮ এর বিধিমালা-১০২ অনুসরণ করা হয়েছে।

চুক্তি অনুযায়ী আগামী ৩১/০৭/২০২৫ তারিখে নির্মাণ সম্পন্ন করতে হবে। কিন্তু বাস্তব অগ্রগতি মাত্র ৪২.০০%। বাস্তব অগ্রগতি বিবেচনায় অবশিষ্ট কাজ চুক্তির মেয়াদে সম্পন্ন হবে না। চুক্তির নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ কাজ সম্পন্ন করতে না পারলে চুক্তির শর্তানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক এখন থেকেই ঠিকাদার প্রতিষ্ঠানকে অবশিষ্ট কাজ সম্পন্নে তাগিদ প্রদান করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.৭ প্রকল্পের উদ্দেশ্য অর্জন পর্যালোচনা:

অনুমোদিত আরডিপিপিতে ৪ X ৪ মেট্রিক্সে প্রকল্পের লগ-ফ্রেম সন্নিবেশ করা হয়েছে। সমীক্ষাকালীন মাঠ পর্যায় তথ্য ও সেকেন্ডারি উৎসের তথ্যর ভিত্তিতে লগ-ফ্রেমের লক্ষ্য, উদ্দেশ্য, আউটপুট ও ইনপুট পর্যায়ের অর্জন পর্যালোচনা ও বিশ্লেষণ করা হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি: ৩.১১ লগ-ফ্রেম অনুযায়ী প্রকল্পের অর্জন

	বর্ণনামূলক সারাংশ (Narrative Summary)	উদ্দেশ্য যাচাইযোগ্য সূচক (Objectively Verifiable Indicator)	যাচাইয়ের উপায়সমূহ (Means of Verification)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
লক্ষ্য	• নদী তীর ভাঙন, জলোচ্ছাস, বন্যা, ঝড়ের ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও লবণাক্ততার অনুপ্রবেশ এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে জীবন ও সম্পত্তির নিরাপত্তা জোরদারকরণ • উপকূলীয় ও ভাঙন প্রবণ অঞ্চলে দুর্যোগ ব্যবস্থাপনা টেকসইকরণ • দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র আকারে আর্থিক কার্যক্রমের সুরক্ষা দেয়া • টেকসই পরিবেশ নিশ্চিতকরণ	• প্রাকৃতিক দুর্যোগের মাত্রা কমানোর সাথে পোল্ডার ব্যবস্থাপনা জোরদারকরণ। • মানব সম্পদ ও প্রাকৃতিক নিরাপত্তা নিশ্চিতকরণ। • ব্যবসায়িক কার্যক্রম ত্বরান্বিত করা। • উপকূলীয় মানুষের জীবনযাত্রার উন্নতি • উপকূলীয় অঞ্চলের দুর্যোগ রোধ ও কার্যকারিতা এবং নিরাপত্তা বিধান।	• তিন বছরের জাতীয় রোলিং পরিকল্পনার মূল্যায়ন প্রতিবেদন • জাতীয় পরিবেশগত প্রতিবেদন • আঞ্চলিক/জাতীয় ব্যবসায়িক প্রতিবেদন • সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা	--
	পর্যালোচনা: প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ভাঙন প্রবণ মোট ১১,৬৭,৯৫৭ একর এলাকা রক্ষা এবং ৯২,১০১ একর স্থায়ী ফসলি জমি লবণাক্ততা ও জলাবদ্ধতা মুক্ত রাখা এবং নদী তীর ভাঙন, জলোচ্ছাস, বন্যা, ঝড়ের ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও লবণাক্ততার অনুপ্রবেশ এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে জীবন ও সম্পত্তির নিরাপত্তা জোরদারকরণ। প্রকল্পভুক্ত এলাকার উপকারভোগিদের ৭৩.১০% এর মতে তাঁদের এলাকা নদী ভাঙন এর জন্য ঝুঁকিপূর্ণ। এছাড়া, ৬৫.৭০% এর মতে জলোচ্ছাস, ৫৬.০০% এর মতে ঘূর্ণিঝড়, ৪৩.৬০% এর মতে বন্যা এবং ১০.৮০% এর মতে তাঁদের এলাকায় জলাবদ্ধতা, খড়া এবং অতিবৃষ্টি ও অনাবৃষ্টি ইত্যাদি দুর্যোগের জন্য ঝুঁকিপূর্ণ। এসকল প্রাকৃতিক দুর্যোগে তাঁদের প্রতি বছর অনেক ক্ষয়ক্ষতি হয়। এছাড়া, সপ্তম পরিকল্পনা মেয়াদে দুর্যোগ ব্যবস্থাপনার সামগ্রিক লক্ষ্য হলো গরিবদের স্থিতিস্থাপকতা বিনির্মাণসহ ভূ-জলীয় আবহাওয়া, পরিবেশগত অভিঘাত, মনুষ্যসৃষ্ট দুর্যোগ, প্রকাশমান ঝুঁকি ও জলবায়ু সংশ্লিষ্ট চরম আঘাতজনিত ভঙ্গুরতা থেকে তাঁদের রক্ষা করা। প্রকল্পের কার্যক্রম লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ পরিলক্ষিত হয়েছে।			

	বর্ণনামূলক সারাংশ (Narrative Summary)	উদ্দেশ্য যাচাইযোগ্য সূচক (Objectively Verifiable Indicator)	যাচাইয়ের উপায়সমূহ (Means of Verification)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
উদ্দেশ্য	• নদীর তীর ভাঙন প্রশমিত করা • ঘূর্ণিঝড় থেকে উপকূলীয়দের আর্থিক ক্ষয়ক্ষতি কমাতে জলোচ্ছাস, বন্যা, লবণাক্ততা অনুপ্রবেশ রোধ এবং ড্রেনেজ নির্মাণ • সরকারি ও বেসরকারি সম্পত্তি এবং প্রাকৃতিক সম্পদের নিরাপত্তা • দরিদ্র জনগোষ্ঠীর জন্য টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন	• প্রায় ৬৬৪১.৩৩ কোটি টাকার সরকারি ও বেসরকারি সম্পত্তির নিরাপত্তা নিশ্চিত করা • ৯২১০১ একর কৃষি জমির নিরাপত্তা নিশ্চিত করা। • প্রকল্প এলাকার ভাঙন রোধ করার জন্য সুরক্ষা বর্ধিত করা। FIRR- EIRR- 28.74%	• সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের চিঠি। • সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রতিবেদন • কর্মক্ষমতা মূল্যায়ন এবং মান নিয়ন্ত্রণ • IMED মূল্যায়ন প্রতিবেদন • নির্বাহী প্রকৌশলী সম্পর্কিত ফিল্ড অফিসের রিপোর্ট	• ক্ষতিগ্রস্ত ও সচেতন এলাকাবাসীর সক্রিয় অংশগ্রহণ। • প্রয়োজনীয় কাঠামোর ব্যবহারের সুবিধা প্রদান। • যথাযথ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ।
	পর্যালোচনা: সমীক্ষার আওতায় শতভাগ (১০০%) উত্তরদাতা মনে করেন, প্রকল্প বাস্তবায়ন হলে তাঁদের পরিবারের উপকার হবে। উপকারভোগি ৯২.৪২% এর মতামত অনুযায়ী বসতভিটা ও জমি ভাঙন রোধ হবে, ৭৪.৪৫% এর মতে ফসল উৎপাদন বৃদ্ধি, ৬৯.২৬% মতে কৃষকদের ফসল নষ্ট হওয়া হ্রাস, ৪৭.৮৩% এর মতে জলাবদ্ধতা রোধ হবে, ৪২.৬৪% এর মতে মৎস্য চাষে ক্ষয়ক্ষতি কম হবে, ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে বলে মতামত প্রদান করেন। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে নদী তীর ভাঙন, জলোচ্ছাস, বন্যা, ঝড়ের ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও লবণাক্ততার অনুপ্রবেশ এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে জীবন ও সম্পত্তির নিরাপত্তা জোরদারকরণ। উপকারভোগীদের শতভাগ (১০০%) জানিয়েছেন প্রকল্প বাস্তবায়ন হলে নদী তীরের ভাঙন রোধ হবে। এছাড়া, সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকের প্রতিবেদনসহ অন্যান্য প্রতিবেদন পাওয়া গিয়েছে। ক্ষতিগ্রস্ত ও সচেতন এলাকাবাসী সক্রিয়ভাবে প্রকল্পের কার্যক্রমে অংশগ্রহণ করেছেন।			
আউটপুট	• নদীর তীর সংরক্ষণ কাজ • ঢাল সংরক্ষণ কাজ • নিষ্কাশন স্লুইস পুনঃনির্মাণ/প্রতিস্থাপন • সেচ ও নিষ্কাশন কাঠামো(নিষ্কাশন স্লুইস মেরামত • নদী/খাল খনন (ড্রেজিং)	• ১৭.১৩৭ কি:মি: • ৩.৩৪৭ কি:মি: • ৫টি • ২টি • ৬.৪ কি:মি: বাস্তব অগ্রগতি • সময়সূচী অনুযায়ী ১০০% • ২০২৫ সালের জুনের মধ্যে ভৌত কাজ সম্পন্ন।	• পর্যবেক্ষণ প্রতিবেদন এবং অগ্রগতি প্রতিবেদন • মাঠ পর্যায় হতে প্রাপ্ত রিপোর্ট	• প্রয়োজনীয় ADP বাজেট বরাদ্দ এবং সময়মতো তহবিল প্রাপ্যতা নিশ্চিত করা • অনুমোদিত নকশা বাস্তবায়ন
	পর্যালোচনা: সমীক্ষাকালীন সময় পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫৬% যা প্রকল্প মেয়াদের তুলনায় কম। প্রকল্পটি জুন ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন হওয়ার কথা। নদী তীর সংরক্ষণ কাজের অগ্রগতি, ঢাল সংরক্ষণ কাজ, নিষ্কাশন স্লুইস পুনঃনির্মাণ/প্রতিস্থাপন, সেচ ও নিষ্কাশন কাঠামো অনুমোদিত নকশা অনুযায়ী মাঠ পর্যায়ে কাজ বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ ও ছাড়ে কোনো প্রতিবন্ধকতা নেই।			

	বর্ণনামূলক সারাংশ (Narrative Summary)	উদ্দেশ্য যাচাইযোগ্য সূচক (Objectively Verifiable Indicator)	যাচাইয়ের উপায়সমূহ (Means of Verification)	গুরুত্বপূর্ণ অনুমান (Important Assumptions)
নির্মাণ	• দক্ষ জনশক্তি এবং অদক্ষ শ্রমিক • প্রাক-নির্মাণ কার্যক্রম • দক্ষ প্রকৌশলী এবং অন্যান্যদের নিয়োগ • নির্মাণ কাজের উপকরণ (সিসি ব্লক, জিওব্যাগ, জিও শিট ইত্যাদি)	• কাজের অগ্রগতি • অনুমোদিত ডিজাইন ,চুক্তির নথিতে স্পেসিফিকেশন দেওয়া হয়েছে • সিসি ব্লক: ৪৫সে:মি: x ৪৫সে:মি: x ৪৫ সে:মি: ১৩৯০২৯৬টি ৩৫সে:মি: x ৩৫সে:মি: x ৩৫ সে:মি: ১৭৯০৯৯৪টি ৫০সে:মি: x ৫০সে:মি: x ২০ সে:মি: ১২০৩৫৩৪টি ৪০সে:মি: x ৪০সে:মি: x ২০ সে:মি: ১২০৮৫৩টি ৪০সে:মি: x ৪০সে:মি: x ৪০ সে:মি: ৫৪২৭০৮টি ৩০সে:মি: x ৩০সে:মি: x ৩০ সে:মি: ৭৮২১৭৫টি জিও ব্যাগ :১৯৪৭৪০৪টি	• প্রকল্পের ডিপিপি • ফিল্ড যাচাইকরণ • নির্বাহী প্রকৌশলী এবং উপ-বিভাগীয় প্রকৌশলী এর ফিল্ড রিপোর্ট • মেজারমেন্ট বুক • পিপিআর - ২০০৮	• প্রকল্পের ডিপিপি অনুমোদন • দক্ষ জনশক্তির প্রাপ্যতা • বিদ্যমান নিয়ম ও নির্দেশিকা
	পর্যালোচনা: অগ্রগতি দেয়া হলো- ৪৫সেমি x ৪৫সেমি x ৪৫ সেমি : ৮৩৮টি (০.০৬%) ৩৫সেমি x ৩৫সেমি x ৩৫ সেমি : ৪৫৬৮৮৪৬টি (৩৯.২০%) ৫০সেমি x ৫০সেমি x ২০ সেমি: ১০৬১৪২৪টি (৮৮.১৯%) ৪০সেমি x ৪০সেমি x ২০ সেমি: ১৩০৬২টি (১০.৮০%) ৪০সেমি x ৪০সেমি x ৪০ সেমি: ১৮১২টি (০.৩৩%) ৩০সেমি x ৩০সেমি x ৩০ সেমি: ০০ সমীক্ষাকালে দেখা যায় যে, ৩৫সেমি x ৩৫সেমি x ৩৫ সেমি এবং ৫০সেমি x ৫০সেমি x ২০ সেমি সাইজের ব্লকের ব্যবহার বেশি করা হয়েছে। এখন পর্যন্ত ৩০সেমি x ৩০সেমি x ৩০ সেমি সাইজের ব্লক ব্যবহার করা হয়নি। ডিপিপি অনুযায়ী ১৭৫ কেজির জিও ব্যাগ প্ল্যাসিং ও ডাম্পিং কাজ চলমান রয়েছে। প্রকল্পের ডিপিপি, নির্বাহী প্রকৌশলী এবং উপ-বিভাগীয় প্রকৌশলী এর ফিল্ড রিপোর্ট পাওয়া গিয়েছে এবং পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণ করা হয়েছে। কিন্তু গুরুত্বপূর্ণ অনুমান দক্ষ জনশক্তির প্রাপ্যতা সঠিক ছিল না। প্রকল্পের নির্মাণ কাজে জনশক্তির অভাবে নির্মাণ কাজ বিঘ্ন ঘটছে।			

৩.৮ আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ:

প্রকল্প গ্রহণের সময় মূল ডিপিপিতে আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ করা হয়েছে। নিম্নে BCR, IRR এবং NPV সংক্ষেপে দেয়া হলো-

Financial **এবং** Economical Analysis **নিম্নরূপঃ**

বর্ণনা	বিশ্লেষণ (১৫ %)	আর্থিক	অর্থনৈতিক
মূল ডিপিপি অনুযায়ী	**NPV**	**৪১০৬৩.২০**	**৪৪০১৮.০২**
	BCR	**২.১৮**	**২.৫৪**
	IRR	**২৫.১৫ %**	**২৮.৭৪%**

(Assumptions):

প্রকল্পে নিম্ন বর্ণিত অনুমিত শর্তসমূহের উপরে ভিত্তি করে সারণি আকারে বিশ্লেষণ করা হয়েছে-

১. প্রকল্পের Discounting rate ১৫% হিসেবে ধরা হয়েছে;
২. প্রকল্পের Life time বিবেচনা করা হয়েছে ৩০ বছর তন্মধ্যে প্রকল্পের সম্পূর্ণ সুবিধাসমূহ ৫ বছর হতে বিবেচনায় নেয়া হয়েছে;
৩. রূপান্তর ফ্যাক্টর (Conversion Factor) ০.৯০২ বিবেচনা করা হয়েছে;

প্রকল্পের Discounting rate ১৫% হিসেবে ধরা হয়েছে যা সাধারণত ১২% হারে ধরা হয়। এ প্রকল্পের BCR এবং IRR বর্তমান সুদ হার ১০% এর বেশি। আর্থিক নিট প্রেজেন্ট ভ্যালু (NPV) লাভজনক এবং আর্থিক বেনিফিট কস্ট রেশিও (BCR) ২.১৮:১.০০। এছাড়া, অর্থনৈতিক দিক থেকেও নিট প্রেজেন্ট ভ্যালু (NPV) লাভজনক এবং অর্থনৈতিক বেনিফিট কস্ট রেশিও (BCR) ২.৫৪:১.০০। প্রকল্পটি আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণের উপর ভিত্তি করে বাস্তবায়িত হচ্ছে। চলমান প্রকল্প বিধায় প্রকল্পের আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ করা যায়নি।

৩.৯ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পর্যালোচনা:

দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ প্রকল্পটির মূলত ৩টি কম্পোনেন্ট রয়েছে, তন্মধ্যে কম্পোনেন্ট-১ হচ্ছে বাপাউবো'র অংশ। দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ প্রকল্পটি গ্রহণের পূর্বে নভেম্বর, ২০১৫ তারিখে জাইকা কর্তৃক নিয়োগকৃত CTI Engineering International Co,. Ltd. Ingerosec Corporation Oriental Consultants Global Co., Ltd. প্রতিষ্ঠান দ্বারা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা করা হয়েছে। উক্ত প্রতিবেদনে প্রকল্পের সম্ভাব্য ব্যয়, প্রকল্পের কার্যক্রম, প্রকল্প এলাকার ম্যাপ, প্রকল্প বাস্তবায়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত তথ্য সংযোজন করা হয়েছে। তবে, সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনে চার্টের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ২০১৫ সালে থেকে ২০২২ পর্যন্ত দেখানো হয়েছে। কিন্তু বাস্তবে দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ) প্রকল্পটি গত ২৩/১১/২০২১ তারিখে অনুমোদিত হয়। অর্থাৎ, প্রায় ৭ (সাত) বছর পর ডিপিপি অনুমোদিত হয়। সুতরাং, উক্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের বাস্তবায়ন মেয়াদের পরিকল্পনার সাথে প্রকল্পের প্রকৃত বাস্তবায়নের মেয়াদের সাদৃশ্য পরিলক্ষিত হয়নি।

প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, প্রকল্প গ্রহণের পূর্বে কারিগরি প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে বাপাউবো কর্তৃক ৭ জন বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গত জানুয়ারি, ২০১৯ তারিখে উক্ত কমিটি কর্তৃক জলাবদ্ধতা কবলিত এলাকা পরিদর্শন, পর্যবেক্ষণ, স্থানীয় জন-প্রতিনিধি, ভুক্তভোগীদের সাথে আলোচনা এবং মাঠ পর্যায়ে প্রাপ্ত তথ্য-উপাত্তের ভিত্তিতে চূড়ান্ত কারিগরি প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। কারিগরি প্রতিবেদনটি পর্যালোচনায় দেখা যায় যে, নদী তীর সংরক্ষণ কাজের পরিমাণ, নদীর নাম ও স্থান, ড্রেজিং কাজ, টেকসইকরণ, আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ, আর্থ-সামাজিক উন্নয়ন, পরিবেশগত প্রভাব, প্রকল্প এলাকার ইনডেক্স ম্যাপ ইত্যাদি সন্নিবেশ করা হয়েছে। উক্ত কারিগরি প্রতিবেদন অনুযায়ী পরবর্তীতে ডিপিপি প্রণয়ন করা হয়েছে। কিন্তু বাস্তবে প্রকল্প বাস্তবায়নে নানাবিধ চ্যালেঞ্জের কারণে উক্ত কারিগরি প্রতবেদনে উল্লিখিত বাস্তবায়নের মেয়াদ অনুসরণ করা যায়নি।

৩.১০ প্রকল্প ব্যবস্থাপনা পর্যালোচনা:

প্রকল্প বাস্তবায়নে সুষ্ঠু প্রকল্প ব্যবস্থাপনা অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমীক্ষাকালীন প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, পিআইসি ও পিএসসি সভা আয়োজন ও সুপারিশ বাস্তবায়ন, অডিট আপত্তি ইত্যাদি বিষয়ে নিম্নে আলোচনা করা হলো-

৩.১০.১ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা:

প্রকল্পের আওতায় পূর্ণকালীন প্রকল্প পরিচালক দায়িত্বে রয়েছেন। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি ৩.১২ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যাদি

ক্রঃ নং	প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বের প্রকৃতি (পূর্ণকালীন/ অতিরিক্ত)	দায়িত্বকাল		একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা?
				হইতে	পর্যন্ত	
০১	জনাব বিদ্যুৎ কুমার সাহা	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত	২৬-১২-২০২১ খ্রি.	০২-১২-২০২৩ খ্রি.	হ্যাঁ
০২	জনাব মোহাম্মদ আরিফুজ্জামান ভূইয়া	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড তত্ত্বাবধায়ক প্রকৌশলী	পূর্ণকালীন	০৩-১২-২০২৩ খ্রি.	বর্তমান	না

উৎসঃ প্রকল্প অফিস

ডিপিপি/আরডিপিপির অর্গানোগ্রাম অনুযায়ী বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের তত্ত্বাবধায়ক প্রকৌশলী পূর্ণকালীন দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছে। "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে পূর্ণকালীন প্রকল্প পরিচালক থাকা অবশ্যক। এ প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৫০ কোটি টাকার উর্ধ্বে। সুতরাং, প্রকল্প বাস্তবায়নে পরিপত্র অনুযায়ী পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে। পূর্ণকালীন প্রকল্প পরিচালক থাকায় প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত হচ্ছে। কিন্তু প্রকল্পের আওতায় ১ম প্রকল্প পরিচালক অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। এক্ষেত্রে সরকারি পরিপত্রের বিধান লঙ্ঘন হয়েছে।

৩.১০.২ প্রকল্পের জনবল নিয়োগ

নিম্নে প্রকল্পের জনবল সম্পর্কিত তথ্যাদি প্রদান করা হলো-

সারণি ৩.১৩- প্রকল্পের জনবল সম্পর্কিত তথ্যাদিঃ

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী পদের নাম	নিয়োগের ধরন	ডিপিপি অনুযায়ী (সংখ্যা)	বর্তমানে কর্মরত	খালি পদের সংখ্যা
১	২	৪	৩	৫	৬
১	প্রকল্প পরিচালক/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী	প্রেষণ	০১	০১	০
২	নির্বাহী প্রকৌশলী (পুর)/ উপ-প্রকল্প পরিচালক	প্রেষণ	০১	০১	০
৩	সহকারী প্রকৌশলী (পুর)	প্রেষণ	০২	০১	০১
৪	গবেষণা কর্মকর্তা (সমাজ বিজ্ঞান)	অতিরিক্ত দায়িত্ব	০১	-	০১
৫	হিসাবরক্ষণ কর্মকর্তা	প্রেষণ	০১	-	০১
৬	উপ-সহকারী প্রকৌশলী (পুর)	প্রেষণ	০১	০১	০
৬	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	আউটসসোর্সিং	০১	০১	০
৭	গাড়ী চালক (যানবাহন)	আউটসসোর্সিং	০৩	০৩	০
৮	স্পীডবোট ড্রাইভার	আউটসসোর্সিং	০২	০২	০
৯	অফিস সহায়ক	আউটসসোর্সিং	০১	০১	০
১০	নিরাপত্তা প্রহরী	আউটসসোর্সিং	০১	০১	০
১১	পরিছন্নতাকর্মী	আউটসসোর্সিং	০১	০১	০
উপ-মোট			**১৬**	**১৩**	**৩**
পিআইইউ মাঠ দপ্তর (০৫ টি)					
১২	নির্বাহী প্রকৌশলী (পুর)	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০
১৩	উপ-বিভাগীয় প্রকৌশলী (পুর)	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০
১৪	সহকারী প্রকৌশলী (পুর)	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০

ক্রঃ নং	ডিপিপি অনুযায়ী পদের নাম	নিয়োগের ধরন	ডিপিপি অনুযায়ী (সংখ্যা)	বর্তমানে কর্মরত	খালি পদের সংখ্যা
১	২	৪	৩	৫	৬
১৫	উপ-সহকারী প্রকৌশলী (পুর)	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০
১৬	উপ-সহকারী প্রকৌশলী (প্রাক্কলনিক)	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০
১৭	উর্দ্ধতন হিসাব সহকারী	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০
১৮	অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০
১৯	গাড়ীচালক (যানবাহন)	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০
২০	কার্যসহকারী	অতিরিক্ত দায়িত্ব	২০	২০	০
২১	অফিস সহায়ক	অতিরিক্ত দায়িত্ব	০৫	০৫	০
উপ-মোট			**৭০**	**৭০**	**০**
সর্বমোট			**৮৬**	**৮৩**	**০৩**

উৎসঃ প্রকল্প অফিস

ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় মোট ৮৬ জন জনবলের নিয়োগ করার উল্লেখ রয়েছে। সমীক্ষাকালীন সময় পর্যন্ত ৮৩ জন জনবল নিয়োগ করা হয়েছে। অবশিষ্ট ০৩ জন (সহকারী প্রকৌশলী (পুর)-১, গবেষণা কর্মকর্তা (সমাজ বিজ্ঞান)-১ এবং হিসাবরক্ষণ কর্মকর্তা-১) জনবল নিয়োগ করা হয়নি। তন্মধ্যে, ২ জন প্রেষণে (সহকারী প্রকৌশলী ও হিসাবরক্ষণ কর্মকর্তা) পদায়নের উল্লেখ রয়েছে। বাপাউবো কর্তৃক প্রেষণে নিয়োজিত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্পের হিসাবরক্ষণের কাজ করে যাচ্ছে। সুতরাং, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ডিপিপি অনুযায়ী অবশিষ্ট জনবল পদায়নের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

৩.১০.৩ পিআইসি ও পিএসসি সভা সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা ও বিশ্লেষণ:

প্রকল্প বাস্তবায়নকালে কতটি পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে তার বিস্তারিত তথ্যাদি নিম্নে দেয়া হলো-

পিআইসি ও পিএসসি সভা বাস্তবায়ন সংক্রান্ত

ক্রঃ নং	সভার নাম	ডিপিপি অনুযায়ী সময়ের ধরন	ডিপিপি অনুযায়ী মোট লক্ষ্যমাত্রা	জুন/২০২৪ পর্যন্ত অর্জন	চলতি বছরের লক্ষ্যমাত্রা	চলতি বছরের অর্জন	মোট অর্জন
১	প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)	৩ মাস অন্তর অন্তর	১৬ টি	৩ টি	০৪টি	২টি	৫টি
২	প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি)	৩ মাস অন্তর অন্তর	১৬ টি	২ টি	০৪টি	১টি	৩টি

সর্বশেষ পিএসসি সভা অনুষ্ঠানের তারিখ, গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নের অগ্রগতি নিম্নে দেয়া হলো-

ক্রমিক নম্বর	তারিখ	পিএসসি সভার গৃহীত সিদ্ধান্তসমূহ	সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপসমূহ	মন্তব্য
১	২৩ জানুয়ারি, ২০২৫	পানি সম্পদ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং কর্তৃক প্রস্তাবিত ভেরিয়েশন সম্পর্কে পিপিআর ও গাইডলাইন অনুযায়ী ACCGP এর অনুমোদন গ্রহণ করতে হবে।	সিদ্ধান্ত মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় থেকে ভেরিয়েশন প্রস্তাব ACCGP তে পাঠানো হয়েছে এবং ভেরিয়েশন অনুমোদন হয়েছে।	সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ভেরিয়েশন অনুমোদন করা হয়েছে।
২		BWDB কর্তৃক মাঠ পর্যায়ে নিয়মিত মনিটরিং এর নিমিত্ত মোটরযান বরাদ্দের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে	বোর্ডের পরিবহন দপ্তরে গাড়ি বরাদ্দের জন্য প্রকল্প পরিচালক কর্তৃক চাহিদাপত্র দেয়া হয়েছে। গাড়ি বরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন।	সিদ্ধান্ত মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

উৎসঃ প্রকল্প অফিস

সর্বশেষ পিআইসি সভা অনুষ্ঠানের তারিখ, গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়নের অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ-

ক্রমিক নম্বর	তারিখ	পিআইসি সভার গৃহীত সিদ্ধান্তসমূহ	সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপসমূহ	মন্তব্য
৩	২৫-০৯-২০২৪	ক) প্রকল্পের কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের অবশিষ্ট কাজসমূহের অগ্রগতি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।	ক) প্রকল্পের কাজের গুণগত মান বজায় রেখে প্রকল্পের অবশিষ্ট কাজসমূহের অগ্রগতি বৃদ্ধির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	অধিকাংশ ক্ষেত্রেই গুণগতমান বজায় রয়েছে। তবে প্রকল্পের অগ্রগতি ত্বরান্বিত হয়নি।
		খ) প্রকল্পের অপেক্ষাকৃত কম অগ্রগতির প্যাকেজসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে নির্ধারিত সময়ের মধ্যে প্যাকেজসমূহের কাজ সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	খ) প্রকল্পের অপেক্ষাকৃত কম অগ্রগতির প্যাকেজসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে নির্ধারিত সময়ের মধ্যে প্যাকেজসমূহের কাজ সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	ইতোমধ্যে ১টি প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তি বাতিল করা রয়েছে।
		গ) প্রকল্পের চলমান বিভিন্ন প্যাকেজের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বোর্ডে দাখিল করতে হবে।	গ) ইতোমধ্যে প্রকল্পের চলমান বিভিন্ন প্যাকেজের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বোর্ডে দাখিল করা হয়েছে।	সময়ভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী কাজ বাস্তবায়ন হয়নি।
		ঘ) ঘূর্ণিঝড় 'রিমাল' এ ক্ষতিগ্রস্ত খুলনা, সাতক্ষীরা এবং বাগেরহাট জেলার ক্ষতিগ্রস্ত পোল্ডারসমূহের জরুরি মেরামত কাজে GoB হতে অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রস্তাব করে পানি সম্পদ মন্ত্রণালয়ের ক্ষমতার মধ্যে রেখে প্রকল্পের ডিপিপি ১ম সংশোধনের উদ্যোগ নিতে হবে। ডিপিপির ১ম সংশোধন অনুমোদনের পর JICA হতে অতিরিক্ত প্রকল্প সাহায্য প্রাপ্তি সাপেক্ষে ডিপিপির ২য় সংশোধনীর উদ্যোগ নিতে হবে। ডিপিপির ১ম সংশোধন অনুমোদন হলে তা অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD) কে অবহিত করতে হবে।	ঘ) ঘূর্ণিঝড় 'রিমাল' এ ক্ষতিগ্রস্ত খুলনা, সাতক্ষীরা এবং বাগেরহাট জেলার ক্ষতিগ্রস্ত পোল্ডারসমূহের জরুরি মেরামত কাজে GoB হতে অতিরিক্ত অর্থ বরাদ্দ প্রস্তাব করে পানি সম্পদ মন্ত্রণালয়ের ক্ষমতার মধ্যে রেখে প্রকল্পের ডিপিপি ১ম সংশোধনের উদ্যোগ নেয়া হয়েছে। পানিসম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০০.০০০০.০৩৬.১৪.০০১.২২. ৩৮৩, তারিখ ২১/১১/২০২৪ খ্রিঃ মোতাবেক পানিসম্পদ মন্ত্রণালয় এবং বাপাউবো কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। কমিটি গত ১৩-১৫ ডিসেম্বর/২০২৪ সরেজমিনে ৩টি জেলার ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত বেড়িবাঁধ/পোল্ডারসমূহ পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের একটি প্রতিবেদন গত ০২ জানুয়ারি, ২০২৪ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। দাখিলকৃত প্রতিবেদনে কমিটি কর্তৃক সংশোধিত ডিপিপি তে নতুন অন্তর্ভুক্ত ক্ষতিগ্রস্ত পোল্ডারসমূহ দ্রুত মেরামতের সুপারিশ করা হয়।গত ১৬-০১-২০২৫ খ্রিঃ তারিখ এ সংক্রান্ত একটি যাচাই সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটির মাঠ পর্যায়ের পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে ঘূর্ণিঝড় 'রিমালে' ক্ষতিগ্রস্ত বাঁধসমূহ মেরামতের ব্যয় জিওবি হতে নতুন বরাদ্দ সংযোজনকরত তা অনুমোদনের নিমিত্ত বিবেচনার্থে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত মোতাবেক ডিপিপি পুনর্গঠন প্রক্রিয়াধীন। ডিপিপির ১ম সংশোধন অনুমোদনের পর JICA	সিদ্ধান্ত অনুযায়ী কমিটি গঠনপূর্বক প্রকল্পের কাজ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। ডিপিপির ১ম সংশোধনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

ক্রমিক নম্বর	তারিখ	পিআইসি সভার গৃহীত সিদ্ধান্তসমূহ	সিদ্ধান্ত বাস্তবায়নের পদক্ষেপসমূহ	মন্তব্য
			হতে অতিরিক্ত প্রকল্প সাহায্য প্রাপ্তি সাপেক্ষে ডিপিপির ২য় সংশোধনীর উদ্যোগ গ্রহণ করা হবে এবং ডিপিপির ১ম সংশোধন অনুমোদন হলে তা অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ERD) কে অবহিত করা হবে।	

উৎসঃ প্রকল্প অফিস

অনুমোদিত ডিপিপিতে ৩ মাস অন্তর পিআইসি ও পিএসসি সভা আয়োজনের উল্লেখ রয়েছে। সুতরাং, প্রকল্প মেয়াদে মোট ১৬টি করে পিআইসি ও পিএসসি সভা আয়োজন করতে হবে। সমীক্ষাকালীন পর্যন্ত ৫টি পিএসসি এবং ৩টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অনুকূলে নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজন হয়নি। তবে, যে কয়টি সভা আয়োজিত হয়েছে উক্ত সভাসমূহের সিদ্ধান্তগুলো অধিকাংশ বাস্তবায়ন করা হচ্ছে।

৩.১০.৪ বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভার সিদ্ধান্ত পর্যালোচনা

গত ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পের মেয়াদকাল ৬ মাস বৃদ্ধি করে (জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ এর পরিবর্তে জানুয়ারি, ২০২২ হতে জুন, ২০২৬) ও মোট ব্যয় ৩৯৭২.৫০ লক্ষ টাকা বৃদ্ধি করে ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা (জিওবি: ২৪১৬৭.২৮ ও পিএ ৫৫৫৮৫.৯৪ লক্ষ (JICA ঋণ সহায়তা) ব্যয় সম্বলিত প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাব অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। উক্ত সভায় চলমান প্রকল্প বিষয়ে কয়েকটি সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত/সুপারিশসমূহ নিম্নে দেয়া হলো

ক্রমিক নং	ডিপিইসি সভার সিদ্ধান্ত/সুপারিশসমূহ
০১	প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৯৭২.৫০ লক্ষ টাকা বৃদ্ধি করে সর্বমোট ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা (জিওবি: ২৪১৬৭.২৮ ও পিএ ৫৫৫৮৫.৯৪ লক্ষ (JIGA ঋণ সহায়তা) করার সুপারিশ করা হলো।
০২	প্রকল্পের বাস্তবায়নকাল ৬ মাস (জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ এর পরিবর্তে জানুয়ারি, ২০২২ হতে জুন, ২০২৬) বৃদ্ধি করার সুপারিশ করা হলো।
০৩	অনলাইন ভিত্তিক ব্যয় ব্যবস্থাপনা IBAS++ এর সহিত সামঞ্জস্য রাখার স্বার্থে ৫টি কোড (পরিবেশগত ছাড়পত্র ফি অঙ্গে ১৪২২৩১৯ এর পরিবর্তে ৩২২১১২১ কোড, যাতায়াত ভাতা অঙ্গে ৩১১১৩০২ এর পরিবর্তে ৩২১১১৩০ কোড: সম্মানী (বিভিন্ন কমিটির জন্য) ও সম্মানী (মধ্যবর্তী মূল্যায়নের জন্য) অঙ্গে ৩১১১৩৩২ এর পরিবর্তে ৩২৫৭২০৬ কোড; অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয় (বাপাউবো) অঙ্গে ৩২৪১১০১ এর পরিবর্তে ৩২৪৪১০১ কোড এবং অন্যান্য স্থাপনা (ঘাটলা) অঙ্গে ৫১১১১০৩ এর পরিবর্তে ৪১১১৩১৭ কোড) সংশোধন করার সুপারিশ করা হলো।
০৪	মোট ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা (জিওবি ২৪১৬৭.২৮ ও পিএ ৫৫৫৮৫.৯৪ লক্ষ (JICA ঋণ সহায়তা) প্রাক্কলিত বায়ে জানুয়ারি, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত মেয়াদ সম্বলিত Disaster Risk Management Enhancement Project (Component 1. BWDB Part)' শীর্ষক বাস্তবায়নাধীন প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি 'সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ অনুমোদন ও সংশোধন নির্দেশিকা" জুন, ২০২২ পরিপত্রের ৪.২.১ নং অনুচ্ছেদ অনুসারে মাননীয় উপদেষ্টা কর্তৃক চূড়ান্ত অনুমোদন গ্রহণের নিমিত্ত সুপারিশ করা হলো।

উৎসঃ প্রকল্প অফিস

বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভার সুপারিশ অনুযায়ী প্রকল্পটির মেয়াদ ৬ মাস এবং মোট ব্যয় ৩৯৭২.৫০ লক্ষ টাকা বৃদ্ধি করে ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা (জিওবি: ২৪১৬৭.২৮ ও পিএ ৫৫৫৮৫.৯৪ লক্ষ (JICA ঋণ সহায়তা) ব্যয় সম্বলিত প্রকল্পের ১ম সংশোধনী অনুমোদিত হয়। সুতরাং, প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সম্পন্নকরণে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা অনুসরণপূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৩.১০.৫ অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা:

অডিট আপত্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে দেয়া হলো-

সারণি: ৩.১৪ প্রকল্পের অডিট সম্পর্কিত তথ্যাদি

অডিট কর্তৃপক্ষ	অডিটের অর্থবছর	আপত্তির সংখ্যা	অডিট আপত্তির পূর্ণ শিরোনাম ও জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তির লক্ষ্যে গৃহিত পদক্ষেপ	মন্তব্য
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড)	২০২১-২০২২ ও	০৪ টি	1.Loss of project money amounting to TK. 507,339.03 was made to the contractor without construction of site office.	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণ করা হয়েছে।	নিষ্পত্তি হয়নি
			2. Irregular payment amounting to Tk. 7,472,880.50 has been made to the contractor because Re-excavation the canal beyond drawing & design.	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণ করা হয়েছে।	নিষ্পত্তি হয়নি
			3. Irregular payment of Tk. 1,012,030.00 has been made in favor of land lease without land lease agreement.	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণ করা হয়েছে।	নিষ্পত্তি হয়নি
			4. Dumping work with Geo-textile bag was not executed in accordance with the scheduled time & instruction specified in the notes of dumping.	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণের মাধ্যমে আপত্তি নিষ্পত্তি হয়	নিষ্পত্তি হয়নি
বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড)	২০২২-২০২৩	৫টি	1. Irregular work has been done without following work plan.	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণের মাধ্যমে আপত্তি নিষ্পত্তি হয়	নিষ্পত্তি
			2. Survey work done with an amounting to TK.99,976.00 without complying the PPR/2008.	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণের মাধ্যমে আপত্তি নিষ্পত্তি হয়	নিষ্পত্তি
			3. Excess payment of Tk. 82,915.26 has been given to the contractor in favour of temporary of land.	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণের মাধ্যমে আপত্তি নিষ্পত্তি হয়	নিষ্পত্তি
			4."Unspent GoB Fund amounting to TK. 2,025,287.00 not surrendered into treasury in due time."	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণের মাধ্যমে আপত্তি নিষ্পত্তি হয়	নিষ্পত্তি
			5. "Govt loss of TK. 54,614.00 due to accrued bank interest not deposited into govt A/C."	ব্রডশীট জবাব ফাপাডে প্রেরণ করা হয়েছে।	নিষ্পত্তি হয়নি

উৎসঃ প্রকল্প অফিস

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড) কর্তৃক গত ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ এই ২ (দুই) অর্থবছরে অডিট সম্পাদিত হয়েছে। উক্ত ২ (দুই) অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৯টি আপত্তি প্রদান করা হয়েছে। তন্মধ্যে ৪টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে অবশিষ্ট ৫টি অডিট আপত্তি এখনো নিষ্পত্তি হয়নি। বর্তমানে বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট

অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় কর্তৃক উক্ত অডিট আপত্তির জবাব ও প্রমাণকসমূহ আরও অধিকতর যাচাই-বাছাই এর কার্যক্রম চলমান রয়েছে। যে ৫টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি উক্ত অডিট আপত্তিগুলো আরও পরীক্ষা-নিরীক্ষা করে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।

৩.১০.৫ উন্নয়ন সহযোগী সংস্থার (জাইকা) ঋণ চুক্তি পর্যালোচনা

প্রকল্পের ঋণ চুক্তি সংক্রান্ত তথ্যঃ

ক্রমিক নং	উন্নয়ন সহযোগী সংস্থার নাম	ঋণ চুক্তি নং	ঋণ চুক্তি (লক্ষ টাকা)	চুক্তি স্বাক্ষর তারিখ	ঋণ চুক্তির মেয়াদকাল
০১	জাইকা	বিডি-পি৯১	৫৫৫৮৫.৯৪	জুন ১৯, ২০১৬	সেপ্টেম্বর ২০২৬

উৎসঃ প্রকল্প অফিস

"দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ" প্রকল্পটির জন্য গত জুন ১৯, ২০১৬ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। বাপাউবো কর্তৃক বাস্তবায়নাধীন দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ কম্পোনেন্ট-১ বাপাউবো অংশের জন্য ৫৫৫৮৫.৯৪ লক্ষ টাকার চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, ঋণ চুক্তির মেয়াদে প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্ন করার পরিকল্পনা রয়েছে। সুতরাং, ঋণ চুক্তির মেয়াদ নিয়ে ঝামেলা/সমস্যা তৈরি হবে না মর্মে জানান। এ প্রকল্পে উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক অর্থ ছাড় ও বিল পরিশোধে কোনো সমস্যা তৈরি হয়নি।

৩.১০.৬ উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক প্রকল্পের কাজ মনিটরিং

জাইকা কর্তৃক সর্বশেষ ০৭ নভেম্বর ২০২৪ তারিখে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন করা হয় (Aide Memoire for Project Review Meeting)। উক্ত সভায় প্রকল্পের অনুকূলে কিছু সুপারিশ প্রদান করা হয় যা নিম্নরূপ-

তারিখ	উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক সুপারিশমন্তব্য/	সুপারিশ বাস্তবায়নে পদক্ষেপ
০৭ নভেম্বর ২০২৪	JICA has requested EAs to submit all the remaining Quarterly Progress Report (QPR).	Necessary action will be taken
	In BWDB part there are some contracts made severe delay, therefore JICA requested to take an action against the contractors or put extra effort minimize the delay.	Necessary action will be taken for contractor delay.
	JICA also requested all the executing agencies to keep the provision (Particular Condition of Contract) in the contract for the certification of the Consultants before payment.	Necessary action will be taken for the certification of the Consultants before payment.

উৎসঃ প্রকল্প অফিস

প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ কম্পোনেন্ট ১,২ ও ৩ এর জন্য জাইকা কর্তৃক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা করা হয়। প্রকল্পের কাজ উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি দ্বারা মাঠ পর্যায়ে মনিটরিং করা হচ্ছে। জাইকা কর্তৃক যে ধরনের নির্দেশনা প্রদান করা হয়, প্রকল্প দপ্তর দ্রুত বাস্তবায়ন করছে। নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে ১টি প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানের চুক্তি বাতিল করা হয়েছে এবং দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন।

৩.১১ নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ

সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শনের মাধ্যমে নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ করা হয়েছে। সমীক্ষাকালীন নির্মাণ কাজের গুণগতমান যাচাই এর জন্য বিভিন্ন ল্যাব টেস্ট রিপোর্ট পর্যালোচনা করা হয়েছে। প্রকল্পের আওতায় ল্যাব টেস্টগুলো বুয়েট, কুয়েট ও বাপাউবো জোনাল পরীক্ষাগার (বরিশাল) থেকে করা হচ্ছে। ল্যাব-টেস্টের রিপোর্টের ফলাফল অনুমোদিত ড্রইং/ডিজাইনের সাথে তুলনামূলক পার্থক্য বা যাচাই করা হয়েছে। প্রতিটি ল্যাব টেস্টের প্রাপ্ত ফলাফল সন্তোষজনক পাওয়া গিয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

সারণি: ৩.১৫ ল্যাব টেস্ট রিপোর্টের ফলাফলসমূহ যাচাই

টেস্টের নাম	সেম্পলের নাম	কাঙ্খিত ফলাফল (স্পেসিফিকেশন অনুযায়ী)	চূড়ান্ত ফলাফল	মন্তব্য
Test Result On Geotextile				
Test Result On Geotextile Sample **Package No:** DRMEP/Bag/01/Lot-01 **Date:** (09.10.24) **Place:** BUET	Geobag of Nonwoven Geotextile Color: Grey	4000 (N)	4082 to 5239 (N)	প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রার মধ্যে রয়েছে।
Test Result On Geotextile Sample **Package No:** DRMEP/Bag/01/Lot-01 **Date:** (09.10.24) **Place:** BUET	Geobag of Nonwoven Geotextile Color: Grey	4000 (N)	4080 to 5239 (N)	
(Note: Sample was received in sealed condition)				

উৎসঃ ল্যাব টেস্ট প্রতিবেদন, নির্বাহী প্রকৌশলী অফিস, বাগেরহাট, বাপাউবো।

Concrete Cylinder Core Test

টেস্টের নাম ও সিসি ব্লকের তথ্য	সিলিন্ডার কোর এর তথ্য- ডায়ামিটার (মিমি)	কাঙ্খিত ফলাফল (স্পেসিফিকেশন অনুযায়ী)	ল্যাব টেস্টের ফলাফল	মন্তব্য
Compressive Strength of Concrete Cylinder Test 35x35x35 (10.5 MPa)- Cement Concrete (CC) **Package No:** DRMEP/Bag/01/Lot-01 **Date:** (30.11.2023) **Place:** BWDB Zonal Laboratory	৯০	১০.৫ MPa	১৬.৭ MPa	প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রার চেয়েও বেশি। সেম্পল রেজাল্ট গ্রহণযোগ্য।
Compressive Strength of Concrete Cylinder Test 35x35x35 (10.5 MPa)- Cement Concrete (CC) **Package No:** DRMEP/Bag/01/Lot-01 **Date:** (30.11.2023) **Place:** BWDB Zonal Laboratory	৯০	১০.৫ MPa	১১.৮ MPa	প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রার চেয়েও বেশি। সেম্পল রেজাল্ট গ্রহণযোগ্য।

টেস্টের নাম ও সিসি ব্লকের তথ্য	সিলিন্ডার কোর এর তথ্য- ডায়ামিটার (মিমি)	কাঙ্খিত ফলাফল (স্পেসিফিকেশন অনুযায়ী)	ল্যাব টেস্টের ফলাফল	মন্তব্য
Compressive Strength of Concrete Cylinder Test 50x50x20 (10.5 MPa)- Cement Concrete (CC) **Package No:** DRMEP/Bag/01/Lot-01 **Date:** (05.11.2023) **Place:** BWDB Zonal Laboratory	৯০	১০.৫ MPa	১৬.৫ MPa	প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রার চেয়েও বেশি। সেম্পল রেজাল্ট গ্রহণযোগ্য।
Compressive Strength of Concrete Cylinder Test 50x50x20 (10.5 MPa)- Cement Concrete (CC) **Package No:** DRMEP/Bag/01/Lot-01 **Date:** (05.11.2023) **Place:** BWDB Zonal Laboratory	৯০	১০.৫ MPa	১২.৮ MPa	প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রার চেয়েও বেশি। সেম্পল রেজাল্ট গ্রহণযোগ্য।

(Note: Sample was received in sealed condition)

উৎসঃ ল্যাব টেস্ট প্রতিবেদন, নির্বাহী প্রকৌশলী অফিস, বাগেরহাট, বাপাউবো।

Test Result of Cement

ব্র্যান্ডের নাম	টেস্টের নাম	কাঙ্খিত ফলাফল (স্পেসিফিকেশন অনুযায়ী)	ল্যাব টেস্টের ফলাফল	মন্তব্য
Five Rings Cement (CEM-1) **Package No:** DRMEP/Sat-2/06 **Date:** (30.11.2023) **Place:** BUET	Comressive Strength (ASTM C109) (06.11.23)	৩দিন 1740 psi (12.0 MPa)	৩দিন 2570 psi (17.7 MPa)	প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রার চেয়েও বেশি। সেম্পল রেজাল্ট গ্রহণযোগ্য।
		৭দিন 2760 psi (19.0 MPa)	৭দিন 3560 psi (24.6 MPa)	
		২৮দিন 4060 psi (20.5-25 MPa)	--	
(Note: Sample was received in sealed condition)				

উৎসঃ ল্যাব টেস্ট প্রতিবেদন, নির্বাহী প্রকৌশলী অফিস, সাতক্ষীরা সদর, বাপাউবো।

প্রকল্পের আওতায় সিসি ব্লক, জিও টেক্সটাইলসহ নির্মাণ উপকরণের নিয়মিত ল্যাব টেস্ট করা হচ্ছে। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, সিসি ব্লক কাস্টিং শেষ হলে টাস্ক-ফোর্স কমিটি কর্তৃক প্রতিটি লট থেকে স্যাম্পল হিসেবে কিছু ল্যাব-টেস্ট করা হয়। ল্যাব-টেস্টের ফলাফল সন্তোষজনক পাওয়া সাপেক্ষে সিসি ব্লক, জিও টেক্সটাইল ইত্যাদি বাস্তবায়ন কাজে ব্যবহারের অনুমোদন প্রদান করা হয়। কোনো কারণে কিংবা কোনো সময় ল্যাব-টেস্টের ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া না গেলে তখন পুরো লটের ব্লক বাতিল হিসেবে গণ্য হয়। ল্যাব-টেস্টের ফলাফল যাচাই করে কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে (সংযুক্তি-২)।

৩.১২ সরেজমিনে নির্মাণ উপকরণের গুণগতমান যাচাই (প্যাকেজ নং- DRMEP/ Khu-2/03, DRMEP/BAG/1/Lot-1, DRMEP/ Sat-2/03, DRMEP/ Sat-2/04)

সরেজমিনে নির্মাণ কাজে ব্যবহৃত পাথর, খোঁয়া, বালি ইত্যাদি ল্যাব-টেস্টের ফলাফলের সাথে তুলনামূলক পার্থক্য যাচাই করা হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-



চিত্রঃ বালির মান যাচাই (প্যাকেজ: DRMEP/ Khu-2/03)



চিত্রঃ ব্যবহৃত পাথরের মান যাচাই (প্যাকেজ: DRMEP/ Khu-2/03)



চিত্রঃ জিও ব্যাগে ব্যবহৃত খোঁয়ার মান যাচাই (প্যাকেজ: DRMEP/BAG/1/Lot-1)



চিত্রঃ জিও ব্যাগ এর মান যাচাই (প্যাকেজ: DRMEP/ Sat-2/03, DRMEP/ Sat-2/04)

পর্যবেক্ষণ:

- সরেজমিনে দেখা যায় যে, অনুমোদিত ড্রইং/ডিজাইনের স্পেসিফিকেশন অনুযায়ী জিও ব্যাগে ব্যবহৃত বালুর Fineness Modulus (FM) ন্যূনতম ১.০ থেকে ১.৫০ ব্যবহার করা হচ্ছে। ল্যাব-টেস্টের ফলাফলে Fineness Modulus (FM) ১.৫০ এর উপরে পাওয়া গিয়েছে, যা সন্তোষজনক।
- ড্রইং/ডিজাইন অনুযায়ী জিও ব্যাগে পিক ঝামা চিপস্ (৪০ মি:মি: থেকে ২০ মি:মি:) টপে (Top) এবং ২০ মি:মি: থেকে ৫ মি:মি: গ্রেডের পিক ঝামা চিপস্ বটম (Bottom) এ ব্যবহার করা হচ্ছে। তবে, পিক ঝামা চিপস্ তৈরির ইট আপাতদৃষ্টিতে মানসম্মত মনে হয়নি। নির্মাণ কাজে ব্যবহৃত ইট সাধারণত Hard, angular এবং weather-resistant হওয়া প্রয়োজন যেন পানিতে সহজে ক্ষয় না হয়। সুতরাং, নির্মাণ কাজে পিক ঝামা চিপস্ এর ইট আরও উন্নত হওয়া প্রয়োজন।
- নির্মাণ কাজে অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী ৪০ মিমি ডাউন গ্রেডের স্টোন (পাথর) ব্যবহার করা হচ্ছে। সরেজমিনে যাচাই করে সঠিক পাওয়া গিয়েছে।
- জিও টেক্সটাইলের পুরুত্ব (Thickness) স্পেসিফিকেশন অনুযায়ী ৩ mm সঠিক পাওয়া গিয়েছে। তবে সাইটে স্লাইড ক্যালিপার্স পাওয়া যায়নি।

- জিও ব্যাগ এর ইনার সাইজ ১০৭৫ মিমি X ৮৫০ মিমি, আউটার সাইজ ১১২৫ মিমি X ৯০০ মিমি, জিও ফ্যাবগ্রিস এর পুরত্ব => ৩ মিমি. ড্রইং/ডিজাইন অনুযায়ী সঠিক পাওয়া গিয়েছে।

সিসি ব্লক পর্যবেক্ষণ:




চিত্রঃ সিসি ব্লকের সাইজ পর্যবেক্ষণ (প্যাকেজ: DRMEP/BAG/1/Lot-1)




চিত্রঃ টাস্কফোর্স কমিটি কর্তৃক ব্লক গণনা এবং সাইজ পর্যবেক্ষণ (প্যাকেজ: DRMEP/ Khu-2/03)

পর্যবেক্ষণ:

- সরেজমিনে নির্মিত ব্লক পরিমাপ করে স্পেসিফিকেশন অনুযায়ী সঠিক পাওয়া গিয়েছে (৩৫ X ৩৫ X ৩৫ এবং ৫০ X ৫০ X ২০ সাইজ)। প্রতিটি ব্লকের উপর নাম্বারিং দেখা গিয়েছে। অতীত অভিজ্ঞতা হতে জানা যায়, ব্লক কাস্টিং এর জায়গা পাওয়া গেলেও সঠিক নিয়মে Leveling, Dressing ও সমান করার কাজ সঠিকভাবে হয়নি। এর ফলে সিসি ব্লকের bottom level এ সমান থাকে না। এ বিষয়টি সমাধানের জন্য জমির উপরিভাগে ঢালাই করতে হবে। ভবিষ্যতের জন্য এই Suggestion যথোপযুক্ত বলে গৃহীত হয়।
- নির্মিত ব্লকের লট অনুযায়ী নিয়মিত ল্যাব-টেস্ট করা হচ্ছে। ল্যাব-টেস্টের ফলাফল স্পেসিফিকেশন অনুযায়ী সঠিক পাওয়া গিয়েছে (Cylinder Strengh of 10.50 N/mm^2 At 28 days)। নির্মাণ কাজে ২৮ দিনের সিলিন্ডার ল্যাব-টেস্ট করা হচ্ছে।
- অনুমোদিত নকশা অনুযায়ী সিসি ব্লকের ক্ষেত্রে ২১ দিনের কিউরিং করতে হয়। সরেজমিনে সিসি ব্লকের কিউরিং করতে দেখা গিয়েছে। এছাড়া, ঠিকাদার প্রতিষ্ঠান এবং প্রকল্প কর্মকর্তাগণ জানান, নির্মাণ কাজে যথাযথভাবে কিউরিং করা হচ্ছে এবং পরামর্শক কর্তৃক নিয়মিত কাজের তদারকি করা হচ্ছে।

- আরও জানান যে, টাস্কফোর্স কমিটি কর্তৃক প্রতিটি লটের ব্লক গণনা করা হয়। গুণগত মান যাচাইয়ে ব্লকের ল্যাব-টেস্ট করা হয়। ল্যাব-টেস্টের ফলাফল স্পেসিফিকেশন অনুযায়ী সঠিক থাকলেই ব্লক প্লেসিং এর অনুমোদন হয়। টাস্কফোর্স কমিটির উপস্থিতিতে ব্লক কাস্টিং, প্লেসিং এবং ডাম্পিং করা হচ্ছে বলে জানান।

৩.১৩ সরেজমিনে নির্মাণ কাজ পর্যবেক্ষণ:

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার অন্যতম উদ্দেশ্য হচ্ছে চলমান নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ। সরেজমিনে প্রকল্পের আওতায় প্রধান প্রধান কাজগুলো পর্যবেক্ষণ করা হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-

৩.১৩.১ ড্রেজিং কাজ পর্যবেক্ষণ: উপজেলা ডুমুরিয়া, খুলনা (প্যাকেজ নং- DRMEP/ Khu-1/DRED)।
প্রকল্পের আওতায় শুধুমাত্র ডুমুরিয়া উপজেলায় ড্রেজিং কাজ অন্তর্ভুক্ত রয়েছে। সরেজমিনে দেখা যায়, ডুমুরিয়া উপজেলার তালতলা-বাগাচিড়া নদীর (চেইনেজ ০+০০ থেকে ৫.৮০০) ড্রেজিং কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে ।







চিত্রঃ ড্রেজিং কাজ পর্যবেক্ষণ, ডুমুরিয়া, খুলনা

পর্যবেক্ষণ:

- অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছে। ড্রেজিং কাজে যথাযথ নিয়ম অনুসরণ করে (Re-excavation) চ্যানেলের D/S থেকে শুরু করে বাস্তবায়ন করা হয়েছে।
- তবে অন্যান্য আনুষঙ্গিক কাজের সাথে ড্রেজিংকৃত Spoil earth management যথাযথভাবে সম্পন্ন করা হয়নি। ফলশ্রুতিতে বর্ষাকালে নদী তীরবর্তী এলাকায় ভাঙন হতে পারে এবং Spoil earth এ ধ্বস নামতে পারে যা বিপজ্জনক।
- ডাইকের ঢাল অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী ১:২ অনুপাতে করা হয়েছে। ড্রেজিং করার পর নদীর বর্তমান গড় গভীরতা ৫০ ফুট এবং নদীতে পানির স্রোত দেখা গিয়েছে। ডাইকের ঢাল যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে, না হলে ঢাল ধসে যেতে পারে। স্থানীয় লোকজন জানান, এ নদী তাঁদের জন্য অনেক গুরুত্বপূর্ণ। ড্রেজিং করার পূর্বে নদীতে শুষ্ক মৌসুমে পানি থাকতো না। ড্রেজিং করার পর নদীর গভীরতা এবং প্রস্থ উভয় পার্শ্বে বৃদ্ধি পেয়েছে এবং নদীর পানি তাঁরা সেচ কাজে ব্যবহারসহ অন্যান্য কাজে ব্যবহার করছেন।
- ড্রেজিং কাজের পরবর্তী পদক্ষেপ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের পরিকল্পনা করা উচিত। যেমন, যদি কয়েক বছর পর নদীর তলদেশে আবার পলি জমে যায়, তাহলে পুনরায় ড্রেজিংয়ের প্রয়োজন হতে পারে। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সময়ে সময়ে নদীর পানি প্রবাহ পর্যবেক্ষণ করা প্রয়োজন। এছাড়া এই নদীর সাথে কানেকটিং খালগুলো পুনঃখনন করা হলে দীর্ঘমেয়াদী সুফল পাওয়া যেতো।

ড্রেজিংকৃত মাটি অপসারণ না করা হলে যে ধরনের ক্ষতি হতে পারে তা নিম্নরূপ:

নদী বা খালের তলদেশের কাঠামো ক্ষতিগ্রস্ত হতে পারে: ড্রেজিংকৃত মাটি জায়গায় রেখে দেওয়া হলে, তবে তা নদী বা খালের তলদেশে আবার জমে গিয়ে তার গভীরতা কমাতে পারে। এতে নদীর ক্ষমতা কমে যেতে পারে এবং প্রাকৃতিক জলপ্রবাহের ক্ষতি হতে পারে।

পরবর্তী ড্রেজিংয়ের প্রয়োজনে বৃদ্ধি: ড্রেজিংকৃত মাটি সরানো না হলে, তবে পরবর্তীতে ড্রেজিং প্রক্রিয়া আরো জটিল হতে পারে, কারণ মাটি জমে গিয়ে নতুন করে সমস্যা তৈরি করবে।


নদী ও খালের পাড়ের ক্ষতি: মাটি জমে থাকার ফলে নদী বা খালের পাড়ের স্থিতিশীলতা ক্ষতিগ্রস্ত হতে পারে। অতিরিক্ত জমা হওয়া মাটি পাড় ভাঙন সৃষ্টি করতে পারে এবং নদীর পাশে অবস্থিত জমি ক্ষতিগ্রস্ত হতে পারে।


ড্রেজিংকৃত মাটি দ্রুত না সরালে পরিবেশগত, কাঠামোগত, এবং অর্থনৈতিক ক্ষতি হতে পারে। তাই ড্রেজিং প্রক্রিয়া শেষ হওয়ার পর মাটি দ্রুত এবং সঠিকভাবে সরিয়ে ফেলা জরুরি, যাতে নদীর স্বাভাবিক প্রবাহ বজায় থাকে এবং পরিবেশের ক্ষতি না হয়। এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক দ্রুত পদক্ষেপ গ্রহণ করা জরুরি।

৩.১৩.২ নদী তীর রক্ষা কাজ পর্যবেক্ষণ: উপজেলা দাকোপ, খুলনা (প্যাকেজ নং- DRMEP/Khu-2/01)

সরেজমিনে খুলনা জেলার দাকোপ উপজেলার পোল্ডার নং ৩১ এ (৫.২০০ হতে ৫.৭০০ কিঃমিঃ) বটবনিয়া বাজার সংলগ্ন ঢাকি নদীর তীর রক্ষা কাজ পর্যবেক্ষণ করা হয়েছে। মোট কাজের পরিমাণ ৩.৩৫ কিঃমিঃ। দেখা যায়, খোঁয়া ফিল্টারের জন্য ড্রইং/ডিজাইন অনুযায়ী ১০০মিঃমিঃ খোয়া ও ১০০ মিঃমিঃ বালি ব্যবহার করা হচ্ছে। জিও ব্লক ডাম্পিং করা হয়েছে। ঠিকাদার প্রতিষ্ঠান ও প্রকল্প দপ্তরের কর্মকর্তাগণ জানান, ডাম্পিং এর সময় টাস্ক ফোর্স কমিটির প্রতিনিধি এবং জাইকা কর্তৃক নিয়োজিত পরামর্শক প্রতিনিধি উপস্থিত থাকেন।

নদী তীর সংরক্ষণ কাজে ৩৫X৩৫X৩৫ মিঃমিঃ সাইজের ব্লক ডাম্পিং করা হয়েছে। সরেজমিনে ব্লকের সাইজ পরিমাপ করে সঠিক পাওয়া গিয়েছে। তবে, সিসি ব্লক ঢালাইয়ের জন্য পর্যাপ্ত জায়গা পাওয়া যায়নি, ফলে ৪-৫টি স্তরে ব্লক সংরক্ষণ করা হচ্ছে। ৪-৫টি স্তরে ব্লক সংরক্ষণ, বার বার উঠা-নামা ও মুভমেন্টের (Movement) কারণে ব্লকগুলো ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা থাকে।









চিত্রঃ নদীর তীর রক্ষা কাজের ম্যাপ, দাকোপ উপজেলা, খুলনা

- সরেজমিনে দেখা যায় যে, নদী তীর রক্ষা কাজের সমাপ্ত পয়েন্ট (চেইনেজ ৫+৭০০ কি.মি.) থেকে সামনের দিকে আরও ৫০-৬০ মিটার তীর রক্ষা কাজ করা প্রয়োজন। কারণ উক্ত সমাপ্ত পয়েন্টের পরেই ৫০-৬০ মিটার বাঁধ ভাঙা দেখা গিয়েছে। উপকূলীয় অঞ্চলে সর্বশেষ প্রাকৃতিক দুর্যোগ রিমাল এর সময় উক্ত স্থানে নদীর বাঁধ ভেঙে যায় মর্মে স্থানীয় লোকজন জানান।





নদী তীর রক্ষা কাজের সমাপ্ত পয়েন্ট এর সামনে যদি বাঁধ ভাঙা থাকে, তবে বিভিন্ন ধরনের ক্ষতি হতে পারে। নদী তীর রক্ষা প্রকল্পের উদ্দেশ্য হলো নদী গর্ভে ভূমি ক্ষয় এবং বন্যার পানির আক্রমণ থেকে তীর রক্ষা করা। যদি সমাপ্ত পয়েন্টে কোনো বাঁধ বা প্রতিরক্ষা ব্যবস্থা না থাকে বা ভাঙা থাকে, তাহলে এটি প্রকল্পের কার্যকারিতা এবং তীর রক্ষার জন্য গৃহীত ব্যবস্থা বিপর্যস্ত করতে পারে। এর ফলে কয়েকটি গুরুত্বপূর্ণ সমস্যা সৃষ্টি হতে পারে যা নিম্নরূপ-

নদী তীরের ক্ষয় বৃদ্ধি:
যদি বাঁধ বা তীর রক্ষা ব্যবস্থা ভাঙা থাকে, তবে নদীটি তার স্বাভাবিক গতিপথে চলতে থাকবে এবং অতিরিক্ত পানি প্রবাহের কারণে ভূমি ক্ষয় হতে পারে। নদী তীরের পীড়িত অংশে আরো বেশি মাটি ভেঙে পড়তে পারে, যা নদী তীরের ভাঙন এবং এলাকাটির ভূমির ক্ষয়কে আরও বাড়িয়ে দেয়।

আবাসিক ও কৃষি জমি ক্ষতি:
তীর রক্ষা কাজের সমাপ্তি পয়েন্টে বাঁধ ভাঙার কারণে আশপাশের আবাসিক এলাকা, কৃষি জমি, বা বসতভিটা পানিতে ভাসতে পারে এবং ভূমি ক্ষয় হওয়ার আশঙ্কা বাড়ে। এটি স্থানীয় জনগণের জীবনযাত্রার মান এবং কৃষকদের উৎপাদনশীলতা ক্ষতিগ্রস্ত করতে পারে।

বন্যার ঝুঁকি বৃদ্ধি:
বাঁধ ভাঙা থাকলে, বন্যার পানি নিয়ন্ত্রিতভাবে প্রবাহিত হতে পারে না এবং এতে আশপাশের এলাকায় বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে। এতে ক্ষয়ক্ষতির পরিমাণ বাড়তে পারে, এবং নদীর পানি তীরের দিকে প্রবাহিত হয়ে জীবনযাত্রাকে বিপদগ্রস্ত করতে পারে।

প্রকল্পের ব্যর্থতা সৃষ্টি:
নদী তীর রক্ষা কাজের সমাপ্তি পয়েন্টে বাঁধ ভাঙা থাকলে, প্রকল্পটি তার উদ্দেশ্য সফলভাবে পূর্ণ করতে পারবে না। এর ফলে প্রকল্পের ব্যর্থতা সৃষ্টি হতে পারে এবং পুনরায় সংস্কারের প্রয়োজন হতে পারে, যা অতিরিক্ত খরচের কারণ হতে পারে।

বিশ্বস্ততা এবং জনসাধারণের আস্থা ক্ষতি:
এমন একটি সমস্যা প্রকল্পের কার্যকারিতার প্রতি জনগণের আস্থা নষ্ট করতে পারে। এটি সরকারের বা সংশ্লিষ্ট সংস্থার বিশ্বস্ততা এবং জনসমর্থন কমাতে পারে, যা পরবর্তী সময়ে অন্যান্য উন্নয়নমূলক প্রকল্পে বাঁধার সৃষ্টি করতে পারে।

প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি:
যদি বাঁধের ভাঙনটি দীর্ঘদিন অব্যবহৃত থাকে, তবে এটি প্রাকৃতিক বিপর্যয় যেমন নদী ভাঙন, ভূমিধস বা বন্যা সৃষ্টি করতে পারে, যা পরিবেশের জন্যও ক্ষতিকর হতে পারে।

মাঝে মাঝে স্থানীয় জনসাধারণের নিরাপত্তা:
তীর রক্ষা কাজের সমাপ্ত পয়েন্টে বাঁধ ভাঙলে, স্থানীয় জনগণের নিরাপত্তা হুমকির মুখে পড়ে। বিশেষ করে নদীর তীরবর্তী এলাকার মানুষ, যারা গৃহস্থালি কাজ বা কৃষিকাজ করে থাকেন, তাদের জন্য ক্ষতির সম্ভাবনা বেড়ে যায়।

সমাধান করতে যা প্রয়োজন:
সমাপ্ত পয়েন্টে বাঁধ ভাঙা থাকলে, মেরামত করা উচিত। এতে নদী তীর রক্ষা পরিকল্পনার কার্যকারিতা পুনরায় নিশ্চিত করা যাবে। প্রকল্পের শেষ পয়েন্টে বাঁধের স্থায়িত্ব পরীক্ষা করা উচিত এবং উন্নত প্রযুক্তি ব্যবহার করে দৃঢ় ব্যবস্থা গড়ে তোলা উচিত। স্থানীয় জনগণকে নদী তীরের সমস্যাগুলি এবং এর প্রভাব সম্পর্কে সচেতন করে তোলা দরকার, যাতে তারা সঠিক সময়ে সাড়া দিতে পারে। সুতরাং, নদী তীর রক্ষা কাজের সমাপ্ত পয়েন্টে বাঁধ ভাঙা থাকলে তা শুধুমাত্র প্রকল্পের জন্যই নয়, সংশ্লিষ্ট এলাকার জন্যও বেশ বিপদজনক হতে পারে। প্রকল্পের কার্যক্রম টেকসইকরণে সমাপ্ত পয়েন্টে এমন ভাঙা থাকলে উক্ত বিষয়গুলো গুরুত্বসহকারে চিহ্নিতপূর্বক মেরামতের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।



চিত্রঃ ব্লক ডাম্পিং কাজ পরিদর্শন। সঠিক পরিমাপের ব্লক ডাম্পিং করা হয়েছে।


চিত্রঃ প্রকল্পের কর্ম-পরিবেশ পর্যবেক্ষণ।

- সরেজমিনে ব্লক ডাম্পিং এর সাইজ সঠিক (৩৫X৩৫X৩৫) পাওয়া গিয়েছে (চেইনেজ: ৫ +৬০০)। তবে, প্রকল্পের কর্ম-পরিবেশ আরও উন্নত করা প্রয়োজন। ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ শ্রমিকদের যথাযথ সুরক্ষা সরঞ্জামাদি নিশ্চিত করা হয়নি। এছাড়া, সাইট অফিসে সাইট নোটবুক ও স্লাইড ক্যালিপার্স পাওয়া যায়নি।

- মাটির বাঁধ নির্মাণের ক্ষেত্রে সঠিক নিয়মে Earth compaction করতে হবে। বাঁধের ঢাল ৮৫% সর্বোচ্চ Dry Density হতে হবে এবং ৯০% উপরিভাগে maximum Dry Density at optimum moisture content হতে হবে। এক্ষেত্রে Design specification এর Guideline অনুযায়ী Follow করে কাজ বাস্তবায়ন করতে হবে। কাজ বাস্তবায়নকালীন সময় ব্যতিত শতকরা কতো ভাগ compaction করা হয়েছে তার কোনো প্রমাণক সাইটে পাওয়া যায়নি।
- ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জানান, ধান কাটার সময়ে এ অঞ্চলে নির্মাণ শ্রমিক সংকট দেখা দেয়। এছাড়া, মালামাল পরিবহন জনিত সমস্যার কারণে নির্মাণ কাজ ধীরগতি হচ্ছে বলে জানান। নির্মাণ কাজে স্পেসিফিকেশন অনুযায়ী বালি সংগ্রহ করা এবং ৪০ মি:মি: ডাউন গ্রেডের স্টোন (পাথর) ভারত হতে আমদানি এবং পরিবহন করা চ্যালেঞ্জ রয়েছে। এছাড়া, নতুন এ্যালাইনমেন্টে বাঁধ নির্মাণে স্থানীয় মানুষজন সহজে জমি দিতে ইচ্ছুক না থাকায় কাজে বিঘ্ন ঘটছে। চলতি অর্থবছরে জুলাই-সেপ্টেম্বর পর্যন্ত কাজ করা হয়েছে মর্মে মতামত প্রকাশ করেন।

৩.১৩.৩ ঢাল সংরক্ষণ কাজ পর্যবেক্ষণ: বাগেরহাট সদর (প্যাকেজ নং- DRMEP/BAG/1/Lot-1)

বাগেরহাট সদর উপজেলার রহিমাবাদ (পোল্ডার নং ৩৪/১) এলাকার ধরাটনা নদীর বাম পার্শ্বের চেইনেজ ০+০০০ কি.মি. হতে ০+৪০০ কি.মি. পর্যন্ত ঢাল সংরক্ষণ কাজ চলমান রয়েছে। বাস্তব অগ্রগতি ৯১.০০%।




চিত্রঃ ড্রইং/ডিজাইন অনুযায়ী ব্লক প্লেসিং কাজ পর্যবেক্ষণ

পর্যবেক্ষণ:

- জিও টেক্সটাইল নদীর তীরের কিনারায় ঢালের উপরিভাগ পর্যন্ত স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পন্ন করা হয়েছে।
- সিসি ব্লকের শক্তি সঠিক পর্যায়ে উন্নতি করার জন্য ওর্য়াকম্যানশীপ ও ব্লকের উপাদানের যেমন সিমেন্ট, বালু ও পাথর স্পেসিফিকেশেন অনুযায়ী হওয়া প্রয়োজন। সাইটে রক্ষিত টেস্ট রেজাল্ট অনুযায়ী 10.5 mpa হওয়ার জন্য বাধ্যতামূলক। বাস্তবে ল্যাব-টেস্টের প্রাপ্ত ফলাফল কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে।
- সরেজমিনে জিও টেক্সটাইলের নিচে খোয়া ফিল্টার কোথাও কোথাও ৬ইঞ্চির পরিবর্তে ৫ইঞ্চি আবার কোথাও ৬ ইঞ্চির পরিবর্তে ৬.৫ ইঞ্চির পুরুত্ব পাওয়া গিয়েছে। জিও টেক্সটাইলের নিচে খোয়া ফিল্টার সব জায়গায় সমান লেভেল রাখা বাঞ্চনীয়।




চিত্রঃ খোঁয়া ফিল্টার পর্যবেক্ষণ

- নদী তীর সংরক্ষণ কাজে নদী তীরে প্লেসিং ব্লকের সাথে তীরের উপরিভাগের বাঁধের সাথে Adjust করে ব্লক বিছাতে হয়। পরিদর্শনকৃত কাজে ব্লক প্লেসিং Adjust দেখা গিয়েছে।
- সিসি ব্লক ঢালাইয়ের ক্ষেত্রে ২১ দিন পর্যন্ত কিউরিং করা প্রয়োজন। চলমান কাজ কিউরিং নিয়ম অনুযায়ী করা হচ্ছে। সিসি ব্লকের minimum cylinder strength (২৮দিন পর) ১০.৫০ নিউটন/(মিমি)^{২} হতে হবে। maximum সাইটে ১০.৫ N/mm^{2} পাওয়া গিয়েছে যা সন্তোষজনক।
- প্লেসিং ব্লক যথাযথভাবে Compacted ঢালাইয়ের ওপর Design Specification অনুযায়ী প্লেসিং করা প্রয়োজন। Soil যথাযথভাবে Compaction না করা হলে, স্থাপিত ব্লকগুলো একসাথে দেবে যাবে এবং তখন এ সমস্যার সমাধান করা চ্যালেঞ্জিং হয়ে পড়বে।

৩.১৩.৪ নদীর তীর সংরক্ষণ কাজ: আশাশুনি, সাতক্ষীরা (DRMEP/ Sat-2/03 ও DRMEP/Sat-2/04)

প্যাকেজ ৩ ও ৪ এর অধীন সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার নদী তীর সংরক্ষণ কাজ পরিদর্শন করা হয়েছে (প্যাকেজ-৩: চেইনেজ: ২.৯৮৫ কি.মি. থেকে ৪.২৫৫ কি.মি মোট ১২৭০ মিটার) (প্যাকেজ-৪: চেইনেজ: ১৫.৯৯০ কি.মি. থেকে ১৭.১৫০ কি.মি মোট ১১৬০ মিটার)। প্যাকেজ-৩ এর বাস্তব অগ্রগতি ২৪.৭৬% এবং প্যাকেজ-৪ এর ২০.৪৫%। সরেজমিনে দেখা যায়, ব্লক কাস্টিং কাজ চলমান রয়েছে, এখনো ব্লক প্লেসিং করা হয়নি। ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ জানান, আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে ব্লক কাস্টিং শেষ হবে কিন্তু ব্লক প্লেসিং সম্ভব হবেনা।




চিত্রঃ সরেজমিনে নির্মাণ কাজ পর্যবেক্ষণ (প্যাকেজ: DRMEP/ Sat-2/03)

পর্যবেক্ষণ:

- সরেজমিনে দেখা যায়, ব্লক কাস্টিং কাজে কিউরিং করা হচ্ছে। স্টোনগুলো (পাথর) অনুমোদিত নকশা অনুযায়ী ৪০ মিমি ডাউন গ্রেডের ব্যবহার করা হচ্ছে। তবে, প্রকল্পের কর্ম-পরিবেশ আরও উন্নত করা প্রয়োজন। ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ শ্রমিকদের যথাযথ সুরক্ষা সরঞ্জামাদি নিশ্চিত করা হয়নি। এছাড়া, সাইট অফিসে সাইট নোটবুক পাওয়া যায়নি।

সাইটের বর্তমান কাজের অবস্থা নিম্নে দেয়া হলো-

প্যাকেজ নং	কাজের নাম	অগ্রগতি
প্যাকেজ-৩	**সিসি ব্লক**	
	৩৫X৩৫X৩৫	৯৮১৯৩টি
	৫০X৫০X২০	৯১৮৭৩টি
	জিও ব্যাগ	
	ডাম্পিং (১৭৫ কেজি)	৪২৯৯৫টি
	প্লেসিং (১৭৫ কেজি)	২৭৫৫২টি
	স্যান্ড ফিল	১৭৯০৭টি
	খোয়া ফিল	৯৬৪৫টি
প্যাকেজ-৪	**সিসি ব্লক**	
	৩৫X৩৫X৩৫	৩১৮৪১৯টি
	৫০X৫০X২০	৮০৩৪৯টি
	জিও ব্যাগ	
	ডাম্পিং (১৭৫ কেজি)	২৪৬৬৭৫টি
	প্লেসিং (১৭৫ কেজি)	২৮৪৪২টি
	স্যান্ড ফিল	২০২৭০টি
	খোয়া ফিল	৮১৭২টি

ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ কাজের অগ্রগতি ত্বরান্বিত করা দরকার। আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে ব্লক কাস্টিং ও প্লেসিং কাজ শেষ না করলে উপকূলীয় অঞ্চলে বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টিপাত এবং পানি প্রবাহের কারণে পরিস্থিতি আরও জটিল হতে পারে। এছাড়া নিম্নোক্ত সমস্যাগুলো তৈরি হতে পারে:-

ভূমি ক্ষয় ও নদী ভাঙন বৃদ্ধি:
বর্ষাকালে নদীর পানি বাড়ে এবং প্রবাহের গতি বেড়ে যায়। যদি ব্লক প্লেসিং না করা হয়, তাহলে নদী তীরের ভাঙন এবং এর ফলে তীরের ভূমি ক্ষয় দ্রুত হয়। ফলে জমি, কৃষি ক্ষেত, বা আবাসিক এলাকা হারানো ঝুঁকি থাকে।

নদী তীরের সুরক্ষা ব্যবস্থা দুর্বল হওয়া:
ব্লক প্লেসিংয়ের মাধ্যমে নদী তীর সুরক্ষিত করা হয়, যা নদীর পানির আক্রমণ থেকে তীরকে রক্ষা করে। বর্ষা মৌসুমে ব্লক প্লেসিং না করা হলে, নদী তীরের সুরক্ষা ব্যবস্থা দুর্বল হয়ে পড়ে এবং এই তীর দ্রুত ভেঙে যেতে পারে।

খরচ বৃদ্ধি:
বর্ষার আগে ব্লক প্লেসিং না করলে পরবর্তীতে সমস্যা সমাধানে অধিক খরচ হতে পারে। কারণ, বর্ষা শেষ হওয়ার পর পরিস্থিতি আরও খারাপ হতে পারে, তখন পুনরায় কাজ করতে হলে বেশি খরচ এবং সময়ের বিলম্ব হতে পারে।

কাজের মান হ্রাস:
বর্ষার সময় মাটি ভিজে থাকে, ফলে ব্লক প্লেসিং বা অন্যান্য নির্মাণ কাজের জন্য পরিবেশ ঠিক থাকে না। ভিজা পরিবেশে ব্লক প্লেসিং করলে তা স্থিতিশীলতা বজায় রাখতে পারে না এবং কাজের মান কমে যেতে পারে।

প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি বৃদ্ধি:
প্রকল্প এলাকা উপকূলীয় এলাকা ও ভাঙন প্রবণ হওয়ায় বর্ষাকালে নদী তীর ভাঙন, ভূমিধস, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস বা অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি থাকে। নদী তীর সংরক্ষণ কাজে ব্লক প্লেসিং খুবই গুরুত্বপূর্ণ বিষয়। বর্ষা মৌসুমের আগে ব্লক প্লেসিং না করলে তা অনেক বড় ধরনের সমস্যা সৃষ্টি করতে পারে। এজন্য বর্ষার আগেই ব্লক প্লেসিংয়ের কাজ সম্পন্ন করা উচিত যাতে পরবর্তীতে বড় ধরনের ক্ষতি রোধ করা যায় এবং প্রকল্পের কার্যকারিতা নিশ্চিত করা যায়।




চিত্রঃ প্রকল্পের কর্ম-পরিবেশ, আশাশুনি, সাতক্ষীরা (প্যাকেজ: DRMEP/Sat-2/04)

৩.১৪ পরিবেশ সংক্রান্ত তথ্যাদি পর্যালোচনা:

প্রকল্প গ্রহণের পূর্বে Environmental Impact Assessment (EIA) করা হয়নি। পরিবেশের বিরূপ প্রভাব মোকাবেলায় প্রয়োজনীয় কার্যক্রম Environmental Impact Assessment (EIA) প্রতিবেদনে উল্লেখ করা থাকে যা পরিবেশ উন্নয়নে সহায়তা করে। এ প্রকল্পের ক্ষেত্রে পরিবেশ প্রভাব সমীক্ষা করা হয়নি বিধায় পরিবেশের প্রতি কী ধরনের বিরূপ প্রভাব পড়তে পারে এবং তা থেকে কীভাবে উত্তোরণ হওয়া যায় সে বিষয়ে ধারণা পাওয়া যায়নি। প্রকল্প দপ্তর কর্তৃক জানা যায়, পানি সেক্টরের কাজসমূহ পরিবেশের সাথে সাংঘর্ষিকক নয় বরং পরিবেশবান্ধব। প্রকল্প বাস্তবায়নের পূর্বে WARPO কর্তৃক ছাড়পত্র গ্রহণ করা হয়েছিল (ডিপিপি তে সংযুক্ত) যাতে “এ প্রকল্পে পরিবেশের উপর কোনো বিরুপ প্রভাব নেই” এ মর্মে মতামত প্রদান করা হয়েছে।

প্রকল্পের ডিপিপিতে টেকসই পরিবেশ সংক্রান্ত তথ্যাদি যথা- প্রকল্প বাস্তবায়নকালে যান্ত্রিক শব্দ, ধুলা/বালির প্রকোপ বাড়তে পারে। এ সকল সমস্যাদি বাপাউবোর সংশ্লিষ্ট যতটুকু সম্ভব সহনীয় মাত্রায় রাখার চেষ্টা করবেন মর্মে উল্লেখ রয়েছে। সরেজমিনে এখন পর্যন্ত পরিবেশ উন্নয়নের জন্য তেমন কোনো কাজ দেখা যায়নি। ড্রেজিং কাজের মাটি এখনো অপসারণ করা হয়নি যা পরিবেশের জন্য ক্ষতি হতে পারে। ড্রেজিং প্রক্রিয়া শেষ হওয়ার পর মাটি দ্রুত এবং সঠিকভাবে সরিয়ে ফেলা জরুরি, যাতে নদীর স্বাভাবিক প্রবাহ বজায় থাকে এবং পরিবেশের ক্ষতি না হয়। এছাড়া, বাঁধের কাজ সম্পন্ন হলে বৃক্ষরোপণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। ফলে পরিবেশ উন্নয়নসহ নির্মিত বাঁধ টেকসইকরণে সহায়ক ভূমিকা পালন করবে। এছাড়া, নদী তীরের প্রাকৃতিক পরিবেশ সুরক্ষায় স্থানীয় জনগণকে সচেতন করার জন্য এডুকেশনাল প্রোগ্রাম চালু করা যেতে পারে।

৩.১৫ উপকারভোগিদের খানা জরিপের ফলাফল

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন প্রকল্পের আওতায় ৩টি জেলার ১১টি উপজেলা থেকে মোট ৪৬২ জন উপকারভোগি থেকে প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য-উপাত্ত গ্রহণ করা হয়েছে। উপকারভোগিদের থেকে প্রাপ্ত ফলাফল নিম্নে প্রদান করা হলো:


১) উত্তরদাতাদের লিঙ্গভিত্তিক বিভাজন ও বয়স সংক্রান্ত তথ্যাদি

সমীক্ষায় অংশগ্রহণকারী উপকারভোগিদের ৮৪.২০% পুরুষ ও ১৫.৮০% মহিলা। উপকারভোগিদের বয়স বিভাজনে দেখা যায় যে, তাঁদের বয়সের গড় ৪১.২ বছর। বয়স বিভাজনে দেখা যায়, ৪৫ বছরের উপরে ৩৪.৬০%, ৩৬-৪৫ বছর ২৮.১০%, ২৬-৪৫ বছর ২৩.৮০% এবং ১৮-২৫ বছরের মধ্যে ১৩.৪০%। উত্তরদাতাদের লিঙ্গভিত্তিক বিভাজন এর সংখ্যা ও শতকরা হার সারণি ৩.১৬ এ দেয়া হলো:

সারণি-৩.১৬: উপকারভোগি উত্তরদাতাদের লিঙ্গভিত্তিক বিভাজন এবং বয়স সংক্রান্ত

পুরুষ/মহিলা	সংখ্যা	শতকরা হার
পুরুষ	৩৮৯	৮৪.২০
মহিলা	৭৩	১৫.৮০
মোট	৪৬২	১০০.০০
বয়স		
১৮-২৫ বছর	৬২	১৩.৪০
২৬-৩৫ বছর	১১০	২৩.৮০
৩৬-৪৫ বছর	১৩০	২৮.১০
৪৫ বছরের উপরে	১৬০	৩৪.৬০
গড় বয়স=	৪১.২	
মোট=	৪৬২	১০০.০০


চিত্র ৩.২ বিশ্লেষণে দেখা যায় যে, উত্তরদাতাদের মধ্যে সবচেয়ে বেশি ১ম-৫ম শ্রেণি পর্যন্ত লেখাপড়া করেছেন ২৩.৬০%। এছাড়া, ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত ২২.৩০%, স্বাক্ষর জ্ঞান সম্পন্ন ২০.৩০%, ৯ম-১০ম শ্রেণি পর্যন্ত ১০.৮০%, এসএসসি, দাখিল/সমমান পাস ১০.৬০%, স্নাতক পাস ৪.৩০%, এইসএসসি/সমমান পাস ৪.১০ এবং ৩.৯০% মাস্টার্স পাস। সমীক্ষায় অংশগ্রহণকারী উপকারভোগিদের শিক্ষাগত যোগ্যতার বিস্তারিত চিত্র ৩.২ এ দেয়া হলো



চিত্র-৩.২: উপকারভোগিদের শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত

৩) উপকারভোগীদের পেশা

উপকারভোগিদের পেশা বিশ্লেষণে দেখা যায়, সবচেয়ে বেশি ২৫.৭০% উপকারভোগী কৃষি পেশায় রয়েছেন। এছাড়া, ২০.৬০% দিনমজুর, ১৭.১০% মৎস্য ব্যবসায়ী, ১৬.২০% অটো/ভ্যান/রিক্সা চালক, ৭.৮০% দোকানদার, ৬.১০% গৃহিণী, ৩.৯০% চাকুরি (সরকারি/বেসরকারী) এবং ২.৬০% ছাত্র/ছাত্রী। বিস্তারিত চিত্র ৩.৩ এ দেয়া হলো:



চিত্র-৩.৩: উপকারভোগিদের পেশা সংক্রান্ত তথ্য

৪) উপকারভোগিদের এলাকা যে ধরনের দুর্যোগের জন্য ঝুঁকিপূর্ণ সে সম্পর্কে মতামত


উপকারভোগিদের এলাকা যে ধরনের দুর্যোগের জন্য ঝুকিপূর্ণ সে সম্পর্কে একাধিক উত্তরের মাধ্যমে মতামত প্রদান করেছেন। উপকারভোগি ৭৩.১০% এর মতে তাঁদের এলাকা নদী ভাঙন এর জন্য ঝুঁকিপূর্ণ। এছাড়া, ৬৫.৭০% এর মতে জলোচ্ছাস, ৫৬.০০% এর মতে ঘূর্ণিঝড়, ৪৩.৬০% এর মতে বন্যা এবং ১০.৮০% এর মতে তাঁদের এলাকায় জলাবদ্ধতা, খড়া এবং অতিবৃষ্টি ও অনাবৃষ্টি ইত্যাদি দুর্যোগের জন্য ঝুঁকিপূর্ণ। বিস্তারিত সারণি-৩.১৭ এ দেয়া হলো।

সারণি-৩.১৭: উপকারভোগিদের এলাকায় যে ধরনের দুর্যোগের জন্য ঝুঁকিপূর্ণ

মতামত	সংখ্যা	শতকরা হার
নদী ভাঙন	৩৩৭	৭৩.১০
জলোচ্ছাস	৩০৩	৬৫.৭০
ঘূর্ণিঝড়	২৫৮	৫৬.০০
বন্যা	২০১	৪৩.৬০
অন্যান্য: জলাবদ্ধতা, খড়া এবং অতিবৃষ্টি ও অনাবৃষ্টি	৫০	১০.৮০
একাধিক উত্তর=৪৬২		

৫) প্রাকৃতিক দুর্যোগে উপকারভোগিদের এখন পর্যন্ত যেসব ক্ষতি হয়েছে সে সম্পর্কিত মতামত

প্রাকৃতিক দুর্যোগে এখন পর্যন্ত যেসব ক্ষয়ক্ষতি হয়েছে সে সম্পর্কে একাধিক উত্তরের মাধ্যমে ৬৭.৫০% জানান, তাঁদের ঘর/বাড়ি ক্ষয়ক্ষতি হয়েছে। এছাড়া, ৪৯.৭০% জানান, তাঁদের আবাদি ফসল বিনষ্ট হয়েছে, ৩৮.২০% জানান, জমি ক্ষতিগ্রস্ত, ২৮.৮০% জানান, মাছের ঘের বিনষ্ট হয়েছে এবং ৫.৪০% উপকারভোগির অন্যান্য (দোকান-পাট ভাঙন) ক্ষতি হয়েছে। বিস্তারিত চিত্র-৩.৪ এ দেয়া হলো-



চিত্র ৩.৪: প্রাকৃতিক দুর্যোগে উপকারভোগিদের এখন পর্যন্ত যেসব ক্ষতি হয়েছে সে সম্পর্কিত মতামত

৬) প্রাকৃতিক দুর্যোগের কারণে উপকারভোগিদের প্রতি বছর গড়ে আর্থিক ক্ষতির পরিমাণ

সারণি ৩.৬ বিশ্লেষণে দেখা যায় যে, উপকারভোগিদের বাৎসরিক গড়ে আর্থিক ক্ষতির পরিমাণ ৩৫,৯৮৮.০০ টাকা। জরিপে অংশগ্রহণকারীদের মধ্যে সর্বোচ্চ আর্থিক ক্ষতির পরিমাণ ২,০০,০০০.০০ টাকা এবং সর্বনিম্ন ক্ষতির পরিমাণ ৩,০০০.০০ টাকা। বিস্তারিত সারণি-৩.১৮ এ দেয়া হলো:-

সারণি-৩.১৮: প্রাকৃতিক দুর্যোগের কারণে প্রতি বছর গড়ে আর্থিক ক্ষতির পরিমাণ

ক্ষতির পরিমাণ	টাকা
গড় টাকার পরিমাণ	৩৫৯৮৮.০০
মধ্যম	৩০০০০.০০
সর্বোচ্চ	২০০০০০.০০
সর্বনিম্ন	৩০০০.০০
মোট	৪৬২

৭) প্রকল্প সম্পর্কে উপকারভোগিদের মাতামত

শতভাগ (১০০%) উত্তরদাতার মতামত অনুযায়ী তাঁদের এলাকায় প্রকল্পের কাজ চলমান রয়েছে এবং প্রকল্প বাস্তবায়ন হলে তাঁদের পরিবার উপকার পাবে। উপকারভোগি একাধিক উত্তরের মাধ্যমে সবচেয়ে বেশি ৯২.৪২% এর মতে তাঁদের বসত-ভিটা ও জমি ভাঙন রোধ হবে। এছাড়া, ৭৪.৪৫% এর মতে ফসল উৎপাদন বৃদ্ধি পাবে, ৬৯.২৬% এর মতে কৃষকদের ফসল নষ্ট হওয়া হ্রাস পাবে, ৪৭.৮৩% এর মতে জলাবদ্ধতা রোধ হবে, ৪২.৬৪% এর মতে মৎস্য চাষে ক্ষয়ক্ষতি কম হবে এবং ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে। বিস্তারিত সারণি-৩.১৯ এ দেয়া হলো।

সারণি-৩.১৯: আলোচ্য প্রকল্পের আওতায় এলাকায় চলমান কাজ সম্পর্কে জানে কি না সে সম্পর্কিত মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	৪৬২	১০০.০০
না	-	-
মোট	৪৬২	১০০.০০
প্রকল্প বাস্তবায়ন হলে পরিবারের জন্য উপকার হবে কিনা সে সম্পর্কিত মতামত		
মতামত	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	৪৬২	১০০.০০
না	-	-
মোট	৪৬২	১০০.০০

যেভাবে উপকৃত হবে সে সম্পর্কিত মতামত		
মতামত	সংখ্যা	শতকরা হার
কৃষকদের ফসল নষ্ট হওয়া হ্রাস পাবে	৩২০	৬৯.২৬
ফসল উৎপাদন বৃদ্ধি পাবে	৩৪৪	৭৪.৪৫
বসতভিটা ও জমি জমা ভাঙন রোধ হবে	৪২৭	৯২.৪২
জলাবদ্ধতা রোধ হবে	২২১	৪৭.৮৩
মৎস্য চাষে ক্ষয় ক্ষতি কম হবে এবং ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে	১৯৭	৪২.৬৪
একাধিক উত্তর=৪৬২		

৮) উপকারভোগিদের এলাকায় দুর্যোগের পূর্বে সতর্কবার্তা সম্পর্কে মতামত

সারণি ৩.২০ এ দেখা যায়, ১০০% উত্তরদাতা জানান যে সতর্কবার্তা দেওয়া হয়। বিস্তারিত সারণি ৩.২০ দেওয়া হলো:-

সারণি-৩.২০: উপকারভোগিদের এলাকায় দুর্যোগের পূর্বে সতর্কবার্তা সম্পর্কে মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
সতর্কবার্তা দেওয়া হয়	৪৬২	১০০.০০
সতর্কবার্তা দেওয়া হয় না	-	-
মোট	৪৬২	১০০.০০

৯) দুর্যোগের পূর্ব প্রস্তুতি হিসেবে পরিবার যে ধরনের পদক্ষেপ গ্রহণ করে থাকে সে সম্পর্কে মতামত

দুর্যোগ মোকাবিলায় পরিবারের বিভিন্ন প্রস্তুতির ধরণ সম্পর্কে একাধিক উত্তরে ৭১.২% জানান, ঔষধ ও প্রয়োজনীয় শুকনো খাবার সংগ্রহ করে থাকেন, গবাদি পশু ও হাঁস-মুরগী উঁচু জায়গায় বা সুরক্ষিত জায়গায় নিয়ে যায় ৫৯.৭% এবং প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে সাইক্লোন সেন্টার বা আশ্রয়কেন্দ্রে যাওয়ার প্রস্তুতি নিয়ে থাকেন ৬৭.৩%। বিস্তারিত সারণি ৩.২১ এ দেয়া হলো।

সারণি-৩.২১: দুর্যোগের পূর্বপ্রস্তুতি হিসেবে পরিবার যে ধরনের পদক্ষেপ গ্রহণ করে থাকে সে সম্পর্কে মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
ঔষধ ও প্রয়োজনীয় শুকনো খাবার সংগ্রহ করা	৩২৯	৭১.২
গাবাদি পশু ও হাঁস মুরগী উঁচু জায়গায় বা সুরক্ষিত জায়গায় নিয়ে যাওয়া	২৭৬	৫৯.৭
প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে সাইক্লোন সেন্টার বা আশ্রয়কেন্দ্রে যওয়ার প্রস্তুতি নেওয়া	৩১১	৬৭.৩
বসত-বাড়ী রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা	৩৩৯	৭৩.৪
মাছের ঘেড় রক্ষার্থে নেট দেয়ার ব্যবস্থা করা হয়	২১৩	৪৬.১
একাধিক উত্তর=৪৬২		

১০) বর্তমানে দুর্যোগ মোকাবিলায় যে ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে থাকে যে সম্পর্কে মতামত

দুর্যোগ প্রবণ এলাকার লোকজন দুর্যোগকালীন সময়ে নানা ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন হন। সমীক্ষাকালীন তাঁদের নিকট জানতে চাওয়া হয়, দুর্যোগের সময় তাঁরা কী কী চ্যালেঞ্জের সম্মুখীন হয়। পরিপ্রেক্ষিতে একাধিক উত্তরের মাধ্যমে ৭৯.২০% জানান মানবজীবন ও পশুপাখির জীবন রক্ষা করা বড় চ্যালেঞ্জ। এছাড়া, ৬৩% জানান স্বাস্থ্য-সম্মত খাবার সংগ্রহ করা, ৪৯.৬০% জানান বসতভিটা রক্ষা করা এবং ৩০.১০% জানান নদীর বাঁধ রক্ষা করা এবং ফসলী জমি রক্ষা করা চ্যালেঞ্জ হয়ে যায়। তবে উপকারভোগীদের শতভাগ (১০০%) মনে করেন প্রকল্প বাস্তবায়ন হলে উক্ত চ্যালেঞ্জগুলো উত্তরণ সম্ভব হবে। বিস্তারিত সারণি ৩.২২ এ দেয়া হলো।

সারণি-৩.২২: বর্তমানে দুর্যোগ মোকাবিলায় আপনারা যে ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে থাকেন সে সম্পর্কে মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
মানবজীবন ও পশু পাখির জীবন রক্ষা করা	৩৬৬	৭৯.২
স্বাস্থ্য- সম্মত খাবার সংগ্রহ করা	২৯১	৬৩.০
বসত-ভিটা রক্ষা করা	২২৯	৪৯.৬
নদীর বাঁধ রক্ষা এবং ফসলী জমি রক্ষা করা	১৩৯	৩০.১
একাধিক উত্তর=৪৬২		
এই চ্যালেঞ্জগুলো প্রকল্প বাস্তবায়ন পরবর্তী উত্তরণ সম্ভব হবে কি না?		
হ্যাঁ	৪৬২	১০০.০০
না	-	-
মোট	৪৬২	১০০.০০

১১) প্রকল্প বাস্তবায়ন হলে এলাকার নদীর তীর ভাঙন রোধ হবে কিনা সে সম্পর্কিত মতামত

প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে নদী তীর ভাঙন, জলোচ্ছাস, বন্যা, ঝড়ের ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও লবণাক্ততার অনুপ্রবেশ এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে জীবন ও সম্পত্তির নিরাপত্তা জোরদারকরণ। সমীক্ষাকালীন সারণি ৩.২৩ বিশ্লেষণে দেখা যায়, উপকারভোগীদের শতভাগ (১০০%) এর মতে প্রকল্প বাস্তবায়ন হলে নদীর তীরের ভাঙন রোধ হবে। বিস্তারিত সারণি ৩.২৩ এ দেয়া হলো।

সারণি-৩.২৩: প্রকল্প বাস্তবায়ন হলে এলাকার নদীর তীর ভাঙন রোধ হবে কিনা সে সম্পর্কিত মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	৪৬২	১০০.০০
না	-	-
মোট	৪৬২	১০০.০০

১২) প্রকল্প বাস্তবায়ন হলে এলাকায় কৃষি ক্ষেত্রে পরিবর্তন

দুর্যোগ প্রবণ এলাকার অধিকাংশ মানুষই কৃষির উপর নির্ভরশীল। প্রকল্পভুক্ত এলাকাগুলোতে ধান অনেক ভাল চাষ হয়। এছাড়া, শুষ্ক মৌসুমে আলু, পিঁয়াজ, রসুন, শাক/সবজি চাষাবাদ হয়। কিন্তু নদী ভাঙন, জলোচ্ছাস ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগের ফলে জমিতে জলাবদ্ধতা ও লোনাপানির প্রভাবে কৃষি উৎপাদন অনেক ক্ষেত্রে ব্যাহত হয়। তাই সমীক্ষাকালীন উপকারভোগিদের নিকট জানতে চাওয়া হয় প্রকল্প বাস্তবায়ন হলে তাঁদের এলাকায় কৃষি ক্ষেত্রে কী ধরনের পরিবর্তন আসতে পারে। সারণি ৩.২৪ বিশ্লেষণে দেখা যায় যে, উপকারভোগিগণ একাধিক উত্তরের মাধ্যমে সবচেয় বেশি ৭৮.১০% জানান তাঁদের এলাকায় ফসল উৎপাদন বৃদ্ধি পাবে। এছাড়া, ৬১% জানান, ফসলি জমিতে জলাবদ্ধতা দূর হবে, ৬৮% জানান জমিতে একাধিক ফসল উৎপাদন করা যাবে, ২৫.৫০% জানান মিঠা পানির মাছ উৎপাদন বৃদ্ধি পাবে এবং ২০.৬০% জানান এলাকায় স্লুইস গেট নির্মাণ হলে প্রয়োজনের সময় জমিতে সেচ দেওয়া যাবে। বিস্তারিত সারণি ৩.২৪ এ দেয়া হলো।

সারণি-৩.২৪: প্রকল্প বাস্তবায়ন হলে এলাকায় কৃষি ক্ষেত্রে পরিবর্তন

কৃষি ক্ষেত্রে পরিবর্তনসমূহ	সংখ্যা	শতকরা হার
ফসল উৎপাদন বৃদ্ধি পাবে	৩৬১	৭৮.১
ফসলি জমিতে জলাবদ্ধতা দূর হবে	২৮২	৬১.০
জমিতে একাধিক ফসল উৎপাদন করা যাবে	৩১৪	৬৮.০
মিঠা পানির মাছ উৎপাদন বৃদ্ধি পাবে	১১৮	২৫.৫
স্লুইস গেট নির্মাণ হলে প্রয়োজনের সময় জমিতে সেচ দেওয়া যাবে	৯৫	২০.৬
একাধিক উত্তর=৪৬২		

১৩) প্রকল্পের নির্মাণ কাজে এলাকায় কর্মসংস্থানের সুযোগ


প্রকল্পের অন্যতম প্রধান কাজ হচ্ছে নদী তীর সংরক্ষণ ও ঢাল সংরক্ষণ কাজ। চলমান কাজগুলোতে স্থানীয় জনগণের কর্মসংস্থান হয়েছে। এছাড়া, উপকারভোগিদের শতভাগ (১০০ %) মনে করেন প্রকল্প বাস্তবায়ন হলে স্থানীয় লোকদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি পাবে। বিস্তারিত সারণি ৩.২৫ এ দেয়া হলো।

সারণি-৩.২৫: প্রকল্পের নির্মাণ কাজে এলাকায় কর্মসংস্থানের সুযোগ

মতামত	সংখ্যা	শতকরা হার
হ্যাঁ	৪৬২	১০০.০০
না	-	-
মোট	৪৬২	১০০.০০

১৪) প্রকল্প বাস্তবায়ন হলে এলাকায় আর্থ-সামাজিক উন্নয়নে পরিবর্তন

প্রকল্পভুক্ত এলাকাগুলোতে জলোচ্ছাস, ঘূর্ণিঝড় ইত্যাদি প্রাকৃতি দুর্যোগের ফলে নদী ভাঙন দেখা দেয় এবং বাঁধের উপর দিয়ে পানি আবাদি জমিসহ বসত-বাড়িতে প্রবেশ করে। রাস্তা-ঘাট তলিয়ে যায়, দোকান-পাট ক্ষতিগ্রস্ত হয়, মাছের ঘের বিনষ্ট হয়, স্কুল/কলেজ বন্ধ থাকে, নিরাপদ ও বিশুদ্ধ পানির অভাব ইত্যাদি সমস্যা পরিলক্ষিত হয়। ফলে আর্থ-সামাজিক প্রেক্ষাপটে ব্যাপক ক্ষয় ক্ষতির সৃষ্টি হয়। প্রকল্প বাস্তবায়নের অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে প্রকল্প এলাকার লোকদের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখা। প্রকল্প বাস্তবায়ন হলে এলাকায় আর্থ-সামাজিক উন্নয়নে পরিবর্তন সম্পর্কে জানতে চাওয়া হলে একাধিক উত্তরের মাধ্যমে সবচেয়ে বেশি ৮৯.৮২% জানান, এলাকার মানুষের আয় বৃদ্ধি পাবে। এছাড়া, ৭৮.৪০% মতে ব্যবসা প্রতিষ্ঠানের প্রসার ঘটবে, ৭৪.০০% এর মতে এলাকায় কর্মসংস্থান সৃষ্টি, ৬৯.৭০% এর মতে স্বাস্থ্য সেবার মান বৃদ্ধি, ২৯.২০% এর মতে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, ২৬.২০% এর মতে স্কুল/কলেজে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি এবং ২২.৭০% এর মতে ধর্মীয় উপাসনালয় (মসজিদ ও মন্দির) রক্ষা পাবে ফলে, আর্থ-সামাজিক উন্নয়নে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিস্তারিত চিত্র ৩.৫ তে দেয়া হলো।



চিত্র ৩.৫: প্রকল্প বাস্তবায়ন হলে এলাকায় আর্থ-সামাজিক উন্নয়নে পরিবর্তন

১৫) দুর্যোগ পরবর্তী পুনরুদ্ধার সক্ষমতা বৃদ্ধির জন্য যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন সে সম্পর্কে মতামত

সারণি ৩.২৬ বিশ্লেষণে দেখা যায়, দুর্যোগ পরবর্তী পুনরুদ্ধার সক্ষমতা বৃদ্ধির বিষয়ে ৬৭.৫০% উত্তরদাতা জানান বাঁধ রক্ষার্থে বাঁধের চারপাশে বৃক্ষরোপণ করা প্রয়োজন। এছাড়া, ৬৯.৭০% এর মতে আশ্রয় কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি করা, ৬৩.০% এর মতে দুর্যোগ পূর্ববর্তী সময়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন এবং ৫৪.৩০% এর মতে সরকার কর্তৃক আর্থিক সহযোগিতা প্রদান প্রয়োজন।

সারণি-৩.২৬: দুর্যোগ পরবর্তী পুনরুদ্ধার সক্ষমতা বৃদ্ধির জন্য কী ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন সে সম্পর্কে মতামত

মতামত	সংখ্যা	শতকরা হার
বাঁধ রক্ষার্থে বাঁধের চারপাশে বৃক্ষরোপণ করা	৩১২	৬৭.৫০
আশ্রয় কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি করা	৩২২	৬৯.৭০
দুর্যোগ পূর্ববর্তী সময়ে জনসচেতনাতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা	২৯১	৬৩.০০
সরকার কর্তৃক আর্থিক সহযোগিতা প্রদান	২৫১	৫৪.৩০
একাধিক উত্তর=৪৬২		

১৬) প্রকল্প বাস্তবায়ন হলে, এলাকায় নারীদের যে খাতে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে সে সম্পর্কিত মতামত

প্রকল্প বাস্তবায়ন হলে নারীদের কোন কোন খাতে কর্মসংস্থান সৃষ্টি হতে পারে, এ বিষয়ে একাধিক উত্তরের মাধ্যমে উপকারভোগিদের ৭০.১০% এর মতে কৃষি খাতে নারীদের কর্মসংস্থান হবে। এছাড়া, ৪৮.৯০ এর মতে পশুসম্পদ লালন-পালন, ৪৬.৩০% এর মতে মৎস্য আহরণ, ৩১.১০% এর মতে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে সহকারী হিসেবে এবং ২৯.৪০ এর মতে দুগ্ধ ও পোল্ট্রি খামারে নারীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে । বিস্তারিত সারণি-৩.২৭ এ দেয়া হয়েছে।

সারণি-৩.২৭: প্রকল্প বাস্তবায়ন হলে, এলাকায় নারীদের যে খাতে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে

কর্মসংস্থানের নাম	সংখ্যা	শতকরা হার
কৃষি ক্ষেত্রে	৩২৪	৭০.১০
পশুসম্পদ লালন-পালন	২২৬	৪৮.৯০
মৎস্য আহরণে	২১৪	৪৬.৩০
বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে সহকারী হিসেবে	১৪৫	৩১.৩০
দুগ্ধ ও পোল্ট্রি খামার	১৩৬	২৯.৪০
একাধিক উত্তর=৪৬২		

৩.১৬ এফজিডির আলোচ্য বিষয়সমূহ হতে প্রাপ্ত ফলাফলসমূহ:

প্রকল্পের আওতায় ০৩টি জেলায় মোট ৬টি এফজিডি পরিচালনা করা হয়েছে। প্রতিটি এফজিডিতে উপকারভোগি, স্থানীয় চেয়ারম্যান, মেম্বার, শিক্ষক, নারী প্রতিনিধি, কৃষক, ব্যবসায়ী এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। নিম্নে এফজিডি হতে প্রাপ্ত ফলাফলসমূহ দেয়া হলো-



চিত্রঃ এফজিডি, উত্তর বেতকাশি, কয়রা, খুলনা।



চিত্রঃ এফজিডি, কোলা, প্রতাপনগর ইউনিয়ন, আশাশুনি, সাতক্ষীরা।



চিত্রঃ এফজিডি, কামারগাতি গ্রাম, দিঘলিয়া, খুলনা



চিত্রঃ এফজিডি, আলমতলা, লাস্কর ইউনিয়ন, পাইকগাছা, খুলনা।



চিত্রঃ এফজিডি, পুঁটিমারি, ডুমুরিয়া, খুলনা



চিত্র: এফজিডি, রহিমাবাদ, সদর, বগেরহাট

আলোচ্য বিষয়সমূহ হতে প্রাপ্ত ফলাফলসমূহ:

১. বাস্তবায়নাধীন আলোচ্য প্রকল্প সম্পর্কে ধারণা

আলোচনায় উপস্থিত সকলেই জানান, প্রকল্পের আওতায় তাঁদের এলাকায় নদী তীর সংরক্ষণ ও ঢাল সংরক্ষণ কাজ চলমান আছে। নদীতে জিও ব্যাগ ও সিসি ব্লক দ্বারা তীর সংরক্ষণ কাজ চলমান আছে। এছাড়াও পাইকগাছা উপজেলায় সিসি ব্লক তৈরির কাজ চলমান রয়েছে বলে জানান।

২. যে ধরনের দুর্যোগের জন্য ঝুঁকিপূর্ণ সে সম্পর্কিত মতামত

নদী ভাঙন, ফসলের জমিতে লবণাক্ত পানি প্রবেশ, জলোচ্ছাস, বন্যা, ঘূর্ণিঝড়, সিডর, আইলা, জলাবদ্ধতা ইত্যাদি দুর্যোগের জন্য ঝুঁকিপূর্ণ মর্মে মতামত প্রদান করেন ।

৩. দুর্যোগে ক্ষয় ক্ষতির পরিমাণ সম্পর্কিত মতামত

প্রাকৃতিক দুর্যোগের কারণে প্রায় প্রতি বছরই তাঁদের ক্ষয়ক্ষতি হয়। প্রাকৃতিক দুর্যোগের কারণে ফসলি জমি নষ্ট, মাছের ঘের, বসত-ভিটা, রাস্তা-ঘাটের ক্ষতি হয়। ক্ষতির পরিমাণ আনুমানিক ১০,০০০ থেকে ১০,০০০০০ টাকা মর্মে জানান।

৪. দুর্যোগকালীন চ্যালেঞ্জ সম্পর্কিত মতামত

সভায় উপস্থিত সকলেই জানান যে, তাঁদের এলাকা প্রাকৃতিক দুর্যোগ কবলিত। প্রায় প্রতি বছরই তাঁদের প্রাকৃতিক দুর্যোগের সাথে সংগ্রাম করে বাঁচতে হয়। সভায় জানান, বিভিন্ন দুর্যোগের কারণে প্রাণহানি, আঘাত বা অন্যান্য স্বাস্থ্য ঝুঁকি, সম্পত্তির ক্ষতি, জীবিকা ও পরিষেবার ক্ষতি, সামাজিক ও অর্থনৈতিক ব্যাঘাত, পরিবেশগত ক্ষতি, খাবার পানির সংকট, পানিবাহিত রোগ, পয়ঃনিস্কাশনের সমস্যা ইত্যাদি চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে থাকেন। এছাড়াও তাঁরা জানান, জনসংখ্যার তুলনায় সাইক্লোন সেন্টার কম। বিশেষ করে তাদেঁর পরিবারের বয়স্ক ও শিশুদের নিয়ে অনেক বিপাকে পড়তে হয়। গবাদি পশু ও হাঁস-মুরগিগুলোকে উঁচু স্থানে সরিয়ে রাখেন। প্রকল্প বাস্তবায়ন হলে তাঁদের ক্ষয়ক্ষতির পরিমাণ কমবে ও জনজীবন রক্ষা পাবে বলে মতামত প্রদান করেন।

৫. জনগণের জীবন ও সম্পদ রক্ষায় প্রকল্পের ভূমিকা সম্পর্কে মতামত

এ প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন হলে লোকজন বিভিন্নভাবে লাভবান হবেন, যেমন-

- মানবসম্পদ ও পশু সম্পদের ক্ষয় ক্ষতির পরিমাণ কমে আসবে;
- মিঠা পানির মাছের উৎপাদন বৃদ্ধি পাবে;
- ফসলি জমিতে লবণাক্ত পানির প্রবেশ কমবে ফলে ফসল উৎপাদন বৃদ্ধি পাবে;
- বিভিন্ন পানিবাহিত রোগ থেকে রক্ষা পাবে;
- ঘর/বাড়ি, রাস্তা-ঘাট, স্কুল/কলেজ, মসজিদ/মন্দির/মাদ্রাসাসহ অন্যান্য অবকাঠামো দুর্যোগ থেকে রক্ষা পাবে।

৬. এলাকার জনগণের জীবন-মানের উন্নয়নে প্রকল্পটির অবদান

সভায় উপস্থিত সকলেই জানান যে, তাঁদের এলাকার বেশিরভাগ মানুষ কৃষিকাজ ও মৎস্য চাষের ওপর নির্ভরশীল। প্রকল্প বাস্তবায়ন হলে ফসলি জমি ও মাছের ঘের ক্ষতিগ্রস্ত হবে না, ফলে কৃষকগণ অর্থনৈতিকভাবে লাভবান হবে। তাছাড়া রাস্তা-ঘাট ও অন্যান্য অবকাঠামোর ক্ষতি না হলে যাতায়াত সুবিধা, ছেলে-মেয়েদের লেখাপড়া স্বাভাবিকভাবে চালিয়ে যাওয়া সম্ভব হবে, ফলে জীবনযাত্রার মান উন্নয়ন হবে।

৭. প্রকল্প বাস্তবায়ন হলে এলাকায় প্রাথমিক এবং দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার সক্ষমতা বৃদ্ধি

প্রকল্প বাস্তবায়ন হলে নদী ভাঙন, এলাকার রাস্তা/ঘাট ক্ষতিগ্রস্ত হবেনা ফলে যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা সমুন্নত থাকবে। ফলে মানুষের প্রাথমিক ও দীর্ঘ মেয়াদী পুনরুদ্ধার সক্ষমতা বৃদ্ধি পাবে। তাছাড়া পানিবাহিত নানাবিধ রোগের প্রাদুর্ভাব কমে যাবে মর্মে জানান।

৮. প্রকল্প বাস্তবায়নকালীন এলাকায় কর্মসংস্থানের পরিবর্তন

প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে এলাকায় অস্থায়ী কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। এলাকার বেকার যুবকদের প্রকল্পের বিভিন্ন কাজে দৈনিক মজুরি হিসেবে কাজের সুযোগ সৃষ্টি হয়েছে, যেমন: বাঁধ নির্মাণ ও সংস্কারে মাটি ফেলা, সিসি ব্লক তৈরি করা, নদীতে জিওব্যাগ ফেলা ইত্যাদি কাজে কর্মসংস্থানের সুযোগ হয়েছে।

৯. প্রকল্প বাস্তবায়ন পরবর্তী অবকাঠামো নির্মাণ কাজের টেকসইকরণ সম্পর্কিত

সভায় উপস্থিত সকলেই জানান যে, প্রকল্প বাস্তবায়ন পরবর্তী অবকাঠামো নির্মাণ কাজ টেকসইকরণে পানি উন্নয়ন বোর্ডের পাশাপাশি এলাকাবাসীকে নিয়মিত দেখভাল করতে হবে যাতে প্রকল্পটির কোন ক্ষতি না হয়। এছাড়া, নির্মিত বাঁধে বৃক্ষরোপণ করা যেতে পারলে টেকসই হবে মর্মে মতামত প্রদান করেন।

১০. প্রকল্পের নির্মাণ কাজ সম্পর্কে উপকারভোগিদের মতামত

প্রকল্পভুক্ত এলাকার উপকারভোগিগণ নির্মাণ কাজ সম্পর্কে যে ধরনের মতামত জানিয়েছেন তা নিম্নে প্রদান করা হলো-

- প্রকল্পের চলমান কাজ ভালো হচ্ছে;
- বর্তমানে জিওব্যাগ ও জিওটিউব দেওয়া হয়েছে;
- ব্লক ম্যানুফ্যাকচারিং উৎপাদন কাজ চলমান;
- প্রকল্পের কাজ ধীরগতিতে চলছে। নির্মাণ কাজ আরও ত্বরান্বিত করা প্রয়োজন।

৩.১৭ মুখ্য তথ্যদাতার সাথে সাক্ষাৎকারের ফলাফল:

প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণ সমীক্ষা পরিচালনার জন্য মুখ্য তথ্যদাতাদের সাক্ষাৎকার (Key Informant Interview) যথাক্রমে প্রকল্প পরিচালক, মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার (নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী), উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি, ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মকর্তা ও অন্যান্য স্টেকহোল্ডারদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়েছে। নিম্নে ফলাফলসমূহ দেয়া হলো-

৩.১৭.১ প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালকের সাথে সাক্ষাৎকারের ফলাফল:

প্রকল্পের আওতায় নিয়োজিত প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প পরিচালকের সাথে সাক্ষৎকার এর মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। নিম্নে বিস্তারিত দেয়া হলো-



চিত্রঃ প্রকল্প পরিচালক এবং উপ-প্রকল্প পরিচালকের সাথে কেআইআই

ফলাফলসমূহ:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	মতামতসমূহ
১	প্রকল্প গ্রহণের পূর্বে বিস্তারিত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন তৈরি এবং বাস্তবায়ন পর্যায়ে কোন অমিল রয়েছে কিনা সে সম্পর্কিত মতামত	প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক জানান, প্রকল্প গ্রহণের পূর্বে সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন তৈরি করা হয়েছে এবং বাস্তবায়ন পর্যায়ে কোনরূপ অমিল নেই।
২	প্রকল্পের কাজ যথাসময়ে শুরু হয়েছে কিনা সে সম্পর্কিত মতামত	প্রকল্প পরিচলক জানান, প্রকল্পের কাজ যথাসময়ে শুরু হয়েছে।
৩	চলমান কাজ সম্পন্ন করতে যে ধরনের সমস্যার সম্মুখিন হচ্ছে সে সম্পর্কিত মতামত	প্রকল্প পরিচলক জানান যে, কাজ সম্পন্ন করতে বিভিন্ন প্রকার সমস্যার সম্মুখিন হতে হচ্ছে। নির্মাণ সামগ্রীর দুষ্প্রাপ্যতা যেমন: জিওব্যাগে ভর্তির জন্য বালি, জোঁয়ার-ভাটার ফলে কাজে বিঘ্ন ঘটা, মিঠা পানির সমস্যা এবং পানি উন্নয়ন বোর্ডের অধিগ্রহণকৃত জমি না থাকায় নদী তীরের এ্যালাইনমেন্ট নির্ধারণে সমস্যা হয়েছে। এছাড়া, পর্যাপ্ত জায়গার অভাবে সিসি ব্লক কাস্টিং ইয়ার্ডে সংরক্ষণ সমস্যা রয়েছে।
৪	প্রকল্প বাস্তবায়নকালীন প্রধান চ্যালেঞ্জগুলো সম্পর্কিত মতামত	প্রকল্প বাস্তবায়নকালীন প্রধান চ্যালেঞ্জসমূহ সম্পর্কে জানান যে, প্রকল্প এলাকায় অধিগ্রহণকৃত জমি না থাকায় জমির মালিকদের সাথে মত বিরোধ, সিসি ব্লক নির্মাণ কাজে মিষ্টি পানির স্বল্পতা ইত্যাদি। বর্তমানে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং জাইকা কর্তৃক নিয়োজিত পরামর্শক এর মাধ্যমে স্থানীয়ভাবে চ্যালেঞ্জগুলি উত্তরণ করা হচ্ছে।
৫	ডিপিপি অনুযায়ী প্যাকেজের কাজ সম্পর্কিত মতামত	প্রকল্প পরিচলক জানান যে, ডিপিপি অনুযায়ী এ প্রকল্পে মোট ১৩ টি প্যাকেজ এবং ২টি লট রয়েছে। সকল প্যাকেজের কাজ শুরু করা হয়েছে।
৬	নদীর তীর রক্ষার কাজ সম্পর্কিত মতামত	প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের আওতায় প্রায় ০.৪০০ কি:মি: নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট কাজ বর্ধিত সময় অনুযায়ী ৩০/০৫/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়নের প্রচেষ্টা করা

ক্রমিক নং	আলোচ্য বিষয়	মতামতসমূহ
		হচ্ছে।
৭	প্রকল্পের কাজ শুরু করতে স্থানীয় কোন প্রভাব বা বাঁধা/বিপত্তি সম্পর্কিত মতামত	প্রকল্পের কাজ শুরু করতে প্রকল্প এলাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের হুকুম দখলকৃত জমি না থাকায় কাজ বাস্তবায়নে বাঁধার সম্মুখিন হতে হয়। স্থানীয় ভাবে সৃষ্ট সমস্যা সমাধান করে কাজ বাস্তবায়ন করা হচ্ছে বলে জানান।
৮	প্রকল্পের কাজ মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক নিয়মিত মনিটরিং সম্পর্কিত মতামত	প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক জানান, প্রকল্পের কাজ নিয়মিত মনিটরিং করা হয়।
৯	প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে যে ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে	কাজ টেকসই করার লক্ষ্যে কাজের পরিমাণ এবং গুণগত মান যাতে ঠিক থাকে সেদিকে বিশেষ ভাবে সতর্কতা অবলম্বন করা হচ্ছে। কাজ বাস্তবায়নে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সংশ্লিষ্ট টাস্কফোর্স এবং প্রকল্পের পরামর্শকগণ একই সাথে দায়িত্ব পালন করছেন।
১০	প্রকল্প বাস্তবায়নে অনুমোদিত ডিপিপি অনুযায়ী বাৎসরিক কর্মপরিকল্পনা অনুমোদন ও যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা সে সম্পর্কিত মতামত	প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক জানান প্রকল্প বাস্তবায়নে অনুমোদিত ডিপিপি অনুযায়ী বাৎসরিক কর্মপরিকল্পনা অনুমোদন ও যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে।
১১	এ প্রকল্পের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষাসহ প্রতিবেশ রক্ষায় যে ধরনের (বৈচিত্র্য ইত্যাদি/জীব) কার্যক্রম গ্রহণ করাহয়েছে সে সম্পর্কিত মতামত	প্রকল্প এলাকায় নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হলে নদী ভাঙন বন্ধ হবে। ফলে দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে বন্যার পানি প্রকল্প এলাকায় প্রবেশ করতে পারবে না। ইহার ফলে পরিবেশের ভারসাম্য রক্ষা পাবে। এছাড়া, বাঁধ নির্মাণের পর বৃক্ষ রোপন করা হবে মর্মে মতামত প্রকাশ করেন।
১২	এ প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকার উপকারভোগিদের জীবন-মানের উন্নয়নে যেভাবে অবদান রাখবে সে সম্পর্কিত মতামত	জলাবদ্ধতা নিরসন ও সেচের মাধ্যমে সব ধরনের ফসল ও মৎস্য উৎপাদন বৃদ্ধি হওয়ায় উপকারভোগিদের জীবনযাত্রার মান উন্নয়ন হবে। পরিবেশ ও জীব বৈচিত্র্যের ভারসাম্য ফিরে আসবে। স্থায়ী বাঁধ নির্মাণের ফলে যাতায়াত ব্যবস্থার উন্নতি হবে। যাতায়াত ব্যবস্থার উন্নতি হলে বিনিয়োগ বৃদ্ধি পাবে এবং কর্মসংস্থানও বৃদ্ধি পাবে ফলে জীবন যাত্রার মান বৃদ্ধি পাবে। প্রকল্পের কাজ সমাপ্ত হলে প্রাকৃতিক বিপর্যয়ের ঝুঁকি কমবে ফলে উপকারভোগিদের জীবনযাত্রার মান উন্নয়ন সহায়ক হবে।
১৩	প্রকল্প বাস্তবায়ন হলে দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকায় প্রাথমিক এবং দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার সক্ষমতা যতটুকু বৃদ্ধি পাবে সে সম্পর্কিত মতামত	প্রকল্প বাস্তবায়ন হলে নদী তীর এবং উপকূলীয় বাঁধ টেকসই হবে। ফলে ক্ষতিগ্রস্ত এলাকায় প্রাথমিক এবং দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার সক্ষমতা বৃদ্ধি পাবে মর্মে প্রকল্প পরিচালক জানান।
১৪	প্রকল্প এলাকায় দুর্যোগ পূর্বাভাস প্রদান, উদ্ধার কার্যক্রমের উন্নয়ন এবং দুর্যোগ পুনর্বাসন পরিকল্পনায় যে ধরনের পরিবর্তন আসবে সে সম্পর্কিত মতামত	প্রকল্পের আওতাভুক্ত নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়ন করা হলে উপকূলীয় বাঁধ টেকসই হবে এবং দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে প্রকল্প এলাকায় বন্যার পানি প্রবেশ রোধ হবে। ইহাতে প্রকল্প এলাকার মধ্যে রাস্তা-ঘাট এবং অন্যান্য স্থাপনা সুরক্ষিত থাকবে। ফলে প্রকল্প এলাকায় দুর্যোগ পূর্বাভাস প্রদান, উদ্ধার কার্যক্রমের উন্নয়ন এবং দুর্যোগ পুনর্বাসন কাজে সহায়ক ভূমিকা রাখবে।
১৫	বাপাউবো'র টাস্ক ফোর্স কমিটি মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ নিয়মিত মনিটরিং করে কিনা সে সম্পর্কিত মতামত	প্রকল্প পরিচালক ও উপ-প্রকল্প পরিচালক জানান বাপাউবো'র টাস্ক ফোর্স কমিটি মাঠ পর্যায়ে প্রকল্পের কাজ নিয়মিত মনিটরিং করেন। টাস্ক ফোর্স এর সদস্যরা মাঠ পর্যায়ে কাজের গুণগত মান এবং সংখ্যা নিয়ন্ত্রণ করে থাকেন।
১৬	উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক এখন পর্যন্ত কতগুলো মিশন সম্পন্ন হয়েছে সে সম্পর্কিত মতামত	উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক ইতোমধ্যে ৩টি মিশন সম্পন্ন হয়েছে। মিশন কর্তৃক প্রদত্ত সুপারিশসমূহ যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে বলে জানান।
১৭	উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক প্রকল্পের কাজ যেভাবে মনিটরিং করা হচ্ছে সে বিষয়ে মতামত	উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক প্রকল্পের কাজ বাস্তবায়নে নিয়োজিত পরামর্শক দ্বারা প্রকল্পের কাজ যথাযথভাবে মনিটরিং করেন এবং ইআরডি'র পোর্টফোলিও সভার মাধ্যমে প্রকল্পের অগ্রগতি সম্পর্কিত মতামত প্রদান করেন।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	মতামতসমূহ
১৮	প্রকল্পের আওতায় হাইড্রো মরফোলজিক্যাল স্ট্যাডি করা হয়েছে কিনা সে সম্পর্কিত মতামত	প্রকল্পের আওতায় হাইড্রো মরফোলজিক্যাল স্টাডি করা হয়নি। কারণ প্রকল্পের কাজগুলো বিভিন্ন নদী তীরে অবস্থিত বিধায় হাইড্রো মরফোলজিক্যাল স্টাডি করা সম্ভব হয়নি।
১৯	ড্রেজিং কাজ সম্পর্কিত মতামত	প্রকল্পের আওতায় ড্রেজিং কাজে ড্রেজার ব্যবহার করা হয়নি। লংবুম এক্সকাভেটর দ্বারা ৫.৮০০ কি:মি: খনন কাজ সম্পন্ন করা হয়েছে। বৃক্ষরোপণ করা হবে মর্মে মতামত জানান।
২০	প্রকল্পের আওতায় নদী/খাল খনন কাজের ধাপ সম্পর্কিত মতামত	প্রকল্পের আওতায় নদী/খাল খনন (ড্রেজিং) কাজের ধাপগুলো নিম্মরূপ: ১। যৌথভাবে প্রি-ওয়ার্ক সার্ভে কাজ সম্পন্ন করা। ২। প্রোফাইল প্রদান করা। ৩। খনন কাজ বাস্তবায়ন করা। ৪। খনন/পুনঃখনন কাজ বাস্তবায়নের পর যৌথ পোস্ট ওয়ার্ক গ্রহণ করা।
২১	কত ফিট গভীরতায় নদী/খাল খনন (ড্রেজিং) করা হয়েছে সে সম্পর্কিত মতামত	প্রায় ১৭/১৮ ফিট গভীরতায় খনন কাজ বাস্তবায়ন করা হয়েছে। লেভেল: (+)২.৫০ মিটার থেকে (-) ৩.০০ মিটার অর্থাৎ, ৫.৫ মিটার।
২২	নদীর তীর ও ঢাল সংরক্ষণ কাজে যে ধরনের ব্লক ব্যবহার করা হচ্ছে সে সম্পর্কিত মতামত	নদীর তীর ও ঢাল সংরক্ষণ কাজে সি সি ব্লক ব্যবহার করা হচ্ছে। ব্লকের সাইজ যথাক্রমে (প্লেসিং ব্লক) ৫০০ মি.মি. x ৫০০ মি.মি. x ২০০ মি.মি. এবং (ডাম্পিং ব্লক) ৩৫০ মি.মি. x ৩৫০ মি.মি. x ৩৫০ মি.মি.। তৈরিকৃত সি সি ব্লকের গুণগতমান ল্যাব পরীক্ষার মাধ্যমে যথাযথভাবে নিয়ন্ত্রণ করা হচ্ছে বলে জানান।
২৩	প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হলে উল্লেখযোগ্য কারণ সম্পর্কিত মতামত	নির্মাণ কাজে ঠিকাদার প্রতিষ্ঠানের কোনো গাফিলতি নাই। প্রকল্পের কাজে ধীরগতি বা বিলম্বের কারণ সম্পর্কে নিম্নোক্ত কারণগুলো উল্লেখ করেন যথা- বিলম্বের কারণ: ১। প্রকল্প এলাকায় বাপাউবো এর হুকুম দখলকৃত প্রয়োজনীয় জমি না থাকায় জমি সংক্রান্ত সমস্যা। ২। প্রকল্পটি উপকূলীয় এলাকায় অবস্থিত হওয়ায় জোঁয়ার-ভাটার কারণে কাজ করা সময় কম পাওয়া যায়। ৩। স্থানীয় বিভিন্ন রকম জটিলতা। ৪। যথাসময়ে নির্মাণ উপকরণ এবং শ্রমিক না পাওয়া।
২৪	ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণে আরও যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন	ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণে টেকসই বাঁধ নির্মাণ, প্রতিরক্ষামূলক কাজ, সকল প্রকার জল কাঠামো নির্মাণ/মেরামত এবং নদী/খাল খনন/পুনঃখনন কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।
২৫	এ প্রকল্প বাস্তবায়নের ফলে দুর্যোগ মোকাবেলায় যে ধরনের সক্ষমতা তৈরি হবে সে সম্পর্কিত মতামত	এ প্রকল্প বাস্তবায়নের ফলে নদী তীর সংরক্ষন এবং উপ-কূলীয় বাঁধ দৃঢ়করণের মাধ্যমে দুর্যোগ মোকাবেলায় সক্ষমতা তৈরি হবে মর্মে জানান।

৩.১৭.২ মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে সাক্ষাৎকারের ফলাফল:



চিত্র: KII, নির্বাহী প্রকৌশলী, খুলনা



চিত্র: KII, নির্বাহী প্রকৌশলী, বাগেরহাট



চিত্র: KII, উপ-বিভাগীয় প্রকৌশলী, খুলনা



চিত্র: KII, সহকারী প্রকৌশলী, কালীগঞ্জ, সাতক্ষীরা

আলোচ্য বিষয় থেকে প্রাপ্ত ফলাফলসমূহ:

১. প্রকল্প বাস্তবায়নের প্রধান চ্যালেঞ্জগুলো সম্পর্কিত মতামত

প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা যে ধরনের চ্যালেঞ্জের সম্মুখীন হচ্ছেন তা নিম্নে দেয়া হলো:

ঢালাইয়ের সময় পানি স্বল্পতা, নদীর একই চেইনেজে একাধিকবার মাটি খনন করতে হয়, দুর্বল মাটি, ঘন ঘন বৃষ্টি, লবণাক্ত পানি, নিয়মিত জোঁয়ার-ভাটা, প্রবল স্রোত, মালামাল পরিবহন সমস্যা, শ্রমিক সংকট, লবণাক্ত ও বাদামী পিট মাটি, মালামাল নৌ-পথে পরিবহন করা, নদীর স্লোপ বার বার ভেঙে পড়ে ও নদীর তলা ফুলে উঠে এবং নদীর এ্যালাইনমেন্টের মধ্যে অবৈধ স্থাপনা অপসারণের পর কাজ শুরু করা ইত্যাদি চ্যালেঞ্জগুলো প্রকল্প বাস্তবায়নের মুখোমুখি হচ্ছেন।

২. উক্ত চ্যালেঞ্জগুলো উত্তরণ সম্পর্কিত মতামত

মাঠ পর্যায়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উক্ত চ্যালেঞ্জগুলো উত্তরণের জন্য বেশ কিছু মতামত প্রদান করেছেন। নিম্নে দেয়া হলো-

- অন্যান্য যায়গার তুলনায় ঢালাইয়ের পানির জন্য ভূ-পৃষ্ঠ থেকে ন্যূনতম ৬০০ ফিট- ৬৫০ ফিট মাটির গভীরে বোরিং করে পানি উত্তোলন করতে হচ্ছে;
- ভাটার সময় প্লেসিং কাজ বাস্তবায়ন করা হয়। প্রাকৃতিক দুর্যোগে জরুরি ব্যবস্থায় প্রকল্পের স্থায়ী ক্ষতি প্রতিরোধ করা;
- অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়, স্থানীয় জনসাধারণের সাথে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে;

- ডাম্পিং ভলিউম বেশি হওয়া দরকার। ১৭৫ কেজি জিও ব্যাগের পরিবর্তে ২৫০ কেজি প্রয়োজন।

৩. প্রকল্পের নির্মাণ কাজে সমস্যা ও সমাধান সম্পর্কিত মতামত

কর্মকর্তাগণ মতামত প্রদান করেন যে, নির্মাণ কাজে সুপেয় পানির অভাব প্রধান সমস্যা। লবণাক্ত সমস্যা সমাধানে ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন করা হয়েছে। নদী পুনঃখনন কাজে নদীর খাস জমির তুলনায় মাটির পরিমাণ অধিক হওয়ায় খননকৃত মাটি নদীপাড় ব্যবস্থাপনা করতে সমস্যা হয়। ড্রেজিং এর Spoil Earth লবণাক্ত হওয়ায় ফসলি জমিতে ক্ষতিকর প্রভাব ফেলে বিধায় স্থানীয় জনগণের চাষাবাদের জমিতে ফেলা সম্ভব হয় না। এছাড়া নির্মাণ কাজ চলাকালীন সময়ে এলাকাবাসীর সাথে কোনো সমস্যা সৃষ্টি হয়নি।

৪. নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্নে যেসব উদ্যোগ গ্রহণ করা হয়েছে

কর্মকর্তাগণ মতামত প্রদান করেন যে, পর্যাপ্ত দক্ষ জনবল ও নির্মাণ সামগ্রী নিশ্চিতের মাধ্যমে যথাসময়ে কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানের সাথে সমন্বয় করা হচ্ছে। প্রকল্পের কাজ সম্পন্ন করার ক্ষেত্রে জিওব্যাগ ডাম্পিং কাজ সমাপ্ত হয়েছে। ব্লক কাস্টিং কাজ চলমান আছে। ওয়ার্ক প্ল্যান তৈরি করা হয়েছে ও ওয়ার্ক প্ল্যান অনুযায়ী কাজ চলমান রয়েছে। নদী পুনঃখননের জন্য মৌজা ম্যাপ সংগ্রহ করা হয়েছে। এছাড়া জানান, নদী তীরবর্তী অঞ্চলে অনেক অবৈধ স্থাপনার তালিকা প্রণয়ন করা হয়েছে ও উচ্ছেদ কার্যক্রম চলমান রয়েছে। সার্বিকভাবে নদী খননকালীন চেক সার্ভে করে ডিজাইন অনুযায়ী কাজ করা হচ্ছে মর্মে মতামত প্রদান করেন। অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী কাজ চলমান আছে মর্মে মতামত প্রদান করেন।

৫. নদী/খাল খনন (ড্রেজিং) সম্পর্কিত মতামত:

কর্মকর্তাগণ মতামত প্রদান করেন যে, প্রকল্পের আওতায় শুধুমাত্র ডুমুরিয়া উপজেলায় তালতলা-বাগাছড়া নদীতে ড্রেজিং করা হয়েছে। ড্রেজিং কাজে মেশিনারীজ হিসেবে মেকানিক্যাল এক্সেভেটর (লং বুম) মেকানিক্যাল এক্সেভেটর ড্রাম ট্যাক্স ইত্যাদি ব্যবহার করা হয়েছে। এছাড়াও ১৫ হতে ১৮ ফুট গভীরতায় নদী পুনঃখনন করা হয়েছে। নদী/খাল খনন ড্রেজিং কাজের ধাপগুলো নিম্নে দেওয়া হলো:

- মৌজা ম্যাপ অনুযায়ী নদীর সীমানা নির্ধারণ করা;
- টাস্কফোর্স কর্তৃক প্রি-ওয়ার্ক মেজারমেন্ট গ্রহণ;
- ঠিকাদার কর্তৃক নদী খনন করা;
- ঠিকাদার কর্তৃক কাজ সমাপ্ত সাপেক্ষে টাস্কফোর্স কর্তৃক পোস্ট-ওয়ার্ক মেজারমেন্ট গ্রহণ।

৬. নদী তীর ও ঢাল সংরক্ষণ কাজে ব্যবহার ব্লক এবং ব্লকের টেকসইকরণ সম্পর্কে মতামত

সিমেন্ট, বালু ও পাথরের ১:৩:৫.৫ অনুপাতে ঢালাই করে (350x350x350 মি.মি). এবং (500x500x200 মি.মি.) ব্লক ব্যবহার করা হচ্ছে। লোনা পানিতে এই ধরনের ব্লকের ক্ষয়ক্ষতি কম হয় ফলে বাপাউবোর বিদ্যমান কর্মপরিকল্পনা অনুযায়ী এ ধরনের প্রতিরক্ষা ব্যবস্থা স্থায়ীভাবে নদী তীর ও ঢাল সংরক্ষণের জন্য অত্যন্ত টেকসই। ব্লকের গুণগত মান রক্ষায় বাপাউবোর টাস্কফোর্স সদস্য কর্তৃক গণনাসহ ব্লকগুলোর মধ্য থেকে টাস্কফোর্স সদস্যের সাইনকৃত ব্লক বুয়েট/বাপাউবোর ল্যাবরেটরীতে টেস্ট করা হয়।

৭. নির্মাণ কাজের গুণগত মান বজায় রাখার ক্ষেত্রে যে ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে

- OPC Cement- 2.00 or above FM এর বালু এবং Stone chips ব্যবহৃত হচ্ছে;
- সিলিন্ডার টেস্ট করা হচ্ছে বুয়েট/কুয়েট ল্যাবরেটরীতে;
- নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখার জন্য নিয়মিত ম্যাটেরিয়ালস টেস্ট ও মনিটরিং করা হচ্ছে;
- ব্লক তৈরির সময় সার্বক্ষণিক তদারকি। ব্লক তৈরির পর নিয়মিত কিউরিং কাজ তদারকি করা । জিওব্যাগ ডাম্পিং এর সময় বালু, ওজন, সেলাই ইত্যাদির যথাযথ মান নিশ্চিত করা। ব্লক প্লেসিং এর সময় প্লেসিং আইটেমসমূহের নকশা অনুযায়ী যথাযথ ব্যবহার নিশ্চিত করা হচ্ছে।

৮. নির্মাণ কাজ যেভাবে মনিটরিং করা হচ্ছে সে সম্পর্কে মতামত

বাপাউবো'র গাইডলাইন অনুসরণপূর্বক টাস্কফোর্স এর মাধ্যমে ব্লক ও জিও-ব্যাগের মান নিশ্চিতকরণসহ অত্র দপ্তরের নির্বাহী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী, সহকারী প্রকৌশলী, উপ-সহকারী প্রকৌশলীদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে কাজ বাস্তবায়ন করা হচ্ছে। এছাড়া প্রকল্পে নিযুক্ত পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধি (Consultant) উপস্থিত থেকে কাজের মান নিশ্চিত করছেন। এছাড়াও মন্ত্রণালয়/বাপাউবো কর্তৃক সাইট নোট বুকের নির্দেশনা যাথাযথভাবে পালন করা হচ্ছে মর্মে মতামত প্রদান করেন।

৯. চুক্তি অনুযায়ী যথাসময়ে প্রকল্পের কাজ সম্পন্নে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক কর্মপরিকল্পনা গ্রহণ

চুক্তি অনুযায়ী প্রকল্প যথাসময়ে বাস্তবায়নে নিয়মিত কর্মপরিকল্পনা (Time-bound work plan) দাখিল ও তা অনুসরণপূর্বক কাজ বাস্তবায়ন করা হচ্ছে।

১০. প্রকল্পের মাধ্যমে পরিবেশের ভারসাম্য রক্ষার্থে যে ধরনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে

প্রকল্পের কাজ বাস্তবায়নে শব্দ দূষণ নিয়ন্ত্রণ, ধুলা-বালি নিয়ন্ত্রণ ও পর্যাপ্ত স্বাস্থ্যসম্মত পয়:নিষ্কাশন ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। স্থানীয় এলাকার পরিবেশের ভারসাম্য রক্ষায় বৃক্ষরোপণ করা হবে।

১১. প্রকল্পের নির্মাণ কাজের টেকসইকরণে সম্পর্কে মতামত

- কাজটি বাস্তবায়নের পরে নিয়মিত রক্ষণাবেক্ষণে বরাদ্দ নিশ্চিত করা গেলে কাজটি টেকসই হবে।
- নদী পুনঃখননের ক্ষেত্রে একটি নদী পুনঃখননের পরিবর্তে, কানেকটিং নদী খালসহ লোকাল নদীর নেটওয়ার্ক পুনঃখনন করা হলে দীর্ঘমেয়াদী সুফল পাওয়া যাবে।
- প্রকল্পের নির্মাণ কাজ টেকসইকরণে প্রকল্প এলাকায় বনায়ন করা প্রয়োজন।

১২. প্রকল্প বাস্তবায়নের ফলে দুর্যোগ মোকাবেলায় যে ধরনের সক্ষমতা তৈরি হবে:

- নদী ভাঙন রোধের মাধ্যমে নদী তীরের জনগণের জানমালের নিশ্চয়তা ও আর্থ-সামাজিক সুরক্ষা বৃদ্ধি পাবে।
- বাঁধের কাজ সম্পন্ন হলে সকল ধরনের দুর্যোগ মোকাবেলা করতে যে ধরনের আর্থিক ক্ষয়ক্ষতি হতো, তা থেকে রক্ষা পাবে এবং জীবনযাত্রার মান উন্নত হবে;
- উঁচু বাঁধের ফলে প্রবল ঢেউ প্রশমনের সক্ষমতা বৃদ্ধি হবে;
- জোঁয়ারের ফলে পানি লোকালয়ে প্রবেশ করতে পারবে না।

১৩. প্রকল্প বাস্তবায়ন হলে আর্থ-সামাজিক প্রেক্ষাপটে যে ধরনের পরিবর্তন আসবে

- ✓ নদী তীরে জনগণের জানমালের নিশ্চয়তা ও আর্থ-সামাজিক সুরক্ষা বৃদ্ধি পাবে;
- ✓ ব্যবসা-বাণিজ্যের মান উন্নত করবে, প্রকল্প এলাকায় কর্মসংস্থানের ব্যবস্থা হচ্ছে/হবে;
- ✓ মৎস্য উৎপাদন বৃদ্ধি পাবে ফলে মৎস্য ব্যবসায়ীর আয় বৃদ্ধি পাবে;
- ✓ নদী পুনঃখননের ফলে একদিকে জলাবদ্ধতা নিরসন হবে অন্যদিকে সেচ সুবিধা বৃদ্ধির ফলে সব ধরনের ফসল উৎপাদন বৃদ্ধি পাবে;
- ✓ পণ্য পরিবহনে নৌ-যোগাযোগ পথ সৃষ্টি হবে।

১৪. প্রকল্পের মাধ্যমে উপকারভোগিদের জীবন-মানের উন্নয়নে যেভাবে অবদান রাখবে

- নদী ভাঙন রোধের মাধ্যমে নদীতীরে জনগণের জানমালের নিশ্চয়তা ও আর্থ-সামাজিক সুরক্ষা বৃদ্ধি পাবে।
- জলাবদ্ধতা নিরসন ও সেচের মাধ্যমে সব ধরনের ফসল ও মৎস্য উৎপাদন বৃদ্ধি হওয়ায় উপকারভোগীদের জীবনযাত্রার মান উন্নয়ন হবে। পরিবেশ ও জীব বৈচিত্র্যের ভারসাম্য ফিরে আসবে।
- স্থায়ী বাঁধ নির্মাণের ফলে যাতায়াত ব্যবস্থার উন্নতি হবে। যাতায়াত ব্যবস্থার উন্নতি হলে বিনিয়োগ বৃদ্ধি পাবে এবং কর্মসংস্থানও বৃদ্ধি পাবে ফলে জীবন যাত্রার মান বৃদ্ধি পাবে।

১৫. প্রকল্প বাস্তবায়ন হলে ভবিষ্যতে ক্ষতিগ্রস্ত এলাকায় প্রাথমিক এবং দীর্ঘমেয়াদী পুনরুদ্ধার সক্ষমতা

- নদী ভাঙন রোধের মাধ্যমে নদীতীরে জনগণের জানমালের নিশ্চয়তা;
- ঘর-বাড়ি ক্ষতিগ্রস্ত হ্রাস পাবে;
- ফসল ও মাছের ঘের রক্ষা, ফসলি জমির লবণাক্ততা হ্রাস পাবে এবং দীর্ঘমেয়াদী জলাবদ্ধতা নিরসন হবে ফলে অধিক ফসল উৎপাদন হবে।

১৬. প্রকল্প এলাকায় দুর্যোগ পূর্বাভাস প্রদান, উদ্ধার কার্যক্রমের উন্নয়ন এবং দুর্যোগ পুনর্বাসন পরিকল্পনায় পরিবর্তন

- নদী ভাঙন রোধের মাধ্যমে দুর্যোগ পুনর্বাসন সক্ষমতা বৃদ্ধি পাবে;
- মানুষ নিরাপদে স্ব-স্থানে থাকতে পারবে;
- স্থানীয় লোকদের সচেতনতা বৃদ্ধির পাশাপাশি নতুন বাজার ও সার্বিকভাবে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হবে;
- প্রকল্প বাস্তবায়ন হলে প্রকল্প এলাকায় নির্মিত টেকসই বাঁধের ফলে লোকজন নিরাপদে আশ্রয় কেন্দ্রে আশ্রয় নিতে পারবে।

১৭. প্রকল্প বাস্তবায়ন হলে, নারীদের কর্মসংস্থানের যে ধরনের সুযোগ তৈরি হবে

নদীভাঙন রোধের মাধ্যমে জনগণের সার্বিক সুরক্ষা বৃদ্ধি পাওয়ায় একই সাথে নারীদের কর্মসংস্থানের নতুন ক্ষেত্র তৈরী হবে। কৃষি ও মৎস্য আহরণে সুযোগ তৈরি হবে। নারীরা কৃষি কাজে উদ্বুদ্ধ হবে। গৃহে পশুপালন ও আঙ্গিনায় শাক-সবজি উৎপাদন করতে পারবে।

১৮. ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে আরও যে ধরনের কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন

- ✓ সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা কাঠামোর নিরিখে জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনায় নিয়ে প্রতিরক্ষা কাজের সাথে বাঁধ নির্মাণ/উঁচুকরণ, রেগুলেটর পুনর্বাসন করা প্রয়োজন;
- ✓ ভবিষ্যতে এ ধরনের প্রকল্পে নদী পুনঃখননের পাশাপাশি খননকৃত নদীর সাথে সংযুক্ত খাল পুনঃখনন করা প্রয়োজন। এছাড়া যে কোনো নদী খনন করা হলে তার সাথে সংযুক্ত অন্যান্য নদী পুনঃখনন করা হলে উপকূলীয় অঞ্চলে পুনরায় ভরাট হওয়ার সম্ভাবনা থাকবে না;
- ✓ সাইক্লোন সেন্টার তৈরি এবং বনায়নের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;
- ✓ যেহেতু প্রতিনিয়ত সমুদ্রপৃষ্ঠের পানির উচ্চতা বৃদ্ধি পাচ্ছে সেহেতু ভবিষ্যতে এ ধরনের প্রকল্পের জন্য নদীর বাঁধের উপরিতলে R.L বাড়ানো যেতে পারে।

১৯. প্রকল্পের ঝুঁকিসমূহ ।

- ✓ মরফোলজিক্যাল কারণে ভাঙনের স্থান পরিবর্তন ও নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাবে কাজটি ক্ষতিগ্রস্ত হতে পারে। নিয়মিত নদী ভাঙন মনিটরিং এর মাধ্যমে প্রকল্পের সুরক্ষা নিশ্চিত করা যেতে পারে;
- ✓ জোঁয়ার-ভাটার সময় কাজের ব্যাঘাত, নদী তীরে ভাঙন দেখা দিতে পারে;
- ✓ উপকূলীয় এলাকায় জোঁয়ারের পানির সাথে আসা পলিতে পুনঃরায় নদী ভরাট হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

৩.১৭.৩ উন্নয়ন সহযোগী সংস্থার (জাইকা) প্রতিনিধির সাথে কেআইআই হতে প্রাপ্ত ফলাফলসমূহ



চিত্র: KII, উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধি (সিনিয়র প্রজেক্ট ম্যানেজার)

প্রকল্পের আওতায় উন্নয়ন সহযোগী সংস্থা জাইকার (JICA) অর্থায়ন রয়েছে। নিবিড় পরিবীক্ষণ সমীক্ষাকালীন উন্নয়ন সহযোগী সংস্থার ১জন প্রতিনিধির সাথে কেআইআই এর মাধ্যমে প্রকল্প সংশ্লিষ্ট তথ্য সংগ্রহ করা হয়েছে। তিনি সিনিয়র প্রজেক্ট ম্যানেজার (Senior Project Manger) হিসেবে দায়িত্বে রয়েছেন। তিনি জানান, প্রকল্পের বাস্তবায়নাধীন সময়ে ৫-৬টি মিশন সম্পন্ন হয়েছে। আরও ২-৩টি মিশন হওয়ার সম্ভাবনা রয়েছে বলে জানান।

এছাড়া জানান যে, মিশনের সময় যে সমস্ত সুপারিশ/সিদ্ধান্তসমূহ প্রদান করা হয় তন্মধ্যে নির্মাণ কাজে সুরক্ষা সরঞ্জামাদি সরবরাহ করা হয়নি। এছাড়া, নির্মাণ কাজে ৮০% সুপারভিশন করা হচ্ছে, নির্মাণ উপকরণের প্রায় ৯০% গুণগতমান বজায় রাখা হচ্ছে, টেকসইকরণ ৯০% এবং দরপত্র মনিটরিং সুপারভিশন ৭৫% হচ্ছে বলে জানান।

তিনি জানান, উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক সময় অনুযায়ী ফিল্ড ভিজিট করা হয়। এছাড়া, মাসিক অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনা এবং ইআরডিতে (ERD) পোর্টফোলিও (Portfolio) সভার মাধ্যমে মনিটরিং করা হয়। তবে এ মূহুর্তে নির্মাণ কাজের অগ্রগতি তেমন সন্তোষজনক নয়।

প্রকল্পের নির্মাণ কাজের টেকসইকরণ সম্পর্কে মতামত প্রদান করেন যে, অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পন্ন করা। প্রাকৃতিক কোনো দুর্যোগের পর জরুরি ভিত্তিতে নির্মিত অবকাঠামোর সংস্কার করা এবং নির্মাণ কাজ সুষ্ঠু তদারকির মাধ্যমে সমাপ্ত করা হলে কাজ টেকসই হবে মর্মে মতামত প্রদান করেন।

৩.১৮ স্থানীয় মতবিনিময় কর্মশালা হতে প্রাপ্ত ফলাফল:

প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলার আশাশুনি উপজেলার হল রুমে গত ০৬ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখ রোজ: বৃহস্পতিবার একটি স্থানীয় পর্যায়ে মতবিনিময় কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় আইএমইডি'র প্রতিনিধি, প্রকল্প পরিচালক, প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তা, ঠিকাদার প্রতিষ্ঠানের কর্মকর্তা, জাইকা'র প্রতিনিধি, সাংবাদিক, শিক্ষক, ইমাম, ছাত্র/ছাত্রী, ব্যবসায়ী, গৃহিণীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালার প্রাপ্ত ফলাফল নিম্নে দেয়া হলো-



চিত্রঃ স্থানীয় পর্যায়ে কর্মশালা, আশাশুনি, সাতক্ষীরা

ফলাফলসমূহ:

- আলোচনা সভার শুরুতে প্যাকেজ ৩ ও ৪ এর আওতায় উপকারভোগী আঃরশিদ (ব্যবসায়ী) জানান, তাঁদের এলাকায় প্রায় ৩ কিঃমিঃ বাঁধের কাজ সম্পন্ন হয়েছে। ডাম্পিং কাজগুলো ভাল হয়েছে। ডাম্পিং এর সময় টাস্কফোর্স কমিটির সদস্য উপস্থিত থাকেন বলে জানান। তাঁদের এলাকায় বাঁধের কাজের পরিধি আরও বাড়ানো দরকার বলে তিনি মনে করেন।
- সভায় উপস্থিত আমজাদ হোসেন বলেন, তিনি ১৯৯৫ সাল থেকে মাছের ঘের দিয়ে মাছ চাষ শুরু করেন। কিন্তু বন্যা, জলোচ্ছাস, ঘূর্ণিঝড় ইত্যাদির কারণে প্রায় প্রতি বছরই মাছের ঘের নষ্ট হয়েছে। প্রাকৃতিক দুর্যোগের ফলে তাঁর আর্থিক ক্ষতি হয়েছে। নদীর বাঁধ রক্ষায় এলাকাবাসীর উদ্যোগে বাঁশ/কাঠ দিয়ে অস্থায়ী বাঁধ নির্মাণ করা হলেও কোনো লাভ হতো না। তিনি জানান, প্রকল্পের মাধ্যমে তাঁদের এলাকায় ব্লক দিয়ে যে ডাম্পিং হয়েছে তা খুবই ভালো। কিন্তু বর্তমানে কাজের ধীরগতি রয়েছে। নির্মাণ কাজগুলো দ্রুত বাস্তবায়নে মনিটরিং বৃদ্ধি করা প্রয়োজন মর্মে সভায় অবহিত করেন।
- সভায় দুর্গামাটি গ্রাম থেকে আসা কলেজ পড়ুয়া ছাত্রী জানান, তাঁদের এলাকায় প্রায় ১ কিঃমিঃ বাঁধের কাজ হয়েছে। কাজগুলো তাঁদের মতে অনেক সুন্দর হয়েছে। কাজ চলাকালীন সময়ে টাস্কফোর্স কমিটির সদস্য উপস্থিত থাকে মর্মে জানান। তিনি আরও জানান, তাঁদের এলাকায় বাঁধের কাজ পুরোপুরি সম্পন্ন হলে, মাছের ঘের নষ্ট হবে না, আবাদি জমি লবণাক্ততা হবে না ফলে ফসল উৎপাদন বৃদ্ধি পাবে এলাকার মানুষজন অনেক উপকার পাবে মর্মে জানান।
- সভায় উপস্থিত সাংবাদিক জানান, বাঁধ নির্মাণ পরবর্তী বৃক্ষরোপণ করতে হবে। এতে করে পরিবেশ উন্নয়নসহ বাঁধ টেকসই হবে মর্মে সভায় অবহিত করেন।
- সভায় উপস্থিত স্থানীয় ব্যবসায়ী জানান যে, তাঁদের এলাকার বেশিরভাগ মানুষ কৃষিকাজ ও মৎস্য চাষের ওপর নির্ভরশীল। উক্ত প্রকল্প বাস্তবায়ন হলে ফসলি জমি ও মাছের ঘের ক্ষতিগ্রস্ত হবে না। ফলে

অর্থনৈতিকভাবে লাভবান হবে। তাছাড়া রাস্তা-ঘাট ও অন্যান্য অবকাঠামোর ক্ষতি না হলে যাতায়াত সুবিধা, ছেলে-মেয়েদের লেখাপড়া স্বাভাবিকভাবে চালিয়ে যাওয়া সম্ভব হবে। ফলে জীবনযাত্রার মান উন্নয়ন হবে।

- সভায় উপস্থিত প্যাকেজ ৩ ও ৪ এর ঠিকাদার প্রতিষ্ঠানের প্রতিনিধি জানান, বাঁধের কাজ, মাটির কাজ শেষে ৩৫ X ৩৫ X ৩৫ এবং ৫০ X ৫০ X ২০ সাইজের ব্লক কাস্টিং করা হবে। ব্লকের গুণগতমান বজায়ে নিয়মিত ল্যাব টেস্ট করা হচ্ছে। এছাড়াও জানান যে, টাস্ক ফোর্স কমিটি কর্তৃক প্রতিটি লটের ব্লক গণণা করা হয় এবং জিও ব্যাগ ডাম্পিং এর সময় তাঁদের উপস্থিতির মাধ্যমে করা হয়। তিনি জানান, আগামী ২-৩ মাসের মধ্যে ব্লক কাস্টিং শেষ হবে কিন্তু প্লেসিং শেষ হবে না।
- সভায় উপস্থিত নির্বাহী প্রকৌশলী জানান, সাতক্ষীরা উপকূলীয় অঞ্চলে প্রতি বছর প্রাকৃতিক দুর্যোগে অনেক ক্ষয়ক্ষতি হয়। নদীর জোঁয়ার-ভাটাও এ অঞ্চলের মানুষের ওপর প্রভাব ফেলে। প্রতি বছর নদী ভাঙ্ন এর ফলে কৃষি জমি ক্ষতিগ্রস্ত, মাছের ঘের নষ্ট, ঘর/বাড়ি ভাঙন ইত্যাদি ক্ষতি হয়। বর্তমান প্রকল্পটি বাস্তবায়িত হলে সাতক্ষীরা এলাকার দুর্যোগ প্রবণ এলাকাগুলো এ সমস্ত ক্ষতি থেকে রক্ষা পাবে। প্রকল্পের আওতায় যতটুকু বাঁধের কাজ হয়েছে বাঁধের কাজ আরও সম্প্রসারিতভাবে করা যেতে পারলে বাঁধ আরও টেকসই হবে মর্মে মতামত প্রকাশ করেন।
- সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার জানান, জলোচ্ছ্বাস, ঘূর্ণিঝড় ছাড়াও প্রতিনিয়ত নদী ভাঙন হয়। টেকসই বাঁধ উপকূলীয় অঞ্চলের মানুষের জন্য আশীর্বাদ হিসেবে কাজ করে। তাই প্রকল্পের আওতায় নির্মাণ কাজগুলো দ্রুত সম্পন্ন করার বিষয়ে মতামত প্রদান করেন।

কর্মশালা হতে সুনির্দিষ্ট মতামত/সুপরিশসমূহ:

- প্রকল্পের আওতায় যতটুকু বাঁধের কাজ হচ্ছে সাথে বাঁধের দৈর্ঘ্য আরও বাড়িয়ে করা যেতে পারলে ভালো হয়;
- বাঁধ নির্মাণ পরবর্তী বৃক্ষরোপণ করতে হবে। এতে করে পরিবেশ উন্নয়নসহ বাঁধ টেকসই হবে;
- নির্মাণ কাজের গতি ত্বরান্বিত করতে মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম আরও বৃদ্ধি করতে হবে;
- আগামী বর্ষা মৌসুম আসার আগেই দ্রুত সময়ে ব্লক প্লেসিং করতে হবে।

৩.১৯ প্রকল্পের Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা পর্যালোচনা:

প্রকল্প সমাপ্তির পর, BWDB-এর বিদ্যমান নিয়মিত সেটআপের অধীনে সংশ্লিষ্ট বিভাগের নিয়মিত পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বরাদ্দ থেকে প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা হবে মর্মে ডিপিপিতে উল্লেখ রয়েছে। প্রকল্পের Exit Plan ডিপিপিতে আরও বিস্তারিতভাবে উল্লেখ করা প্রয়োজন ছিল। কারণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালন যথাযথভাবে এবং দীর্ঘমেয়াদে নদী তীর রক্ষা ব্যবস্থা টেকসইকরণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে বিদ্যমান নিয়মিত সেটআপের অধীনে অর্থনৈতিক মূল্যায়ন এবং বাজেটের ব্যবস্থাপনা পর্যাপ্ত কিনা তা উল্লেখ করা প্রয়োজন ছিল। এছাড়া, নির্মাণ কাজ পরবর্তী সময়ে জরুরি প্রয়োজনে সিসি ব্লক ডাম্পিং ও প্লেসিং এর জন্য প্রয়োজনমতো স্টক করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।

প্রকল্প শেষ হওয়ার পর, ঝুঁকি ব্যবস্থাপনা এবং জরুরি পদক্ষেপে কী করা হবে তা উল্লেখ করা প্রয়োজন ছিল। উদাহরণস্বরূপ, নদী তীরের কোনও অংশে ভাঙন বা দুর্বলতা দেখা দিলে কীভাবে দ্রুত মেরামত ও সংস্কার করা হবে, তা নিশ্চিত করতে হবে। মেরামত ও সংস্কার কাজ দ্রুত করার জন্য একটি সঠিক পরিকল্পনা তৈরি থাকা প্রয়োজন। স্থানীয় জনগণ বা কমিউনিটিকে সম্পৃক্ত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জনগণকে সচেতন করা এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করা নদী তীর রক্ষা কাজের দীর্ঘমেয়াদী সাফল্য নিশ্চিত করতে সহায়তা করবে। নদী তীরের প্রাকৃতিক পরিবেশ সুরক্ষায় স্থানীয় জনগণকে সচেতন করার জন্য এডুকেশনাল প্রোগ্রাম চালু করা যেতে পারে। এছাড়া, নদী তীরের জরুরি অবস্থা সৃষ্টির সম্ভাবনা নিরূপণ করে সেটি মোকাবেলা করার জন্য প্রস্তুত থাকা উচিত।

চতুর্থ অধ্যায়

প্রকল্পের সবল ও দুর্বল দিক এবং সুযোগ ও ঝুঁকিসমূহ পর্যালোচনা (SWOT Analysis)

প্রকল্পের আওতায় মাঠ পর্যায় হতে সংগৃহীত তথ্য এবং সেকেন্ডারি ডকুমেন্টস হতে প্রাপ্ত পর্যালোচনার আলোকে প্রকল্পের সবল, দুর্বল, সুযোগ ও ঝুঁকিসমূহ নিম্নে প্রদান করা হলো-

সবল দিকসমূহ	দুর্বল দিকসমূহ
১. নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত থাকা; ২. যথাসময়ে মৌলিক ড্রইং/ডিজাইন অনুমোদন; ৩. অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী নির্মাণ উপকরণ ব্যবহার করা; ৪. জাইকা কর্তৃক নিয়োজিত জনবল দ্বারা মনিটরিং ও সুপারভিশন।	১. ডিপিপিতে প্রদত্ত সময় অনুযায়ী বাস্তবে দরপত্র আহ্বান না করা; ২. ডিপিপি/আরডিপিপির কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ না করা; ৩. নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্নে ঠিকাদার প্রতিষ্ঠানের ব্যর্থতা; ৪. প্রকল্প গ্রহণের পূর্বে Environmental Impact Assessment (EIA) না করা; ৫. নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজন না করা; ৬. ডিপিপিতে পূর্ণাঙ্গ Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা অন্তর্ভুক্ত না করা।
সুযোগসমূহ	**ঝুঁকিসমূহ**
১. স্থানীয় লোকদের সম্পৃক্তকরণ; ২. টাস্কফোর্স কমিটি কর্তৃক নির্মাণ উপকরণ যাচাই; ৩. প্রকল্পের কাজ টেকসইকরণে কমিটি গঠন।	১. নির্মাণ কাজের ধীরগতির ফলে ব্যয় বৃদ্ধির শঙ্কা; ২. প্রাকৃতিক দুর্যোগ (ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, বন্যা ইত্যাদি); ৩. নদী তীর রক্ষা কাজের সমাপ্তি পয়েন্টে বাঁধ ভাঙা থাকা।

পর্যালোচনা:

৪.১ প্রকল্পের সবল দিকসমূহ পর্যালোচনা:

নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োজিত থাকা: প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে একজন নিয়মিত প্রকল্প পরিচালক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সরকারি পরিপত্র মোতাবেক এবং ডিপিপি'র অর্গানোগ্রাম অনুযায়ী এ প্রকল্পে নিয়মিত প্রকল্প পরিচালক দায়িত্বে রয়েছেন যা সুষ্ঠু বাস্তবায়নে সহায়ক হচ্ছে।

যথাসময়ে মৌলিক ড্রইং/ডিজাইন অনুমোদন: প্রকল্পের আওতায় অনুমোদিত ডিপিপিতে ড্রইং/ডিজাইন অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, মাঠ পর্যায়ে চূড়ান্ত ড্রইং/ডিজাইন অনুমোদনে সময়ক্ষেপন হয়নি।

অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী নির্মাণ উপকরণ ব্যবহার করা: সরেজমিনে দেখা গিয়েছে যে, প্রকল্পের নির্মাণ কাজে অনুমোদিত নকশা ও স্পেসিফিকেশন অনুযায়ী নির্মাণ উপকরণ (পাথর, খোঁয়া, বালি ইত্যাদি) ব্যবহার করা হচ্ছে, যা প্রকল্পের নির্মাণ কাজের টেকসইকরণে সহায়তা করবে।

জাইকা কর্তৃক নিয়োজিত জনবল দ্বারা মনিটরিং ও সুপারভিশন: প্রকল্পের কাজে উন্নয়ন সহযোগী সংস্থা হিসেবে জাইকা'র অর্থায়ন রয়েছে। মাঠ পর্যায়ে নির্মাণ কাজ তদারকির জন্য জাইকা কর্তৃক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। মাঠ পর্যায়ে প্রতিটি সাইটে জাইকার প্রতিনিধি পাওয়া গিয়েছে।

৪.২ প্রকল্পের দুর্বল দিকসমূহ পর্যালোচনা

ডিপিপিতে প্রদত্ত সময় অনুযায়ী বাস্তবে দরপত্র আহ্বান না করা: অনুমোদিত ডিপিপিতে প্রতিটি প্যাকেজের দরপত্র আহ্বান, চুক্তি স্বাক্ষর ও চুক্তি অনুযায়ী সম্পাদনের তারিখ উল্লেখ রয়েছে। কিন্তু মূল ডিপিপির তারিখ অনুযায়ী বাস্তবে দরপত্র আহ্বান করা হয়নি। ডিপিপির তারিখ থেকে ন্যূনতম প্রায় ৬ মাস পর দরপত্র আহ্বান করা হয়েছে।

ডিপিপি/আরডিপিপি'র কর্মপরিকল্পনা যথাযথভাবে অনুসরণ না করা: আরডিপিপিতে প্রকল্পের বছরভিত্তিক কর্মপরিকল্পনা সন্নিবেশ করা হয়েছে। আরডিপিপি অনুযায়ী মার্চ, ২০২৫ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি থাকার কথা ৬৯.৫০% কিন্তু মার্চ, ২০২৫ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫৬%। সুতরাং, আরডিপিপির কর্মপরিকল্পনা অনুসরণ করা হলে নির্ধারিত সময়ে প্রকল্পের সকল কাজ সম্পন্ন হতো মর্মে প্রতীয়মান হয়।

নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্নে ঠিকাদার প্রতিষ্ঠানের ব্যর্থতা: কার্য ক্রয়ের মোট ১৯টি প্যাকেজ রয়েছে। চুক্তির মেয়াদ ইতোমধ্যে শেষ হলেও প্রায় প্রতিটি প্যাকেজের মেয়াদ পরবর্তীতে বৃদ্ধি করা হয়েছে। সমীক্ষাকালীন সময় পর্যন্ত কোনো প্যাকেজের কাজ শতভাগ সম্পন্ন হয়নি যেখানে ঠিকাদার প্রতিষ্ঠানের ব্যর্থতা পরিলক্ষিত হয়েছে।

প্রকল্প গ্রহণের পূর্বে Environmental Impact Assessment (EIA) না করা: প্রকল্প বাস্তবায়নে পরিবেশ ও প্রতিবেশের ওপর নেতিবাচক কোনো প্রভাব পড়বে কিনা সে লক্ষ্যে EIA Study করা হয়। কিন্তু এ প্রকল্পের ক্ষেত্রে EIA Study করা হয়নি। ফলে প্রকল্পভুক্ত এলাকায় পরিবেশ ও জীব-বৈচিত্র্যের ওপর কী ধরনের প্রভাব পড়তে পারে সি বিষেয়ে ধারণা পাওয়া যায়নি।

নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজন না করা: অনুমোদিত ডিপিপিতে ৩ মাস অন্তর পিআইসি ও পিএসসি সভা আয়োজনের উল্লেখ রয়েছে। কিন্তু বাস্তবে ৩ মাস অন্তর পিআইসি ও পিএসসি সভা আয়োজন হয়নি।

ডিপিপিতে পূর্ণাঙ্গ Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা অন্তর্ভুক্ত না করা: প্রকল্প বাস্তবায়ন পরবর্তী সৃষ্ট সুবিধাদি টেকসইকরণে পরিচালন ও রক্ষণাবেক্ষণ খুবই গুরুত্বপূর্ণ। কিন্তু অনুমোদিত ডিপিপিতে প্রকল্পের টেকসইকরণ পরিকল্পনা বিস্তারিতভাবে অন্তর্ভুক্ত করা হয়নি।

৪.৩ প্রকল্পের সুযোগসমূহ পর্যালোচনা

স্থানীয় লোকদের সম্পৃক্তকরণ: প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণ/ক্রয় বাবদ কোনো সংস্থান নেই। কিন্তু প্রকল্পের আওতায় বাঁধ নির্মাণ কাজে অনেক ক্ষেত্রে স্থানীয়দের ভূমির উপর দিয়ে করতে হচ্ছে। স্থানীয় লোকজন বাঁধ নির্মাণ কাজে সার্বিক সহায়তা করছে যা প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে সহায়তা করছে।

টাস্কফোর্স কমিটি কর্তৃক নির্মাণ উপকরণ যাচাই: বাপাউবো'র একটি অংশ হচ্ছে টাস্কফোর্স। যারা সাধারণত নির্মাণ কাজের গুণগতমান যাচাই করেন। ব্লক কাস্টিং, ব্লকের সাইজ যাচাই, ল্যাব-টেস্ট রেজাল্ট পর্যালোচনা, জিও ব্যাগ ও ব্লক ডাম্পিং ইত্যাদি কাজে টাস্কফোর্স কমিটির প্রতিনিধি সরেজমিনে উপস্থিত থাকেন। এর ফলে প্রকল্পের নির্মাণ কাজ তদারকির জন্য অতিরিক্ত জনবলের প্রয়োজন হচ্ছে না।

প্রকল্পের কাজ টেকসইকরণে কমিটি গঠন: প্রকল্পের কাজ টেকসইকরণে স্থানীয় জনগণকে সচেতন করা এবং তাদের অংশগ্রহণ নিশ্চিত করা নদী তীর রক্ষা কাজের দীর্ঘমেয়াদী সাফল্য নিশ্চিত করতে সহায়তা করবে। নদী তীরের কোনও অংশে ভাঙন বা দুর্বলতা দেখা দিলে উক্ত কমিটি কর্তৃক বাপাউবো'কে অবহিত করা হলে মেরামত ও সংস্কার কাজ সহজ হবে।

৪.৪ প্রকল্পের ঝুঁকিসমূহ পর্যালোচনা

নির্মাণ কাজের ধীরগতির ফলে ব্যয় বৃদ্ধির শঙ্কা: ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের অগ্রগতি ত্বরান্বিত না হলে প্রকল্প বাস্তবায়নের মেয়াদ বৃদ্ধি পাবে। এক্ষেত্রে ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি অনুযায়ী নির্ধারিত রেট শিডিউল এর পরিবর্তন জনিত সমস্যা দেখা দিতে পারে। ফলে প্রকল্পের ব্যয় বৃদ্ধির শঙ্কা রয়েছে।

প্রাকৃতিক দুর্যোগ (ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, বন্যা ইত্যাদি): উপকূলীয় অঞ্চলগুলো প্রতি বছর ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, বন্যা ইত্যাদি প্রাকৃতি দুর্যোগে ক্ষতিগ্রস্ত হয়। দেশের দক্ষিণাঞ্চলের উপকূলীয় এলাকায় গত মে, ২০২৪ এর প্রলয়ংকারী ঘূর্ণিঝড় রিমাল আঘাত হানে। ঘূর্ণিঝড়ের আঘাতে প্রকল্প এলাকাভুক্ত খুলনা, সাতক্ষীরা ও বাগেরহাট জেলার অসংখ্য

বেড়িবাঁধ/পোল্ডারের অংশিক/সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়। ফলে প্রকল্পভুক্ত এলাকাগুলোতে বড় কোনো প্রাকৃতিক বিপর্যয়ের সম্মুখিন হলে নির্মিত/নির্মাণাধীন অবকাঠামো ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা থাকবে।

নদী তীর রক্ষা কাজের সমাপ্তি পয়েন্টে বাঁধ ভাঙা থাকা: নদী তীর রক্ষা কাজের সমাপ্তি পয়েন্টে বাঁধ ভাঙা থাকলে, প্রকল্পটি তার উদ্দেশ্য সফলভাবে পূর্ণ করতে পারবে না। এর ফলে প্রকল্পের ব্যর্থতা সৃষ্টি হতে পারে এবং পুনরায় সংস্কারের প্রয়োজন হতে পারে, যা অতিরিক্ত খরচের কারণ হতে পারে। যদি বাঁধের ভাঙনটি দীর্ঘদিন অব্যবহৃত থাকে, তবে এটি প্রাকৃতিক বিপর্যয় যেমন- নদী ভাঙন, ভূমিধস বা বন্যা সৃষ্টি করতে পারে, যা পরিবেশের জন্যও ক্ষতিকর হতে পারে। সমাপ্ত পয়েন্টে বাঁধ ভাঙা থাকলে, মেরামত করা উচিত। এতে নদী তীর রক্ষা পরিকল্পনার কার্যকারিতা পুনরায় নিশ্চিত করা যাবে। প্রকল্পের শেষ পয়েন্টে বাঁধের স্থায়িত্ব পরীক্ষা করা উচিত এবং উন্নত প্রযুক্তি ব্যবহার করে দৃঢ় ব্যবস্থা গড়ে তোলা উচিত।

পঞ্চম অধ্যায়
পর্যালোচনা হতে প্রাপ্ত সার্বিক পর্যবেক্ষণ:

৫.১ প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পানা বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ

প্রকল্পের বাস্তবায়নকাল অনুযায়ী আরডিপিপিতে কর্মপরিকল্পনা সন্নিবেশ করা হয়েছে (বছর-১: ০.০৭%, বছর-২: ৫.৯৪%, বছর-৩: ২৫.৮৪%, বছর-৪: ৩৭.৬২% ও বছর-৫: ৩০.৫৩%)। সংশোধিত ডিপিপি'র কর্মপরিকল্পনা অনুযায়ী মার্চ, ২০২৫ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৬৯.৪৭% হওয়ার কথা, কিন্তু মার্চ, ২০২৫ তারিখ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫৬%। প্রকল্প বাস্তবায়নকালীন ডিপিপি/আরডিপিপির কর্মপরিকল্পনা অনুসরণ করা হয়নি। প্রকল্পের অবশিষ্ট কাজ সম্পন্নকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন (অনুচ্ছেদ: ৩.২)।

৫.২ প্রকল্পের অনুকূলে বছরভিত্তিক অর্থ বরাদ্দ, ছাড় ও প্রকৃত ব্যয় পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় গত ৩ (তিন) অর্থবছরে (২০২১-২০২৪) এডিপি চাহিদা ও বরাদ্দ বেশি থাকলেও আরএডিপিতে তা কমিয়ে সমন্বয় করা হয়েছে। এক্ষেত্রে প্রকল্প দপ্তরের বাস্তবায়ন সক্ষমতার ঘাটতি পরিলক্ষিত হয়েছে। প্রকল্পের ভৌত কাজসমূহ দূর্গম ও ঘূর্ণিঝড় প্রবণ এলাকায় বাস্তবায়িত হচ্ছে। এছাড়া উক্ত সময়ে তীব্র তাপ প্রবাহসহ বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগের কারণে এডিপি থেকে আরএডিপিতে কমিয়ে সমন্বয় করা হয়েছে। জিওবি ও উন্নয়ন সহযোগী সংস্থার (জাইকা) নিয়মিত অর্থ বরাদ্দ ও ছাড় হয়েছে। চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে প্রকল্পের অনুকূলে এডিপি চাহিদা ও বরাদ্দ মোট ৩০০০০.০০ লক্ষ টাকা এবং আরএডিপিতে মোট বরাদ্দ ২৫৫০০.০০ লক্ষ টাকা (জিওবি ২০০০০.০০ লক্ষ টাকা ও জাইকা'র অর্থায়ন ৫৫০০.০০ লক্ষ টাকা) তন্মধ্যে অর্থ ছাড় হয়েছে মোট ১৯৯৩৯.৫০ লক্ষ টাকা এবং মার্চ, ২০২৫ পর্যন্ত ব্যয় করা হয়েছে ১১৫০৬.৩৬ লক্ষ টাকা যা অর্থ ছাড়ের ৭৬.৭০%। অর্থাৎ, মার্চ, ২০২৫ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৬৯০৮.৮৬ লক্ষ টাকা (জিওবি ৭২৬৭.০৬ লক্ষ টাকা এবং জাইকার অর্থায়ন ২৯৬৪১.৮০ লক্ষ টাকা) যা মোট প্রাক্কলিত ব্যয়ের ৪৬.২৭%। প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ ও ছাড়ে কোনো প্রতিবন্ধকতা নেই। ইতোমধ্যে গত ০৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়েছে। সুতরাং, সংশোধিত ডিপিপি মোতাবেক মাঠ পর্যায়ে নির্মাণ কাজের অগ্রগতি ত্বরান্বিতকরণের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন (অনুচ্ছেদ: ৩.২ ও ৩.১০.৪)।

৫.৩ প্রকল্পের প্রধান প্রধান কাজের অগ্রগতি পর্যবেক্ষণ

প্রকল্পের আওতায় ৩টি জেলার ১১টি উপজেলায় নদী তীর সংরক্ষণ, ঢাল সংরক্ষণ, নদী/খাল খনন (ড্রেজিং), স্লুইস গেট মেরামত ও স্লুইস গেট নির্মাণ/পুনঃস্থাপন কাজ চলমান রয়েছে। প্রকল্প অনুমোদনের পর ৪ বছর অতিবাহিত হয়েছে কিন্তু এখন পর্যন্ত কোনো কাজ শতভাগ সম্পন্ন হয়নি। প্রকল্পের আওতায় নদী তীর সংরক্ষণ কাজের ১৭.১৩৭ কিঃমিঃ লক্ষ্যমাত্রার বিপরীতে ৯.৮৫৭ কিঃমিঃ, ঢাল সংরক্ষণ কাজের ৩.৩৪৭ কিঃমিঃ লক্ষ্যমাত্রার বিপরীতে মাত্র ০.৩৪৭ কিঃমিঃ কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় খুলনা জেলার ডুমুরিয়া উপজেলায় ৫.৮০০ কিঃমিঃ নদী ড্রেজিং কাজ সম্পন্ন করা হয়েছে। তবে, ড্রেজিং কাজের Spoil earth managementসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ সম্পন্ন হয়নি। প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সম্পন্নের লক্ষ্যে বাস্তবভিত্তিক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন (অনুচ্ছেদ: ৩.৪)।

৫.৪ প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ পর্যবেক্ষণ

নদী তীর সংরক্ষণ ও ঢাল সংরক্ষণ কাজে ব্লক নির্মাণে মিঠা পানির অভাব থাকায় ক্রয়কৃত মিঠা পানি দিয়ে সিসি ব্লক কাস্টিং ও অন্যান্য কাজ চলমান রাখা হচ্ছে। প্রকল্পের অবস্থান ভাঙন ও দুর্যোগ প্রবণ (ঘূর্ণিঝড়, জলোচ্ছাস ও বন্যা) অঞ্চলে, যার কারণে নদী তীর ও ঢাল সংরক্ষণ কাজের প্রায় প্রতিটি প্যাকেজেই কিছু অংশ নদীতে বিলীনের ফলে পুনঃনির্মাণ করতে হচ্ছে যা মূল চ্যালেঞ্জ। এছাড়া, নদীর একই চেইনেজে একাধিকবার মাটি খনন, দুর্বল মাটি, স্পেসিফিকেশন অনুযায়ী নির্ধারিত সময়ে বালি সংগ্রহ করতে না পারা, মালামাল পরিবহন সমস্যা, শ্রমিক সংকট এবং নদীর এ্যালাইনমেন্টের মধ্যে অবৈধ স্থাপনা অপসারণের পর কাজ শুরু করা ইত্যাদি চ্যালেঞ্জের কারণে প্রকল্প বাস্তবায়ন

ধীরগতি হচ্ছে। তথাপি, বাস্তবিক প্রেক্ষাপটে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক বর্ষা মৌসুমে প্রয়োজনীয় মালামাল সংগ্রহপূর্বক আনুষঙ্গিক ব্যবস্থা নেয়া হলে শুষ্ক মৌসুমে কাজের গতি বৃদ্ধি করা যেতে পারে। নির্মাণ কাজে প্রকল্পের নিকটবর্তী এলাকার দৈনিক হাজিরা শ্রমিকদের প্রকল্পের কাজে নিয়োজিতকরণ সম্ভব। মিঠা পানির স্বল্পতা এড়ানোর জন্য Water Reservoir Tank বাড়ানো যেতে পারলে সিসি ব্লক কাস্টিং সহজ হতো। প্রকল্পের অবশিষ্ট কাজ বাস্তবায়নে ঠিকাদার প্রতিষ্ঠানের সুনির্দিষ্ট কর্মপরিকল্পনাসহ কাজের গতি বৃদ্ধির প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা আবশ্যক (অনুচ্ছেদ: ৩.২, ৩.৬.৪ ও ৩.১৭)।

৫.৫ প্রকল্পের ক্রয় কার্যক্রম পর্যবেক্ষণ

২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষ (HOPE) কর্তৃক অনুমোদন নেয়া হয়েছে। অনুমোদিত আরডিপিপিতে প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ১৪টি ও কার্য ক্রয়ের ১৯টি প্যাকেজ রয়েছে। প্রকল্পের আওতায় পণ্য ক্রয়ের ১৪টি প্যাকেজের মধ্যে ৫টি প্যাকেজের কাজ সম্পন্ন করা হয়েছে।

কার্য ক্রয়ের মূল ডিপিপির তারিখ অনুযায়ী বাস্তবে দরপত্র আহ্বান করা হয়নি। মূল ডিপিপির তারিখ থেকে প্রায় ৬ মাস পর দরপত্র আহ্বান করা হয়। পিপিআর-২০০৮ এর বিধি অনুসরণে দরপত্র বাংলা এবং ইংরেজি পত্রিকায় প্রকাশ করা হয়। ডিপিপির ক্রয় পদ্ধতি অনুযায়ী বাস্তবেও OTM (NCB) ই-জিপিতে দরপত্র আহ্বান করা হয়েছে।

আরডিপিপি অনুযায়ী কার্য ক্রয়ের ১৯টি প্যাকেজের মধ্যে ১৪টি প্যাকেজের দরপত্র আহ্বান ও চুক্তি সম্পন্ন হয়েছে। তন্মধ্যে ১৩টি প্যাকেজের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। মার্চ, ২০২৫ পর্যন্ত কোনো প্যাকেজের কাজ শতভাগ সম্পন্ন হয়নি। সরেজমিনে ঠিকাদার প্রতিষ্ঠানের নির্মাণ কাজের ধীরগতি পরিলক্ষিত হয়েছে।

গত ৬-৭ মাস যাবৎ DRMEP/ Sat-1/01 প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানের কাজের কোনো অগ্রগতি হয়নি। প্রকল্প দপ্তর কর্তৃক চুক্তি ও পিপিআর এর বিধি মোতাবেক DRMEP/ Sat-1/01 প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠানকে গত ১১/০২/২০২৫ ও ০৩/০২/২০২৫ তারিখে ২৮ দিনের মধ্যে চুক্তি বাতিলের নোটিশ প্রদান করা হয় এবং নির্ধারিত সময়ে চুক্তি কার্যক্রম বাতিল করা হয়। বর্তমানে উক্ত প্যাকেজের দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। প্যাকেজটির কাজ নির্ধারিত সময়ে সম্পন্নকরণে দ্রুত দরপত্র প্রস্তুতকরণপূর্বক দরপত্র আহ্বানের উদ্যোগ গ্রহণ করতে হবে।

প্রকল্পের অন্যান্য প্যাকেজের ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ কাজ নির্ধারিত সময়ে সম্পন্ন করতে না পারলে চুক্তির শর্তানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ঠিকাদার প্রতিষ্ঠানকে অবশিষ্ট কাজ সম্পন্নে তাগিদ প্রদান করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৩.৬)।

৫.৬ লগ-ফ্রেমের আলোকে লক্ষ্য, উদ্দেশ্য ও আউটপুট অর্জন পর্যবেক্ষণ

প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ৪ বছর অতিবাহিত হয়েছে। মার্চ-২০২৫ পর্যন্ত প্রকল্পের বাস্তব অগ্রগতি ৫৬%। তবে প্রকল্পের উদ্দেশ্য কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণ। সমীক্ষার আওতায় শতভাগ (১০০%) উত্তরদাতা মনে করেন প্রকল্প বাস্তবায়ন হলে, তাঁদের পরিবারের উপকার হবে, বসতভিটা ও জমি ভাঙন রোধ হবে, ফসল উৎপাদন বৃদ্ধি, কৃষকদের ফসল নষ্ট হওয়া হ্রাস পাবে, জলাবদ্ধতা রোধ হবে, মৎস চাষে ক্ষয় ক্ষতি কম হবে ফলে ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটবে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হচ্ছে নদী তীর ভাঙনবন্যা ,জলোচ্ছাস ,, ঝড়ের ফলে সৃষ্ট জলাবদ্ধতা ও লবণাক্ততার অনুপ্রবেশ এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে জীবন ও সম্পত্তির নিরাপত্তা জোরদারকরণ। উপকারভোগী শতভাগ (১০০.০০%) জানিয়েছেন প্রকল্প বাস্তবায়ন হলে নদী তীরের ভাঙন রোধ হবে (অনুচ্ছেদ: ৩.৪১)।

৫.৭ নির্মাণ কাজের গুণগতমান পর্যবেক্ষণ

- নির্মাণ কাজের গুণগতমান যাচাইয়ে নিয়মিত ল্যাব-টেস্ট করা হচ্ছে। ল্যাব-টেস্ট রিপোর্ট যাচাই করে ফলাফলসমূহ কাঙ্খিত মাত্রায় পাওয়া গিয়েছে, যা সন্তোষজনক। এছাড়া, টাস্ক-ফোর্স কমিটি কর্তৃক নিয়মিত ল্যাব-টেস্ট করা হচ্ছে।
- সরেজমিনে নির্মিত ব্লক পরিমাপ করে স্পেসিফিকেশন অনুযায়ী সঠিক পাওয়া গিয়েছে (৩৫ X ৩৫ X ৩৫ এবং ৫০ X ৫০ X ২০ সাইজ)। প্রতিটি ব্লকের উপর নাম্বারিং দেখা গিয়েছে।

- ড্রইং/ডিজাইন অনুযায়ী জিও ব্যাগে ১ম শ্রেণি বা পিক ঝামা চিপস্ (৪০ মিমি থেকে ২০ মিমি) টপে (Top) এবং ২০ মিমি থেকে ৫ মিমি গ্রেডের পিক ঝামা চিপস্ বটম (Bottom) এ ব্যবহার করা হচ্ছে।
- নির্মাণ কাজে অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী ৪০ মিমি ডাউন গ্রেডের স্টোন (পাথর) ব্যবহার করা হচ্ছে। সরেজমিনে যাচাই করে সঠিক পাওয়া গিয়েছে।
- জিও টেক্সটাইলের পুরুত্ব (Thickness) স্পেসিফিকেশন অনুযায়ী ৩ mm সঠিক পাওয়া গিয়েছে।
- জিও ব্যাগ এর ইনার সাইজ ১০৭৫ মি:মি: X ৮৫০ মি:মি:, আউটার সাইজ ১১২৫ মিমি X ৯০০ মি:মি:, জিও ব্যাগ এর পুরুত্ব => ৩ মিমি. ড্রইং/ডিজাইন অনুযায়ী সঠিক পাওয়া গিয়েছে (অনুচ্ছেদ: ৩.১২, ৩.১৩)।

৫.৮ সরেজমিনে নির্মাণ কাজ পর্যবেক্ষণ

- সরেজমিনে দেখা যায়, অনুমোদিত ড্রইং/ডিজাইন অনুযায়ী ড্রেজিং কাজ সম্পন্ন হয়েছে। ড্রেজিং কাজে যথাযথ নিয়ম অনুসরণ করে (Re-excavation) চ্যানেলের D/S থেকে শুরু করে বাস্তবায়ন করা হয়েছে। তবে অন্যান্য আনুষঙ্গিক কাজের সাথে ড্রেজিংকৃত Spoil earth management যথাযথভাবে সম্পন্ন করা হয়নি। ফলশ্রুতিতে বর্ষাকালে নদী তীরবর্তী এলাকায় ভাঙন হতে পারে এবং Spoil earth এ ধ্বস নামতে পারে যা বিপজ্জনক।
- সি.সি. ব্লক ঢালাইয়ের জন্য প্রতিটি সাইটে পর্যাপ্ত জায়গা পাওয়া যায়নি, ফলে ৪-৫টি স্তরে ব্লক সংরক্ষণ করা হচ্ছে। ৪-৫টি স্তরে ব্লক সংরক্ষণ, বার বার উঠা-নামা ও মুভমেন্টের কারণে ব্লকগুলো ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা থাকে।
- সরেজমিনে খুলনা জেলার দাকোপ উপজেলার পোল্ডার নং ৩১ এ (৫.২০০ হতে ৫.৭০০ কিঃমিঃ) বটবনিয়া বাজার সংলগ্ন ঢাকি নদীর তীর রক্ষা কাজে দেখা যায় যে, নদী তীর রক্ষা কাজের সমাপ্ত পয়েন্ট (চেইনেজ ৫+৭০০ কি.মি.) থেকে সামনের দিকে ৫০-৬০ মিটার বাঁধ ভাঙা। সমাপ্ত পয়েন্টে বাঁধ ভাঙা থাকলে মেরামত করা উচিত। এতে নদী তীর রক্ষা পরিকল্পনার কার্যকারিতা পুনরায় নিশ্চিত করা যাবে। নদী তীর রক্ষা কাজের সমাপ্তি পয়েন্টে বাঁধ ভাঙা থাকলে প্রকল্পের উদ্দেশ্য সফল হবে না। ভাঙনের কারণে পুনরায় সংস্কারের প্রয়োজন হতে পারে এবং অতিরিক্ত খরচের কারণ হতে পারে।
- মাটির বাঁধ নির্মাণের ক্ষেত্রে সঠিক নিয়মে Earth compaction করতে হবে। বাঁধের ঢাল ৮৫% সর্বোচ্চ Dry Density হতে হবে এবং ৯০% উপরিভাগে maximum Dry Density at optimum moisture content হতে হবে। এক্ষেত্রে Design specification এর Guideline অনুযায়ী Follow করে কাজ বাস্তবায়ন করতে হবে। নির্মাণ কাজ বাস্তবায়নকালীন সময় ব্যতিত শতকরা কত ভাগ Compaction করা হচ্ছে তার কোনো প্রমাণক সাইটে পাওয়া যায়নি।
- বাগেরহাট সদর উপজেলার রহিমাবাদ (পোল্ডার নং ৩৪/১) এলাকার ধরাটনা নদীর বাম পার্শ্বের চেইনেজ ০+০০০ কি.মি. হতে ০+৪০০ কি.মি. পর্যন্ত ঢাল সংরক্ষণ কাজ পরিদর্শনে দেখা যায়, জিও টেক্সটাইল নদীর তীরের কিনারায় ঢালের উপরিভাগ পর্যন্ত যথারীতি স্পেসিফিকেশন অনুযায়ী কাজ সম্পন্ন করা হয়েছে। তবে জিও টেক্সটাইলের নিচে খোয়া ফিল্টার কোথাও কোথাও ৬ইঞ্চির পরিবর্তে ৫ইঞ্চি আবার কোথাও ৬ ইঞ্চির পরিবর্তে ৬.৫ ইঞ্চির পুরুত্ব পাওয়া গিয়েছে। জিও টেক্সটাইলের নিচে খোয়া ফিল্টারের পুরুত্ব সব জায়গায় সমান লেভেল রাখা বাঞ্চনীয়।
- ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ শ্রমিকদের যথাযথ সুরক্ষা সরঞ্জামাদি নিশ্চিত করা হয়নি। সাইট অফিসে সাইট নোটবুক এবং স্লাইড ক্যালিপার্স পাওয়া যায়নি। এছাড়া, প্রকল্পের কর্ম-পরিবেশ আরও উন্নত করা যেতে পারতো।
- বর্ষা মৌসুমের পূর্বে ব্লক কাস্টিং ও প্লেসিং কাজ শেষ না করলে উপকূলীয় অঞ্চলে বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টিপাত এবং পানি প্রবাহের কারণে পরিস্থিতি আরও জটিল হতে পারে। সুতরাং, ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্মাণ কাজের অগ্রগতি ত্বরান্বিত করা দরকার (অনুচ্ছেদ: ৩.৩)।

৫.৯ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পর্যবেক্ষণ

দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ) প্রকল্পটির জন্য সুনির্দিষ্টভাবে সম্ভাব্যতা সমীক্ষা করা হয়নি। দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ কম্পোনেন্ট, ১, ২ ও ৩সহ পুরো প্রকল্পের জন্য নভেম্বর, ২০১৫ তারিখে জাইকা কর্তৃক নিয়োগকৃত CTI Engineering International Co,. Ltd. Ingerosec Corporation Oriental Consultants Global Co., Ltd. প্রতিষ্ঠান দ্বারা প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা করা হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনে চার্টের মাধ্যমে প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ ২০১৫ সালে থেকে ২০২২ পর্যন্ত দেখানো হয়েছে। কিন্তু বাস্তবে দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ) প্রকল্পটি গত ২৩/১১/২০২১ তারিখে অনুমোদিত হয়। অর্থাৎ, প্রায় ৭ (সাত) বছর পর প্রকল্প অনুমোদন হওয়ায় উক্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের বাস্তবায়ন মেয়াদের পরিকল্পনার সাথে প্রকল্পের প্রকৃত বাস্তবায়নের মেয়াদকালের সাদৃশ্য পরিলক্ষিত হয়নি (অনুচ্ছেদ: ৩.৯)।

৫.১০ প্রকল্প ব্যবস্থাপনা পর্যবেক্ষণ

প্রকল্প বাস্তবায়নে পরিপত্র অনুযায়ী নিয়মিত প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়মিত প্রকল্প পরিচালক থাকায় প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন সহায়ক হচ্ছে।

ডিপিপি অনুযায়ী প্রকল্পের আওতায় মোট ৮৬ জন জনবলের মধ্যে ৮৩ জন জনবল নিয়োগ করা হয়েছে। অবশিষ্ট ০৩ জন (সহকারী প্রকৌশলী (পুর)-১, গবেষণা কর্মকর্তা (সমাজ বিজ্ঞান)- ১ এবং হিসাবরক্ষণ কর্মকর্তা-১) জনবল নিয়োগ করা হয়নি। তন্মধ্যে ২ জন প্রেষণে (সহকারী প্রকৌশলী ও হিসাবরক্ষণ কর্মকর্তা) পদায়নের উল্লেখ রয়েছে। বাপাউবো কর্তৃক প্রেষণে নিয়োজিত অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্পের হিসাবরক্ষণের কাজ করে যাচ্ছে। সুতরাং, প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ডিপিপি অনুযায়ী অবশিষ্ট জনবল পদায়নের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

অনুমোদিত ডিপিপিতে ৩ মাস অন্তর পিআইসি ও পিএসসি সভা আয়োজনের উল্লেখ রয়েছে। দেখা যায় যে, প্রকল্পের অনুকূলে নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজন হয়নি। সমীক্ষাকালীন পর্যন্ত ৫টি পিএসসি এবং ৩টি পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে এবং সভার সিদ্ধান্তসমূহ অধিকাংশ বাস্তবায়ন করা হচ্ছে।

গত ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় প্রকল্প মূল্যায়ন কমিটি (ডিপিইসি) সভা অনুযায়ী প্রকল্পের মেয়াদকাল ৬ মাস বৃদ্ধি করে (জানুয়ারি, ২০২২ হতে ডিসেম্বর, ২০২৫ এর পরিবর্তে জানুয়ারি, ২০২২ হতে জুন, ২০২৬) ও মোট ব্যয় ৩৯৭২.৫০ লক্ষ টাকা বৃদ্ধি করে ৭৯৭৫৩.২২ লক্ষ টাকা (জিওবি: ২৪১৬৭.২৮ ও পিএ ৫৫৫৮৫.৯৪ লক্ষ (JICA ঋণ সহায়তা) ব্যয় সম্বলিত প্রকল্পের ১ম সংশোধনী প্রস্তাব অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয় এবং গত ০৭/০৩/২০২৫ খ্রিঃ তারিখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়েছে। প্রকল্পের ১ম সংশোধনীতে Cost Over-run ৩৯৭২.৫০ লক্ষ টাকা বা ৫.২৪% এবং এই ৩৯৭২.৫০ লক্ষ টাকা শুধুমাত্র জিওবি অংশে বৃদ্ধি হয়েছে (অনুচ্ছেদ: ৩.১০)।

৫.১০.১ অডিট আপত্তি পর্যবেক্ষণ

বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড) কর্তৃক গত ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ এই ২ (দুই) অর্থবছরে অডিট সম্পাদিত হয়েছে। উক্ত ২ (দুই) অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৯টি আপত্তি প্রদান করা হয়েছে। তন্মধ্যে ৪টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়েছে অবশিষ্ট ৫টি অডিট আপত্তি এখনো নিষ্পত্তি হয়নি। যে ৫টি অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি উক্ত অডিট আপত্তিগুলো পরীক্ষা-নিরীক্ষা করে দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন (অনুচ্ছেদ: ৩.১০.৪)।

৫.১১ প্রকল্পের পরিবেশ সংক্রান্ত প্রভাব পর্যবেক্ষণ

প্রকল্প গ্রহণের পূর্বে Environmental Impact Assessment (EIA) করা হয়নি। ড্রেজিং কাজের মাটি এখনো অপসারণ করা হয়নি যা পরিবেশের জন্য ক্ষতি হতে পারে। ড্রেজিং প্রক্রিয়া শেষ হওয়ার পর মাটি দ্রুত এবং সঠিকভাবে সরিয়ে ফেলা জরুরি, যাতে নদীর স্বাভাবিক প্রবাহ বজায় থাকে এবং পরিবেশের ক্ষতি না হয়। বাঁধের কাজ সম্পন্ন হলে বৃক্ষরোপনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। ফলে পরিবেশ উন্নয়নসহ নির্মিত বাঁধ টেকসইকরণে সহায়ক ভূমিকা পালন

করবে। নদী তীরের প্রাকৃতিক পরিবেশ সুরক্ষায় স্থানীয় জনগণকে সচেতন করার জন্য এডুকেশনাল প্রোগ্রাম চালু করা যেতে পারে (অনুচ্ছেদ: ৩.১৪)।

৫.১২ প্রকল্পের Exit Plan ও টেকসইকরণ পরিকল্পনা পর্যবেক্ষণ

প্রকল্প সমাপ্তির পর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বিদ্যমান নিয়মিত সেটআপের অধীনে সংশ্লিষ্ট বিভাগের নিয়মিত পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বরাদ্দ থেকে প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা হবে মর্মে ডিপিপিতে উল্লেখ রয়েছে। রক্ষণাবেক্ষণ ও পরিচালন যথাযথভাবে এবং দীর্ঘমেয়াদে নদী তীর রক্ষা ব্যবস্থা টেকসইকরণ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে বিদ্যমান নিয়মিত সেটআপের অধীনে অর্থনৈতিক মূল্যায়ন এবং বাজেটের ব্যবস্থাপনা পর্যাপ্ত কিনা তা উল্লেখ করা প্রয়োজন ছিল। এছাড়া, নির্মাণ কাজ পরবর্তী সময়ে জরুরি প্রয়োজনে সিসি ব্লক ডাম্পিং ও প্লেসিং এর জন্য প্রয়োজনমতো ব্লক স্টক করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

নদী তীরের কোনও অংশে ভাঙন বা দুর্বলতা দেখা দিলে কীভাবে দ্রুত মেরামত ও সংস্কার করা হবে, তা নিশ্চিত করতে হবে। মেরামত ও সংস্কার কাজ দ্রুত করার জন্য একটি সঠিক পরিকল্পনা তৈরি থাকা প্রয়োজন। এক্ষেত্রে স্থানীয় জনগণ বা কমিউনিটিকে সম্পৃক্ত করা এবং তাঁদের অংশগ্রহণ নিশ্চিত করা যেতে পারলে, নদী তীর রক্ষা কাজের দীর্ঘমেয়াদী সাফল্য নিশ্চিত করতে সহায়তা করবে। এছাড়া নদী তীরের জরুরি অবস্থা সৃষ্টির সম্ভাবনা নিরূপণ করে সেটি মোকাবেলা করার জন্য প্রস্তুত থাকা উচিত (অনুচ্ছেদ: ৩.১৯)।

ষষ্ঠ অধ্যায়
সুপারিশ ও উপসংহার

৬.১ সুপারিশ

১. মার্চ, ২০২৫ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৬.২৭% এবং বাস্তব অগগ্রতি ৫৬%। প্রকল্পের মেয়াদ জুন, ২০২৬ পর্যন্ত। কোনো প্যাকেজে কাজ শতভাগ সম্পন্ন হয়নি। প্রকল্পের আওতায় প্রতিটি প্যাকেজের কাজ গুণগতমান বজায় রেখে সম্পন্নকরণের লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নপূর্বক মনিটরিং জোরদারকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.১);

২. ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট কাজ সম্পন্নকরণে প্রয়োজনীয় মালামাল মোবিলাইজ করে প্রকল্পের নিকটবর্তী এলাকার দৈনিক হাজিরা শ্রমিকদের নির্মাণ কাজে নিয়োজিতকরণসহ মিঠা পানির স্বল্পতা এড়ানোর জন্য পর্যাপ্ত Water Reservoir Tank এর ব্যবস্থা করতে হবে (অনুচ্ছেদ: ৫.৪);

৩. উপকূলীয় অঞ্চলে বর্ষাকালে অতিরিক্ত বৃষ্টিপাত এবং পানি প্রবাহের কারণে ব্লক কাস্টিং ও প্লেসিং করা জটিল হবে। আসন্ন বর্ষা মৌসুমের পূর্বে ব্লক কাস্টিং ও প্লেসিং কাজ শেষ করার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.৮);

৪. প্রকল্পের আওতায় ১টি প্যাকেজের চুক্তি বাতিল করা হয়েছে এবং দরপত্র আহ্বান প্রক্রিয়াধীন। উক্ত ১টি প্যাকেজের কাজ নির্ধারিত সময়ে সম্পন্নকরণের লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক দ্রুত দরপত্র প্রস্তুতকরণ ও দরপত্র আহ্বানের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.৫);

৫. ড্রেজিংকৃত Spoil earth management যথাযথভাবে সম্পন্ন করা হয়নি, ফলশ্রুতিতে বর্ষাকালে নদী তীরবর্তী এলাকায় ভাঙন এবং Spoil earth এ ধ্বস নামতে পারে। বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক দ্রুত Spoil earth management যথাযথভাবে সম্পন্নকরণের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.৮);

৬. প্রকল্পের আওতায় যে সমস্ত এলাকায় সমাপ্ত পয়েন্ট হতে সামনের দিকে বাঁধ ভাঙা রয়েছে, উক্ত স্থানগুলো চিহ্নিতপূর্বক মেরামতের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.৮);

৭. জিও টেক্সটাইলের নিচে খোঁয়া ফিল্টারের পুরুত্ব সব জায়গায় সমান লেভেল রাখার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক তদারকি বৃদ্ধি করতে হবে (অনুচ্ছেদ: ৫.৮);

৮. প্রকল্প বাস্তবায়ন পরবর্তী নদী তীরের কোন অংশে ভাঙন বা দুর্বলতা দেখা দিলে দ্রুত মেরামত ও সংস্কার করার জন্য একটি সঠিক পরিকল্পনা তৈরি করার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.১২);

৯. নদী তীর রক্ষা কাজের দীর্ঘ মেয়াদী সাফল্য নিশ্চিত করতে স্থানীয় জনগণ বা কমিউনিটিকে সম্পৃক্ত করার বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.১২);

১০. প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত ডিপিপি'র সংস্থান অনুযায়ী অবশিষ্ট ৩জন জনবল পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.১০);

১১. নির্মাণ কাজ বাস্তবায়নকালীন সময় ব্যতিত শতকরা কত ভাগ Compaction করা হচ্ছে তার প্রমাণক যথাযথভাবে সংরক্ষণের বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.৮)

১২. প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের নিমিত্ত প্রকল্প দলিলের লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজন এবং উক্ত সভাসমূহের সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প দপ্তর কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.১০);

১৩. বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর (ফাপাড) কর্তৃক সম্পাদিত অডিটে উত্থাপিত ৫টি অডিট আপত্তি এখনো নিষ্পন্ন হয়নি। প্রকল্প দপ্তর কর্তৃক অডিট আপত্তিগুলো পরীক্ষা-নিরীক্ষা করে দ্রুত অডিট আপত্তি নিষ্পন্নের উদ্যোগ গ্রহণ করতে হবে (অনুচ্ছেদ: ৫.১০.১)।

৬.২ উপসংহার

"দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা সম্প্রসারণ (কম্পোনেন্ট-১, বাপাউবো অংশ)" প্রকল্পের কার্যক্রম উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। কিন্তু বাস্তবায়নকালীন ঢালাইয়ের সময় মিঠা পানির স্বল্পতা, নদীর একই চেইনেজে একাধিকবার মাটি খনন, দুর্বল মাটি, লবণাক্ত পানি, স্পেসিফিকেশন অনুযায়ী নির্ধারিত সময়ে বালি সংগ্রহ করতে না পারা নানাবিধ চ্যালেঞ্জের কারণে প্রকল্পটির অগ্রগতি মন্থর দেখা দিয়েছে। প্রকল্পের সামগ্রিক প্রতিকূলতা কাটিয়ে ওঠার জন্য বাস্তবায়নকারী সংস্থাকে চ্যালেঞ্জগুলো দ্রুত মোকাবিলা করার লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। এছাড়া, প্রকল্প শেষ হওয়ার পর নদী তীরের কোন অংশে ভাঙন বা দুর্বলতা দেখা দিলে কিভাবে দ্রুত মেরামত ও সংস্কার করা হবে, ঝুঁকি ব্যবস্থাপনা এবং জরুরি পদক্ষেপে কিভাবে করা হবে তার সঠিক পরিকল্পনা প্রণয়ন করা দরকার। প্রকল্পটি সফলভাবে বাস্তবায়িত হলে প্রকল্পভুক্ত এলাকার মানুষের বসতভিটা ও ফসলি জমি ভাঙন রোধ হবে, কৃষকদের ফসল নষ্ট হ্রাস পাবে, জলাবদ্ধতা রোধ হবে। ফলশ্রুতিতে ফসল উৎপাদন বৃদ্ধি, মৎস্য চাষে ক্ষয়ক্ষতি কম হবে, ব্যবসা-বাণিজ্যের প্রসার ঘটবে, মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

রেফারেন্সমূহ:

- ❖ প্রকল্পের অনুমোদিত ডিপিপি;
- ❖ অগ্রগতি প্রতিবেদন;
- ❖ প্রকল্পের ক্রয় কার্যক্রম সম্পর্কিত নথি/দলিলাদি;
- ❖ অডিট আপত্তি সংক্রান্ত নথি/দলিলাদি
- ❖ প্রকল্পের অনুমোদিত ড্রইং/ডিজাইন;
- ❖ টার্মস অফ রেফারেন্স (ToR), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়;
- ❖ ল্যাব-টেস্টের রিপোর্টসমূহ;
- ❖ উন্নয়ন সহযোগী সংস্থার ঋণ চুক্তির নথি/দলিলাদি;
- ❖ PPA-2006- Public Procurement Act-2006, Ministry of Law, Government of the People's Republic of Bangladesh.
- ❖ PPR-2008- Public Procurement Rule-2008, Ministry of Law, Justice and Perlamentary Affairs, Government of the People's Republic of Bangladesh.
- ❖ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য নথি/পত্র।
- ❖ চিত্র/ভিডিও।

সংযোজনী-১

প্যাকেজ ভিত্তিক সিসি ব্লক, জিও ব্যাগ ইত্যাদি কাজের অগ্রগতি

Package No.	Quantity			
	Length (m)	Volume of Earth (cum)	CC Block size (Quantity /No.)	Geo-bag (Quantity/No.)
1	2	3	4	5
DRMEP/ Sat-1/01	360 (SP) 5 (DS)-repair	Embkt. 10093.23 Eroded Bank 2500.89 Ditch filling: 4300.00	PW: (35x35x35)= 7623 Nos. (50x50x25) = 23671 Nos. **Regulator:** (40x40x40)= 1812 Nos. (40x40x20) = 9782 Nos. (35x35x35)= 10028 Nos.	Placing: (175 kg.) = 5210 nos. (Sand-fill: 2605 nos. Khoa-fill: 2605 nos.)
DRMEP/ Sat-1/02	2330m (PW) 166m (SP)	Embkt. 61968.62 Eroded Bank 28871.40 Ditch filling: 20299.87	(35x35x35)= 674943 Nos. (50x50x20) = 156919 Nos.	Dumping: (175 kg.) = 543442 nos. Placing: (175 kg.) = 51328 nos. (Sand-fill: 31112 nos. Khoa-fill: 20216 nos.)
DRMEP/ Satkhira-2/ 01	1270 m (PW)	Embkt. 23687.96 Eroded bank: 22462.56 Ditch filling: 49970.00	(35x35x35)= 98193 Nos. (50x50x20) = 91873 Nos.	Dumping: (175 kg.) = 42995 nos. Placing: (175 kg.) = 27552 nos. (Sand-fill: 17907 nos. Khoa-fill: 9645 nos.)
DRMEP/Satkhira-2/ 02	1160 m (PW)	Embkt.21212.36 Eroded bank:18221.97Ditch filling:24750.00	(35x35x35)= 318419 Nos. (50x50x20) =80349 Nos.	Dumping: (175 kg.) = 246675 nos. Placing: (175 kg.) = 28442 nos. (Sand-fill: 20270 nos. Khoa-fill: 8172 nos.)
DRMEP/ Satkhira-2/ 03	1650 m (PW)	Embkt. 8440.90 Eroded bank: 19898.85 Ditch filling: 14700	(35x35x35)= 498086 Nos. (50x50x20) = 114223 Nos.	Dumping: (175 kg.) = 387242 nos. Placing: (175 kg.) = 36834 nos. (Sand-fill: 21644 nos. Khoa-fill: 15190 nos.)
DRMEP/ Satkhira-2/ 04	1650 m (PW)	Embkt. 3662.81 Eroded bank: 31014.59 Ditch filling: 19250.00	(35x35x35)= 475066 Nos. (50x50x20) = 118823 Nos.	Dumping: (175 kg.) = 364820 nos. Placing: (175 kg.) = 32443 nos. (Sand-fill: 19911 nos. Khoa-fill: 12532 nos.)
DRMEP/ Satkhira-2/ 05	150 m (PW) (repair) 1400m (PW)	Embkt. 14750.98 Eroded bank: 19561.75 Ditch filling: 42427.20	(35x35x35)= 454425 Nos. (50x50x20) = 111183 Nos.	Dumping: (175 kg.) = 351246 nos. Placing: (175 kg.) = 40116 nos. (Sand-fill: 28700 nos. Khoa-fill: 11416 nos.)

DRMEP/Satkhira-2/ 06	635 m (PW)	Embkt.28088.34 Eroded bank:9841.34Ditch filling:22800.00	(35x35x35)= 157867 Nos. (50x50x20) =44537 Nos.	Dumping:(175 kg.) = 122745 nos.Placing: (175 kg.) = 17684 nos.(Sand-fill: 11190 nos.Khoa-fill: 6494 nos.)
DRMEP/ Khul-1/01	552m (PW) & 70m (PW Repair)	Embkt. 30571.33 Eroded bank: 5435.34 Ditch filling: 22800.00	(35x35x35)= 260675 Nos. (50x50x20) = 33184 Nos.	Dumping: (175 kg.) = 208593 nos Placing: (175 kg.) = 7398 nos. (Sand-fill: 1996 nos. Khoa-fill: 5402 nos.)
DRMEP/ Khul-2/01	500m (SP) 1750m (PW)	Embkt. 27187.71 Eroded bank: 18967.92 Ditch filling: 14751.00	(35x35x35)= 468174 Nos. (50x50x20) = 121237 Nos.	Dumping: (175 kg.) = 353737 nos Placing: (175 kg.) = 42770 nos. (Sand-fill: 29731 nos. Khoa-fill: 13039 nos.)
